JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ২৪ বাক্যের অংশ ও শ্রেণিবিভাগ Kinds of Sentence

বাক্যের সংজ্ঞা

- **বাক্য :** যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়, তাকে বাক্য বলে।
- **ব্যাকরণবিদ জ্যোতিভূষণ চাকী বলেন,** যথাযথ বিন্যস্ত শব্দসমষ্টি যদি একটি সম্পূর্ণ মনোভাব প্রকাশ করে, তাকে বাক্য বলে।
- বাক্যের মধ্যে স্থান পাওয়া প্রত্যেকটি শব্দকে পদ বলে। এদিক দিয়ে পদ হলো বাক্যের একক। বাক্যের মধ্যে একাধিক শব্দের গুচ্ছ অনেক সময়ে পদের মতো কাজ করে। তখন সেই একাধিক শব্দের গুচ্ছকে বর্গ বলা হয়। সাধারণ বাক্যের প্রধান তিনটি অংশ কর্তা, কর্ম ও ক্রিয়া।

বাক্যের শ্রেণিবিভাগ



সার্থক বাক্য গঠন

➤ একটি সার্থক বাক্যের তিনটি গুণ থাকা আবশ্যক। যথা :
ক. আকাঙ্ক্ষা খ. আসত্তি গ. যোগ্যতা।

ক. **আকাঙ্ক্ষা :** বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তা-ই আকাঙ্ক্ষা। যেমন : 'চন্দ্র পৃথিবীর চারদিকে'– এটুকু বললে বাক্যটি সম্পূর্ণ মনোভাব প্রকাশ করে না, আরও কিছু শোনবার ইচ্ছা হয়। বাক্যটি এভাবে পূর্ণাঙ্গ করা যায় : চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে। এখানে আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়েছে বলে এটি পূর্ণাঙ্গ বাক্য।

খ. **আসত্তি :** বাক্যের অর্থসংগতি রক্ষার জন্য ভাষার স্বাভাবিক নিয়ম অনুসারে পরস্পর অর্থসংগতি ও আকাঙ্ক্ষাযুক্ত পদসমূহের সুশৃঙ্খল বিন্যাসকেই আসত্তি বলে। অর্থাৎ মনোভাব প্রকাশের জন্য বাক্যে শব্দগুলো এমনভাবে পর পর সাজাতে হবে যাতে মনোভাব প্রকাশ বাধাগ্রস্ত না হয়। যেমন : কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। পদ সন্নিবেশ ঠিকভাবে না হওয়ায় শব্দগুলোর অন্তর্নিহিত ভাবটি যথাযথ প্রকাশিত হয়নি। তাই এটি বাক্য হয়নি। মনোভাব পূর্ণভাবে প্রকাশ করার জন্য পদগুলোকে নিম্নলিখিতভাবে যথাস্থানে সন্নিবিষ্ট করতে হবে। যেমন : 'কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে।' বাক্যটি আসত্তিসম্পন্ন।

গ. **যোগ্যতা :** বাক্যস্থিত পদসমূহের পরস্পরের সঙ্গে অর্থগত এবং ভাবগত মেলবন্ধনের নাম যোগ্যতা। যেমন : 'বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।' এটি একটি যোগ্যতাসম্পন্ন বাক্য। কারণ, বাক্যটিতে পদসমূহের অর্থগত এবং ভাবগত সমন্বয় রয়েছে। কিন্তু 'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।' বললে বাক্যটি ভাবপ্রকাশের যোগ্যতা হারাবে। কারণ, রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।

➤ **শব্দের যোগ্যতার সঙ্গে নিম্নলিখিত বিষয়গুলো জড়িত থাকে।** যেমন :
ক. দুর্বোধ্যতা বর্জন খ. রীতিসিদ্ধ অর্থবাচকতা গ. উপমার ভুল প্রয়োগ ঘ. বাহুল্য-দোষ
ঙ. বাগ্‌ধারায় শব্দ পরিবর্তন চ. গুরুচণ্ডালী দোষ পরিহার ও ছ. যথার্থ শব্দ প্রয়োগ

ক. **দুর্বোধ্যতা বর্জন :** অপ্রচলিত, দুর্বোধ্য শব্দ ব্যবহার করলে বাক্যের যোগ্যতা বিনষ্ট হয়। যেমন : তুমি আমার সঙ্গে প্রপঞ্চ করেছো। (চাতুরী বা মায়া অর্থে, কিন্তু বাংলা 'প্রপঞ্চ' শব্দটি অপ্রচলিত)।

খ. **রীতিসিদ্ধ অর্থবাচকতা :** প্রকৃতি-প্রত্যয়জাত অর্থে শব্দ সর্বদা ব্যবহৃত হয়। যোগ্যতার দিক থেকে রীতিসিদ্ধ অর্থের প্রতি খেয়াল রেখে কতগুলো শব্দ ব্যবহার করতে হয়। যেমন :

শব্দ	রীতিসিদ্ধ প্রয়োগ	প্রকৃতি + প্রত্যয়	অর্থ
বাধিত	অনুগৃহীত বা কৃতজ্ঞ	বাধ + ইত	বাধাপ্রাপ্ত
তৈল	তিল জাতীয় বিশেষ কোনো শস্যের রস	তিল + ষ্ণ	তিলজাত স্নেহ পদার্থ

গ. **উপমার ভুল প্রয়োগ :** ঠিকভাবে উপমা অলংকার ব্যবহার না করলে যোগ্যতার হানি ঘটে। যেমন : আমার হৃদয়-মন্দিরে আশার বীজ উপ্ত হলো। বীজ ক্ষেতে বপন করা হয়, মন্দিরে নয়। কাজেই বাক্যটি হওয়া উচিত : আমার হৃদয় ক্ষেত্রে আশার বীজ উপ্ত হলো।

ঘ. **বাহুল্য-দোষ :** প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে এবং এর ফলে শব্দ তার যোগ্যতাগুণ হারিয়ে থাকে। যেমন : দেশের সব আলেমগণই এ ব্যাপারে আমাদের সমর্থন দান করেন। 'আলেমগণ' বহু বচনবাচক শব্দ। এর সঙ্গে 'সব' শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য-দোষ সৃষ্টি করেছে।

ঙ. **বাগ্‌ধারায় শব্দ পরিবর্তন :** বাগ্‌ধারা ভাষাবিশেষের ঐতিহ্য। এর যথেচ্ছা পরিবর্তন করলে শব্দ তার যোগ্যতা হারায়। যেমন : 'অরণ্যে রোদন' (অর্থ : নিষ্ফল আবেদন) এর পরিবর্তে যদি বলা হয়, 'বনে ক্রন্দন' তবে বাগ্‌ধারাটি তার যোগ্যতা হারাবে।

চ. **গুরুচণ্ডালী দোষ :** তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। এ দোষে শব্দ তার যোগ্যতা হারায়। 'গরুর গাড়ি', 'শবদাহ', 'মড়াপোড়া' প্রভৃতি স্থলে যথাক্রমে 'গরুর শকট', 'শবপোড়া', 'মড়াদাহ' প্রভৃতির ব্যবহার গুরুচণ্ডালী দোষ দৃষ্টি করে।

ছ. **যথার্থ শব্দ প্রয়োগ :** অনেক সময় বাক্যে যথার্থ শব্দ প্রয়োগ না করে এমন শব্দ প্রয়োগ করা হয়, যা বাক্যকে অর্থহীন হাস্যকর করে তোলে। যেমন : ইংরেজি 'Give' শব্দের অর্থ 'দেওয়া', 'দেয়া' নয়। 'দেয়া' অর্থ মেঘ। কিন্তু অনেকে এর প্রকৃত অর্থ না জেনে না বুঝে লিখে ফেলেন : নিচে দেয়া হলো। অর্থাৎ এর অর্থ দাঁড়ালো নিচে মেঘ হলো। এমনটি লেখা বিধেয় নয়। অর্থাৎ লিখতে হবে 'নিচে দেওয়া হলো' এটাই সমীচীন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

উদ্দেশ্য ও বিধেয়

- বাক্যকে উদ্দেশ্য ও বিধেয় – এই দুই অংশে ভাগ করা যায়। বাক্যে যাকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য বলে। অর্থাৎ বাক্যের যে অংশে কাউকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তা-ই উদ্দেশ্য। যেমন : সুমন বল খেলে। এই বাক্যে সুমনকে উদ্দেশ্য করে কিছু বলা হচ্ছে। এতএব 'সুমন' বাক্যটির উদ্দেশ্য।
- বিশেষ্য বা বিশেষ্যস্থানীয় অন্যান্য পদ বা পদসমষ্টিযোগে গঠিত বাক্যাংশও বাক্যের উদ্দেশ্য হতে পারে। যেমন : সৎ লোকেরাই প্রকৃত সুখী (বিশেষ্যরূপে ব্যবহৃত বিশেষণ)। মিথ্যা কথা বলা খুবই অন্যায় (ক্রিয়াজাত বাক্যাংশ)।
- বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয়, তাকে বিধেয় বলে। বিধেয় অংশে সাধারণত ক্রিয়া থাকে। যেমন : 'সুমন বল খেলে।' এখানে 'বল খেলে' অংশটি বাক্যের বিধেয়।
- বাক্য দীর্ঘতর হলে উদ্দেশ্য ও বিধেয় অংশের সঙ্গে নানা ধরনের শব্দ ও বর্গ যুক্ত হতে পারে। উদ্দেশ্য ও বিধেয়কে এইসব শব্দ ও বর্গ প্রসারিত করে বলে এগুলোর নাম প্রসারক। এছাড়া বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে বলা হয় পূরক। যেমন : সেলিম সাহেবের ছেলে সুমন গাছতলায় বসে বই পড়ছে।

এখানে 'সুমন' উদ্দেশ্য, 'সেলিম সাহেবের ছেলে' উদ্দেশ্যের প্রসারক। অন্যদিকে 'পড়ছে' বিধেয়ের ক্রিয়া, 'গাছতলায় বসে' বিধেয়ের প্রসারক এবং 'বই' হলো বিধেয়ের পূরক।

তবে উদ্দেশ্য ও বিধেয়ের এই অবস্থান বদলে যেতে পারে। যেমন : চিনি বা শর্করা এইসব মিলিয়ে তৈরি হয়। এই বাক্যকে এভাবেও লেখা যেতে পারে : এইসব মিলিয়ে তৈরি হয় চিনি বা শর্করা।

উপরের প্রথম বাক্যে উদ্দেশ্য 'চিনি বা শর্করা' প্রথমে বসেছে, বিধেয়ের প্রসারক 'এইসব মিলিয়ে' মাঝখানে বসেছে, এবং বিধেয় ক্রিয়া 'তৈরি হয়' শেষে বসেছে। অন্যদিকে দ্বিতীয় বাক্যে উদ্দেশ্য 'চিনি বা শর্করা' শেষে বসেছে, বিধেয়ের প্রসারক 'এইসব মিলিয়ে' প্রথমে বসেছে, এবং বিধেয় ক্রিয়া 'তৈরি হয়' মাঝখানে বসেছে।

সাধারণত উদ্দেশ্যের পূর্বে উদ্দেশ্যের প্রসারক এবং বিধেয়ের পূর্বে বিধেয়ের প্রসারক বসে। তবে বিধেয়ের স্থান ও কাল সংক্রান্ত প্রসারক উদ্দেশ্যের পূর্বেও বসতে পারে। যেমন : ১৯৫২ সালে ঢাকার রাজপথে বাঙালি জাতির অহংকার রফিক-সালাম-বরকত-জব্বার মাতৃভাষার জন্য জীবন উৎসর্গ করেছিলেন।

এই বাক্যে উদ্দেশ্য হলো 'রফিক-সালাম-বরকত-জব্বার', উদ্দেশ্যের প্রসারক হলো 'বাঙালি জাতির অহংকার'। বিধেয় ক্রিয়া হলো 'উৎসর্গ করেছিলেন', বিধেয়ের পূরক হলো 'জীবন'। অন্যদিকে '১৯৫২ সালে', 'ঢাকার রাজপথে', এবং 'মাতৃভাষার জন্য' এই তিনটি অংশ হলো বিধেয়ের প্রসারক।

উদ্দেশ্যের প্রকারভেদ

একটিমাত্র পদবিশিষ্ট কর্তৃপদকে সরল উদ্দেশ্য বলে।

উদ্দেশ্যের সঙ্গে বিশেষণাদি যুক্ত থাকলে তাকে সম্প্রসারিত উদ্দেশ্য বলে।

উদ্দেশ্যের সম্প্রসারণ :

উদ্দেশ্যের সম্প্রসারণ	সম্প্রসারণ	উদ্দেশ্য	বিধেয়
১. বিশেষণ যোগে	কুখ্যাত	দস্যুদল	ধরা পড়েছে।
২. সম্বন্ধ পদযোগে	হাসিমের	ভাই	এসেছে
৩. সমার্থক বাক্যাংশ যোগে	যারা অত্যন্ত পরিশ্রমী,	তারাই	উন্নতি করে।
৪. অসমাপিকা ক্রিয়া বিশেষণ যোগে	চাটুকার পরিবৃত হয়েই	বড় সাহেব	থাকেন।
৫. বিশেষণ স্থানীয় বাক্যাংশ যোগে	যার কথা তোমরা বলে থাক,	তিনি	এসেছেন।

বিধেয়ের সম্প্রসারণ :

বিধেয়ের সম্প্রসারণ	উদ্দেশ্য	সম্প্রসারণ	বিধেয়
১. ক্রিয়া বিশেষণ যোগে	ঘোড়া	দ্রুত	চলে।
২. ক্রিয়া বিশেষণীয় যোগে	জেট বিমান	অতিশয় দ্রুত	চলে।
৩. কারকাদি যোগে	ভুবনের	ঘাটে ঘাটে	ভাসিছে।
৪. ক্রিয়া বিশেষণ স্থানীয় বাক্যাংশ যোগে	তিনি	যেভাবেই হোক	আসবেন।
৫. বিধেয় বিশেষণ যোগে	ইনি	আমার বিশেষ	অন্তরঙ্গ বন্ধু (হন)।

- বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকা-না থাকা বিবেচনায় বাক্যকে দুই ভাগে বিভক্ত করা যায়। যথা : সক্রিয় বাক্য ও অক্রিয় বাক্য।

০১. **সক্রিয় বাক্য :** যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে, সেগুলোকে সক্রিয় বাক্য বলে। যেমন : আমার মা চাকরি করেন।

০২. **অক্রিয় বাক্য :** যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে না, সেগুলোকে অক্রিয় বাক্য বলে। যেমন : তিনি বাংলাদেশের নাগরিক। তবে অতীত ও ভবিষ্যৎ কালের প্রয়োগে এগুলো সক্রিয় বাক্য হয়ে যায়। যেমন : 'তিনি বাংলাদেশের নাগরিক ছিলেন' বা 'তিনি বাংলাদেশের নাগরিক হবেন'।

বাক্যের বর্গ

- **বর্গ :** বাক্যের মধ্যে একাধিক শব্দ দিয়ে গঠিত বাক্যাংশকে বর্গ বলে। বর্গ হলো ঘনিষ্ঠভাবে সম্পর্কিত শব্দের গুচ্ছ। বর্গকে বলা যায় বাক্যের একক, কেননা মানুষ কথা বলতে গিয়ে শব্দের পরে শব্দ না বসিয়ে প্রায়ই বর্গের পরে বর্গ বসায়। যেমন : মালা ও মায়া খুব সকালে বাড়ির সামনে দাঁড়িয়ে থাকা স্কুল-বাসে উঠে পড়ল। এই বাক্যে 'মালা ও মায়া', 'খুব সকালে', 'বাড়ির সামনে দাঁড়িয়ে থাকা', 'স্কুল-বাসে', 'উঠে পড়ল' প্রভৃতি শব্দগুচ্ছ এক একটি বর্গ।
- কোনো একটি বর্গ বাক্যের মধ্যে যে পদের মতো আচরণ করে, সেই পদের নাম অনুযায়ী বর্গের নাম হয়। উপরের উদাহরণে 'মালা ও মায়া' ও 'স্কুল-বাসে' হলো বিশেষ্যবর্গ। 'বাড়ির সামনে দাঁড়িয়ে থাকা' হলো বিশেষণবর্গ। 'খুব সকালে' ক্রিয়াবিশেষণ বর্গ এবং 'উঠে পড়লো' হলো ক্রিয়াবর্গ।
- **নিচে বিভিন্ন ধরনের বর্গের পরিচয় দেওয়া হলো :**

০১. **বিশেষ্যবর্গ :** বিশেষ্যের আগে এক বা একাধিক বিশেষণ বা সম্বন্ধপদ যুক্ত হয়ে বিশেষ্য বর্গ তৈরি হয়। যেমন : অসুস্থ ছেলেটি আজ স্কুলে আসেনি। আমার ভাই পড়তে বসেছে।

- আবার, যোজক দ্বারা দুইটি বিশেষ্য যুক্ত হয়ে বিশেষ্যবর্গ তৈরি হয়। যেমন : রহিম ও করিম বৃষ্টিতে ভিজছে।

০২. **বিশেষণবর্গ :** বিশেষণজাতীয় শব্দের গুচ্ছকে বলা যায় বিশেষণবর্গ। যেমন : আমটা দেখতে ভারী সুন্দর। ভদ্রলোক সত্যিকারের নির্লোভ। পোকায় খাওয়া কাঠ দিয়ে আসবাব বানানো ঠিক নয়।

০৩. **ক্রিয়াবিশেষণ-বর্গ :** যে শব্দগুচ্ছ ক্রিয়াবিশেষণ হিসেবে কাজ করে, তাকে ক্রিয়াবিশেষণ বর্গ বলে। যেমন : সকাল আটটার সময়ে সে রওনা হলো। তারপর আমরা দশ নম্বর প্ল্যাটফর্মে গিয়ে দাঁড়ালাম। আমি সকাল থেকে বসে আছি। বেঁচে থাকার মতো সামান্য কয়টা টাকা বেতন পাই। সে খেয়ে আর ঘুমিয়ে কাটাচ্ছে।

- **ক্রিয়াবর্গ :** বাক্যের বিধেয় অংশের ক্রিয়া প্রায় ক্ষেত্রেই ক্রিয়াবর্গ তৈরি করে। যেমন : অস্ত্রসহ সৈন্যদল এগিয়ে চলেছে। সে লিখছে আর হাসছে। সে অনেকক্ষণ দাঁড়িয়ে থাকার পর বসে পড়লো। বাচ্চাটা অনেকক্ষণ ধরে চিৎকার করছে।

গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ

- **গঠন অনুসারে বাক্য :** গঠনগত দিক থেকে বাক্য তিন প্রকার। যথা :
  ১. সরল বাক্য   ২. জটিল বাক্য   ৩. যৌগিক বাক্য

০১. **সরল বাক্য :** যে বাক্যে একটি সমাপিকা ক্রিয়া থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন : পাখিগুলো নীল আকাশে উড়ছে। তিনি ভাত খেয়ে ঘুমিয়ে পড়লেন। জেসমিন সবার জন্য চা বানিয়েছে। পুকুরে পদ্মফুল জন্মে। আমি পড়াশোনা শেষ করে খেলতে যাব। বৃষ্টি হচ্ছে। তোমরা বাড়ি যাও। খোকা আজ সকালে স্কুলে গিয়েছে। স্নেহময়ী জননী স্বীয় সন্তানকে প্রাণাপেক্ষা ভালোবাসেন। বিশ্ববিখ্যাত মহাকবিরা ঐন্দ্রজালিক শক্তিসম্পন্ন লেখনী দ্বারা অমরতার সঙ্গীত রচনা করেন।

- সরল বাক্যে অনেক সময়ে ক্রিয়া অনুপস্থিত থাকে। যেমন : আমরা তিন ভাইবোন।
- বাক্যের মধ্যে এক বা একাধিক অসমাপিকা ক্রিয়া থাকলেও সরল বাক্য হয়। যেমন : তিনি খুব সকালে ঘুম থেকে উঠে পায়চারি করতে করতে বাজারের দিকে গেলেন।

গুরুত্বপূর্ণ সরল বাক্য : গৃহস্বামী তার কাছে গিয়ে নিজের দুরবস্থা জানাল। • তুমি আমাকে আমার বাড়িতে পৌঁছে দাও। • ওর সমস্ত মনটাতে ভিজে হাওয়া যেন শ্রাবণ-অরণ্যের গন্ধ নিয়ে ঘনিয়ে ওঠে। • শিমুল গাছটা বড় হলে চারদিকে তুলো ছড়িয়ে অস্থির করে দেবে। • গফুর কত কী চিন্তা করিয়া হঠাৎ সেই সমস্যার সমাধান করিয়া ফেলিল। • তাহার মাটির প্রাচীর পড়িয়া গিয়া পাষাণ আসিয়া পথে মিশিয়াছে। • এখন পরকালের কর্ম না করিলে কবে করিব? • সেইটে দেখে বলাইয়ের মন ভারি খুশি হয়ে ওঠে। • আবদুর রহিম নামে আমার এক চাকর ছিল। • বৈশাখ শেষ হইয়া আসিলেও মেঘের ছায়াটুকু কোথাও নেই। • কবিত্ব আমার আসে না বলে প্রকৃতির সৌন্দর্য আমার চোখে ধরা পড়ে না। • রৌদ্রতাপ কমে এলে পরামর্শ করা যাবে। • শোনামাত্র তারা আনন্দে চিৎকার করে উঠল। • গণ্ডির বাইরে গেলেই বিষম বিপদ। • এই-সব প্রকাণ্ড গাছের ভিতরকার মানুষকেও যেন বলাই দেখতে পায়। • গোড়ায় বলাই শিমুল গাছটা না দেখালে ওটা আমার হয়তো লক্ষ্যই হতো না। • ইহারই সীমানার পথের ধারে গফুরের বাড়ি। • চোখ বেঁধে দিলেও ঠিক বের করতে পারব কোথায় জলের কল, কোথায় চা-খিলির দোকান। • পয়লা পয়লা কাজে নেমে সবাই ভিরমি খায়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০২. জটিল বাক্য : যে-সে, যারা-তারা, যিনি-তিনি, যাঁরা-তাঁরা, যা-তা প্রভৃতি সাপেক্ষ সর্বনাম এবং যদি-তবে, যদিও-তবু, যেহেতু-সেহেতু, যত-তত, যেটুকু-সেটুকু, যেমন-তেমন, যখন-তখন প্রভৃতি সাপেক্ষ যোজক দিয়ে যখন অধীন বাক্যগুলো যুক্ত থাকে, তাকে জটিল বাক্য বলে। যেমন : যে ছেলেটি এখানে এসেছিল, সে আমার ভাই। যদি তুমি যাও, তবে তার দেখা পাবে। যখন বৃষ্টি নামল, তখন আমরা ছাতা খুঁজতে শুরু করলাম। যদি তোমার কিছু বলার থাকে, তবে এখনই বলে ফেলো। যখন আমার পড়াশোনা শেষ হবে, তখন আমি খেলতে যাব। যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে। সে যে অপরাধ করেছে, তা মুখ দেখেই বুঝেছি।

৩. আশ্রিত খণ্ডবাক্য তিন প্রকার। যথা :

ক. বিশেষ্য স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য : যে আশ্রিত খণ্ডবাক্য (Subordinate clause) প্রধান খণ্ডবাক্যের যে কোনো পদের আশ্রিত থেকে বিশেষ্যের কাজ করে, তাকে বিশেষ্যস্থানীয় আশ্রিত খণ্ডবাক্য বলে। যেমন : **আমি মাঠে গিয়ে দেখলাম**, খেলা শেষ হয়ে গিয়েছে। তিনি বাড়ি আছেন কি না, আমি জানি না। ব্যাপারটি নিয়ে ঘাঁটাঘাঁটি করলে ফল ভালো হবে না।

খ. বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য (Abjective clause) : যে আশ্রিত খণ্ডবাক্য প্রধান খণ্ডবাক্যের অন্তর্গত কোনো বিশেষ্য বা সর্বনামের দোষ, গুণ এবং অবস্থা প্রকাশ করে, তাকে বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য বলে। যেমন : লেখাপড়া করে যেই, গাড়ি ঘোড়া চড়ে সেই। (আশ্রিত বাক্যটি 'সেই' সর্বনামের অবস্থা প্রকাশ করছে)। এরূপ : **খাঁটি সোনার চাইতে খাঁটি**, আমার দেশের মাটি'। **ধনধান্য পুষ্পে ভরা**, আমাদের এই বসুন্ধরা। **যে এ সভায় অনুপস্থিত**, সে বড় দুর্ভাগা।

গ. ক্রিয়া-বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য (Adverbial clause) : যে আশ্রিত খণ্ডবাক্য ক্রিয়াপদের স্থান, কাল ও কারণ নির্দেশক অর্থে ব্যবহৃত হয়, তাকে ক্রিয়া বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য বলে। যেমন : **যতই করিবে দান**, তত যাবে বেড়ে।' **তুমি আসবে বলে** আমি অপেক্ষা করছি। **যেখানে আকাশ আর সমুদ্র একাকার হয়ে গেছে**, সেখানেই দিকচক্রবাল।

গুরুত্বপূর্ণ জটিল বা মিশ্র বাক্য : • যে ব্যক্তির মাথায় বুদ্ধি নেই, সে পরের সমালোচনায় উদ্বিগ্ন। • সবাই জানেন যে, কালো টাকার মালিকগণ সুখী হন না। • লেখাপড়া বিষয়ে তার যে গভীর অনুরাগ ছিল, একথা বলা যায় না। • যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে। • তুমি আসবে বলে হে স্বাধীনতা, সখিনা বিবির কপাল ভাঙল। • তুমি ঢাকায় যাবে বলে, আমি উদ্বিগ্ন হয়ে আছি। • যারা ভালো ছাত্র, তারা শিক্ষককে শ্রদ্ধা করে। • যে ভিক্ষা চায়, তাকে দান কর। • যাদের বুদ্ধি নেই, তারাই একথা বিশ্বাস করবে। • যতদিন বেঁচে থাকব, ততদিন এ ঋণ স্বীকার করব। • যদি সে কাল আসে, তাহলে আমি যাবো। • যখন বিপদ আসে, তখন দুঃখও আসে। • যেহেতু তুমি প্রথম হয়েছ, সেহেতু পুরস্কার তুমিই পাবে। • যেহেতু পড়াশোনা করেছ, সেহেতু কৃতকার্য হবেই। • যেহেতু বৃষ্টিতে ভিজেছ, সেহেতু সর্দি তোমার হবেই। • যেহেতু নির্বাচন হয়েছে, সেহেতু দেশে গণতন্ত্র ফিরে আসবেই।

০৩. যৌগিক বাক্য : দুই বা ততোধিক স্বাধীন বাক্য যখন যোজকের মাধ্যমে যুক্ত হয়ে একটি বাক্যে পরিণত হয়, তখন তাকে যৌগিক বাক্য বলে। এবং, ও, আর, অথবা, বা, কিংবা, কিন্তু, অথচ, সেজন্য, ফলে ইত্যাদি যোজক যৌগিক বাক্যে ব্যবহৃত হয়ে থাকে। কমা (,), সেমিকোলন (;), কোলন (:), ড্যাশ (–) ইত্যাদি যতিচিহ্নও যোজকের কাজ করে। যেমন : আমি পড়াশোনা শেষ করব; তারপর খেলতে যাব। হামিদ বই পড়ছে, আর সীমা রান্না করছে। সে ঘর ঝাড়ু দিল, ঘর মুছল, তারপর পড়তে বসল। অন্ধকার হয়ে এসেছে – বন্ধুরাও মুখ ভার করে রইল। তোমরা চেষ্টা করেছ, কিন্তু আশানুরূপ ফল পাওনি – এতে দোষের কিছু নেই। রহমত রাতে রুটি খায় আর রহিমা খায় ভাত। নেতা জনগণকে উৎসাহিত করলেন বটে, কিন্তু, কোনো পথ দেখাতে পারলেন না। বস্ত্র মলিন কেন, কেহ জিজ্ঞাসা করিলে সে ধোপাকে গালি পাড়ে, অথচ ধৌত বস্ত্রে তাহার গৃহ পরিপূর্ণ। উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না।

গুরুত্বপূর্ণ যৌগিক বাক্য : • মানুষ সূর্যোদয়ে আনন্দিত হয় এবং রাত্রির আগমনে পুলকিত হয়ে থাকে। • সে না এলে তুমি যাবে না, কিন্তু সে বলে পাঠিয়েছে যে তার আসতে দেরি হবে।

৪. বাক্যের রূপান্তর : বাক্যের মূল অর্থ অপরিবর্তিত রেখে সরল, জটিল ও যৌগিক বাক্যের পারস্পরিক রূপান্তর করা সম্ভব।

ক. সরল বাক্য থেকে জটিল বাক্য : যে-সে, যিনি-তিনি, যাঁরা-তাঁরা, যা-তা ইত্যাদি সাপেক্ষ সর্বনাম এবং যদি-তবে, যেহেতু-সেহেতু, যখন-তখন, যত-তত, যেমন-তেমন ইত্যাদি সাপেক্ষ যোজক যুক্ত করে সরল বাক্যকে জটিল বাক্যে রূপান্তরিত করা যায়। যেমন :

সরল	জটিল
দুর্জন লোক পরিত্যাজ্য।	যেসব লোক দুর্জন, তারা পরিত্যাজ্য।
তুমি চেষ্টা না করায় ব্যর্থ হয়েছ।	যেহেতু তুমি চেষ্টা করোনি, তাই ব্যর্থ হয়েছ।
ভালো ছেলেরা শিক্ষকের আদেশ পালন করে।	যারা ভালো ছেলে, তারা শিক্ষকের আদেশ পালন করে।
তার দর্শনমাত্রই আমরা প্রস্থান করলাম।	যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।
ভিক্ষুককে দান কর।	যে ভিক্ষা চায়, তাকে দান কর।

খ. জটিল বাক্য থেকে সরল বাক্য

জটিল বাক্যকে সরল বাক্যে রূপান্তরের সময়ে সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজককে বাদ দিতে হয়। যেমন :

জটিল	সরল
যারা পরিশ্রম করে, তারা জীবনে সফল হয়।	পরিশ্রমীরা জীবনে সফল হয়।
যাদের বুদ্ধি নেই, তারাই এ কথা বিশ্বাস করবে।	নির্বোধরা/বুদ্ধিহীনরা এ কথা বিশ্বাস করবে।
যতদিন বেঁচে থাকব, ততদিন এ ঋণ স্বীকার করব।	আজীবন এ ঋণ স্বীকার করব।
যে সকল পশু মাংস ভোজন করে, তারা অত্যন্ত বলবান।	মাংসভোজী পশু অত্যন্ত বলবান।
যখন সে সুসংবাদটা পেল, তখন সে আনন্দিত হলো।	সুসংবাদটা পেয়ে সে আনন্দিত হলো।

গ. সরল বাক্য থেকে যৌগিক বাক্য :

যৌগিক বাক্যে একাধিক সমাপিকা ক্রিয়ার প্রয়োজন হয়। এজন্য সরল বাক্যকে যৌগিক বাক্য করতে সরল বাক্যের মাঝখানের অসমাপিকা ক্রিয়াকে সমাপিকা ক্রিয়ায় রূপান্তর করতে হয়। সরল বাক্যে একটিমাত্র ক্রিয়া থাকলে যৌগিক বাক্য গঠনের সময় আরেকটি ক্রিয়া তৈরি করে নিতে হয়। যেমন :

সরল	যৌগিক
কেউ কেউ মরেই বাঁচে।	কেউ কেউ মরে এবং তবেই বাঁচে।
ভিক্ষুককে টাকা দাও।	কিছু লোক ভিক্ষা করে, ওদের টাকা দাও।
আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি।	আমি বহু কষ্ট করেছি, ফলে শিক্ষা লাভ করেছি।
জ্ঞানী বলেই তিনি বিনয়ী ছিলেন।	তিনি জ্ঞানী ছিলেন, সুতরাং তিনি বিনয়ী ছিলেন।
তিনি আমাকে পাঁচ টাকা দিয়ে বাড়ি যেতে বললেন।	তিনি আমাকে পাঁচটি টাকা দিলেন এবং বাড়ি যেতে বললেন।
সে চেষ্টা করে সাফল্য লাভ করেছে।	সে চেষ্টা করেছে এবং সাফল্য লাভ করেছে।
পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য এখন থেকেই তোমার পড়া উচিত।	এখন থেকেই তোমার পড়া উচিত, তবেই পরীক্ষায় উত্তীর্ণ হতে পারবে।
সূর্যোদয়ে অন্ধকার দূর হয়।	সূর্য উদিত হয়, সুতরাং অন্ধকার দূর হয়।
সত্য কথা না বলে বিপদে পড়েছ।	সত্য কথা বল নি, তাই বিপদে পড়েছ।
তার বয়স হলেও বুদ্ধি হয়নি।	তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি।
সত্য কথা স্বীকার না করলে শাস্তি পাবে।	সত্য কথা স্বীকার কর, নতুবা শাস্তি পাবে।
তিনি ধনী হলেও দাতা নন।	তিনি ধনী, কিন্তু দাতা নন।
তিনি ধনী হলেও সুখী ছিলেন না।	তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না।
সৎ ব্যক্তি বলে সকলে তাকে সম্মান করে।	লোকটি সৎ, তাই সকলে তাকে সম্মান করে।
পড়াশোনা করলে জীবনে উন্নতি করতে পারবে।	পড়াশোনা কর, তবে জীবনে উন্নতি করতে পারবে।
তুমি চেষ্টা না করায় ব্যর্থ হয়েছ।	তুমি চেষ্টা করোনি, তাই ব্যর্থ হয়েছ।
বিদ্বান হলেও তাঁর অহঙ্কার নেই।	তিনি বিদ্বান, কিন্তু তাঁর অহঙ্কার নেই।
দরিদ্র হলেও তার মন ছোট নয়।	সে দরিদ্র, কিন্তু তার মন ছোট নয়।
পণ্ডিত হওয়া সত্ত্বেও সে বিনয়ী নয়।	সে পণ্ডিত, কিন্তু বিনয়ী নয়।
দশ মিনিট পর ট্রেন এলো।	দশ মিনিট অতিক্রান্ত হলো, তারপর ট্রেন এলো।

ঘ. যৌগিক বাক্য থেকে সরল বাক্য :

যৌগিক বাক্যে দুটি সমাপিকা ক্রিয়া থাকে; অন্যদিকে সরল বাক্যে থাকে একটি সমাপিকা ক্রিয়া। তা-ই যৌগিক বাক্য থেকে সরল বাক্যে রূপান্তরের সময়ে মাঝখানের সমাপিকা ক্রিয়াকে অসমাপিকা ক্রিয়ায় রূপান্তর করে নিতে হয়। যেমন :

যৌগিক বাক্য	সরল বাক্য
সে এখানে এল এবং সব কথা খুলে বলল।	সে এখানে এসে সব কথা খুলে বলল।
সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।	সত্য কথা না বলে বিপদে পড়েছি।
তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি।	তার বয়স হলেও বুদ্ধি হয়নি।
মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে।	মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।
লোকটি অশিক্ষিত, কিন্তু অভদ্র নয়।	লোকটি অশিক্ষিত হলেও অভদ্র নয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জটিল বাক্য থেকে যৌগিক বাক্য :

জটিল বাক্যের সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজক বাদ দিয়ে যৌগিক বাক্য তৈরি করতে হয়। যৌগিক বাক্যে একাধিক সমাপিকা ক্রিয়া থাকে। যেমন :

জটিল বাক্য	যৌগিক বাক্য
যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।	বিপদ ও দুঃখ একসঙ্গে আসে।
যদি নিয়মিত সাঁতার কাটো, তবে স্বাস্থ্য ভালো থাকবে।	নিয়মিত সাঁতার কাটো, স্বাস্থ্য ভালো থাকবে।
যদিও লোকটি ধনী, তথাপি সে কৃপণ।	লোকটি ধনী, কিন্তু কৃপণ।
যদিও তার টাকা আছে, তবু তিনি দান করেন না।	তার টাকা আছে, কিন্তু তিনি দান করেন না।
যদিও সে দরিদ্র, তথাপি সে চরিত্রবান।	সে দরিদ্র, কিন্তু চরিত্রবান।
যেহেতু সে নিরপরাধ, সেহেতু সে মুক্তি পাবে।	সে নিরপরাধ, অতএব সে মুক্তি পাবে।
যখন বৃষ্টি থামল, তখন আমরা স্কুলে রওনা হলাম।	বৃষ্টি থামল এবং আমরা স্কুলে রওনা হলাম।
যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।	বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে।
যদি সাঁতার কাট, তবে স্বাস্থ্য ভালো হবে।	সাঁতার কাট, তবে স্বাস্থ্য ভালো হবে।
যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে।	পরিশ্রম কর, তবে ফল পাবে।
যদি পানিতে নাম, তবে সাঁতার শিখতে পারবে।	পানিতে নাম, তবে সাঁতার শিখতে পারবে।
যদিও তিনি ধনী, তথাপি তিনি অসুখী।	তিনি ধনী, কিন্তু অসুখী।
যদি সে কাল আসে, তাহলে আমি যাব।	সে কাল আসবে, তারপর আমি যাব।
যদি পড়াশোনা না কর, তাহলে ভবিষ্যৎ অন্ধকার।	পড়াশোনা কর, নতুবা ভবিষ্যৎ অন্ধকার।
যদিও সে ধনী তথাপি সে গরিবকে ভালোবাসে।	সে ধনী, কিন্তু গরিবকে ভালোবাসে।

চ. **যৌগিক বাক্য থেকে জটিল বাক্য :**

যৌগিক বাক্যকে জটিল বাক্যে রূপান্তর করার সময়ে যৌগিক বাক্যের যোজক বাদ দিতে হয়। এর বদলে সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজক যুক্ত হয়। যেমন–

যৌগিক বাক্য	জটিল বাক্য
ছেলেটির বয়স অল্প; কিন্তু বেশ বুদ্ধিমান।	যদিও ছেলেটির বয়স অল্প, তবু বেশ বুদ্ধিমান।
দোষ করেছ; অতএব শাস্তি পাবে।	যেহেতু দোষ করেছ, সেহেতু শাস্তি পাবে।
দোষ স্বীকার কর, তোমাকে কোনো শাস্তি দিব না।	যদি দোষ স্বীকার কর, তাহলে তোমাকে কোনো শাস্তি দিব না।
তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তার অন্তঃকরণ অতিশয় উচ্চ।	যদিও তিনি অত্যন্ত দরিদ্র, তথাপি তার অন্তঃকরণ অতিশয় উচ্চ।
এ গ্রামে যে দরগাহ আছে, সেটি পাঠানযুগে নির্মিত হয়েছে।	এ গ্রামে যে দরগাহ আছে, সেটি পাঠানযুগে নির্মিত হয়েছে।

অর্থানুসারে বাক্যের শ্রেণিবিভাগ

বাগ্‌ভঙ্গি বা অর্থানুসারে বাক্য : বাগ্‌ভঙ্গি বা অর্থানুসারে বাক্য কয়েক ভাগে বিভক্ত। যথা :

- বিবৃতিমূলক বা নির্দেশাত্মক বাক্য
- অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য
- কার্যকারণাত্মক বাক্য
- ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য
- প্রশ্নবোধক বা প্রশ্নাত্মক বাক্য
- আবেগসূচক বাক্য বা বিস্ময়
- সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য

বিবৃতিমূলক বা নির্দেশাত্মক বাক্য : যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্য সাধারণভাবে বিবৃত বা নির্দেশ করা হয়, তাকে বিবৃতিমূলক বা নির্দেশাত্মক বাক্য বলে। যেমন : আমরা রোজ বেড়াতে যেতাম। তারা তোমাদের ভোলেনি। তার বয়স হলেও বুদ্ধি হয়নি।

বিবৃতিমূলক বাক্য দুই প্রকার। যথা : ক. অস্তিবাচক বাক্য খ. নেতিবাচক বাক্য

ক. **অস্তিবাচক বাক্য :** যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্যের অস্তিত্ব বা হ্যাঁ-সূচক অর্থ প্রকাশ পায়, তাকে অস্তিবাচক বাক্য বলে। যেমন : মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে। বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। সাহিত্যে মানবাত্মা খেলা করে এবং সেই খেলার আনন্দ উপভোগ করে।

খ. **নেতিবাচক বাক্য :** যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্য অস্বীকৃতি, নিষেধ বা না-সূচক অর্থ বোঝায়, তাকে নেতিবাচক বাক্য বলে। যেমন : মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না। বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি কঠিন হয় না। সাহিত্যে মানবাত্মা খেলা করে এবং সেই খেলার আনন্দ উপভোগ না করে পারে না।

প্রশ্নবোধক বাক্য : যে বাক্যে কোনো ঘটনা বা ভাব সম্পর্কে জিজ্ঞাসা বা প্রশ্নসূচক অর্থ প্রকাশ পায়, তাকে প্রশ্নবোধক বাক্য বলে। যেমন : তোমার নাম কী? সুন্দরবনকে কোন ধরনের বনাঞ্চল বলা হয়? ছেলেটা এ ভরদুপুরে কোথায় চলল? কেন এসেছ? কী পড়ছ?

অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য : যে বাক্যে আদেশ, উপদেশ, অনুরোধ, নিষেধ ইত্যাদি অর্থ প্রকাশ পায়, তাকে অনুজ্ঞাসূচক বাক্য বলে। যেমন : আমাকে একটি কলম দাও। তার মঙ্গল হোক। সদা সত্য কথা বলবে। চুপটি করে বস। সময় নষ্ট করো না। দ্যাখ না ওখানে কে বসে আছে। দেশের স্বাধীনতা রক্ষার জন্য যুদ্ধ কর।

আবেগসূচক বাক্য বা বিস্ময় : যে বাক্যে আনন্দ-বেদনা, বিস্ময়-কৌতূহল, শোক, ক্রোধ-ঘৃণা, আবেগ-উচ্ছ্বাস ইত্যাদি ভাব প্রকাশ পায়, তাকে বিস্ময় বা আবেগসূচক বাক্য বলে। যেমন : দারুণ! আমরা জিতে গিয়েছি। অত উঁচু পাহাড়ে উঠে আমি তো ভয়েই মরি! ছি ছি! তুমি এত নীচ। বাপ রে! কী প্রচণ্ড গরম।

ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য : যে বাক্যে ইচ্ছা, অভিপ্রায়, প্রার্থনা, কামনা, বাসনা ইত্যাদি প্রকাশিত হয়, তাকে ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য বলে। যেমন : আপনি দীর্ঘজীবী হোন। মহারাজের জয় হোক।

কার্যকারণাত্মক বাক্য : যে বাক্যে ক্রিয়া নিষ্পত্তি কোনো বিশেষ শর্তের অধীনে এমন বোঝায়, তাকে কার্যকারণাত্মক বাক্য বলে। যেমন : সময় পেলে তোমার ওখানে যাবো। মন দিয়ে না পড়লে পাশ করা যায় না। যদি বল, আসব। রাত হলে চাঁদ দেখা যাবে। পা নেই বলে সে হাঁটতে পারে না।

সংশয়সূচক বাক্য : যে বর্ণনাত্মক বাক্যে বক্তব্য বিষয় সম্পর্কে সন্দেহ, সংশয়, সম্ভাবনা, অনুমান, অনিশ্চয়তা ইত্যাদি ভাব প্রকাশ পায়, তাকে সংশয়সূচক বাক্য বলে। এ ধরনের বাক্যে হয়তো, বুঝি, সম্ভবত, বোধ হয়, নাকি, নিশ্চয় প্রভৃতি সংশয়সূচক ক্রিয়া-বিশেষণ ব্যবহৃত হয়। যেমন : হয়তো তার আসা হবে না। বোধ হয় কাল তোমার সঙ্গে দেখা হবে।

অস্তিবাচক থেকে নেতিবাচক বাক্যে রূপান্তর

অস্তিবাচক বাক্য	নেতিবাচক বাক্য
উদ্যানলতা, সৌন্দর্যগুণে বনলতার নিকট পরাজিত হইল।	উদ্যানলতা, সৌন্দর্যগুণে বনলতার নিকট পরাজিত না হইয়া পারিল না।
আমারও ইহাদের উপর সহোদর স্নেহ আছে।	আমারও যে ইহাদের উপর সহোদর স্নেহ নাই তাহা নহে।
এই জন্যই তোমাকে সকলে প্রিয়ংবদা বলে।	এই জন্যই তোমাকে সকলে প্রিয়ংবদা না বলিয়া পারে না।
প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।	প্রিয়ংবদা অযথার্থ কহে নাই।
বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা অনাবশ্যক ছিল।	বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা আবশ্যক ছিল না।
পঞ্জিকার পাতা উল্টাইতে থাকিল।	পঞ্জিকার পাতা উল্টানো বন্ধ রহিল না।
তাহাদিগকে সকল দেশের সকল ধর্মের সকল লোক সমান শ্রদ্ধা করে।	তাহাদিগকে সকল দেশের সকল ধর্মের সকল লোক সমান শ্রদ্ধা না করিয়া পারে না।
সৌদামিনী খ্রিষ্টান হয়ে গেল।	সৌদামিনী খ্রিষ্টান না হয়ে পারেনি।
ঐরূপ পর্দা বিরোধ সর্বদাই অপ্রশংসনীয়।	ঐরূপ পর্দা বিরোধ কখনই প্রশংসনীয় নহে।
সে কথাই এরা ভাবে।	সে কথাই এরা না ভেবে পারে না।
বাড়িটা তারা দখল করেছে।	বাড়িটা তারা দখল না করে ছাড়েনি।
কথাটায় তার বিশ্বাস হয়।	কথাটায় তার অবিশ্বাস হয় না।
আরও দুবার ফোন করেছি।	আরও দুবার ফোন না করে পারিনি।
সে তারস্বরে আর্তনাদ করে।	সে তারস্বরে আর্তনাদ না করে পারে না।
মানুষের তৈরি দুর্যোগও অনেক ক্ষতি করে।	মানুষের তৈরি দুর্যোগও কম ক্ষতি করে না।
তাহারও পরে কী হইল সেকথা বলিতে আমি অক্ষম।	তাহারও পরে কী হইল সেকথা বলিতে আমি সক্ষম নহি।
তুমি আবার এসো।	তুমি আবার না এলে হবে না।
আপনি আমায় অবিশ্বাস করছেন।	আপনি আমায় বিশ্বাস করছেন না।
মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে।	মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না।
তিনি ধনী হয়েও অসুখী ছিলেন।	তিনি ধনী হয়েও সুখী ছিলেন না।
মানুষ মরণশীল।	মানুষ অমর নয়।
ওরা তোমাকে পাঠিয়েছে।	ওরা ছাড়া অন্য কেউ তোমাকে পাঠায়নি।
হৈমন্তী চুপ করিয়া রহিল।	হৈমন্তী কোনো কথা বলিল না।
তাহার মন একেবারে কাঠ হইয়া গেল।	তাহার মন কাঠ না হইয়া পারিল না।
রহিম স্বাস্থ্যহীন।	রহিম স্বাস্থ্যবান নয়।
অল্প লোকেই বেদের অর্থ বুঝত।	বেশিরভাগ লোকেই বেদের অর্থ বুঝত না।
আজকাল সব জিনিসই দুর্লভ।	আজকাল কোনো জিনিসই সুলভ নয়।
জন্মভূমিকে সবাই ভালোবাসে।	জন্মভূমিকে ভালোবাসে না এমন কেউ নেই।

CamScanner

নেতিবাচক থেকে প্রশ্নাত্মক বাক্য

নেতিবাচক বাক্য	প্রশ্নাত্মক বাক্য
তাদের গ্রামে ফিরে আসা চলে না।	তাদের গ্রামে ফিরে আসা চলে কি?
মানুষটা সমস্ত রাত খেতে পাবে না।	মানুষটা সমস্ত রাত খেতে পাবে কি?
সরস্বতী/লক্ষ্মী বর দেবেন না।	সরস্বতী/লক্ষ্মী বর দেবেন কি?
তাদের সে জ্বালা নাই।	তাদের সে জ্বালা আছে কি?
অনেকদিন মৃত্যুঞ্জয়ের দেখা নাই।	অনেকদিন মৃত্যুঞ্জয়ের দেখা হয় কি?
কেউই অন্ধের দুঃখ বুঝল না।	অন্ধের দুঃখ কেউ কি বুঝল?
এ খবর আমরা কেউ জানতাম না।	এ খবর আমাদের কেউই কি জানত?
সে আর ভিক্ষা করে না।	সে কি আর ভিক্ষা করে?
আমাদের সে মনের ভাবের কোনো পরিবর্তন হলো না।	আমাদের সে মনের ভাবের কি পরিবর্তন হলো?
পুত্রদের বিদ্যালয়ের সংখ্যা গণনা করা যায় না।	পুত্রদের বিদ্যালয়ের সংখ্যা গণনা করা যায় কি?
আর তো পথ নেই।	আর কি পথ আছে?
সে কথা আজও ভুলতে পারি না।	সে কথা কি আজও ভুলতে পেরেছি?
শুধু তোমার কথায় এমন কাজ করা যায় না।	শুধু কি তোমার কথায় এমন কাজ করা যায়?

অস্তিবাচক থেকে প্রশ্নাত্মক বাক্য

অস্তিবাচক বাক্য	প্রশ্নাত্মক বাক্য
তাঁর সম্বন্ধে জানা দরকার।	তাঁর সম্বন্ধে জানা দরকার নয় কি?
বাংলাদেশের রাজধানীর নাম কি তা জানতে চাই।	বাংলাদেশের রাজধানীর নাম জানতে পারি কি?
পরে কী হলো সে বিষয়ে জানতে চাই।	তারপর কী হলো?
এরা অন্য জাতের মানুষ।	এরা কি অন্য জাতের মানুষ নয়?
পুরো দেশটাই এখন বন্যাকবলিত।	পুরো দেশটাই কি এখন বন্যাকবলিত নয়?
শৈশবে তাঁর বাবা মারা যান।	শৈশবেই কি তাঁর বাবা মারা যায়?
ভুল সকলেই করে।	ভুল কি সকলেই করে না?
ফুল সকলেই ভালোবাসে।	ফুল কি সকলেই ভালোবাসে না?
দেশকে ভালোবেসে শত শহিদ জীবন উৎসর্গ করেছেন।	দেশকে ভালোবেসে শত শহিদ কি জীবন উৎসর্গ করেননি?
সুখ সকলেরই কাম্য।	সুখ কার না কাম্য?
বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।	বাংলাদেশ কি একটি উন্নয়নশীল দেশ নয়?
একলা যেতে ভয় করবে কিনা জানতে চাই।	একলা যেতে ভয় করবে না তো?

নির্দেশাত্মক থেকে প্রশ্নাত্মক বাক্য

নির্দেশাত্মক বাক্য	প্রশ্নাত্মক বাক্য
তারা যথার্থ সভ্য দাবি করতে পারে না।	তারা কি যথার্থ সভ্য দাবি করতে পারে?
দেশপ্রেমিককে সবাই ভালোবাসে।	দেশপ্রেমিককে কে না ভালোবাসে?
সে আর ভিক্ষা করে না।	সে কি আর ভিক্ষা করে?
সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ।	সাহিত্য কি জীবনের স্বাভাবিক প্রকাশ নয়?
আমাদের সে মনের ভাবের কোনো পরিবর্তন হলো না।	আমাদের সে মনের ভাবের কি কোনো পরিবর্তন হলো?
এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো।	এবার কি আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো না?
জননী জন্মভূমি স্বর্গের চেয়েও প্রিয়।	জননী জন্মভূমি কি স্বর্গের চেয়েও প্রিয় নয়?
সে কথা আজও ভুলতে পারিনি।	সে কথা কি আজও ভুলতে পেরেছি?
আর তো পথ নেই।	আর কি পথ আছে?
এটা তো মানুষের ধর্ম নয়।	এটা কি মানুষের ধর্ম?
মরতে তো একদিন হবেই।	মরতে কি একদিন হবে না?
ভুল সকলেই করে।	ভুল কে না করে?
ফুল সকলেই ভালোবাসে।	ফুল কে না ভালোবাসে?

নির্দেশাত্মক থেকে অনুজ্ঞাবাচক বাক্য

নির্দেশাত্মক	অনুজ্ঞাসূচক
উপকার করার অধিকার থাকা চাই।	উপকার করার অধিকার রেখো।
তবে ওর ভিতর দিয়ে নাই গেলে।	তবে ওর ভিতর দিয়ে যেও না।
আপনাকে নিতে হবে।	আপনি নেবেন।
তোমার ভীত হওয়া উচিত নয়।	তুমি ভীত হয়ো না।
দুর্গতের সেবা করা সবার কর্তব্য।	সবাই দুর্গতের সেবা কর।
দেশের সেবা করা সকলের কর্তব্য।	সবাই দেশের সেবা কর।

অনুজ্ঞাবাচক থেকে নির্দেশাত্মক বাক্য

অনুজ্ঞাসূচক বাক্য	নির্দেশাত্মক বাক্য
বিপদে ধৈর্য ধর।	বিপদে অধীর হতে নেই।
মন দিয়ে লেখাপড়া করো।	মন দিয়ে লেখাপড়া করা উচিত।
সদুপায়ে জীবিকা অর্জনের চেষ্টা করো।	সদুপায়ে জীবিকা অর্জনের চেষ্টা করা উচিত।
গুরুজনদের মান্য করবে।	গুরুজনদের মান্য করা উচিত।
দেশের সেবা কর।	দেশের সেবা করা কর্তব্য।
দরিদ্রের সেবা করবে।	দরিদ্রের সেবা করা উচিত।
সদা সত্য কথা বলবে।	সদা সত্য কথা বলা উচিত।
চুপ কর।	চুপ করতে বলছি।
এখনই এখান থেকে যাও।	এখনই এখান থেকে যেতে বলছি।
পরিশ্রম করে খাও।	পরিশ্রম করে খাওয়া উচিত।
ছাত্রজীবনে বেশি বেশি অধ্যয়ন করো।	ছাত্রজীবনে বেশি বেশি অধ্যয়ন করা উচিত।
আইন-কানুন মানবে।	আইন-কানুন মানা উচিত।
এখন তোরা যা।	এখন তোদের যেতে বলছি।
দুর্জনকে দূরে রেখো।	দুর্জনকে দূরে রাখা উচিত।
মাঠে চলো।	মাঠে চলার ডাক দিচ্ছি।

নির্দেশাত্মক থেকে সংশয়সূচক বাক্য

নির্দেশাত্মক বাক্য	সংশয়সূচক বাক্য
রীতিমত চমকে উঠেছিলাম।	প্রায় চমকে উঠেছিলাম বোধ হয়।
অঙ্কগুলো খুবই কঠিন হবে।	অঙ্কগুলো খুব কঠিন হবে বোধ হয়।
সকলেই তার দিকে অবাক হয়ে চেয়ে রইল।	বোধ হয় সকলেই তার দিকে অবাক হয়ে চেয়ে রইল।
তাদের জয় হবে।	সম্ভবত তাদেরই জয় হবে।
তিনিই যাবেন।	তিনিই হয়তো যাবেন।

নির্দেশাত্মক থেকে বিস্ময়সূচক বাক্য

নির্দেশাত্মক বাক্য	বিস্ময়সূচক বাক্য
দৃশ্যটি বড়ই করুণ।	দৃশ্যটি কী করুণ!
এ তো ভয়ানক দুঃখের কথা।	কী ভয়ানক দুঃখের কথা!
যা দেখলাম তা ভুলবার নয়।	আহা, দৃশ্যটি ভুলবার নয়!
ত্যাগের এ মহিমা অপূর্ব।	কী অপূর্ব ত্যাগের এ মহিমা!
সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্র।	সত্যি সেলুকাস, কী বিচিত্র এ দেশ!
শিশুটির মৃত্যুদৃশ্য অত্যন্ত শোকাবহ।	শিশুটির মৃত্যুদৃশ্য কী শোকাবহ!
ভারি চমৎকার চিত্র।	কী চমৎকার চিত্র!

নির্দেশাত্মক থেকে প্রার্থনাসূচক বাক্য

নির্দেশাত্মক বাক্য	প্রার্থনাসূচক বাক্য
ঈশ্বরের নিকট সকলের মঙ্গল প্রার্থনা করছি।	ঈশ্বর সকলের মঙ্গল করুন।
তোমার সুখ কামনা করি।	সুখী হও।
তোমার দীর্ঘজীবন কামনা করছি।	তুমি দীর্ঘজীবী হও।
প্রার্থনা করি সৎপথে যেন তোমার মতি হয়।	সৎপথে তোমার মতি হোক।
মহারাজের জয় কামনা করি।	মহারাজের জয় হোক।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিভিন্ন প্রকার অনুভূতি প্রকাশক বাক্য

স্বরভঙ্গি তথা বাগ্‌ভঙ্গির সাহায্যে ক্রোধ, আদর, আনন্দ, দুঃখ, বিরক্তি, বিস্ময়, লজ্জা, ঘৃণা প্রভৃতি বিভিন্ন প্রকার অনুভূতি প্রকাশ করা যায়। যথা :

০১	সাধারণ বিবৃতিতে	সে আজ যাবে।
০২	জিজ্ঞাসায়	সে আজ যাবে?
০৩	বিস্ময় প্রকাশে	সে আজ যাবে!
০৪	ক্রোধ প্রকাশে	আমি তোমাকে দেখে নেব।
০৫	আদর বোঝাতে	বড্ড শুকিয়ে গেছিস রে।
০৬	আনন্দ প্রকাশে	বেশ বেশ, খুব ভালো হয়েছে।
০৭	দুঃখ প্রকাশে	আহ, গাছ থেকে পড়ে পা ভেঙেছে!
০৮	বিরক্তি প্রকাশে	আঃ, ভালো লাগছে না, এখন এখান থেকে যাও তো।
০৯	ভীতি প্রদর্শনে	যাবি কি না বল?
১০	লজ্জা প্রকাশে	ছিঃ ছিঃ, তার সঙ্গে পারলে না।
১১	ধিক্কার দিতে	ছিঃ, তোমার এই কাজ।
১২	ঘৃণা প্রকাশে	তুমি এত নীচ।
১৩	অনুরোধ প্রকাশে	কাজটি করে দাও না ভাই।
১৪	প্রার্থনা	ঈশ্বর তোমার মঙ্গল করুন।

[বি.দ্র. ছেদ ও বিরতিসূচক চিহ্নগুলো বাগ্‌ভঙ্গির লিখিত আকার প্রকাশে সাহায্য করে। দাঁড়ি, কমা, প্রশ্নবোধক ও বিস্ময়সূচক চিহ্ন বাক্যের ভাব ও অর্থবোধের জন্য উপকারক।]

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'সমুদ্রের হাওয়া গায়ে মেখে হৃদয়-যমুনায় ঝড় তুলল।' বাক্যটির যোগ্যতা হারানোর কারণ কী? [ক ২২-২৩]
ক) দুর্বোধ্যতা খ) অলংকারের ভুল প্রয়োগ
গ) বাহুল্য দোষ ঘ) গুরুচণ্ডালী দোষ উ: খ

০২. 'ধনধান্য পুষ্প ভরা, আমাদের এই বসুন্ধরা।' এটি কোন ধরনের খণ্ডবাক্য? [গ ২১-২২]
ক) বিশেষ্য স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য খ) বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য
গ) ক্রিয়া-বিশেষণ স্থানীয় খণ্ডবাক্য ঘ) ক্রিয়া স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য উ: খ

০৩. 'যে ভিক্ষা চায়, তাকে দান কর' এটি কোন বাক্যের উদাহরণ? [ক ১৮-১৯]
ক) সরল খ) জটিল গ) মিশ্র ঘ) যৌগিক উ: খ

০৪. 'বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে' বাক্যটি– [খ ১৭-১৮]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: গ

০৫. 'যদি বল, আসব।' এটি কী ধরনের বাক্য? [ঘ ১৭-১৮]
ক) ইচ্ছাসূচক খ) প্রার্থনামূলক গ) কার্যকারণাত্মক ঘ) অনুজ্ঞা উ: গ

০৬. বাক্যের মৌলিক উপাদান কী? [গ ৯৮-৯৯]
ক) ভাষা খ) শব্দ গ) বর্ণ ঘ) অর্থ উ: খ

০৭. 'কেউ বলে না দিলেও মনে হচ্ছে এটি একটি বিপজ্জনক জায়গা।' বাক্যটি- [ঘ ০০-০১]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: ক

০৮. 'মাংসভোজী' শব্দটি কোন বাক্যের সংকুচিত রূপ? [গ ০০-০১]
ক) যৌগিক বাক্য খ) জটিল বাক্য গ) সরল বাক্য ঘ) মিশ্র বাক্য উ: গ

০৯. কোনটি মিশ্র বাক্য? [গ ০০-০১]
ক) 'ছুঁচোর গোলাম চামচিকে, তার মাইনে চৌদ্দ সিকে' খ) 'যে রক্ষক, সে ভক্ষক'
গ) 'ধনের ধর্ম অসাম্য' ঘ) 'লোকটি দরিদ্র কিন্তু সৎ' উ: খ

১০. 'তার বয়স অনুমান করতে না পারলেও খুব বেশি বলেও মনে হয় না।' এটি– [খ ০০-০১]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: ক

১১. 'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।' এটি কোন ধরনের বাক্য? [গ ৯৮-৯৯]
ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) জটিল বাক্য ঘ) মিশ্র বাক্য উ: ক

১২. 'আমারও এদের উপর বিশ্বাস আছে।' বাক্যটির নেতিবাচক রূপ– [খ ০৪-০৫]
ক) আমারও এদের উপর বিশ্বাস নেই খ) আমারও এদের উপর অবিশ্বাস আছে
গ) আমারও এদের উপর বিশ্বাস না থাকতে পারে না
ঘ) আমারও এদের উপর যে বিশ্বাস নেই তা নয় উ: ঘ

১৩. 'ঠেলা গাড়িতে ইংরেজ নারী ও ঘোড়ার পিঠে ইংরেজ পুরুষরা বায়ু-সেবনে বের হয়েছেন।' কোন ধরনের বাক্য? [খ ০১-০২]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: গ

১৪. ঠিকভাবে উপমা ব্যবহার না করলে বাক্য হারায়- [খ ০১-০২; রাবি ঙ-১০-১১]
ক) শৃঙ্খলা খ) আসক্তি গ) আকাঙ্ক্ষা ঘ) যোগ্যতা উ: ঘ

১৫. আমি বাংলাদেশের নাগরিক। এ বাক্যের জটিল রূপ কোনটি? [ক ০১-০২]
ক) আমার জন্মভূমির নাম বাংলাদেশ
খ) আমি একটি দেশের নাগরিক এবং তার নাম বাংলাদেশ
গ) আমি যে দেশের নাগরিক তার নাম বাংলাদেশ
ঘ) আমি জন্মেছি যে দেশে সেই দেশের নাম বাংলাদেশ উ: গ

১৬. 'তারা যাবে না কোথাও।' বাক্যটির অস্তিবাচক রূপ- [খ ০২-০৩; জবি গ ০৬-০৭]
ক) তারা কোথাও যাবে খ) তারা সবখানে যাবে
গ) তারা এখানেই থাকবে ঘ) তারা কোথাও থাকবে উ: গ

১৭. 'মানুষের মন অত্যন্ত জটিল, সুতরাং তার অনুভূতিও বিচিত্র।' বাক্যটি– [খ ০২-০৩]
ক) সরল খ) যৌগিক গ) কঠিন ঘ) জটিল উ: খ

১৮. 'সে কথাই এরা ভাবে' বাক্যটির নেতিবাচক রূপ- [খ ০৩-০৪]
ক) সে কথাই এরা ভাবে না খ) সে কথাই এরা না ভেবে পারে না
গ) সে কথাই এরা না ভেবে পারে ঘ) সে কথাই না এরা ভাবে উ: খ

১৯. 'কন্যার বাপ সবুর করিতে পারিতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না' বাক্যটি কীরূপ? [ঙ ০৩-০৪; জবি চ ১৪-১৫; রাবি B ১৭-১৮]
ক) সরল খ) যৌগিক গ) জটিল ঘ) মিশ্র উ: খ

২০. যৌগিক বাক্য কোনটি? [ঘ ০৩-০৪]
ক) সকাল হলে পথিকেরা যাত্রা করল। খ) যখন সকাল হল, তখন পথিকেরা যাত্রা করল।
গ) সকাল হল, তারপর পথিকেরা যাত্রা করল। ঘ) সকালে পথিকেরা যাত্রা করল। উ: গ

২১. 'রাজা আছেন, কোটালের দোহাই কেন?' কোন ধরনের বাক্য? [খ ০৩-০৪]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: গ

২২. 'কেউ কিছু বলছে না।' বাক্যটির অস্তিবাচক রূপ– [ঘ ০৪-০৫; খ ০৫-০৬]
ক) কেউ কিছু না বলে পারছে না খ) কেউ কিছু বলছে
গ) কেউ কিছু বলবে ঘ) সবাই চুপচাপ উ: ঘ

২৩. 'যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে।' কোন ধরনের বাক্য? [খ ০৪-০৫]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) খণ্ড উ: খ

২৪. সরল বাক্য কোনটি? [গ ০৪-০৫]
ক) যা করবার তা করছি খ) তুমি অধম বলে আমি উত্তম না হইব কেন?
গ) সে পরিশ্রমী বটে, কিন্তু নির্বোধ ঘ) তুমি যা বললে তাই ঠিক উ: খ

২৫. 'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।' বাক্যটির নেতিবাচক রূপ– [খ ০৪-০৫; জবি F ১২-১৩]
ক) প্রিয়ংবদা যথার্থ কহে নাই খ) প্রিয়ংবদা অযথার্থ কহিয়াছে
গ) প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে না ঘ) প্রিয়ংবদা অযথার্থ কহে নাই উ: ঘ

২৬. 'তুই যেতে পারবি না।' বাক্যটির অস্তিবাচক রূপ– [খ ০৫-০৬]
ক) তুই যেতে পারবি খ) তুই না গিয়ে পারবি না
গ) তোকে যেতে হবে ঘ) তোকে থাকতে হবে উ: ঘ

২৭. 'শরাসনে সংহিত শর আশু প্রতিসংহার করুন।' বাক্যটি– [খ ০৫-০৬]
ক) সরল খ) যৌগিক গ) জটিল ঘ) খণ্ড উ: ক

২৮. যৌগিক বাক্যের উদাহরণ– [ক ০৫-০৬]
ক) বাজে কথা বলতে তার বাধে না। খ) দাঁড়িয়ে দাঁড়িয়ে কী দেখছ।
গ) যে অন্যের ভালো বোঝে না, সে নিজেরও ভালো বোঝে না।
ঘ) সে আজ যাক, কাল আসবে। উ: ঘ

২৯. 'কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা।' এটির সরল বাক্যে– [খ ০৬-০৭]
ক) কাব্যজগতে আনন্দের নামই বেদনা খ) কাব্যজগতে আনন্দ-বেদনার নাম একই
গ) কাব্যজগতে আনন্দ ও বেদনার নাম একই
ঘ) কাব্যজগতে আনন্দের অপর নাম বেদনা উ: ক

৩০. 'তাদের ভুলটা ভাঙতে দেরি হয় না'। নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ– [ঘ ০৭-০৮]
ক) তাদের ভুলটা ভাঙতে দেরি হয় খ) অচিরেই তাদের ভুল ভাঙে
গ) তাদের ভুলটা দেরিতে ভাঙে ঘ) তাদের ভুলটা বিলম্বে ভাঙে উ: খ

৩১. 'উপস্থিত ভদ্রলোকদের অন্যতম ছিলেন' বাক্যটির জবাব হতে পারে– [ঘ ০১-০২]
ক) জনাব করিম খ) জনাব রহিম, জনাব করিম ও শ্রী বিমলাচরণ
গ) জনাব করিম ও জনাব রহিম ঘ) সর্বজনাব করিম, রহিম ও বিমলাচরণ উ: ক

৩২. 'রাত্রিতে রৌদ্র হয়।' এ বাক্যে কীসের অভাব? [ক ০৯-১০]
ক) আকাঙ্ক্ষা খ) যোগ্যতা গ) অন্বয় ঘ) আসক্তি উ: খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

৩৩. 'তুমি যদি বলো, তাহলে আমি আসতে পারি।' বাক্যটি– [খ ০৯-১০]
ক আশ্রয়-আশ্রিত জটিল খ সাপেক্ষ পদযুক্ত জটিল গ সরল ঘ যৌগিক **উ(খ)**

৩৪. 'আমি এ সাক্ষী চাই না।' সরল বাক্যটির জটিল রূপ– [ক ০৯-১০; চবি F ১৬-১৭]
ক আমি যে এ সাক্ষী চাই না তা নয় খ আমি এ-রকম সাক্ষী চাইতে পারি না
গ যে-সাক্ষী এ-রকম, তাকে আমি চাই না ঘ আমিও এ সাক্ষী চাই না **উ(গ)**

৩৫. 'মরো, নইলে বাঁচার মতো বাঁচো।' বাক্যটি– [খ ১০-১১; ইবি C ১৬-১৭]
ক যৌগিক খ সরল
গ সংকোচক অব্যয়যুক্ত জটিল ঘ সংযোজন অব্যয়যুক্ত জটিল **উ(ক)**

৩৬. 'সবাই সুখী হতে চায়।' এটি কোন জাতীয় বাক্য? [বাতিল : গ ১১-১২]
ক নির্দেশাত্মক খ নেতিবাচক গ অস্তিবাচক ঘ প্রশ্নবাচক **উ(গ)**

৩৭. টাকা দাও, ছাড়া পাবে। বাক্যটি– [খ ১১-১২]
ক জটিল খ যৌগিক গ সরল ঘ সংযুক্ত **উ(খ)**

৩৮. 'প্রত্যেকেই নীরব হয়ে থাকে।' বাক্যটির নেতিবাচক রূপ– [ক ১১-১২]
ক কেউ কোনো কথা বলে না। খ কারো মুখে কোনো কথা সরে না।
গ কোরো মুখে কোনো কথা নেই ঘ কারো মুখে কোনো শব্দ নেই। **উ(ক)**

৩৯. 'ধনীদের ধন আছে, কিন্তু তারা প্রায়ই কৃপণ হয়।' বাক্যটি– [ক ১১-১২]
ক জটিল খ যৌগিক গ সরল ঘ মিশ্র **উ(খ)**

৪০. 'নিকট এবং দূর, এই দুই নিয়েই আমাদের যত-কিছু কারবার।' বাক্যটি– [খ ১২-১৩]
ক সরল খ জটিল গ যৌগিক ঘ সংযুক্ত **উ(গ)**

৪১. 'নালিশটা অযৌক্তিক।' কোন ধরনের বাক্য? [গ ১২-১৩]
ক নেতিবাচক খ অস্তিবাচক গ অনুজ্ঞাবাচক ঘ প্রশ্নবাচক **উ(খ)**

৪২. 'মানুষ সূর্যোদয়ে আনন্দিত হয় এবং কিছু মানুষ রাত্রির আগমনে শঙ্কিত হয়।' কোন ধরনের বাক্য? [ঘ ১২-১৩; ববি খ, সেট ২ : ১৪-১৫]
ক মিশ্র বাক্য খ জটিল বাক্য গ সরল বাক্য ঘ যৌগিক বাক্য **উ(ঘ)**

৪৩. 'শিশির যখন কোলে তখন তাহার মার মৃত্যু হয়।' বাক্যটি– [ক-১৩-১৪]
ক সরল খ যৌগিক গ জটিল ঘ খণ্ড **উ(গ)**

৪৪. 'সে না এলে তুমি যাবে না, সে বলে পাঠিয়েছে যে তার আসতে দেরি হবে।' কোন ধরনের বাক্য? [খ-১৩-১৪; ববি খ-১৫-১৬; গার্হস্থ্য ১৭-১৮]
ক মিশ্র বাক্য খ জটিল বাক্য গ সরল বাক্য ঘ যৌগিক বাক্য **উ(ঘ)**

৪৫. 'মানুষ হও।' বাক্যটিতে রয়েছে : [ক ১৪-১৫]
ক অনুনয় খ আদেশ গ অনুরোধ ঘ উপদেশ **উ(ঘ)**

৪৬. 'লেখাপড়া বিষয়ে তার যে গভীর অনুরাগ ছিল, এ-কথা বলা যায় না।' এটি কোন বাক্য? [ক ১৪-১৫]
ক সরল খ যৌগিক গ মিশ্র ঘ খণ্ড **উ(গ)**

৪৭. 'যারা ফলে ফরমালিন দিচ্ছে তারা কি আদৌ মানুষ?' বাক্যটি- [ঘ ১৪-১৫]
ক সরল খ যৌগিক গ জটিল ঘ ব্যাসবাক্য **উ(গ)**

৪৮. 'আমি জানি যে সত্যবাদিতা একটি মহৎ গুণ।' এ বাক্যে 'সত্যবাদিতা একটি মহৎ গুণ' এ আশ্রিত খণ্ডবাক্যটি- [ক-১৫-১৬]
ক বিশেষণ-স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য খ বিশেষ্য-স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য
গ ক্রিয়াবিশেষণ-স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য ঘ নামবিশেষণ-স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য **উ(খ)**

৪৯. 'সে সৎ, কিন্তু তার ভাই অসৎ।' বাক্যটি– [খ-১৫-১৬]
ক সরল খ জটিল গ যৌগিক ঘ মিশ্র **উ(গ)**

৫০. 'তার ধন আছে কিন্তু বিদ্যা নেই' বাক্যটি কোন শ্রেণির? [গ-১৫-১৬]
ক সরল খ মিশ্র গ জটিল ঘ যৌগিক **উ(ঘ)**

৫১. 'যে হিমালয়ে বাস করিতেন, সেই হিমালয়ের তিনি যেন মিতা।' বাক্যটি– [ঘ ১০-১১]
ক জটিল খ খণ্ড গ যৌগিক ঘ সরল **উ(ক)**

৫২. 'লোকটি গরিব হলেও সৎ' এ বাক্যটি গঠনভেদে কোন শ্রেণির? [গ ৯৭-৯৮]
ক সরল বাক্য খ যৌগিক বাক্য গ মিশ্র বাক্য ঘ জটিল বাক্য **উ(ক)**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'লোকটি গরীব কিন্তু সৎ।' কী ধরনের বাক্য? [E ১৭-১৮]
ক সরল খ জটিল গ যৌগিক ঘ মিশ্র **উ(গ)**

০২. 'অপরকে সম্মান না করে কেউ সম্মান লাভ করতে পারে না।'বাক্যটি– [ক ০৫-০৬]
ক সরল খ জটিল গ যৌগিক ঘ খণ্ড **উ(ক)**

০৩. 'তোমার মায়ের নাম কী?' এ সরল প্রশ্নবোধক বাক্যটির যথাযথ জটিল রূপ- [ঘ ০৫-০৬]
ক তোমার মায়ের নাম কী তা জানতে চাই খ তোমার যিনি মা, তাঁর নাম জানাও
গ তোমার যিনি মা, তাঁর নাম কী? ঘ তোমার মায়ের নাম বল **উ(গ)**

০৪. 'সে অপরাধ করেনি।' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ– [খ ০৫-০৬]
ক সে অপরাধ করেছে খ সে অপরাধ না করে পারে নি
গ সে নিরপরাধ ঘ সে অপরাধী নয় **উ(গ)**

০৫. 'আমাদের ঘুম ভাঙিয়ে, নিজ হাতে চা তৈরি করতো তপু।' বাক্যটি– [ক ০৮-০৯]
ক জটিল খ যৌগিক গ খণ্ড ঘ সরল **উ(খ)**

০৬. 'তুমি আমার সামনে থাকবে।' অস্তিবাচক বাক্যটির নেতিবাচক রূপান্তর– [গ ০৬-০৭]
ক তুমি আমার সামনে থাকবে না খ তুমি আমার সামনে যাবে না
গ তুমি আমার সামনে আসবে না ঘ তুমি আমার সামনে থেকে যাবে না **উ(খ)**

০৭. যৌগিক বাক্যের উদাহরণ- [ঘ ০৭-০৮]
ক ছোট মেয়েটি খুব লম্বা, সুন্দর চেহারা খ ও আসল বটে, কিন্তু বসল না
গ সে এত কিছু জানে না মনে হচ্ছে ঘ বৃষ্টি হলে ধান ভাল হবে **উ(খ)**

০৮. 'এসব কথা আমি মুখে আনতে পারিনি।' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ– [গ ০৭-০৮]
ক এসব কথা আমি মুখে আনতে পারি খ এসব কথা আমি মুখে আনতে অপারগ
গ এসব কথা মুখে আনতে আমি অপারগ ছিলাম
ঘ এসব কথা আমি মুখে আনতে পেরে ছিলাম **উ(গ)**

০৯. 'আমরা ধর্মের কাজ করছি না।' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ– [খ ০৭-০৮]
ক আমরা ধর্মের কাজ করছি খ আমরা অধর্মের কাজ করছি
গ আমরা ধর্মের কাজ যে করছি তা ঠিক ঘ আমরা ধর্মের কাজ করছি না তা সত্য **উ(গ)**

১০. 'আমারও এর উপর স্নেহ আছে।' অস্তিবাচক বাক্যটির নেতিবাচক রূপ– [ক ০৭-০৮]
ক আমারও এর উপর স্নেহ নেই খ আমারও এর উপর যে স্নেহ নেই তা নয়
গ আমারও এর উপর স্নেহ থাকতে পারে না
ঘ আমারও এর উপর যে স্নেহ নেই কে বলল? **উ(গ)**

১১. কোনটি অস্তিবাচক বাক্য? [খ ০৮-০৯; ক ০৯-১০]
ক কিন্তু বরফ গলল না খ তাঁর আদেশ না মেনে উপায় নেই
গ কথাটার অর্থ সে বুঝতে পারেনি ঘ প্রচলিত ধর্মকর্মে তার প্রবল অনাস্থা **উ(খ)**

১২. 'নিঃশেষে প্রাণ যে করিবে দান, ক্ষয় নাই তার ক্ষয় নাই।' বাক্যটি [ঘ ০৯-১০]
ক যৌগিক খ সরল গ খণ্ড ঘ জটিল **উ(ক)**

১৩. কোনটি অস্তিবাচক বাক্য? [খ ০৯-১০]
ক সে বিস্মিত না হয়ে পারে না খ দেখি, সে শ্রেণিকক্ষে অনুপস্থিত
গ গাছটি উপড়াতে কেউ এলো না ঘ একথা সে মুখে আনতে পারে না **উ(খ)**

১৪. নিচের কোন বাক্যটি অনুজ্ঞাসূচক? [ক ০৯-১০]
ক কোথা থেকে আসছ, ভাই? খ এমন কাজটি ভুলেও করো না
গ সে এ ব্যাপারে কিছুই জানে না?
ঘ লোকটা কোন কথা না বলে চুপ করে থাকল **উ(খ)**

১৫. 'যত্ন না করিলে রত্ন পাইবে না' বাক্যটি কোন শ্রেণির? [ঘ ১০-১১]
ক সরল খ জটিল গ যৌগিক ঘ মিশ্র **উ(খ)**

১৬. সকল বালিকারা বাগানে গেল। এটি কেন সার্থক বাক্য হয়নি ? [খ ১২-১৩]
ক যোগ্যতার অভাবে খ বাহুল্যদোষে
গ রীতিসিদ্ধ অর্থের অভাবে ঘ আসত্তির অভাবে **উ(খ)**

১৭. 'আষাঢ়-শ্রাবণ দুই মাস বসন্তকাল' বাক্যটিতে কোন গুণের অভাব? [খ ১৫-১৬]
ক প্রাঞ্জলতা খ যোগ্যতা গ আসত্তি ঘ আকাঙ্ক্ষা **উ(খ)**

১৮. নিচের কোনটি সরল বাক্য? [ঘ-১৩-১৪]
ক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য এখন থেকেই তোমার পড়া উচিত।
খ তাঁর টাকা আছে, কিন্তু তিনি দান করেন না।
গ এখন থেকেই তোমার পড়া উচিত, তবেই পরীক্ষায় উত্তীর্ণ হতে পারবে।
ঘ যদিও তাঁর টাকা আছে, তথাপি তিনি দান করেন না। **উ(ক)**

১৯. নিচের কোনটি যৌগিক বাক্য? [ঘ ১৪-১৫]
ক মা ছিল না বলিয়া কেহ তাঁহার খোঁপা বাঁধিয়া দেয় নাই।
খ বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না।
গ তাহার পরে বাবা চলিয়া আসিল এবং ঘরে কপাট পড়িল।
ঘ আমি যে গান গাই, তাহা যৌবনের গান। **উ(গ)**

২০. ছিঃ ছিঃ! তার সাথে পারলে না। বাক্যটি কী অর্থে ব্যবহৃত? [ক-১৫-১৬]
ক ঘৃণা খ লজ্জা গ দুঃখ ঘ ধিক্কার **উ(গ)**

২১. 'সত্য কথা না বলে বিপদে পড়েছি' এটা কোন বাক্য? [ক ১৬-১৭]
ক সরল খ যৌগিক গ জটিল ঘ মিশ্র **উ(ক)**

২২. 'লোকটি দরিদ্র হলেও সৎ' বাক্যটির যৌগিক রূপ কী? [খ ১৬-১৭]
ক লোকটি দরিদ্র এবং সৎ খ লোকটি দরিদ্র কিন্তু সৎ
গ লোকটি যদিও দরিদ্র তবুও সৎ ঘ যদিও লোকটি দরিদ্র বটে তথাপি সৎ **উ(গ)**

২৩. কোনটি বাক্যের গুণ নয়? [খ ১৬-১৭]
ক আকাঙ্ক্ষা খ আসত্তি গ যোগ্যতা ঘ আসত্তি **উ(খ)**

২৪. 'চেহারা নিষ্প্রভ।' বাক্যটির নেতিবাচক রূপ– [খ ০৬-০৭]
ক চেহারা সপ্রভ খ চেহারা কদাকার
গ চেহারা উজ্জ্বল নয় ঘ চেহারা সুন্দর নয় **উ(গ)**

২৫. 'সুশিক্ষিত লোক মাত্রই ঘশিক্ষিত' এটি কোন ধরনের বাক্য? [ঘ ১৭-১৮]
ক সরল বাক্য খ যৌগিক বাক্য গ মিশ্র বাক্য ঘ জটিল বাক্য **উ(ক)**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. যে নিজ দেশের মঙ্গল বোঝে না, তিনি নিজের কল্যাণ অনুধাবনেও ব্যর্থ বাক্যটি- [E : ২৩-২৪ ...]
ক) জটিল খ) যৌগিক গ) সরল ঘ) খণ্ডিত উ: ক

০২. 'কোথাও পথ না পেয়ে তোমার কাছে এসেছি।' বাক্যটি- [C : ২৩-২৪; ববি-C : ১৩-১৪]
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) কোনোটিই নয় উ: ক

০৩. সুখী হতে চাই বলে সুখ চাই নে। বাক্যটির নিম্নরেখ অংশটুকু হলো- [B : ২৩-২৪]
ক) আশ্রিত খণ্ডবাক্য খ) প্রধান খণ্ডবাক্য গ) স্বাধীন খণ্ডবাক্য ঘ) উপরের সবকয়টি উ: ক

০৪. 'যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ।' বাক্যটি- [C : ২৩-২৪]
ক) জটিল বাক্য খ) সরল বাক্য গ) মিশ্র বাক্য ঘ) কোনোটিই নয়

Note: 'যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ'। বাক্যটি সাপেক্ষ জটিল বা মিশ্র বাক্য। বাক্যের একটি অংশের সম্পাদন যখন অন্য একটি অংশের উপর নির্ভর করে তখন সেই বাক্যকে বলে সাপেক্ষ বাক্য। উল্লেখ্য, এটি একটি প্রবাদ।

০৫. একটি সার্থক বাক্যের গুণ কয়টি? [বিজ্ঞান : ২৩-২৪; বেরোবি-B : ১৭-১৮]
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি উ: খ

০৬. 'সূর্যোদয়ে পদ্মফুল ফোটে।' বাক্যটি- [C : ২৩-২৪]
ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) জটিল বাক্য ঘ) কোনোটিই নয় উ: ক

০৭. 'যতই করিবে দান, ততই যাবে বেড়ে।' বাক্যটি- [C : ২৩-২৪; ববি-খ : ১৫-১৬; রাবি-E : ১৪-১৫]
ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) জটিল বাক্য ঘ) কোনোটিই নয় উ: গ

০৮. 'সমাজে দয়ার জোর বেশি নয়, বরং দায়ের জোর বেশি।' বাক্যটি- [C : ২৩-২৪]
ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) জটিল বাক্য ঘ) কোনোটিই নয় উ: খ

০৯. "যদি বল, আসবো।" এটা কোন ধরনের বাক্য? [B : ২১-২২]
ক) ইচ্ছাসূচক খ) প্রার্থনামূলক গ) কার্যকারণাত্মক ঘ) অনুজ্ঞা উ: গ

১০. 'সবার মঙ্গল হোক।' বাক্যটি- [C : ২১-২২]
ক) অনুরোধবাচক খ) অনুজ্ঞাবাচক গ) বিকৃতিবাচক ঘ) অক্রিয় বাক্য উ: খ

১১. 'বিদ্বান সর্বত্র আদরণীয়।' বাক্যটি- [C : ২১-২২]
ক) জটিল বাক্য খ) সরল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য উ: খ

১২. 'পরিশ্রমী ব্যক্তি সুখী হয়।' বাক্যটি- [C : ২১-২২]
ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) জটিল বাক্য ঘ) অস্তিবাচক বাক্য উ: ক

১৩. 'দরিদ্র হলেও তার মন ছোট নয়।' বাক্যটি- [C : ২১-২২]
ক) জটিল বাক্য খ) যৌগিক বাক্য গ) অনুজ্ঞাসূচক বাক্য ঘ) সরল বাক্য উ: ঘ

১৪. 'সূর্যোদয়ে অন্ধকার দূর হয়।' বাক্যটি- [C : ২১-২২]
ক) জটিল বাক্য খ) সরল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) অনুজ্ঞাবাচক বাক্য উ: খ

১৫. নিম্নোক্ত কোন বাক্যটি সঠিক নিয়ম প্রকাশ করে? [B ১৯-২০]
ক) বচনভেদে পদাশ্রিত নির্দেশক অভিন্ন থাকে
খ) বিশেষণ শুধু বিশেষ্যকে বিশেষিত করে
গ) বাক্যের প্রয়োজনে অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে
ঘ) একটি সার্থক বাক্যের ৪টি গুণ অপরিহার্য
উ: গ

১৬. 'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হইল'। বাক্যটিতে কোন দোষ আছে? [F ১৪-১৫]
ক) বাগধারার দোষ খ) গুরুচণ্ডালী দোষ গ) উপমার ভুল প্রয়োগ ঘ) বাহুল্য দোষ উ: গ

১৭. 'বুদ্ধিহীনরাই এ কথা বিশ্বাস করবে।' এ বাক্যটির মিশ্রবাক্য হবে- [F ১৪-১৫]
ক) বুদ্ধিহীনরাই সাধারণত এ কথা বিশ্বাস করে খ) যাদের বুদ্ধি আছে তারাই এ কথা বিশ্বাস করবে
গ) বুদ্ধির অভাবেই এসব কথা বিশ্বাস করে তারা
ঘ) যাদের বুদ্ধি নেই তারাই এ কথা বিশ্বাস করবে
উ: ঘ

১৮. 'শিক্ষকদের শ্রদ্ধা করা উচিত' এটি কোন ধরনের বাক্য? [C. সেট ১ : ১৪-১৫]
ক) অনুজ্ঞামূলক খ) নির্দেশমূলক গ) প্রার্থনাসূচক ঘ) যৌগিক উ: ক

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'হয় রওয়ানা হও নতুবা গাড়িতে ওঠো'– কোন ধরনের বাক্য? [A : ২৩-২৪]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: গ

০২. বাংলা বাক্য গঠনের বিধান হলো- [A : ২৩-২৪]
ক) কর্তা, কর্ম ও ক্রিয়া খ) কর্তা, ক্রিয়া ও কর্ম
গ) ক্রিয়া, কর্ম ও কর্তা ঘ) কর্ম, ক্রিয়া ও কর্তা উ: ক

০৩. 'কালো মেঘে চারিদিক মৌ মৌ করছে' এ বাক্যে কোন গুণের অভাব রয়েছে? [A : ২৩-২৪]
ক) আসত্তি খ) অলংকার গ) যোগ্যতা ঘ) আকাঙ্ক্ষা উ: গ

০৪. বাক্য কী? [C : ২৩-২৪]
ক) ভাষার বৃহত্তম একক খ) শব্দের ক্ষুদ্রতম একক
গ) রূপমূল ঘ) ভাষার ক্ষুদ্রতম একক উ: ক

০৫. 'পুকুরে পদ্মফুল জন্মে'। এখানে 'জন্মে' শব্দটি মূলত কী? [C : ২৩-২৪]
ক) উদ্দেশ্য খ) সম্প্রসারণ গ) বিধেয় ঘ) ক্রিয়াবিশেষণ উ: গ

০৬. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে অর্থগতভাবে বাক্য কত প্রকার? [A ২২-২৩]
ক) পাঁচ খ) ছয় গ) সাত ঘ) আট উ: গ

০৭. 'এমন লোক কে আছে যার দেশের প্রতি ভালোবাসার অভাব।' কোন ধরনের বাক্য? [A ২২-২৩]
ক) নেতিবাচক খ) অনুজ্ঞাসূচক গ) অস্তিবাচক ঘ) ইচ্ছাসূচক উ: গ

০৮. বাক্যের অর্থ সংগতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদ বিন্যাসকে বলে– [C ২২-২৩]
ক) আকাঙ্ক্ষা খ) আসত্তি গ) যোগ্যতা ঘ) পদক্রম উ: খ

০৯. গুরুচণ্ডালী দোষমুক্ত বাক্য কোনটি? [A : ২১-২২]
ক) তার বাহিরে যাবার সময় হয়েছে। খ) সে স্কুলে যাবে।
গ) তার বিবাহ হয় নাই। ঘ) তাহারা রওয়ানা হলো। উ: খ

১০. 'গরু মাংস খায়' বাক্যটি অশুদ্ধ কেন? [A : ২১-২২]
ক) আসত্তির অভাব খ) যোগ্যতার অভাব গ) অর্থ অস্পষ্ট ঘ) পদবিন্যাসে ত্রুটি উ: খ

১১. কোনটি যৌগিক বাক্য? [A : ২১-২২]
ক) তুমি ধনী কিন্তু কৃপণ। খ) পরিশ্রমী ব্যক্তিই সুখী হয়।
গ) যদিও লোকটি গরীব তবুও সৎ। ঘ) বিপদে অধীর হইও না। উ: ক

১২. 'যে পরিশ্রম করে, সেই সুখ লাভ করে' এটি কোন ধরনের বাক্য? [B : ১৯-২০]
ক) যৌগিক খ) জটিল গ) সরল ঘ) সাধারণ উ: খ

১৩. 'সুখ সকলের কাম্য' বাক্যটির ঠিক প্রশ্নবোধক রূপ কোনটি? [A ১৮-১৯]
ক) সুখ কি কাম্য নয়? খ) সুখ কার না কাম্য?
গ) কার না সুখ কাম্য? ঘ) কে সুখ চায় না? উ: খ

১৪. 'হৈমন্তী চুপ করিয়া রহিল' বাক্যটির জটিল রূপ কী? [E ১৭-১৮]
ক) হৈমন্তী বলিয়া সে চুপ করিয়া রহিল খ) কিন্তু হৈমন্তী চুপ করিয়া রহিল
গ) সে চুপ করিয়া রহিল ঘ) যে হৈমন্তী সে চুপ করিয়া রহিল উ: ঘ

১৫. 'মাত্র কটি দিন জানিলেও ওকে তোমার হাতে দিলাম।' কী ধরনের বাক্য? [E ১৭-১৮]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) অনুজ্ঞাবাচক উ: ক

১৬. 'তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি।' এটি কোন ধরনের বাক্য? [E ১৭-১৮]
ক) সরল খ) জটিল গ) আশ্রিত ঘ) যৌগিক উ: গ

১৭. পরিশ্রম কর, নতুবা কৃতকার্য হতে পারবে না। কী ধরনের বাক্য? [০৩-০৪]
ক) জটিল খ) মিশ্র গ) যৌগিক ঘ) সরল উ: গ

১৮. 'কিন্তু বরফ অগলিত রহিল' এর নেতিবাচক বাক্য- [০৫-০৬]
ক) কিন্তু বরফ গলিল না খ) কিন্তু বরফ গলিত হইল না
গ) কিন্তু বরফ না গলিল ঘ) কিন্তু বরফ গলিত না হইল উ: ক

১৯. 'কেউ কহিয়া দিতেছে না' এর অস্তিবাচক বাক্য– [০৫-০৬]
ক) সকলে নীরব থাকিতেছে খ) কেউ কেউ চুপ করে থাকছে
গ) সবাই অনুত্তর থাকছে ঘ) সবাই নীরব থাকছে উ: ক

২০. 'মা ছিল না বলে কেউ তার খোঁপা বেঁধে দেয়নি।' বাক্যটি– [০৫-০৬; যবিপ্রবি E ১৭-১৮]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) খণ্ড উ: ক

২১. 'জ্ঞানী লোক সকলের শ্রদ্ধা পান' এটা কোন বাক্য? [০৬-০৭; চবি হ ০৯-১০]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) বিযুক্তকরণ উ: ক

২২. বাক্যে কোন গুণটি থাকে না? [০৯-১০]
ক) সত্ত্বগুণ খ) ওজোগুণ গ) প্রসাদগুণ ঘ) মাধুর্যগুণ উ: ক

২৩. 'বোকা হও, নইলে দুঃখ পাও।' এটি হলো- [০৯-১০]
ক) সরল বাক্য খ) মিশ্র বাক্য গ) যৌগিক বাক্য ঘ) কোনোটিই না উ: গ

২৪. যে বাক্যের বিধেয় একটি তাকে বলে– [D ১৩-১৪]
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য উ: ক

২৫. 'যারা ধার্মিক, তারা সুখী' এটি কোন ধরনের বাক্য? [E -১৩-১৪; চবি খ ০৮-০৯]
ক) জটিল খ) সরল গ) যৌগিক ঘ) বিস্ময়সূচক উ: ক

২৬. 'রাত্রির অবসানে সূর্যের উদয় হয়।' বাক্যটি কোন ধরনের? [E -১৩-১৪]
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) কোনোটিই নয় উ: ক

২৭. 'দোষ স্বীকার কর, তোমাকে কোন শাস্তি দিব না' এটি কোনো ধরনের বাক্য? [E ১৫-১৬]
ক) মিশ্র খ) জটিল গ) যৌগিক ঘ) সরল উ: গ

২৮. সে গান গায়, আমি শুনি। এটি কোন ধরনের বাক্য? [E -১৩-১৪]
ক) সরল বাক্য খ) মিশ্র বাক্য গ) যৌগিক বাক্য ঘ) কোনোটিই নয় উ: গ

২৯. অনুজ্ঞাসূচক বাক্য কোনটি? [A-১৫-১৬]
ক) যদি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারতাম! খ) এবার তুমি থামো!
গ) তুমি কি পাগল হয়েছ! ঘ) বাহ, কী সুন্দর দৃশ্য! উ: খ

৩০. 'লাইট অন করো', বাক্যটি বাংলা বাক্য, কারণ- [D-১৫-১৬]
ক) এখানে দুটি ইংরেজি শব্দ এবং একটি বাংলা শব্দ রয়েছে খ) এখানে ক্রিয়াপদটি বাংলা
গ) এখানে ক্রিয়াপদটির কাল বর্তমান অনুজ্ঞা
ঘ) ইংরেজি শব্দ বেশি হলেও বাক্যগঠন বাংলা
উ: ঘ

৩১. 'ব্যাপারটা নিয়ে ঘাঁটাঘাঁটি করলে ফল ভালো হবে না' কোন ধরনের বাক্য? [E ১৬-১৭]
ক) বিশেষ্য স্থানীয় আশ্রিত বাক্য খ) বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য
গ) ক্রিয়া বিশেষণ স্থানীয় খণ্ডবাক্য ঘ) যৌগিক বাক্য উ: ক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. বাংলা বাক্যে পদের স্বাভাবিক ক্রম– [B1 : ২৩-২৪; চবি-D : ১২-১৩]
ⓚ কর্তা, কর্ম, ক্রিয়া ⓛ কর্ম, কর্তা, ক্রিয়া
ⓖ ক্রিয়া, কর্তা, কর্ম ⓜ কর্ম, ক্রিয়া, কর্তা উ: ক

০২. 'তিনি আর নেই' এটি কোন ধরনের বাক্য? [D1 : ২৩-২৪]
ⓚ যৌগিক ⓛ জটিল ⓖ সরল ⓜ খণ্ডবাক্য উ: গ

০৩. তুমি আসবে এবং আমি চলে যাব। এটি কোন ধরনের বাক্য? [D : ২৩-২৪]
ⓚ যৌগিক বাক্য ⓛ সরল ⓖ খণ্ডবাক্য ⓜ জটিল উ: ক

০৪. 'কেউ কিছু বলছে না' বাক্যটির অস্তিবাচক রূপ– [B সেট-১: ২২-২৩]
ⓚ কেউ কিছু বলতে চাইছে ⓛ কেউ কিছু বলেছে
ⓖ সবাই চুপচাপ ⓜ কেউ কিছু না বলে পারছে না উ: গ

০৫. কোনটি সরল বাক্য? [B সেট-১: ২২-২৩]
ⓚ কর্মরত ব্যক্তিকে বিরক্ত করো না। ⓛ যেমন কর্ম করবে, তেমন ফল পাবে।
ⓖ যদিও তার চুল পেকেছে, তবুও তার বুদ্ধি পাকেনি।
ⓜ পৃথিবীতে এমন কিছু নেই যা অসম্ভব। উ: ক

০৬. 'গরুর শকট' শব্দটি কোন দোষে দুষ্ট? [D সেট-৩: ২২-২৩]
ⓚ বাহুল্য ⓛ উপমার ভুল ⓖ দুর্বোধ্যতা ⓜ গুরুচণ্ডালী উ: ঘ

০৭. 'আমি বাংলাদেশের নাগরিক'– এই বাক্যের জটিল রূপ- [B1 : ২১-২২]
ⓚ আমার জন্মভূমির নাম বাংলাদেশ ⓛ আমি যে দেশের নাগরিক তার নাম বাংলাদেশ
ⓖ আমি একটি দেশের নাগরিক এবং তার নাম বাংলাদেশ ⓜ একটিও না উ: খ

০৮. 'শিশিরের বয়স যে যথাসময়ে ষোল হইল, সেটা স্বভাবের ষোল' এটা কী বাক্য? [B1 : ২১-২২]
ⓚ যৌগিক ⓛ সরল ⓖ জটিল ⓜ মিশ্র উ: ক

০৯. "কী সাংঘাতিক ব্যাপার।" .... এটা কী ধরনের বাক্য? [A : ২১-২২]
ⓚ বিবৃতিমূলক ⓛ আদেশসূচক ⓖ বিস্ময়সূচক ⓜ প্রশ্নমূলক উ: গ

১০. বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে? [B ১৯-২০]
ⓚ আকাঙ্ক্ষা ⓛ যোগ্যতা ⓖ আসত্তি ⓜ রীতিসিদ্ধতা উ: গ

১১. গঠন অনুসারে বাক্য কত প্রকার? [D ১৯-২০]
ⓚ ছয় ⓛ চার ⓖ পাঁচ ⓜ তিন উ: ঘ

১২. তুমি এলে তবে আমি যাবো। বাক্যটি কোন শ্রেণির? [D ১৯-২০]
ⓚ সরল ⓛ যৌগিক ⓖ অনুজ্ঞাসূচক ⓜ জটিল উ: ঘ

১৩. 'তুমি আসবে বলে আমি অপেক্ষা করছি।' এটি কোন ধরনের বাক্য? [S ১৬-১৭]
ⓚ জটিল ⓛ যৌগিক ⓖ যোগরূঢ় ⓜ সরল উ: ক

১৪. 'লেখাপড়া করে যে, গাড়ি ঘোড়া চড়ে সে' এটি কোন শ্রেণির বাক্য? [ড ০৩-০৪]
ⓚ যৌগিক ⓛ সরল ⓖ জটিল ⓜ মৌলিক উ: গ

১৫. 'মাংসভোজী পশু অত্যন্ত বলবান' এটি কোন বাক্যের উদাহরণ? [ড ০৪-০৫]
ⓚ সরল বাক্য ⓛ যৌগিক বাক্য ⓖ জটিল বাক্য ⓜ কোনোটিই নয় উ: ক

১৬. 'খেলা শেষ হলে বাড়ি ফিরবো।' এ বাক্যে কোন লক্ষণ প্রকাশ পেয়েছে? [ড ০৪-০৫]
ⓚ স্পৃহা ⓛ আকাঙ্ক্ষা ⓖ আসত্তি ⓜ যোগ্যতা উ: খ

১৭. 'সুখবরটা জেনে সে আনন্দিত হয়েছে' এটি কোন ধরনের বাক্য? [ঘ ০৫-০৬]
ⓚ সরল বাক্য ⓛ জটিল বাক্য ⓖ যৌগিক বাক্য ⓜ বিস্ময়সূচক বাক্য উ: ক

১৮. 'তিনি দরিদ্র, কিন্তু অত্যন্ত উদার।' এটি কোন ধরনের বাক্য? [খ ০৫-০৬]
ⓚ যৌগিক ⓛ সরল ⓖ বিস্ময়সূচক ⓜ প্রশ্নবোধক উ: ক

১৯. 'ফের যদি আসি, তবে সিঁধ কাঠি সঙ্গে করিয়া আসিব' একটি– [ড ০৫-০৬]
ⓚ সরল বাক্য ⓛ জটিল বাক্য ⓖ যৌগিক বাক্য ⓜ কোনোটিই নয় উ: খ

২০. 'আমরা বাধা দিতে পারলাম না' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ– [খ ০৬-০৭]
ⓚ আমরা বাধা দিতে পারলাম ⓛ আমরা বাধা না দিয়ে পারলাম
ⓖ আমরা বাধা দিতে অপারগ হলাম ⓜ আমরা বাধা দিলাম উ: গ

২১. 'সে গরিব, কিন্তু কৃপণ নয়' এটি কোন ধরনের বাক্য? [খ ০৭-০৮]
ⓚ জটিল ⓛ যৌগিক ⓖ সরল ⓜ প্রশ্নবোধক উ: খ

২২. কোনটি যৌগিক বাক্যের উদাহরণ? [ঘ ০৭-০৮]
ⓚ তার অনেক টাকা আছে ⓛ তার টাকা থাকলেও মন নেই
ⓖ তার টাকা আছে, কিন্তু সে দান করে না ⓜ তার টাকা দিয়ে জমিটা কিনেছে উ: গ

২৩. 'শিক্ষক এসেছিলেন, কিন্তু ক্লাস হয়নি।' এটি– [ড ০৮-০৯]
ⓚ জটিল বাক্য ⓛ যৌগিক বাক্য ⓖ সরল বাক্য ⓜ অনুজ্ঞাসূচক বাক্য উ: খ

২৪. 'আমাকে একটু সাহায্য করুন' কোন ধরনের বাক্য? [ঘ ০৯-১০]
ⓚ প্রার্থনাসূচক ⓛ বিবৃতিমূলক ⓖ বিস্ময়সূচক ⓜ অনুজ্ঞাসূচক উ: ক

২৫. 'ফরিয়াদি প্রসন্ন গোয়ালিনী' কোন ধরনের বাক্য? [ক ০৯-১০]
ⓚ জটিল ⓛ সরল ⓖ মিশ্র ⓜ যৌগিক উ: খ

২৬. 'রহিম সাহেবের ধন আছে কিন্তু বিদ্যা নাই' গঠন অনুযায়ী বাক্যটি কোন শ্রেণির? [ড ১০-১১]
ⓚ জটিল ⓛ যৌগিক ⓖ মিশ্র ⓜ সরল উ: খ

২৭. 'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' কোন ধরনের বাক্য? [...]
ⓚ সরল ⓛ জটিল ⓖ যৌগিক ⓜ অনুজ্ঞামূলক উ: [illegible]

২৮. 'এ অবস্থায় কেউ কাউকে চিনতে পারে না' কোন ধরনের বাক্য? [ঘ ১১-১২]
ⓚ অস্তিবাচক ⓛ নেতিবাচক ⓖ বিস্ময়বোধক ⓜ অনুজ্ঞাবাচক উ: [illegible]

২৯. 'ভিক্ষা দে' কোন ধরনের বাক্য? [E, সেট ২: ১৪-১৫]
ⓚ বিস্ময়সূচক ⓛ বিবৃতিমূলক ⓖ অনুজ্ঞাবাচক ⓜ অস্তিবাচক উ: [illegible]

৩০. 'বৃষ্টি না হলে আমি আসব।' কোন ধরনের বাক্যের উদাহরণ? [ঘ ১৩-১৪]
ⓚ কার্যকারণবাচক ⓛ না-বাচক ⓖ সংশয়বাচক ⓜ অনুজ্ঞাবাচক উ: [illegible]

৩১. তোমার যিনি বাপ, তার নাম কী? এটি কোন ধরনের বাক্য? [H, ১৩-১৪]
ⓚ সরল বাক্য ⓛ জটিল বাক্য ⓖ যৌগিক বাক্য ⓜ প্রশ্নবোধক বাক্য উ: [illegible]

৩২. 'মিথ্যা বলার জন্য তোমার পাপ হবে' কোন ধরনের বাক্য? [I ১৩-১৪]
ⓚ রূপান্তরকৃত ⓛ যুক্ত ⓖ সরল ⓜ যৌগিক উ: [illegible]

৩৩. 'তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তাঁর অন্তঃকরণ খুব উদার' কোন বাক্যের উদাহরণ– [... ১৩-১৪]
ⓚ জটিল বাক্য ⓛ মিশ্র বাক্য ⓖ সরল বাক্য ⓜ যৌগিক বাক্য উ: [illegible]

৩৪. 'আপনার ভালো হোক' কোন ধরনের বাক্য? [B -১৩-১৪]
ⓚ বিস্ময়সূচক ⓛ বিবৃতিমূলক ⓖ প্রার্থনাসূচক ⓜ আজ্ঞাসূচক উ: [illegible]

৩৫. 'ধনীরা প্রায়ই কৃপণ হয়।' কোন ধরনের বাক্য? [B ১৩-১৪]
ⓚ যৌগিক ⓛ জটিল ⓖ সরল ⓜ মিশ্র উ: [illegible]

৩৬. 'তুমি মিথ্যা বলেছ, সুতরাং তোমার পাপ হবে' কোন ধরনের বাক্য? [B1, ১৪-১৫]
ⓚ জটিল বাক্য ⓛ যৌগিক বাক্য ⓖ সরল বাক্য ⓜ অনুজ্ঞা বাক্য উ: [illegible]

৩৭. 'একটা গান গাও' কোন ধরনের বাক্য? [B1, সেট ৩ : ১৪-১৫]
ⓚ অস্তিবাচক ⓛ বিবৃতিমূলক ⓖ বিস্ময়সূচক ⓜ অনুজ্ঞাবাচক উ: [illegible]

৩৮. 'তুমি এসো এবং আমি যাই।' এটি কোন ধরনের বাক্য? [B1, সেট ৩ : ১৪-১৫]
ⓚ যৌগিক ⓛ সরল ⓖ জটিল ⓜ কোনোটিই নয় উ: [illegible]

৩৯. 'বসে থাকো' এটি কোন ধরনের বাক্য? [D১৭-১৮]
ⓚ বিবৃতিমূলক ⓛ বিস্ময়সূচক ⓖ অনুজ্ঞাবাচক ⓜ অস্তিবাচক উ: [illegible]

৪০. 'একটা পয়সা দে' কোন ধরনের বাক্য? [D, সেট ২:১৪-১৫]
ⓚ বিস্ময়সূচক ⓛ বিবৃতিমূলক ⓖ অনুজ্ঞাবাচক ⓜ অস্তিবাচক উ: [illegible]

৪১. 'এ কাজ করা ঠিক হয় নি।' কোন ধরনের বাক্য? [B1 ১৬-১৭]
ⓚ বিস্ময়সূচক ⓛ অনুজ্ঞাসূচক ⓖ প্রার্থনাসূচক ⓜ বিবৃতিমূলক উ: [illegible]

৪২. 'পরীক্ষা ভালো না হলে ভর্তি হওয়া যাবে না।' কোন ধরনের বাক্য? [B1 ১৬-১৭]
ⓚ জটিল ⓛ সরল ⓖ যৌগিক ⓜ অনুজ্ঞা উ: [illegible]

৪৩. 'সবগুলো প্রশ্নের উত্তর দিচ্ছি, কিন্তু সব ঠিক হবে কিনা জানি না।' কোন ধরনের বাক্য? [A-১৫-১৬]
ⓚ সরল ⓛ যৌগিক ⓖ জটিল ⓜ খণ্ডবাক্য উ: [illegible]

৪৪. 'তুমি যা বলছ তা আমি বিশ্বাস করি না।' কোন ধরনের বাক্য? [C-১৫-১৬]
ⓚ সরল ⓛ জটিল ⓖ যৌগিক ⓜ খণ্ডবাক্য উ: [illegible]

৪৫. 'যারা চেষ্টা করে তারা সফল হয়' কোন ধরনের বাক্য? [D-১৫-১৬]
ⓚ সরল ⓛ জটিল ⓖ যৌগিক ⓜ অনুজ্ঞাবাচক উ: [illegible]

৪৬. 'যদি সফল হই তবে আইন বিভাগে ভর্তি হবো।' কোন ধরনের বাক্যের উদাহরণ? [E ১৫-১৬]
ⓚ কার্যকারণবাচক ⓛ আবেগবাচক ⓖ সংশয়বাচক ⓜ অনুজ্ঞাবাচক উ: [illegible]

৪৭. 'আমি কিংকর্তব্যবিমূঢ়ের মতো দৃষ্টি নিক্ষেপ করলাম।' এটি কোন ধরনের বাক্য? [G ১৬-১৭]
ⓚ জটিল ⓛ যৌগিক ⓖ সরল ⓜ অনুজ্ঞা উ: [illegible]

৪৮. বাংলাদেশ দীর্ঘজীবী হোক। কোন ধরনের বাক্য? [F ১৬-১৭]
ⓚ অনুজ্ঞাসূচক ⓛ বিবৃতিমূলক ⓖ প্রার্থনাসূচক ⓜ বিস্ময়সূচক উ: [illegible]

৪৯. 'পরীক্ষা ভালো হলে ভর্তি হওয়ার সম্ভাবনা আছে।' কোন ধরনের বাক্য? [E ১৬-১৭]
ⓚ সরল ⓛ জটিল ⓖ যৌগিক ⓜ নেতিবাচক উ: [illegible]

৫০. 'পরীক্ষায় উত্তর লিখব অথচ কলমে কালি ফুরিয়ে গেল' কোন ধরনের বাক্য? [D3 ১৬-১৭]
ⓚ সরল ⓛ জটিল ⓖ যৌগিক ⓜ নেতিবাচক উ: [illegible]

৫১. 'এখনই ডাক্তার ডাক' কোন ধরনের বাক্য? [D3 ১৬-১৭]
ⓚ অনুজ্ঞাবাচক ⓛ যৌগিক ⓖ জটিল ⓜ ইচ্ছাসূচক উ: [illegible]

৫২. 'আমরা জানতাম, বাংলাদেশ জিতবেই' কোন ধরনের বাক্য? [D1 ১৬-১৭]
ⓚ সরল ⓛ জটিল ⓖ যৌগিক ⓜ নেতিবাচক উ: [illegible]

৫৩. 'সারাদিন আমি যেন ভাল হয়ে চলি' কোন ধরনের বাক্য? [D1 ১৬-১৭]
ⓚ অনুজ্ঞাবাচক ⓛ প্রার্থনাবাচক ⓖ জটিল ⓜ ইচ্ছাবাচক উ: [illegible]

৫৪. 'যারা ব্যবসা করেন, ব্যবসা প্রশাসন সম্পর্কে তাদের ধারণা থাকা দরকার।' কোন ধরনের বাক্য? [C3 ১৬-১৭]
ⓚ সরল বাক্য ⓛ জটিল বাক্য ⓖ যৌগিক বাক্য ⓜ খণ্ড বাক্য উ: [illegible]

৫৫. 'আমি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের কোনো একটি বিভাগে ভর্তি হতে চাই।' কোন ধরনের বাক্য? [C1 ১৬-১৭]
ⓚ সরল বাক্য ⓛ জটিল বাক্য ⓖ যৌগিক বাক্য ⓜ খণ্ডবাক্য উ: [illegible]

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. 'এমনি করেই যায় যদি দিন, যাক না।' এটি কোন ধরনের বাক্য? [A : ২৩-২৪]
ক) ইচ্ছাসূচক খ) প্রার্থনাসূচক গ) আবেগসূচক ঘ) অনুজ্ঞাসূচক উ: ক

০২. 'এতদিন জেল খাটলাম, আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।' এই বাক্যের জটিল রূপ কী হবে? [B ২২-২৩]
ক) যদিও এতদিন জেল খাটলাম, তথাপি আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।
খ) এতদিন জেল খাটলেও আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই
গ) এতদিন জেল খাটলাম এবং আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই।
ঘ) এতদিন জেল খাটলাম, কিন্তু আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই। উ: ক

০৩. 'পরিস্থিতি স্বাভাবিক' এই বাক্যের নেতিবাচক রূপ কোনটি? [A ২২-২৩]
ক) পরিস্থিতি স্বাভাবিক নয়
খ) পরিস্থিতি যে স্বাভাবিক তা নয়
গ) পরিস্থিতি অস্বাভাবিক নয়
ঘ) পরিস্থিতিকে স্বাভাবিক বলা চলে না উ: গ

০৪. 'মানব-কল্যাণ অলৌকিক কিছু নয়।' এই বাক্যের অস্তিবাচক রূপ কী? [C ২২-২৩]
ক) মানব-কল্যাণ অলৌকিক কিছু একটা
খ) মানব-কল্যাণ লৌকিক কিছু নয়।
গ) মানব-কল্যাণ অলৌকিক কিছু।
ঘ) মানব-কল্যাণ লৌকিক কিছু। উ: ঘ

০৫. 'দোষ স্বীকার কর, তোমাকে শাস্তি দিব না।' এটি কোন ধরনের বাক্য? [C : ২১-২২]
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) খণ্ড বাক্য উ: গ

০৬. 'খাঁটি সোনার চেয়ে খাঁটি আমার দেশের মাটি।'- এটি কোন ধরনের বাক্য? [A : ২১-২২]
ক) মিশ্র খ) যৌগিক গ) জটিল ঘ) সরল উ: ঘ

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. 'ছোটো কিন্তু রসে ভরা।' বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করলে হবে : [C১৭-১৮]
ক) যদিও ছোট, তবু রসে ভরা
খ) ছোটো হলেও রসে ভরা
গ) রসে ভরা ছোটো
ঘ) ছোটো ও রসে ভরা উ: খ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. বাক্যের ক্ষুদ্রতম একক কী? [A ১৯-২০; শাবিপ্রবি C ১২-১৩]
ক) ধ্বনি খ) বর্ণ গ) অক্ষর ঘ) শব্দ উ: ঘ

০২. 'বিদ্বান লোক সকলের শ্রদ্ধার পাত্র' এটি কোন শ্রেণির বাক্য? [A ১৯-২০; ইবি H ১৭-১৮]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: ক

০৩. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি' এটি কোন ধরনের বাক্য? [A ১৯-২০]
ক) সরল বাক্য খ) মিশ্রবাক্য গ) যৌগিক বাক্য ঘ) বৈপরিত্যমূলক বাক্য উ: গ

০৪. 'সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।' কোন শ্রেণির বাক্য? [AL ১৮-১৯; রাবি E১৭-১৮]
ক) সরল খ) মিশ্র গ) জটিল ঘ) যৌগিক উ: ঘ

০৫. 'রতন পোস্ট অফিসের চারিদিকে কাঁদিয়া কাঁদিয়া বেড়াইতে লাগিল।' বাক্যটি গঠন অনুসারে– [AL ১৮-১৯]
ক) জটিল বাক্য
খ) যৌগিক বাক্য
গ) সরল বাক্য
ঘ) আশ্রিত খণ্ড বাক্য উ: গ

০৬. 'কে কোথা হইতে শব্দ করিতেছে তাহাও জানিবার উপায় নাই।' বাক্যটি- [AL ১৮-১৯]
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মৌলিক বাক্য উ: ক

০৭. 'তাঁর টাকা আছে, কিন্তু তিনি দান করেন না' এটি কোন ধরনের বাক্য? [ঘ ১৬-১৭]
ক) মিশ্র খ) যৌগিক গ) সরল ঘ) সাধারণ উ: খ

০৮. সাধু ও চলিত রীতির মিশ্রণ ঘটলে শব্দ কোন গুণটি হারায়? [AL১৭-১৮]
ক) গুরুচণ্ডালী খ) যোগ্যতা গ) আকাঙ্ক্ষা ঘ) আসত্তি উ: খ

০৯. 'পড়া শেষে খেতে যাবো' এ বাক্যে ব্যাকরণের কোন লক্ষণ প্রকাশিত? [AP১৭-১৮]
ক) আসক্তি খ) স্পৃহা গ) অভ্যাস ঘ) অভিপ্রায় উ: ঘ

১০. 'তার ধন আছে, কিন্তু বিদ্যা নেই' বাক্যটি কোন শ্রেণির? [C১৭-১৮]
ক) সরল খ) মিশ্র গ) জটিল ঘ) যৌগিক উ: ঘ

১১. 'বিশ্ব লেখকের পক্ষেই শূদ্র পাঠকের মনোরঞ্জন করা সংগত' কোন ধরনের বাক্য? [A ১৩-১৪]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) নেতিবাচক উ: ক

১২. 'তোমার মঙ্গল হোক' কোন ধরনের বাক্য : [ক ১৬-১৭]
ক) বিবৃতিমূলক
খ) ইচ্ছামূলক
গ) আদেশবাচক
ঘ) আশীর্বাদবাচক উ: ঘ

১৩. 'পৃথিবী অস্থায়ী' বাক্যটির নেতিবাচক রূপ : [ক ১৬-১৭]
ক) পৃথিবী চিরস্থায়ী নয়
খ) পৃথিবী স্থায়ী নয়
গ) পৃথিবী কি স্থায়ী
ঘ) পৃথিবী অস্থায়ী নয় উ: ক

১৪. 'রক্ষকই ভক্ষক' বাক্যটির জটিল রূপ : [ক ১৬-১৭]
ক) রক্ষকই কিন্তু ভক্ষক
খ) যে রক্ষক, সেই ভক্ষক
গ) তিনি রক্ষক এবং ভক্ষক
ঘ) রক্ষক হয়েও ভক্ষক উ: খ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. 'বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ'। বাক্যটি– [C ১৯-২০]
ক) অনুজ্ঞাসূচক খ) অস্তিবাচক গ) নির্দেশাত্মক ঘ) কোনোটিই নয় উ: ঘ

০২. বাক্যতত্ত্বের অপর নাম কী? [C ১৯-২০; রাবি B ১৪-১৫]
ক) ভাষা খ) প্রাতিপদিক গ) পদক্রম ঘ) সাধিত শব্দ উ: গ

০৩. 'শবপোড়া' শব্দটিতে কী দোষ দেখা যায়? [A-১৫-১৬]
ক) গুরুচণ্ডালী খ) উপমার ভুল প্রয়োগ গ) আকাঙ্ক্ষার ত্রুটি ঘ) দুর্বোধ্য ব্যবহার উ: ক

০৪. নিচের কোনটি যৌগিক বাক্য? [A ১৭-১৮]
ক) দোষ করেছ অতএব শাস্তি পাবে
খ) তিনি বিদ্বান হলেও নিরহংকারী
গ) যে রক্ষক সে ভক্ষক
ঘ) ইহারা অন্য জাতের মানুষ উ: ক

০৫. 'পরীক্ষায় সফল হও' কী ধরনের বাক্য? [H -১৩-১৪]
ক) বিস্ময়সূচক খ) আদেশমূলক গ) বিবৃতিমূলক ঘ) ইচ্ছাসূচক উ: গ

০৬. 'বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা আবশ্যক ছিল না' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক বাক্য কোনটি? [C ১৩-১৪]
ক) বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা আবশ্যক ছিল
খ) বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা অনাবশ্যক ছিল
গ) বিবাহ সম্বন্ধে আমার মত যাচাই করা অনাবশ্যক ছিল না
ঘ) কোনোটিই নয় উ: খ

০৭. 'বিশ্রাম কাজের অঙ্গ এক সাথে গাঁথা' এ বাক্য দ্বারা কী বোঝানো হয়েছে? [A ১৩-১৪]
ক) পরিপূরক খ) পারস্পরিক গ) সমার্থক ঘ) পরস্পর নির্ভরশীল উ: ক

০৮. কোনটি জটিল বাক্য? [A ১৫-১৬]
ক) সাক্ষীটা কি একটা গন্ডগোল বাঁধাইতেছে
খ) সে আফিং খায়, বসে বসে ঝিমায়, নানা উদ্ভট কথা বলে
গ) বাড়ি দূরে থাক, আমার একটা কুঠারিও নাই
ঘ) যে ফরিয়াদি, সে প্রসন্ন গোয়ালিনী উ: ঘ

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. 'মেঘ বরষা গরজে ঘন গগনে' বাক্যে কোন গুণের অভাব রয়েছে? [B : ১৯-২০]
ক) যোগ্যতা খ) আসত্তি গ) আকাঙ্ক্ষা ঘ) গুরুচণ্ডালী উ: খ

০২. 'সে যে উপস্থিত, তা সবাই জানে' বাক্যটি– [B : ১৯-২০]
ক) সরল খ) যৌগিক গ) জটিল ঘ) কোনোটিই নয় উ: গ

০৩. 'কাল হইতে মামার আসিয়াছি বাড়ি আমি' বাক্যে কোন গুণের অভাব ঘটেছে? [B ১৮-১৯]
ক) যোগ্যতা খ) আসত্তি গ) আকাঙ্ক্ষা ঘ) কোনোটিই নয় উ: খ

০৪. 'যতই পরিশ্রম করবে ততই ফল পাবে।' এটি কোন ধরনের বাক্য? [B১৭-১৮]
ক) নির্দেশক বাক্য খ) সরল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) জটিল বাক্য উ: ঘ

০৫. 'তাহাদের চুরি করিবার প্রয়োজন নাই বলিয়াই চুরি করেন না।' বাক্যটি? [C১৭-১৮]
ক) জটিল খ) যৌগিক গ) সরল ঘ) মিশ্র উ: গ

০৬. 'সে বলতে চায় তথাপি বলে না।' এটি কোন শ্রেণির বাক্য? [H১৭-১৮]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: গ

০৭. 'যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে' এটি কোন ধরনের বাক্য? [B১৭-১৮; ক ১০-১১]
ক) সংযুক্ত বাক্য খ) সরল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য উ: ঘ

০৮. 'নিয়মিত ব্যায়াম কর, স্বাস্থ্য ভালো হবে' এটি কোন ধরনের বাক্য? [খ ০৮-০৯]
ক) জটিল খ) সরল গ) মিশ্র ঘ) যৌগিক উ: ঘ

০৯. 'বিদ্যা অর্জন করেছ, কাজে যোগ দাও' কোন শ্রেণির বাক্য- [খ ০৯-১০]
ক) সরল খ) জটিল গ) মিশ্র ঘ) যৌগিক উ: ঘ

১০. 'তিনি ধনী, কিন্তু তার মন দরিদ্রের জন্য কাঁদে।' কোন শ্রেণির বাক্য? [খ ০৯-১০]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) মিশ্র উ: গ

১১. 'পাখি ঘাস খায়' বাক্যটি অশুদ্ধ কী কারণে? [খ ১১-১২]
ক) আসত্তির অভাব খ) যোগ্যতার অভাব গ) পদবিন্যাসের ত্রুটি ঘ) অর্থ অস্পষ্ট উ: খ

১২. তুমি না বলেছিলে আগামীকাল আসবে? এখানে 'না' এর ব্যবহার কী অর্থে? [B ১৩-১৪]
ক) বিস্ময়সূচক খ) প্রশ্নবোধক গ) হ্যাঁবাচক ঘ) না বাচক উ: গ

১৩. 'সে কাল আসবে এবং আমি যাব' কোন ধরনের বাক্য? [B ১৬-১৭]
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) কোনোটিই নয় উ: গ

১৪. হযরত মুহাম্মদ (স.) ছিলেন একজন আদর্শ মানব। এটি কোন ধরনের বাক্য? [H ১৩-১৪]
ক) জটিল খ) সরল গ) মিশ্র ঘ) যৌগিক উ: খ

১৫. 'যে ব্যক্তি বিদ্যাহীন, সে সমাজে উপেক্ষিত' এটি কোন বাক্য? [H -১৩-১৪]
ক) সরল খ) যৌগিক গ) জটিল ঘ) মিশ্র উ: গ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

CamScanner

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. যৌগিক বাক্য কোনটি? [২২-২৩]
ক সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত। খ মাহির বই পড়ছে, আর জয়ি লিখছে।
গ যতই করিবে দান, ততই যাবে বেড়ে।
ঘ খাঁটি সোনার চাইতে খাঁটি, আমাদের দেশের মাটি। উ: খ

০২. 'আমার এমন কিছু নেই, যা তোমাকে দিতে পারি।' এটি কোন জাতীয় বাক্য? [মানবিক ২১-২২]
ক জটিল খ সরল গ যৌগিক ঘ মৌলিক উ: ক

০৩. 'মানুষ সূর্যোদয়ে আনন্দিত হয় এবং রাত্রির আগমনে পুলকিত হয়ে থাকে' বাক্যটি? [১৯-২০]
ক সরল বাক্য খ যৌগিক বাক্য গ মিশ্র বাক্য ঘ জটিল বাক্য উ: খ

০৪. বাক্যে পদ সাজাবার শৃঙ্খলাকে কী বলে? [১৯-২০; চবি ও ১৯-২০]
ক আকাঙ্ক্ষা খ পদশৃঙ্খলা গ আসত্তি ঘ যোগ্যতা উ: গ

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. নিচের কোনটি যৌগিক বাক্যের দৃষ্টান্ত? [বিজ্ঞান : ২৩-২৪]
ক আমি তাকে দেখতে চাই। খ যদিও সে দরিদ্র তবুও সে সৎ।
গ মেয়েটি ধীরে ধীরে হাটছে। ঘ তিনি পণ্ডিত, কিন্তু বিনয়ী নন। উ: খ

০২. একটি সরল বাক্যে সর্বোচ্চ কয়টি সমাপিকা ক্রিয়া থাকতে পারে? [কলা ও সামাজিক : ২৩-২৪]
ক ১টি খ ২টি গ ৩টি ঘ ৪টি উ: ক

০৩. 'খাঁটি সোনার চাইতে খাঁটি, আমার দেশের মাটি' কোন ধরনের বাক্য? [মানবিক ২২-২৩]
ক সরল খ যৌগিক গ জটিল ঘ কোনোটিই নয় উ: গ

০৪. 'কী সাংঘাতিক ব্যাপার।' এটা কোন ধরনের বাক্য? [মানবিক ২২-২৩]
ক প্রশ্নসূচক খ বিবৃতিধর্মী গ বিস্ময়সূচক ঘ আদেশমূলক উ: গ

০৫. কোনটি সার্থক বাক্যের বৈশিষ্ট্য? [বিজ্ঞান ২২-২৩]
ক যোগ্যতা খ শুদ্ধ বানান গ ক্রিয়ার ব্যবহার ঘ আবেগ উ: ক

০৬. 'জীবনের জন্য বৃক্ষের দিকে তাকাও'। কী ধরনের বাক্য? [Humanities : ২১-২২]
ক বিবৃতিমূলক খ প্রার্থনাসূচক
গ অনুজ্ঞাবাচক ঘ কার্যকারণাত্মক উ: খ

০৭. 'নিয়মিত পড়লে পরীক্ষায় পাশ করা যায়।' বাক্যটি কোন শ্রেণির? [Science : ২১-২২]
ক জটিল বাক্য খ সরল বাক্য গ যৌগিক বাক্য ঘ খণ্ডবাক্য উ: খ

০৮. বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে কী বলে? [১৭-১৮]
ক আসত্তি খ আকাঙ্ক্ষা গ যোগ্যতা ঘ আসক্তি উ: খ

ডিপ্লোমা ইন মিডওয়াইফারি

০১. কোনটি সরল বাক্য? [ডিপ্লোমা : ২৩-২৪]
ক আমি জানতাম তুমি প্রথম হবে খ সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি
গ আলী অনেক মেধাবী কিন্তু নিয়মিত পড়ালেখা করে না
ঘ পাখিগুলো নীল আকাশে উড়ছে উ: খ

০২. 'যারা পরিশ্রম করে, তারা জীবনে সফল হয়' গঠন বৈশিষ্ট্য অনুযায়ী বাক্যটি? [ডিপ্লোমা : ২৩-২৪]
ক যৌগিক খ সরল গ বিস্ময়বোধক ঘ জটিল উ: ঘ

০৩. 'রহিম স্কুলে যায়' এ বাক্যের উদ্দেশ্য কোনটি? [ডিপ্লোমা : ২৩-২৪]
ক স্কুলে যায় খ স্কুলে গ যায় ঘ রহিম উ: গ

০৪. জটিল বাক্যের উদাহরণ কোনটি? [২১-২২]
ক দোষ করেছ অতএব শাস্তি পাবে।
খ দোষ করেছ কিন্তু ক্ষমা চাওয়ায় শাস্তি পাবে না।
গ যেহেতু দোষ স্বীকার করেছে, সেহেতু শাস্তি পাবে।
ঘ দোষীরা শাস্তি পাবে। উ: গ

০৫. 'দুর্জন লোক পরিত্যাজ্য'। এটি কোন ধরনের বাক্য? [২১-২২; Diploma Nursing'21-22]
ক জটিল বাক্য খ যৌগিক বাক্য গ মিশ্র বাক্য ঘ সরল বাক্য উ: ঘ

HSC পরীক্ষার বিগত বছরের লিখিত প্রশ্নোত্তর

৬. বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যান্তর কর : [ঢা. বো. ২৪] ৫

বাক্যান্তর	বাক্যান্তর
i. ধনীর কন্যা তার অপছন্দ। (নেতিবাচক) –ধনীর কন্যা তার পছন্দ নয়।	ii. সত্যি সেলুকাস, এদেশ বড়ো বিচিত্র। (বিস্ময়বোধক) –সত্যি সেলুকাস, কী বিচিত্র এই দেশ!
iii. আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি। (যৌগিক) –আমি বহু কষ্ট করেছি, ফলে শিক্ষা লাভ করেছি।	iv. কেউ কিছু বলে না। (অস্তিবাচক) –সবাই চুপচাপ
v. এখনো আশা ছাড়ি নাই, কিন্তু মাতুলকে ছাড়িয়াছি। (সরল) –আশা না ছাড়িলেও মাতুলকে ছাড়িয়াছি।	vi. তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ। (জটিল) –যদিও তিনি অত্যন্ত দরিদ্র, তথাপি তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ।
vii. এমন করা ঠিক হয়নি। (প্রশ্নবোধক) –এমন করা ঠিক হয়েছে কি?/এমন করা কি ঠিক হয়েছে?	viii. নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানানো উচিত। (অনুজ্ঞাসূচক) –নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানাও/করো/জানাবে।

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. বাক্যের দুটি অংশ থাকে– [৪২তম বিসিএস]
ক প্রসাদগুণ, মাধুর্যগুণ খ উপমা, অলংকার গ উদ্দেশ্য, বিধেয় ঘ সাধু, চলিত উ: গ

০২. কোনটি বাক্যের বৈশিষ্ট্য নয়? [৩৮তম, ৩৫তম বিসিএস]
ক যোগ্যতা খ আকাঙ্ক্ষা গ আসক্তি ঘ আসত্তি উ: ঘ

০৩. বাক্যের তিনটি গুণ কী কী? [২৯তম বিসিএস]
ক আকাঙ্ক্ষা, আসক্তি ও বিধেয় খ আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা
গ যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয় ঘ কোনোটিই নয় উ: খ

০৪. বাক্যের ক্ষুদ্রতম একক কী? [১৮তম বিসিএস]
ক উক্তি খ বিভক্তি গ উপসর্গ ঘ শব্দ উ: ঘ

০৫. শুদ্ধচন্তালী দোষমুক্ত কোনটি? [১০ম বিসিএস]
ক শবপোড়া খ মড়াদাহ গ শবদাহ ঘ শবমড়া উ: গ

০৬. 'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়।' এটি কোন ধরনের বাক্য? [৪৩তম বিসিএস]
ক সরল বাক্য খ জটিল বাক্য গ যৌগিক বাক্য ঘ খণ্ডবাক্য উ: খ

০৭. 'তাতে সমাজজীবন চলে না।' এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি? [৪৩তম বিসিএস]
ক তাতে সমাজজীবন চলে। খ তাতে সমাজজীবন সচল হয়ে পড়ে।
গ তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে। ঘ তাতে না সমাজজীবন চলে। উ: গ

০৮. 'মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি' এটি একটি– [৩২তম বিসিএস]
ক জটিল বাক্য খ যৌগিক বাক্য গ সরল বাক্য ঘ মিশ্র বাক্য উ: গ

০৯. 'যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম' এটি কোন জাতীয় বাক্য? [২৬তম]
ক সরল বাক্য খ যৌগিক বাক্য গ মৌলিক বাক্য ঘ মিশ্র বাক্য উ: ঘ

১০. 'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' কোন ধরনের বাক্য? [২৫তম]
ক সরল খ জটিল গ যৌগিক ঘ অনুজ্ঞামূলক উ: খ

১১. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি' এটা কোন ধরনের বাক্য? [১৮তম বিসিএস]
ক যৌগিক বাক্য খ সাধারণ বাক্য গ মিশ্র বাক্য ঘ সরল বাক্য উ: ক

১২. 'হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন আদর্শ মানব' বাক্যটি– [১৭তম বিসিএস]
ক মিশ্র খ জটিল গ যৌগিক ঘ সরল উ: ঘ

১৩. যৌগিক বাক্যের অন্যতম গুণ কী? [১৪তম বিসিএস]
ক একটি জটিল ও একটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
খ একটি সংযুক্ত ও একটি বিযুক্ত বাক্যের সাহায্যে বাক্য গঠন
গ দুটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
ঘ দুটি মিশ্র বাক্যের সাহায্যে বাক্য গঠন উ: গ

১৪. 'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' এ বাক্য কোন ধরনের? [৪১তম বিসিএস]
ক অনুজ্ঞাবাচক খ নির্দেশাত্মক গ বিস্ময়বোধক ঘ প্রশ্নবোধক উ: গ

১৫. 'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।' বাক্যটি একটি — বাক্য। [৩৫তম বিসিএস লিখিত]
ক অস্তিবাচক বাক্য খ নেতিবাচক বাক্য গ সমবাচক বাক্য ঘ কোনোটিই নয় উ: ক

১৬. 'এতে দোষ নেই' বাক্যটি একটি — বাক্য। [৩৫তম বিসিএস লিখিত (মানসিক দক্ষতা)]
ক নেতিবাচক বাক্য খ অসম্ভব বাক্য গ অসম বাক্য ঘ অন্বেষণ বাক্য উ: ক

CamScanner

SELF TEST MCQ

০১. এক বা একাধিক শব্দ দিয়ে গঠিত পূর্ণ অর্থবোধক ভাষিক একককে কী বলে?
ক বাক্য খ বাক্যাংশ গ উদ্দেশ্য ঘ বিধেয়

০২. বাক্যের মধ্যে স্থান পাওয়া প্রত্যেকটি শব্দকে কী বলা হয়?
ক যোজক খ বর্গ গ ধ্বনি ঘ পদ

০৩. বাক্যের মধ্যে একাধিক শব্দের গুচ্ছকে কী বলে?
ক বর্ণ খ বর্গ গ পদ ঘ শব্দ

০৪. বাক্যের ক্রিয়াকে যে চালায় তাকে বলে–
ক কর্তা খ কর্ম গ ক্রিয়া ঘ পদ

০৫. 'সজল ভুলে যায়।' বাক্যের উদ্দেশ্য–
ক সজল খ ভুলে গ যায় ঘ ভুলে যায়

০৬. একটি মূল বাক্যের অধীনে এক বা একাধিক আশ্রিত বাক্য বা বাক্যাংশ থাকলে তাকে কোন বাক্য বলে?
ক সরল বাক্য খ যৌগিক বাক্য গ জটিল বাক্য ঘ সক্রিয় বাক্য

০৭. এক বা একাধিক বাক্য বা বাক্যাংশ যোজকের মাধ্যমে মিলে যে বাক্য হয় তাকে কী বাক্য বলে?
ক সরল বাক্য খ যৌগিক বাক্য গ জটিল বাক্য ঘ অক্রিয় বাক্য

০৮. বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকা না থাকা বিবেচনায় বাক্যকে কতভাগে ভাগ করা যায়?
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

০৯. কোনো কিছু দেখে বা শুনে অবাক বা বিস্মিত হলে কোন ধরনের বাক্য তৈরি হয়?
ক নেতিবাচক বাক্য খ অনুজ্ঞাবাচক বাক্য গ প্রশ্নবাচক বাক্য ঘ আবেগবাচক বাক্য

১০. বাক্যের মধ্যে একাধিক শব্দ দিয়ে গঠিত বাক্যাংশকে কী বলে?
ক বর্গ খ উদ্দেশ্য গ বিধেয় ঘ বাক্যাংশ

১১. 'বর্গ' আসলে–
ক বাক্যের বিন্যাস খ ধ্বনিগুচ্ছ গ বর্ণের সমষ্টি ঘ শব্দের গুচ্ছ

১২. বর্গের নাম হয়–
ক পদ অনুযায়ী খ বাক্য অনুযায়ী গ ধ্বনি অনুযায়ী ঘ বর্ণ অনুযায়ী

১৩. বিশেষ্যের আগে এক বা একাধিক বিশেষণ বা সম্বন্ধপদ যুক্ত হয়ে কোন বর্গ তৈরি হয়?
ক বিশেষ্যবর্গ খ বিশেষণবর্গ গ ক্রিয়াবিশেষণবর্গ ঘ ক্রিয়াবর্গ

১৪. বিশেষণ জাতীয় শব্দের গুচ্ছকে বলে–
ক বিশেষ্যবর্গ খ ক্রিয়াবিশেষণ-বর্গ গ বিশেষণবর্গ ঘ ক্রিয়াবর্গ

১৫. বিধেয় অংশের ক্রিয়া সাধারণত–
ক বিশেষ্যবর্গ খ বিশেষণবর্গ গ ক্রিয়াবিশেষণ-বর্গ ঘ ক্রিয়াবর্গ

১৬. বাক্যের দুই অংশ-
ক উদ্দেশ্য ও কর্তা খ বিধেয় ও কর্ম গ উদ্দেশ্য ও বিধেয় ঘ উদ্দেশ্য ও কর্ম

১৭. বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয় তাকে কী বলে?
ক উদ্দেশ্য খ বিধেয় গ পূরক ঘ প্রসারক

১৮. বাক্যে যাকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তাকে কী বলে?
ক উদ্দেশ্য খ বিধেয় গ পূরক ঘ প্রসারক

১৯. উদ্দেশ্য ও বিধেয়কে প্রসারিত করা হয় যেসব শব্দ ও বর্গ দিয়ে, তাকে বলে-
ক উদ্দেশ্য খ বিধেয় গ পূরক ঘ প্রসারক

২০. বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে বলে-
ক উদ্দেশ্য খ বিধেয় গ পূরক ঘ প্রসারক

১. বাংলা বাক্যে উদ্দেশ্য কোথায় বসে?
ক বাক্যের শুরুতে খ বাক্যের মাঝে গ বাক্যের শেষে ঘ যে কোনো জায়গায়

২. 'এইসব মিলিয়ে তৈরি হয় চিনি বা শর্করা' এখানে 'এইসব মিলিয়ে' বর্গ হলো–
ক উদ্দেশ্য খ বিধেয় গ উদ্দেশ্যের প্রসারক ঘ বিধেয়ের প্রসারক

২৩. বিধেয়ের স্থান ও কাল সংক্রান্ত প্রসারক বসতে পারে–
ক উদ্দেশ্যের পূর্বে খ বিধেয়ের পূর্বে গ উদ্দেশ্যের বা বিধেয়ের পরে ঘ উদ্দেশ্যের বা বিধেয়ের পূর্বে

২৪. মোগল সম্রাট শাজাহান তাঁর ভালোবাসার নিদর্শনস্বরূপ তাজমহল নির্মাণ করেন- এখানে মোগল সম্রাট কী?
ক উদ্দেশ্যের প্রসারক খ বিধেয়ের প্রসারক গ বিধেয়ের পূরক ঘ বিধেয়ের ক্রিয়া

২৫. 'যাঁরা দেশের জন্য প্রাণ দিয়েছে, তাদের ঋণ আমরা শোধ করতে পারব না'- এখানে ঋণ কী?
ক উদ্দেশ্যের প্রসারক খ বিধেয়ের প্রসারক গ বিধেয়ের পূরক ঘ বিধেয়ের ক্রিয়া

২৬. যে বাক্যে একটি সমাপিকা ক্রিয়া থাকে তাকে কোন বাক্য বলে?
ক সরল খ যৌগিক গ জটিল ঘ অধীন

২৭. 'তিনি ভাত খেয়ে চেয়ারে বসলেন'- বাক্যে সমাপিকা ক্রিয়া কোনটি?
ক ভাত খ খেয়ে গ চেয়ারে ঘ বসলেন

২৮. একাধিক সমাপিকা ক্রিয়া কী দিয়ে যুক্ত হলে যৌগিক বাক্য হয়?
ক বিশেষ্য খ বিশেষণ গ যোজক ঘ অনুসর্গ

২৯. জটিল বাক্যের উদাহরণ কোনটি?
ক যদি তুমি যাও, তবে তার দেখা পাবে। খ পাখিগুলো আকাশে উড়ছে।
গ আমরা তিন ভাই এবং দুই বোন। ঘ আমার সমুদ্র দেখতে খুব ভালো লাগে।

৩০. সময় বোঝাতে জটিল বাক্যে যোজকের কোন জোড় ব্যবহার করা হয়?
ক যে-সে খ যত-তত গ যেটুকু-সেটুকু ঘ যখন-তখন

৩১. নিচের কোনটি সরল বাক্য?
ক পরিশ্রমীরা জীবনে সাফল্য লাভ করে। খ সে এখানে এল এবং বসে পড়ল।
গ লোকটি নিরক্ষর, কিন্তু অভদ্র নয়। ঘ বিপদ ও দুঃখ একসঙ্গে আসে।

৩২. 'দুর্জন লোক পরিত্যাজ্য' – বাক্যটিকে জটিল বাক্যে পরিণত করলে হবে-
ক যেসব লোক দুর্জন, তারা পরিত্যাজ্য।
খ যে দুর্জন সেই পরিত্যাজ্য।
গ দুর্জন লোক মাত্রই পরিত্যাজ্য।
ঘ দুর্জন লোককে সকলে পরিত্যাগ করে।

৩৩. 'সে এখানে এসেই বসে পড়ল'- বাক্যটির যৌগিক বাক্যরূপ কোনটি?
ক সে এখানে এসে বসলো। খ সে এখানে এসে বসে পড়ল।
গ সে এখানে এসে বসেছে। ঘ সে এখানে এল, তারপরে বসে পড়ল।

৩৪. 'যখন সে সুসংবাদ পেল, তখন সে আনন্দিত হলো'- বাক্যটির সরল বাক্যরূপ কোনটি?
ক সে সুসংবাদ পেল এবং আনন্দিত হলো।
খ সুসংবাদ পেয়ে সে আনন্দিত হলো।
গ যেই সে সুসংবাদ পেল, সেই সে আনন্দিত হলো।
ঘ যদি সুসংবাদ পাও, তবে আনন্দিত হও।

৩৫. 'সে তার পিতার ঋণ শোধ করেছে।'– এ বাক্যের জটিল রূপ কোনটি?
ক তার পিতা ঋণ করেছিলেন বলে তাকে পরিশোধ করতে হয়েছে
খ তার পিতা ঋণ করাতে সে তা পরিশোধ করেছে
গ তার পিতা ঋণ করেছিলেন এবং সে তা পরিশোধ করেছে
ঘ তার পিতা যে ঋণ করেছিলেন, সে তা পরিশোধ করেছে

OMR

০১.ক খ গ ঘ	০২.ক খ গ ঘ	০৩.ক খ গ ঘ	০৪.ক খ গ ঘ	০৫.ক খ গ ঘ
০৬.ক খ গ ঘ	০৭.ক খ গ ঘ	০৮.ক খ গ ঘ	০৯.ক খ গ ঘ	১০.ক খ গ ঘ
১১.ক খ গ ঘ	১২.ক খ গ ঘ	১৩.ক খ গ ঘ	১৪.ক খ গ ঘ	১৫.ক খ গ ঘ
১৬.ক খ গ ঘ	১৭.ক খ গ ঘ	১৮.ক খ গ ঘ	১৯.ক খ গ ঘ	২০.ক খ গ ঘ
২১.ক খ গ ঘ	২২.ক খ গ ঘ	২৩.ক খ গ ঘ	২৪.ক খ গ ঘ	২৫.ক খ গ ঘ
২৬.ক খ গ ঘ	২৭.ক খ গ ঘ	২৮.ক খ গ ঘ	২৯.ক খ গ ঘ	৩০.ক খ গ ঘ
৩১.ক খ গ ঘ	৩২.ক খ গ ঘ	৩৩.ক খ গ ঘ	৩৪.ক খ গ ঘ	৩৫.ক খ গ ঘ

৩৫.ঘ	৩৪.খ	৩৩.ঘ	৩২.ক	৩১.ক	৩০.ঘ	২৯.ক	২৮.গ	২৭.ঘ
২৬.ক	২৫.ক	২৪.ক	২৩.ক	২২.ঘ	২১.ঘ	২০.গ	১৯.ঘ	১৮.ক
১৭.খ	১৬.গ	১৫.ঘ	১৪.গ	১৩.ক	১২.ক	১১.ঘ	১০.ক	০৯.ঘ
০৮.ক	০৭.খ	০৬.গ	০৫.ক	০৪.ক	০৩.খ	০২.ঘ	০১.ক	

CamScanner

অধ্যায় ২৫ কারক ও বিভক্তি

নতুন ব্যাকরণ 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' ৯ম-১০ম শ্রেণি অনুযায়ী কারক ও বিভক্তি

কারকের সংজ্ঞা, প্রকার ও বিভক্তি

কারক : [স. √কৃ + অক (ণক)] = কারক। 'কারক' শব্দটির অর্থ : যে করে বা যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের (বিশেষ্য/সর্বনাম) যে অন্বয় বা সম্পর্ক, তাকে কারক বলে। কারক সম্পর্ক বোঝাতে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে সাধারণত বিভক্তি ও অনুসর্গ যুক্ত হয়ে থাকে। যেমন : মেঘনাদ পড়ে। বাক্যটিতে 'পড়ে' ক্রিয়াপদটির সঙ্গে 'মেঘনাদ' বিশেষ্য পদের একটি সম্পর্ক রয়েছে– এ সম্পর্কটিই কারক।

- কারক বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়।
- বাক্যের মধ্যে ক্রিয়া ব্যতীত কারক হয় না।



বিভক্তি

- বাক্যের মধ্যে অন্য শব্দের সাথে সম্পর্ক বোঝাতে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে অর্থহীন কিছু লগ্নক যুক্ত হয়, সেগুলোকে বিভক্তি বলে। যেমন : -এ, -তে, -য়, -য়ে, -কে, -রে, -র, -এর, -য়ের ইত্যাদি।
  লোকে কি না বলে! – এই বাক্যে 'লোক' শব্দের সঙ্গে জুড়ে আছে '-এ' বিভক্তি। সে ছেলেকে সঙ্গে নিয়ে গরু চরাতে গেছে।– এই বাক্যে 'ছেলে' শব্দের সঙ্গে জুড়ে আছে 'কে' বিভক্তি।
  বাড়ির পুকুরের পাড়ে বড়ো ভাইয়ের কলাবাগান। এই বাক্যে 'বাড়ি', 'পুকুর' এবং 'ভাই' শব্দের সঙ্গে জুড়ে আছে '-র', '-এর' এবং '-য়ের' বিভক্তি।
- বিভক্তিগুলোকে তিন ভাগে বিভক্ত করে দেখানো যায়।

ক. **-এ, -তে, -য়, -য়ে বিভক্তি**

সাধারণত ক্রিয়ার স্থান, কাল, ভাব বোঝাতে -এ, -তে, -য়, -য়ে ইত্যাদি বিভক্তির ব্যবহার হয়। কখনো কখনো বাক্যের কর্তার সঙ্গেও এসব বিভক্তি বসে।
যেসব শব্দের শেষে কারচিহ্ন নেই, সেসব শব্দের সঙ্গে -এ বিভক্তি যুক্ত হয়। যেমন : সকালে, দিনাজপুরে, ই-মেইলে, কম্পিউটারে, ছাগলে, তিলে ইত্যাদি।
শব্দের শেষে ই-কার ও উ-কার থাকলে -তে বিভক্তি হয়। যেমন : হাতিতে, রাত্রিতে, মধুতে, রামুতে ইত্যাদি।
আ-কারান্ত শব্দের শেষে -য় বিভক্তি হয়। যেমন : ঘোড়ায়, সন্ধ্যায়, ঢাকায় ইত্যাদি।
শব্দের শেষে দ্বিস্বর থাকলে -য়ে বিভক্তি হয়। যেমন : ছইয়ে, ভাইয়ে, বউয়ে।
ই-কারান্ত শব্দের শেষেও -য়ে বিভক্তি দেখা যায়। যেমন : ঝিয়ে, ঘিয়ে।

খ. **-কে, -রে বিভক্তি**

বাক্যে গৌণকর্মের সঙ্গে সাধারণত -কে এবং -রে বিভক্তি বসে। ক্রিয়াকে 'কাকে' প্রশ্ন করলে যে শব্দ পাওয়া যায় তার সঙ্গে এই বিভক্তি যুক্ত হয়। যেমন- শিশুকে, দরিদ্রকে, আমাকে, আমারে ইত্যাদি।

গ. **-র, -এর, -য়ের বিভক্তি**

বাক্যের মধ্যে পরবর্তী শব্দের সঙ্গে সম্বন্ধ বোঝাতে পূর্ববর্তী শব্দের সঙ্গে -র, -এর এবং -য়ের বিভক্তি যুক্ত হয়। সাধারণত আ-কারান্ত, ই/ঈ-কারান্ত ও উ/ঊ-কারান্ত শব্দের শেষে -র বিভক্তি বসে। যেমন - রাজার, প্রজার, হাতির, বুদ্ধিজীবীর, তনুর, বধূর।
যেসব শব্দের শেষে কারচিহ্ন নেই, সেসব শব্দের শেষে -এর বিভক্তি হয়। যেমন -বলের, শব্দের, নজরুলের, সাতাশের ইত্যাদি।
শব্দের শেষে দ্বিস্বর থাকলে -য়ের বিভক্তি হয়। যেমন : ভাইয়ের, বইয়ের, লাউয়ের, মৌয়ের ইত্যাদি।

ক্রিয়াবিভক্তি

ক্রিয়ার দুইটি অংশ: প্রথম অংশ ধাতু বা ক্রিয়ামূল এবং দ্বিতীয় অংশ ক্রিয়াবিভক্তি। ক্রিয়ামূলের সঙ্গে যেসব লগ্নক যুক্ত হয়ে ক্রিয়ার কাল ও পক্ষ নির্দেশিত হয়, সেগুলোকে ক্রিয়াবিভক্তি বলে। যেমন :
পড়ছি (পড় + ছি) - ক্রিয়ার এই রূপটি থেকে বোঝা যায় যে, এই ক্রিয়ার কর্তা বক্তা পক্ষের এবং এটা দিয়ে ঘটমান বর্তমান কালের পড়া ক্রিয়াকে বোঝায়।
পড়বেন (পড় + বেন) - ক্রিয়ার রূপটি থেকে বোঝা যায় যে, এই ক্রিয়ার কর্তা শ্রোতা পক্ষের এবং এটা দিয়ে সাধারণ ভবিষ্যৎ কালের পড়া ক্রিয়াকে বোঝায়।
পড়ছিল (পড় + ছিল) - ক্রিয়ার এই রূপটি থেকে বোঝা যায় যে, এই ক্রিয়ার কর্তা অন্য পক্ষের এবং এটা দিয়ে সাধারণ অতীত কালের পড়া ক্রিয়াকে বোঝায়।
উপরের উদাহরণগুলোতে '-ছি' '-বেন', '-ছিল' -এগুলো হলো ক্রিয়াবিভক্তি।
অধিকাংশ বাংলা ক্রিয়ার দুটি রূপ আছে: সাধারণ রূপ ও প্রযোজক রূপ। উভয় রূপের সঙ্গে যুক্ত ক্রিয়াবিভক্তির রূপ আলাদা। অপর পৃষ্ঠার সারণিতে ক্রিয়ামূল 'কর্'-এর সঙ্গে ক্রিয়াবিভক্তির প্রয়োগ দেখানো হলো :

CamScanner

সাধারণ ক্রিয়ার সঙ্গে যুক্ত ক্রিয়াবিভক্তি

কাল ↓পক্ষ→	আমি	তুমি	তুই	সে	আপনি/তিনি
সাধারণ বর্তমান	-ই (করি)	-ও (করো)	-ইস (করিস)	-এ (করে)	-এন (করেন)
ঘটমান বর্তমান	-ছি (করছি)	-ছ (করছ)	-ছিস (করছিস)	-ছে (করছে)	-ছেন (করছেন)
পুরাঘটিত বর্তমান	-এছি (করেছি)	-এছ (করেছ)	-এছিস (করেছিস)	-এছে (করেছে)	-এছেন (করেছেন)
অনুজ্ঞা বর্তমান		-ও (করো)	-ইস (করিস)	-উক (করুক)	-উন (করুন)
সাধারণ অতীত	-লাম (করলাম)	-লে (করলে)	-লি (করলি)	-ল (করল)	-লেন (করলেন)
ঘটমান অতীত	-ছিলাম (করছিলাম)	-ছিলে (করছিলে)	-ছিলি (করছিলি)	-ছিল (করছিল)	-ছিলেন (করছিলেন)
পুরাঘটিত অতীত	-এছিলাম (করেছিলাম)	-এছিলে (করেছিলে)	-এছিলি (করেছিলি)	-এছিল (করেছিল)	-এছিলেন (করেছিলেন)
নিত্য অতীত	-তাম (করতাম)	-তে (করতে)	-তি (করতি)	-ত (করত)	-তেন (করতেন)
সাধারণ ভবিষ্যৎ	-ব (করব)	-বে (করবে)	-বি (করবি)	-বে (করবে)	-বেন (করবেন)
অনুজ্ঞা ভবিষ্যৎ		-ও (কোরো)	-বি (করবি)	-বে (করবে)	-বেন (করবেন)
অসমাপিকা	ভূত অসমাপিকা: -এ (করে); ভাবী অসমাপিকা:-তে (করতে); শর্ত অসমাপিকা: -লে (করলে)				

প্রযোজক ক্রিয়ার সঙ্গে যুক্ত ক্রিয়াবিভক্তি

কাল ↓পক্ষ→	আমি	তুমি	তুই	সে	আপনি/তিনি
সাধারণ বর্তমান	-আই (করাই)	-আও (করাও)	-আস (করাস)	-আয় (করায়)	-আন (করান)
ঘটমান বর্তমান	-আচ্ছি (করাচ্ছি)	-আচ্ছ (করাচ্ছ)	-আচ্ছিস (করাচ্ছিস)	-আচ্ছে (করাচ্ছে)	-আচ্ছেন (করাচ্ছেন)
পুরাঘটিত বর্তমান	-ইয়েছি (করিয়েছি)	-ইয়েছ (করিয়েছ)	-ইয়েছিস (করিয়েছিস)	-ইয়েছে (করিয়েছে)	-ইয়েছেন (করিয়েছেন)
অনুজ্ঞা বর্তমান		-আও (করাও)	-আস (করাস)	-আক (করাক)	-আন (করান)
সাধারণ অতীত	-আলাম (করালাম)	-আলে (করালে)	-আলি (করালি)	-আল (করাল)	-আলেন (করালেন)
ঘটমান অতীত	-আচ্ছিলাম (করাচ্ছিলাম)	-আচ্ছিলে (করাচ্ছিলে)	-আচ্ছিলি (করাচ্ছিলি)	-আচ্ছিল (করাচ্ছিল)	-আচ্ছিলেন (করাচ্ছিলেন)
পুরাঘটিত অতীত	-ইয়েছিলাম (করিয়েছিলাম)	-ইয়েছিলে (করিয়েছিলে)	-ইয়েছিলি (করিয়েছিলি)	-ইয়েছিল (করিয়েছিল)	-ইয়েছিলেন (করিয়েছিলেন)
নিত্য অতীত	-আতাম (করাতাম)	-আতে (করাতে)	-আতি (করাতি)	-আত (করাত)	-আতেন (করাতেন)
সাধারণ ভবিষ্যৎ	-আব (করাব)	-আবে (করাবে)	-আবি (করাবি)	-আবে (করাবে)	-আবেন (করাবেন)
অনুজ্ঞা ভবিষ্যৎ		-ইয়ো (করিয়ো)	-আবি (করাবি)	-আবে (করাবে)	-আবেন (করাবেন)
অসমাপিকা	ভূত অসমাপিকা: -ইয়ে (করিয়ে); ভাবী অসমাপিকা:-আতে (করাতে); শর্ত অসমাপিকা: -আলে (করালে)				

কারক

কর্তা কারক

ক্রিয়া যার দ্বারা সম্পাদিত হয়, তাকে কর্তা কারক বলে। বাক্যের কর্তা বা উদ্দেশ্যই কর্তা কারক। কর্তা কারকে সাধারণত বিভক্তি যুক্ত হয় না। যেমন : আমরা নদীর ঘাট থেকে রিকশা নিয়েছিলাম। অনেকগুলো বন্য হাতি বাগান নষ্ট করে দিল।

- কর্তা কারকে কখনো -এ বিভক্তি যুক্ত হয়। যেমন : পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়।

কর্ম কারক

যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পাদন করে, তাকে কর্ম কারক বলে। বাক্যের মুখ্য কর্ম ও গৌণ কর্ম– উভয় ধরনের কর্মই কর্ম কারক হিসেবে গণ্য হয়। সাধারণত মুখ্য কর্ম কারকে বিভক্তি হয় না, তবে গৌণ কর্ম কারকে '-কে' বিভক্তি হয়। যেমন : সে রোজ সকালে এক প্লেট ভাত খায়। শিক্ষককে জানাও। অসহায়কে সাহায্য করো। বেগম রোকেয়া সমাজের নানা রকম অন্ধতা, গোঁড়ামি, ও কুসংস্কারকে তীব্র ভাষায় সমালোচনা করে গেছেন।

- কাব্যভাষায় কর্মকারকে 'রে' বিভক্তি হয়। যেমন : আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা।

করণ কারক

যার দ্বারা বা যে উপায়ে কর্তা ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। এই কারকে সাধারণত 'দ্বারা', 'দিয়ে' 'কর্তৃক' ইত্যাদি অনুসর্গ যুক্ত হয়। যেমন : ভেড়া দিয়ে চাষ করা সম্ভব নয়। চাষিরা ধারালো কাস্তে দিয়ে ধান কাটছে।

অপাদান কারক

যে কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয়, তাকে অপাদান কারক বলে। এই কারকে সাধারণত 'হতে', 'থেকে' ইত্যাদি অনুসর্গ শব্দের পরে বসে। যেমন : জমি থেকে ফসল পাই। কাপটা উঁচু টেবিল থেকে পড়ে ভেঙে গেল।

অধিকরণ কারক

যে কারকে স্থান, কাল, বিষয় ও ভাব নির্দেশিত হয়, তাকে অধিকরণ কারক বলে। এই কারকে সাধারণত '-এ', '-য়', '-য়ে', '-তে' ইত্যাদি বিভক্তি শব্দের সঙ্গে যুক্ত হয়। যেমন : বাবা বাড়িতে আছেন। বিকাল পাঁচটায় অফিস ছুটি হবে। রাজীব বাংলা ব্যাকরণে ভালো।

সম্বন্ধ কারক

যে কারকে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে বিশেষ্য ও সর্বনামের সম্পর্ক নির্দেশিত হয়, তাকে সম্বন্ধ কারক বলে। এই কারকে ক্রিয়ার সঙ্গে সম্পর্ক পরোক্ষ। এই কারকে শব্দের সঙ্গে '-র', '-এর', '-য়ের', '-কার', '-কের' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়। যেমন : ফুলের গন্ধে ঘুম আসে না। আমার জামার বোতামগুলো একটু অন্য রকম। তখনকার দিনে পায়ে হেঁটে চলতে হতো মাইলের পর মাইল।

পুরাতন ব্যাকরণ 'বাংলা ভাষার ব্যাকরণ' ৯ম-১০ম শ্রেণি অনুযায়ী কারক

বিভক্তির আকৃতি ও নিয়ম

বিভক্তি : বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় বা সম্পর্ক সাধনের জন্য শব্দের সঙ্গে যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের বিভক্তি বলে। **যেমন :** ছাদে বসে মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।

উপরের বাক্যটিতে ছাদে (ছাদ + এ বিভক্তি), মা (মা + ০ বিভক্তি), শিশুকে (শিশু + কে বিভক্তি), চাঁদ (চাঁদ + ০ বিভক্তি) ইত্যাদি পদে বিভিন্ন বিভক্তি যুক্ত হয়েছে। বিভক্তিগুলো ক্রিয়াপদের সঙ্গে নামপদের সম্পর্ক স্থাপন করেছে।]

বি. দ্র. : বিভক্তি চিহ্ন না থাকলে সেখানে শূন্য বিভক্তি আছে মনে করা হয়।]

প্রকার : বিভক্তি প্রধানত দুই প্রকার।

যথা : ১. ক্রিয়া বিভক্তি ও ২. নাম বিভক্তি।

- **ক্রিয়া বিভক্তি :** যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতুর সঙ্গে যুক্ত হয়ে কার্যবাচক ক্রিয়াপদের সৃষ্টি করে, তাদের বলা হয় ধাতু বিভক্তি বা ক্রিয়া বিভক্তি। যেমন : তুমি পড় (পড় + অ)। আমি পড়ি (পড় + ই)।
- **নাম বিভক্তি :** যে বর্ণ বা বর্ণসমষ্টি শব্দের সঙ্গে যুক্ত হয়ে নামপদ গঠন করে, তাকে নাম বিভক্তি বা শব্দ বিভক্তি বলে। যেমন : কে, রে, তে, এর ইত্যাদি। বাক্যে প্রয়োগ : দরিদ্রকে সাহায্য কর।
- **বাংলা শব্দ বা কারক বিভক্তি সাত প্রকার। যথা :**
  ১. প্রথমা বিভক্তি ২. দ্বিতীয়া বিভক্তি ৩. তৃতীয়া বিভক্তি ৪. চতুর্থী বিভক্তি
  ৫. পঞ্চমী বিভক্তি ৬. ষষ্ঠী বিভক্তি ৭. সপ্তমী বিভক্তি
- **বিভক্তির বচনভেদ আছে।**
  একবচন ও বহুবচন ভেদে বিভক্তিগুলোর আকৃতিগত পার্থক্য দেখা যায়।

CamScanner

বিভক্তির আকৃতি :

বিভক্তি	একবচন	বহুবচন
প্রথমা	০/ অ , এ, (য়), তে, এতে।	রা, এরা, গুলি (গুলো), গণ।
দ্বিতীয়া	০/অ, কে, রে(এরে), এ, য়, তে।	দিগে, দিগকে, দিগেরে, *দের।
তৃতীয়া	০/ অ, এ, তে, দ্বারা, দিয়া (দিয়ে), কর্তৃক।	দিগের দিয়া, দের দিয়া, দিগকে দ্বারা, দিগ কর্তৃক, গুলির দ্বারা, গুলিকে দিয়ে, *গুলো দিয়ে, গুলি কর্তৃক, *দের দিয়ে।
চতুর্থী	দ্বিতীয়ার মতো।	দ্বিতীয়ার মতো।
পঞ্চমী	এ (য়ে, য়), হইতে, *থেকে, *[illegible], *হতে।	দিগ হইতে, দের হইতে, দিগের চেয়ে, গুলি হইতে, গুলির চেয়ে, *দের হতে, *দের থেকে, *দের চেয়ে।
ষষ্ঠী	র, এর।	দের, *দিগের, গুলির, গণের, গুলোর।
সপ্তমী	এ, য়, তে, এতে।	দিগে, দিগেতে, গুলিতে, গণে, গুলির মধ্যে, গুলোতে, গুলোর মধ্যে।

* চিহ্নিত বিভক্তিগুলো এবং বন্ধনীতে লিখিত শব্দ চলিত ভাষায় ব্যবহৃত হয়।

০১. কর্তৃকারক

সংজ্ঞা : বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক।

ক্রিয়ার সঙ্গে 'কে' বা 'কারা' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক। যেমন : খোকা বই পড়ে (কে পড়ে? খোকা– কর্তৃকারক)। মেয়েরা ফুল তোলে। (কারা তোলে? মেয়েরা– কর্তৃকারক)।

কর্তৃকারকের প্রকারভেদ :

ক. **কর্তৃকারক বাক্যের ক্রিয়া সম্পাদনের বৈশিষ্ট্য অনুযায়ী চার প্রকারের হয়ে থাকে। যথা :**

i. **মুখ্য কর্তা :** যে নিজে নিজেই ক্রিয়া সম্পাদন করে সে মুখ্য কর্তা। যেমন : **ছেলেরা** ফুটবল খেলছে। মুষলধারে **বৃষ্টি** পড়ছে।

ii. **প্রযোজক কর্তা :** মূল কর্তা যখন অন্যকে কোনো কাজে নিয়োজিত করে তা সম্পন্ন করায়, তখন তাকে প্রযোজক কর্তা বলে। যেমন : **শিক্ষক** ছাত্রদের ব্যাকরণ **পড়াচ্ছেন**। এখানে 'শিক্ষক' প্রযোজক কর্তা।

iii. **প্রযোজ্য কর্তা :** মূল কর্তার করণীয় কার্য যাকে দিয়ে সম্পাদিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলা হয়। ওপরের বাক্যে 'ছাত্র' প্রযোজ্য কর্তা।
তদ্রূপ– রাখাল (প্রযোজক) গরুকে (প্রযোজ্য কর্তা) ঘাস খাওয়ায়।

iv. **ব্যতিহার কর্তা :** কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে একজাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যেমন : **বাঘে-মহিষে** এক ঘাটে জল খায়। **রাজায়-রাজায়** লড়াই উলুখাগড়ার প্রাণান্ত। **ষাঁড়ে ষাঁড়ে** লড়াই।

খ. **বাক্যের বাচ্য বা প্রকাশভঙ্গি অনুসারে কর্তা তিন রকম হতে পারে। যেমন :**

i. কর্মবাচ্যের কর্তা (কর্মপদের প্রাধান্যসূচক বাক্যে) : **পুলিশ** দ্বারা চোর ধৃত হয়েছে।

ii. ভাববাচ্যের কর্তা (ক্রিয়ার প্রাধান্যসূচক বাক্যে) : **আমার** যাওয়া হবে না।

iii. কর্ম-কর্তৃবাচ্যের কর্তা (বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয়) : **বাঁশি** বাজে। **কলমটা** লেখে ভালো।

কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :

ক. প্রথমা শূন্য বা অ বিভক্তি : **হামিদ** বই পড়ে।
খ. দ্বিতীয়া বা কে বিভক্তি : **বশিরকে** যেতে হবে।
গ. তৃতীয়া বা দ্বারা বিভক্তি : **ফেরদৌসী কর্তৃক** শাহনামা রচিত হয়েছে।
ঘ. ষষ্ঠী বা র বিভক্তি : **আমার** যাওয়া হয়নি।
ঙ. সপ্তমী বা এ বিভক্তি : **গাঁয়ে** মানে না, আপনি মোড়ল।
: **বাপে** না জিজ্ঞাসে, **মায়ে** না সম্ভাষে।
বাঘে- মহিষে খানা একঘাটে খাবে না।
য়-বিভক্তি : **ঘোড়ায়** গাড়ি টানে।
তে-বিভক্তি : **বুলবুলিতে** ধান খেয়েছে খাজনা দিব কীসে?

গুরুত্বপূর্ণ উদাহরণ :

i. সন্ন্যাসী গায়ে লাগিতে চরণ থামিল **বাসবদত্তা**।
ii. চুপ কর, **পিঁপড়েরা** কী বলছে শুনি।
iii. **পাগলে** কী না বলে, **ছাগলে** কী না খায়!
iv. **পাখিসব** করে রব রাতি পোহাইল।

০২. কর্মকারক

সংজ্ঞা : যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : **ডাক্তার** ডাক।

প্রকার : কর্ম দুই প্রকার। যথা : i. মুখ্য কর্ম ও ii. গৌণ কর্ম।

i. **মুখ্য কর্ম :** কখনও কখনও কোনো ক্রিয়ায় দুটি কর্ম থাকে যখন দুটির মধ্যে ক্রিয়াপদের সঙ্গে যে কর্মপদটির মুখ্য বা প্রধান সম্বন্ধ হয়, তাকে মুখ্য কর্ম বলে। যেমন : বাবা **আমাকে** (গৌণ কর্ম) একটি **কলম** (মুখ্য কর্ম) কিনে দিয়েছেন।

ii. **গৌণ কর্ম :** ক্রিয়াপদের সঙ্গে যার গৌণ সম্বন্ধ থাকে, তাকে গৌণ কর্ম বলে। যেমন : **আমাকে** (গৌণ কর্ম) একটি **গান** (মুখ্য কর্ম) শোনাও।

➤ **বিশেষ নিয়ম :** ব্যক্তিবাচক কর্মকে গৌণ কর্ম এবং বস্তুবাচক কর্মকে মুখ্য কর্ম বলে।

কর্মকারকের প্রকারভেদ :

ক. সকর্মক ক্রিয়ার কর্ম : নাসিমা **ফুল** তুলছে।
খ. প্রযোজক ক্রিয়ার কর্ম : **ছেলেটিকে** বিছানায় শোয়াও।
গ. সমধাতুজ কর্ম : খুব এক **ঘুম** ঘুমিয়েছি।
ঘ. উদ্দেশ্য ও বিধেয় কর্ম : দ্বিকর্মক ক্রিয়ার দুটো পরস্পর অপেক্ষিত কর্মপদ থাকলে প্রধান কর্মটিকে বলা হয় উদ্দেশ্য কর্ম এবং অপেক্ষিত কর্মটিকে বলা হয় বিধেয় কর্ম। যেমন : **দুধকে** (উদ্দেশ্য কর্ম) মোরা **দুগ্ধ** (বিধেয় কর্ম) বলি, **হলুদকে** (উদ্দেশ্য কর্ম) বলি **হরিদ্রা** (বিধেয় কর্ম)।

➤ **কর্মকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :**

i. প্রথমা, শূন্য বা অ বিভক্তি : আমাকে একখানা **বই** দাও। (দ্বিকর্মক ক্রিয়ার মুখ্য কর্ম)
রবীন্দ্রনাথ পড়লাম, **নজরুল** পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না।(গ্রন্থ অর্থে বিশিষ্ট গ্রন্থকার প্রয়োগে)
ii. দ্বিতীয়া বা কে বিভক্তি : **তাকে** বল।
রে-বিভক্তি : '**আমারে** তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা।'
iii. ষষ্ঠী বা র বিভক্তি : **তোমার** দেখা পেলাম না।
iv. সপ্তমীর এ বিভক্তি : 'জিজ্ঞাসিবে **জনে জনে**।' (বীপ্সায়)

গুরুত্বপূর্ণ উদাহরণ :

১. রাক্ষসে বধিবে ভীম তোমার প্রসাদে।
২. ঘর কৈনু বাহির, **বাহির** কৈনু ঘর।
৩. বাতাস **মন্দ মন্দ** বহিতেছে।
৪. বৃথা গঞ্জ **দশাননে**।
৫. এ ধরার মাঝে তুলিয়া **নিনাদ**।
৬. **বিহগে** ললিত গীত শিখায়েছ ভালোবাসি।
৭. 'কেশরী কি কভু ক্ষুদ্র **শশকে** বধে?' (মাইকেল মধুসূদন দত্ত)
৮. **ঘোড়ায়** চড়িয়া মর্দ হাঁটিয়া চলিল।
৯. ওর গোয়ালের গরু বোধ হয় **দুধ** দিতে জানে না।

০৩. করণ কারক

- সংজ্ঞা : [illegible]
- [illegible]
- করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :
  - ক. প্রথমা বা শূন্য বা অ বিভক্তি : [illegible]
  - খ. তৃতীয়া বা দ্বারা বিভক্তি : [illegible]
  - গ. সপ্তমী বিভক্তি বা এ বিভক্তি : [illegible]

[illegible]

- গুরুত্বপূর্ণ উদাহরণ :
  1. [illegible]
  2. [illegible]
  3. [illegible]
  4. [illegible]
  5. [illegible]

০৪. সম্প্রদান কারক

- সংজ্ঞা : [illegible]
- সম্প্রদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :
  - ক. শূন্য বা (০) বিভক্তি : [illegible]
  - খ. চতুর্থী বা কে বিভক্তি : [illegible]
  - গ. ষষ্ঠী বা র বিভক্তি : [illegible]
  - ঘ. সপ্তমী বা এ বিভক্তি : [illegible]
- সম্প্রদান কারকের শনাক্তকারী বৈশিষ্ট্য :
  - ক. স্বত্ব ত্যাগ : [illegible]
  - খ. পূজা-অর্চনা : [illegible]
  - গ. আশীর্বাদ-প্রার্থনা : [illegible]

[illegible]

সম্প্রদান কারক সম্পর্কিত মতভেদ

[illegible] রবীন্দ্রনাথ ঠাকুর বাংলায় শুধু একটি বিশেষ [illegible] সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলাতে সম্প্রদান কারককে কর্মকারকের অন্তর্গত করিয়া ফেলিলে ক্ষতি নাই এবং তাহাই সমীচীন। অথচ মুহম্মদ শহীদুল্লাহ সম্প্রদান কারক উঠিয়ে দেওয়াকে অযৌক্তিক মনে করেন।

০৫. অপাদান কারক

- সংজ্ঞা : যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন :

বিচ্যুত : মেঘ থেকে বৃষ্টি পড়ে। গাছ থেকে পাতা পড়ে।	গৃহীত : শুক্তি থেকে মুক্তো মেলে। দুধ থেকে দই হয়।
বিরত : পাপে বিরত হও।	আরম্ভ : সোমবার থেকে পরীক্ষা শুরু।
রক্ষিত : বিপদ থেকে বাঁচাও।	দূরীভূত : দেশ থেকে শকুন চলে গেছে।
জাত : জমি থেকে ফসল পাই।	ভীত : বাঘকে ভয় পায় না কে?

➤ অপাদান কারকে বিভিন্ন বিভক্তি ছাড়াও হইতে, হতে, থেকে, দিয়া, দিয়ে ইত্যাদি অনুসর্গ ব্যবহৃত হয়।

- অপাদান কারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগ :
  - ক. প্রথমা, শূন্য বা অ বিভক্তি : বৌটা-আলগা ফল গাছে থাকে না।
    'মনে পড়ে সেই জ্যৈষ্ঠ দুপুরে পাঠশালা পলায়ন।'
  - খ. দ্বিতীয়া বা কে বিভক্তি : বাঘকে বড় ভয় পাই।
  - গ. ষষ্ঠী বা এর বিভক্তি : যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়।
  - ঘ. সপ্তমী বা এ বিভক্তি : বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা।
    খেজুর-রসে গুড় হয়। লোকমুখে শুনেছি। তিলে তেল হয়।
  - য়-বিভক্তি : টাকায় টাকা হয়।
- বিভিন্ন অর্থে অপাদানের ব্যবহার :
  - ক. স্থানবাচক : তিনি চট্টগ্রাম থেকে এসেছেন।
  - খ. দূরত্বজ্ঞাপক : ঢাকা থেকে চট্টগ্রাম দুশো কিলোমিটারেরও বেশি।
  - গ. নিক্ষেপ : বিমান থেকে বোমা ফেলা হয়েছে।
- গুরুত্বপূর্ণ উদাহরণ :
  - i. অভিমানে কেন আজি তাজিলা পরান।
  - ii. লোকমুখে শুনেছি।
  - iii. আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?
  - iv. অন্তর হতে বিদ্বেষ বিষ নাশো।

০৬. অধিকরণ কারক

- সংজ্ঞা : ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : আধার (স্থান) : আমরা রোজ স্কুলে যাই। কাল (সময়) : প্রভাতে সূর্য ওঠে।
- অধিকরণ তিন প্রকার। যথা : ক. কালাধিকরণ খ. আধারাধিকরণ গ. ভাবাধিকরণ।
  - ক. **কালাধিকরণ** : ক্রিয়া সম্পাদনে কালবাচক অধিকরণ হলে, তাকে কালাধিকরণ বলে। যেমন : **বসন্তে** ফুল ফোটে।
  - খ. **আধারাধিকরণ** : যে অধিকরণে ক্রিয়ার আধার বা স্থান বোঝায়, তাকে আধারাধিকরণ বলে। যেমন : তুমি এ **পথে** যেয়ো না।
  - গ. **ভাবাধিকরণ** : যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনো রূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তবে তাকে ভাবাধিকরণ বলে। যেমন : **কান্নায়** শোক মন্দীভূত হয়।

➤ **ভাবে সপ্তমী** : ভাবাধিকরণে সর্বদাই সপ্তমী বিভক্তির প্রয়োগ হয় বলে একে ভাবে সপ্তমী বলা হয়। যেমন : **সূর্যোদয়ে** অন্ধকার দূরীভূত হয়।

- আধারাধিকরণ তিন ভাগে বিভক্ত। যথা :
  ক. ঐকদেশিক খ. অভিব্যাপক এবং গ. বৈষয়িক।
  - ক. **ঐকদেশিক** : বিরাট/বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে, তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন : **বনে** বাঘ আছে। **পুকুরে** মাছ আছে। **আকাশে** চাঁদ উঠেছে (বন, পুকুর, আকাশের যে কোনো এক অংশে)।
  - খ. **অভিব্যাপক** : উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে, তবে তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে। যেমন : **তিলে** তৈল আছে (তিলের সারা অংশ ব্যাপী)। **নদীতে** পানি আছে (নদীর সমস্ত অংশ ব্যাপ্ত করে)।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গ. **বৈষয়িক** : বিষয় বিশেষে বা কোনো বিশেষ গুণে কারও কোনো দক্ষতা বা ক্ষমতা থাকলে সেখানে বৈষয়িক অধিকরণ হয়। যেমন : রকিব **অঙ্কে** কাঁচা, কিন্তু ব্যাকরণে ভালো। আমাদের সেনারা সাহসে দুর্জয়, **যুদ্ধে** অপরাজেয়।

অধিকরণে বীপ্সা : বাক্যে অধিকরণ পদটি একাধিকবার উল্লেখ থাকলে সেখানে অধিকরণে বীপ্সা হয়। যেমন : **কুঞ্জে কুঞ্জে** গাহে পাখি। **ফুলে ফুলে** মৌমাছি।

সামীপ্য বা নৈকট্য ভাব :

ঘাটে নৌকা বাঁধা আছে (ঘাটের কাছে)। **'দুয়ারে** দাঁড়ায়ে প্রার্থী'।
ভিক্ষা দেহ তারে (দুয়ারের কাছে)। রাজার **দুয়ারে** হাতি বাঁধা।

➢ অধিকরণে অনুসর্গের ব্যবহার :

ঘরের মধ্যে কে রে? তোমার আসন পাতিব হাটের মাঝে।

৬. অধিকরণ কারকে অন্যান্য বিভক্তি :

ক. প্রথমা বা শূন্য বিভক্তি : আমি ঢাকা যাব। বাবা বাড়ি নেই।
খ. তৃতীয়া বিভক্তি : খিলিপান (এর ভিতরে) দিয়ে ওষুধ খাবে।
গ. পঞ্চমী বিভক্তি : বাড়ি থেকে নদী দেখা যায়।
ঘ. সপ্তমী বা তে বিভক্তি : এ বাড়িতে কেউ নেই।

সম্বন্ধ পদ

সম্বন্ধপদ : যার অধিকারে কোনো কিছু থাকে কিংবা যার সঙ্গে কোনো কিছুর সম্বন্ধ আছে, তাকেই বলে সম্বন্ধপদ। অর্থাৎ ক্রিয়াপদের সঙ্গে সম্পর্ক না রেখে যে নামপদ বাক্যস্থিত অন্য পদের সঙ্গে সম্পর্কযুক্ত হয়, তাকে সম্বন্ধ পদ বলে। সম্বন্ধপদে 'র' কিংবা 'এর' বিভক্তি যোগ হয় এবং এই বিভক্তি কোনো সময়ই লোপ হয় না। **যেমন** : *জলের মাছ, চোখের দেখা, পনেরোর পরিচ্ছেদ, বনের পাখি বনেই সুখ থাকে, লোহার কার্তিক, কালকের দিনটা, সাবানের বাক্স, পিকাসোর ছবি, হেলেবেলাকার কথা, আজকের অধিবেশন, চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা, আদার ব্যাপারী, পদের আভিজাত্য।*

৬. সম্বন্ধ পদের বিভক্তি :

ক. সম্বন্ধ পদে 'র' বা 'এর' বিভক্তি যুক্ত হয়ে থাকে। যেমন : আমি + র = আমার (ভাই), রফিক + এর = রফিকের (বই)।

খ. সময়বাচক অর্থে সম্বন্ধ পদে কার > কের বিভক্তি যুক্ত হয়। যেমন : আজি + কার = আজিকার > আজকের (কাগজ)। পূর্বে + কার = পূর্বেকার (ঘটনা)। কালি + কার = কালিকার > কালকার > কালকের (ছেলে)। কিন্তু 'কাল' শব্দের উত্তর শুধু 'এর' বিভক্তিই যুক্ত হয়। যেমন : কাল + এর = কালের।
বাক্য : সে কত কালের কথা।

সম্বন্ধ পদের প্রকারভেদ

সম্বন্ধ পদের প্রকারভেদ : সম্বন্ধ পদ বহু প্রকারের হতে পারে। যেমন :

০১. **অধিকার সম্বন্ধ** : রাজার রাজ্য, প্রজার জমি।
০২. **জন্য-জনক সম্বন্ধ** : গাছের ফল, পুকুরের মাছ।
০৩. **কার্যকারণ সম্বন্ধ** : অগ্নির উত্তাপ, রোগের কষ্ট।
০৪. **উপাদান সম্বন্ধ** : রুপার থালা, সোনার বাটি।
০৫. **গুণ সম্বন্ধ** : মধুর মিষ্টতা, নিমের তিক্ততা।
০৬. **হেতু সম্বন্ধ** : ধনের অহংকার, রূপের দেমাক।
০৭. **ব্যাপ্তি সম্বন্ধ** : রোজার ছুটি, শরতের আকাশ।
০৮. **ক্রম সম্বন্ধ** : পাঁচের পৃষ্ঠা, সাতের ঘর।
০৯. **অংশ সম্বন্ধ** : হাতির দাঁত, মাথার চুল।
১০. **ব্যবসায় সম্বন্ধ** : পাটের গুদাম, আদার ব্যাপারী।
১১. **ভগ্নাংশ সম্বন্ধ** : একের তিন, সাতের পাঁচ।
১২. **কৃতি সম্বন্ধ** : নজরুলের 'অগ্নি-বীণা', মাইকেলের 'মেঘনাদবধ কাব্য'।
১৩. **আধার-আধেয়** : বাটির দুধ, শিশির ওষুধ।
১৪. **অভেদ সম্বন্ধ** : জ্ঞানের আলোক, দুঃখের দহন।
১৫. **উপমান-উপমেয় সম্বন্ধ** : ননির পুতুল, লোহার শরীর।
১৬. **বিশেষণ সম্বন্ধ** : সুখের দিন, যৌবনের চাঞ্চল্য।
১৭. **নির্ধারণ সম্বন্ধ** : সবার সেরা, সবার ছোট।
১৮. **কারক সম্বন্ধ :**
ক. কর্তৃ সম্বন্ধ – রাজার হুকুম।
খ. কর্ম সম্বন্ধ – প্রভুর সেবা, সাধুর দর্শন।
গ. করণ সম্বন্ধ – চোখের দেখা, হাতের লাঠি।
ঘ. অপাদান সম্বন্ধ – বাঘের ভয়, বৃষ্টির পানি।
ঙ. অধিকরণ সম্বন্ধ – ক্ষেতের ধান, দেশের লোক।

সম্বোধন পদ

সম্বোধন পদ : 'সম্বোধন' শব্দটির অর্থ : আহ্বান। যে পদ দ্বারা কাউকে সম্বোধন বা আহ্বান করে কিছু বলা হয়, তাকে সম্বোধন পদ বলে। কারও দৃষ্টি আকর্ষণ করে নিজের দিকে ফেরানোর ভাষাই হচ্ছে সম্বোধন। ইংরেজিতে বলে 'Vocative Case'। হে, ওহে, ওগো, ওরে, রে, ওলো ইত্যাদি সম্বোধন পদ। **সম্বোধন পদের প্রাচীন রূপ** : অয়ি, বৎস, মাতঃ, পিতঃ, বসুন্ধরে, প্রিয়তমে, ভদ্রে, মহাত্মন, রাজন!

সম্বোধন পদের বৈশিষ্ট্য :

i. বাক্যের ক্রিয়াপদের সঙ্গে সম্পর্ক নেই বলে সম্বোধন পদ কারক নয়।
ii. সম্বোধন পদে নিত্য শূন্য বিভক্তি হয়।
iii. খাঁটি বাংলায় সম্বোধন পদের জন্য কোনো স্বতন্ত্র বিভক্তি নেই।
iv. সম্বোধনে শব্দের মূল রূপের কোনো পরিবর্তন হয় না। মূল শব্দটিই সম্বোধন পদরূপে ব্যবহৃত হয়। যেমন : ওহে মাঝি, আমাকে পার কর। **আরে**, এ যে মড়া! **ওমা**, তোমার চরণ দুটি বক্ষে আমার ধরি। **হে** মাতঃ বঙ্গ, শ্যামল অঙ্গ, ঝলিছে অমল শোভাতে। কহ **হে** দেবি অমৃতভাষিণী! নবকুমার ভীমনাদে ডাকিলেন, **কপালকুণ্ডলে**!

সম্বোধন পদের ক্ষেত্রে কয়েকটি নিয়ম :

i. অনেক সময় সম্বোধন পদের পূর্বে ওগো, ওরে, হে, ওগো, অয়ি প্রভৃতি অব্যয়বাচক শব্দ বসে সম্বোধনের সূচনা করে। যেমন : 'ওগো, তোরা জয়ধ্বনি কর।' 'ওরে, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।' 'অয়ি নিরমল উষা, কে তোমাকে নিরমিল?'
ii. অনেক সময় সম্বন্ধসূচক অব্যয়টি কেবল সম্বোধন পদের কাজ করে থাকে। যেমন : ওগো শুনছ? ও আমার দেশের মাটি, তোমার 'পরে ঠেকাই মাথা।
iii. সম্বোধন পদের পরে অনেক সময় বিস্ময়সূচক চিহ্ন দেওয়া হয়। এ ধরনের বিস্ময়সূচক চিহ্নকে সম্বোধন চিহ্ন বলা হয়ে থাকে। কিন্তু আধুনিক নিয়মে সম্বোধন চিহ্ন স্থানে কমা (,) চিহ্নের প্রয়োগই বেশি হয়। যেমন : ওরে খোকা, যাবার সময়ে একটা কথা শুনে যাস্।
iv. সম্বোধন পদে শূন্য বিভক্তি হয়। সম্বোধন পদের আগে (বা পরে) পদটির লিঙ্গ অনুসারে কতকগুলো অব্যয় শব্দের ব্যবহার হতে পারে। যেমন : ওহে, ওগো, হে, রে, ওরে, ওলো ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

কারক ও বিভক্তি নির্ণয়ের উদাহরণ

৬ কারক নির্ণয়ের ক্ষেত্রে সহায়ক তথ্যকণিকা :

যে প্রশ্ন করে কারক চেনা যায়	কারক	বাক্যের ধরন	বিভক্তি
কে?/কীসে? + ক্রিয়া	কর্তৃকারক	বাক্যের কর্তা প্রধান	শূন্য (প্রথমা)
কী?/কাকে? + ক্রিয়া	কর্মকারক	কর্তার কাজ বোঝাবে	দ্বিতীয়া
কী/কীসের দ্বারা? + ক্রিয়া	করণ কারক	মাধ্যম বা media বোঝাবে	তৃতীয়া
কাকে দান করা হলো?	সম্প্রদান কারক	স্বত্ব ত্যাগ বোঝাবে	চতুর্থী
কী/কীসের/কোথা থেকে? + ক্রিয়া	অপাদান কারক	গৃহীত, উৎপন্ন, ভীত, চলিত, পতিত বোঝাবে	পঞ্চমী
কখন?/কোথায়?/কীভাবে?/ বিষয়ে? + ক্রিয়া	অধিকরণ কারক	স্থান, কাল, বিষয়, ভাব বোঝাবে	সপ্তমী

বাক্যান্তর্গত পদ	কারক ও বিভক্তি
অ	
অর্থে অনর্থ ঘটে	করণে ৭মী
অন্নহীনে অন্ন দাও	সম্প্রদানে ৭মী
অল্প শোকে কাতর অধিক **শোকে** পাথর	করণে ৭মী
অতিবড় বৃদ্ধ পতি **সিদ্ধিতে** নিপুণ	অধিকরণে ৭মী
অবনি **ঘর** পড়ি যায়	অধিকরণে শূন্য
অহংকারে পতন ঘটে	করণে ৭মী
অণুতে গঠিত হিমালয়	করণে ৭মী
অধ্যয়নে বিরত হও	অপাদানে ৭মী
অন্ধকারে জেগে ওঠা	অধিকরণে ৭মী
অবশেষে **তুষারক্ষেত্রে** উপনীত হইলাম	অধিকরণে ৭মী
অগণ্য **উন্নত বৃক্ষ** নিরন্তর পুষ্প বৃষ্টি করিতেছে	কর্তায় শূন্য
অন্তহীন প্রাণের **বিকালতীর্থ** যাত্রা করব	অধিকরণে ৭মী
অনাবৃষ্টির **আকাশ হইতে** যেন আগুন ঝরিয়া পড়িতেছে	অপাদানে ৫মী
অন্ধকার গভীর **নিশীথে** সে মেয়ের হাত ধরিয়া বাহির হইল	অধিকরণে ৭মী
আ	
আজকে নগদ **কালকে** ধার	অধিকরণে ২য়া
আমার ঠিক মনে পড়ছে না	কর্তায় ৬ষ্ঠী
আত্মার সম্পর্কই হল **আত্মীয়**	কর্মে শূন্য
আমরা রোজ **স্কুলে** যাই	অধিকরণে ৭মী
আমার খাওয়া হলো না	কর্তায় ৬ষ্ঠী
আমাকে যেতে হবে	কর্তায় ২য়া
আগুনে সেঁক দাও	করণে ৭মী
আমারি সোনার **ধানে** গিয়েছে ভরি	করণে ৭মী
আজকে তোমায় দেখতে এলাম জগৎ আলো নূরজাহান	অধিকরণে ২য়া
আমারে করহ তোমার বীণা	কর্মে ২য়া
আজকে প্রাণের গো ভাগারে উড়ছে জাঠ **কালাপাহাড়?**	কর্তায় শূন্য
আমার যাওয়া হয়নি	কর্তায় ৬ষ্ঠী
আমার **স্বপন** আধো জাগরণ	কর্মে শূন্য
আকাশের ঐ **তারার** সনে কইব কথা নাই বা তুমি এলে	কর্মে ৬ষ্ঠী
আজ সেখানে গিয়েছিলাম	অধিকরণে শূন্য
আমাদের মতো **শিশুর** আজ্ঞা যদি খাটিত	কর্তায় ৬ষ্ঠী
আকাশে চাঁদ উঠেছে	অধিকরণে ৭মী
আমার **মহেশ** মরে যাবে	কর্তায় শূন্য
আমাকে যত খুশি সাজা দিও	কর্মে ২য়া
আগুনটা ভালো করে জ্বালা	কর্মে শূন্য
আজকাল মানুষ বড়ো মন্দ হয়ে গেছে	অধিকরণে শূন্য
আমেরিকাতে ক্লিন এয়ার অ্যাক্ট আইন পাশ হয়ে যায়	অধিকরণে ৭মী
আমারে লহ তুমি করুণা করে	কর্মে ২য়া
আমরা এই **বায়ুকে** দূষিত বায়ু বলি	কর্মে ২য়া
আবার সে **টাকাটা** ওড়ালি	কর্মে শূন্য
আকাশের ঐ তারার সনে কইব কথা নাই বা **তুমি** এলে	কর্তায় শূন্য

বাক্যান্তর্গত পদ	কারক ও বিভক্তি
আমাদের **চটিজুতো** একজোড়া থাকিত	কর্মে শূন্য
আর **কল্পনায়** বুনেছে কতখানি	করণে ৭মী
আমাদের একটি গল্প বলুন	কর্মে ৬ষ্ঠী
আমা হতে এ কার্য হবে না সাধন	কর্তায় ৫মী
আমি **ঢাকা** যাবো	অধিকরণে শূন্য
আলোয় আঁধার কাটিয়া যায়	করণে ৭মী
আহারের আমাদের **শৌখিনতার** গন্ধও ছিল না	সম্বন্ধ কারক
আমাদের **বাড়ির** দরজি নেয়ামত খলিফা	সম্বন্ধ কারক
আকুল করিয়া তোলে **মন**	কর্মে শূন্য
ই, ঈ	
ইগল পাখিটি উড়ে গেল	কর্তায় শূন্য
ইট-পাথরের বাড়ি বড় শক্ত	করণে ৬ষ্ঠী
ইদের **চাঁদে** খুশির নাচন	করণে ৭মী
ঈর্ষায় অশান্তি বাড়ে	করণে ৭মী
ঈশ্বরে বিশ্বাস হারানো মহাপাপ	অধিকরণে ৭মী
উ, ঊ	
উনার মান গেলে মোরও মান যায়	কর্তায় ৬ষ্ঠী
উপকূল এক্সপ্রেস **ট্রেনে সিলেট** যাচ্ছি	অধিকরণে শূন্য
ঊর্মিমালার **ধাক্কায়** নৌকো ডুবে গেছে	করণে ৭মী
ঊষরমরুতে তপ্ত দাহন সহ্য করা কঠিন	অধিকরণে ৭মী
ঊরুতে আঘাত লেগেছে	অধিকরণে ৭মী
এ	
এর **অধীনে** দায়িত্বভার অর্পণ করুন	কর্মে ৭মী
এই বনে **বাঘের** ভয় নেই	অপাদানে ৬ষ্ঠী
এই **নদীর** মাছ বড়	অধিকরণে ৬ষ্ঠী
এক যে ছিল **রাজা**	কর্তায় শূন্য
একদিন যাব	অধিকরণে শূন্য
এ **জমিতে** সোনা ফলে	অধিকরণে ৭মী
একদিন পাপের ফল ফলিবে	অধিকরণে শূন্য
এ **মেঘে** বৃষ্টি হয় না	অপাদানে ৭মী
এ **সময়** তার দেখা মেলা ভার	অধিকরণে শূন্য
এখনো আমার **মনে** তোমার উজ্জ্বল উপস্থিতি	অধিকরণে ৭মী
এক যে ছিল **চাঁদেরকোনায়** চরকা কাটা বুড়ি	অধিকরণে ৭মী
এবারের সংগ্রাম **স্বাধীনতার** সংগ্রাম	নিমিত্তার্থে ৬ষ্ঠী
এক **দেহে** হল লীন	অধিকরণে ৭মী
একদিন **অমরায়** গিয়ে	অধিকরণে ৭মী
এত **সোনা** মোর ছড়াইয়া দিল কারা	কর্মে শূন্য
এই ছোটো **মেয়েটা** তো কাছেই ভিড়তে পারে না	কর্তায় শূন্য
একখানি যাত্রীর নৌকা **গঙ্গাসাগর হইতে** প্রত্যাবর্তন করিতেছিল	অপাদানে ৫মী
০৪. শম্ভুনাথ বলিলেন না সভায় নয় এখানেই বসিতে হইবে। এ বাক্যের জন্যে বিরামচিহ্নের কোন ক্রমটি ঠিক? [B ১৯-২০]
ক) " , " । খ) " , । " গ) , " , । " ঘ) , " । " উ: গ
Note: শম্ভুনাথ বলিলেন, "না, সভায় নয়, এখানেই বসিতে হইবে।"

০৫. সমুদ্র আমি তোমাকে আদেশ করছি যে আমরা যেখানে বসে আছি তোমার ঢেউ যেন সে জায়গা ভিজিয়ে না দেয়। এ বাক্যের জন্যে বিরামচিহ্নের কোন ক্রমটি ঠিক? [B ১৯-২০]
ক) , ! । , খ) ! , । । গ) , , , । ঘ) , । , , উ: গ
Note: সমুদ্র, আমি তোমাকে আদেশ করছি যে, আমরা যেখানে বসে আছি, তোমার ঢেউ যেন সে জায়গা ভিজিয়ে না দেয়।

০৬. দ্বিতীয় প্রাণীটি উত্তর দিল হ্যাঁ দেখ এদের একটা সামাজিক ব্যবস্থা আছে সমাজবদ্ধ হয়ে থাকে এদের কেউ শ্রমিক কেউ সৈনিক কেউ বুদ্ধিজীবী। এ বাক্যের জন্যে বিরামচিহ্নের কোন ক্রমটি ঠিক? [B ১৯-২০]
ক) ," । । । , , । " খ) " ", , । । , । গ) ", , । । । " ঘ) ", , । , । " উ: ক
Note: দ্বিতীয় প্রাণীটি উত্তর দিল,
'হ্যাঁ। দেখ এদের একটা সামাজিক ব্যবস্থা আছে।
সমাজবদ্ধ হয়ে থাকে। এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী।'

০৭. আমার বলিতে দ্বিধা নাই যে আমি আজ তাঁহাদেরই দলে যাঁহারা কর্মী নন ধ্যানী। এ বাক্যের জন্যে বিরামচিহ্নের কোন ক্রমটি ঠিক? [B ১৯-২০]
ক) , । । খ) , , । গ) । , , ঘ) , । , উ: খ
Note: 'আমার বলিতে দ্বিধা নাই যে, আমি আজ তাঁহাদেরই দলে, যাঁহারা কর্মী নন ধ্যানী।

০৮. কোন বাক্যটিতে যতিচিহ্নের ঠিক ব্যবহার রয়েছে? [F ১৮-১৯]
ক) ৮৩, নিউপল্টন; আজিমপুর-ঢাকা খ) ৮৩, নিউপল্টন, আজিমপুর, ঢাকা।
গ) ৮৩ নিউপল্টন, আজিমপুর; ঢাকা ঘ) ৮৩ নিউপল্টন; আজিমপুর, ঢাকা উ: খ

০৯. যতি চিহ্নের ব্যবহার কোন বাক্যটিতে শুদ্ধ? [B ১৭-১৮]
ক) ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ এম এ, পিএইচডি।
খ) ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ এম, এ; পি- এইচ, ডি।
গ) ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ এম. এ.; পি- এইচ. ডি.।
ঘ) ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ এম. এ., পিএইচ. ডি.। উ: ঘ

১০. পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক বিশেষ্য পদ এক সঙ্গে বসলে শেষ পদটি ছাড়া বাকি সবগুলোর পরে কোন বিরতিচিহ্ন বসবে? [F ১৪-১৫]
ক) হাইফেন খ) কমা গ) ড্যাশ ঘ) দাঁড়ি উ: খ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. সেমিকোলন চিহ্ন কোনটি? [B1 : ২১-২২]
ক) : খ) ; গ) – ঘ) " " উ: খ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. বাংলা বাক্যের শেষে কয়টি বিরাম চিহ্ন ব্যবহৃত হয়? [A : ২১-২২]
ক) ১ খ) ৪ গ) ৩ ঘ) ২ উ: খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

০২. বাংলা ভাষায় যতি বা ছেদচিহ্ন কয়টি? [A : ২১-২২]
ⓚ ১০ ⓚ ৯ ⓖ ১১ ⓘ ১২ উ.খ

Note : বাংলা যতিচিহ্নের সংখ্যাগত মতভেদ রয়েছে। তাই প্রশ্নের ধরন অনুসারে উত্তর দিতে হবে।

০৩. বাক্যের শেষে দাঁড়ির পর কত সেকেন্ড থেমে পরের বাক্য পড়তে হয়? [E ১৭-১৮]
ⓚ এক ⓚ দেড় ⓖ দুই ⓘ আড়াই উ.ক

০৪. একটি অপূর্ণ বাক্যের পর অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন বিরামচিহ্ন ব্যবহৃত হয়? [০৮-০৯]
ⓚ ড্যাশ ⓚ হাইফেন ⓖ কোলন ⓘ উদ্ধরণ চিহ্ন উ.গ

০৫. পূর্ণ বাক্যের শেষে কোন চিহ্ন ব্যবহৃত হয়? [A-১৫-১৬]
ⓚ কমা ⓚ কোলন ⓖ দাঁড়ি ⓘ সেমিকোলন উ.গ

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. বাংলা ভাষায় যতিচিহ্ন কে প্রচলন করেন? [B ১৭-১৮; বেরোবি A ১৬-১৭]
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓚ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓖ প্যারীচাঁদ মিত্র ⓘ প্রমথ চৌধুরী উ.খ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. ড্যাশ (−) চিহ্নে কতক্ষণ বিরতির প্রয়োজন? [A ১৯-২০]
ⓚ এক সেকেন্ড ⓚ দুই সেকেন্ড
ⓖ এক বলার সমপরিমাণ ⓘ বিরতির প্রয়োজন নেই উ.ক

০২. কোনো কথার দৃষ্টান্ত বা বিস্তার বোঝাতে বসে– [AL ১৮-১৯]
ⓚ সেমিকোলন ⓚ ড্যাশ ⓖ কমা ⓘ হাইফেন উ.খ

০৩. নিচের কোন গ্রন্থে প্রথম যতিচিহ্নের সার্থক প্রয়োগ করা হয়? [A1 ১৭-১৮]
ⓚ দুর্গেশনন্দিনী ⓚ বেতাল পঞ্চবিংশতি ⓖ অঙ্গুরীয় বিনিময় ⓘ মেঘনাদবধ কাব্য উ.খ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. বিরামচিহ্ন ব্যবহারে কার অবদান প্রধান? [A ১৬-১৭]
ⓚ রামমোহন ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓘ প্রমথ চৌধুরী উ.গ

০২. যেকোনো প্রসঙ্গ অবতারণার পূর্বে কোন চিহ্ন বসে? [A ১৬-১৭]
ⓚ কোলন ⓚ সেমিকোলন ⓖ হাইফেন ⓘ বন্ধনী উ.ক

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. 'কমা'র আর এক নাম কী? [B ১৯-২০; জাবি B ১৭-১৮]
ⓚ পাদটিকা ⓚ পাদচ্ছেদ ⓖ পাদপদ্ম ⓘ পাদ বন্ধন উ.খ

০২. 'দাঁড়ি' চিহ্নের অপর নাম– [খ ০৮-০৯]
ⓚ পাদচ্ছেদ ⓚ পূর্ণচ্ছেদ ⓖ ছেদচিহ্ন ⓘ যতিচিহ্ন উ.খ

০৩. কোন বিরামচিহ্নে থামার প্রয়োজন নেই? [B-১৫-১৬]
ⓚ - ⓚ : ⓖ ; ⓘ " " উ.[illegible]

০৪. কতটি যতিচিহ্নের থামার প্রয়োজন হয়? [B -১৩-১৪]
ⓚ ২ টি ⓚ ৭ টি ⓖ ৮ টি ⓘ ১১ টি উ.গ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. জটিল কিংবা যৌগিক বাক্যের ক্ষেত্রে ব্যবহৃত হয়– [C ১৭-১৮]
ⓚ কমা ⓚ সেমিকোলন ⓖ কোলন ⓘ হাইফেন উ.[illegible]

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. বাক্যে সমজাতীয় একাধিক পদের ব্যবহার হলে কোন বিরামচিহ্ন বসে? [D ১৯-২০; জবি খ ০৫-০৬]
ⓚ কমা ⓚ সেমিকোলন ⓖ কোলন ⓘ হাইফেন উ.[illegible]

০২. সম্বোধন পদে কোন যতিচিহ্ন বসে? [E ১৭-১৮; রাবি E ১৭-১৮]
ⓚ কমা ⓚ ড্যাশ ⓖ হাইফেন ⓘ সেমিকোলন উ.[illegible]

০৩. প্রত্যক্ষ উক্তির পূর্বে কোন যতিচিহ্নের ব্যবহার হয়ে থাকে? [E ১৭-১৮]
ⓚ কমা ⓚ কোলন ⓖ সেমিকোলন ⓘ হাইফেন উ.[illegible]

০৪. পূর্ণ বাক্যের শেষে বসে এমন বিরামচিহ্নের সংখ্যা– [F ১৭-১৮]
ⓚ ২টি ⓚ ৩টি ⓖ ৪টি ⓘ ৫টি উ.গ

০৫. বাক্যের মধ্যে বসে এমন বিরামচিহ্নের সংখ্যা– [F ১৭-১৮]
ⓚ ১২ টি ⓚ ১৭ টি ⓖ ৪ টি ⓘ ৬ টি

Note : বাক্যের মধ্যে বসে এমন বিরামচিহ্নের সংখ্যা ৭টি। যথা : কমা (,), সেমিকোলন (;), হাইফেন (-), ড্যাশ (−), কোলন (:), কোলন ড্যাশ (:-), বিন্দু (.) [সূত্র : বাংলা একাডেমি প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ]।

০৬. ব্যাখ্যাযোগ্য পদে কোন ধরনের উদ্ধৃতিচিহ্নের ব্যবহার হয়? [F ১৭-১৮]
ⓚ একক উদ্ধৃতিচিহ্ন ⓚ দ্বৈত উদ্ধৃতিচিহ্ন ⓖ 'ক' এবং 'খ' উভয়ই ⓘ একটিও নয় উ.[illegible]

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

০১. সেমিকোলনের (;) বিরতিকাল কতক্ষণ? [FSSS : ২৩-২৪; রাবি-A : ১৭-১৮]
ⓚ এক (১) বলতে যে সময় লাগে ⓚ এক (১) বলার দ্বিগুণ সময়
ⓖ এক সেকেন্ড ⓘ দুই সেকেন্ড
ⓢ থামার প্রয়োজন নেই উ.[illegible]

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. সম্বোধনে কোন বিরামচিহ্ন বসে? [Science : ২১-২২]
ⓚ দাঁড়ি ⓚ কমা ⓖ কোলন ⓘ ড্যাস উ.[illegible]

SELF TEST MCQ

০১. 'উদ্ধৃতি চিহ্ন' কোথায় বসে?
ⓚ বাক্যের শেষে ⓚ শ্লেষাত্মক বাক্যের মাঝে ⓖ সংলাপে ⓘ প্রশ্নবোধক বাক্যে

০২. কোলন ড্যাশ কোনটি?
ⓚ : ⓚ :– ⓖ – ⓘ ,

০৩. বিরামচিহ্ন কোনটির আলোচ্য বিষয়?
ⓚ ধ্বনিতত্ত্ব ⓚ বাক্যতত্ত্বের ⓖ শব্দতত্ত্ব ⓘ ক ও গ উভয়ই

০৪. যতি বা ছেদ কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ⓚ আরবি ⓚ সংস্কৃত ⓖ ফারসি ⓘ ইংরেজি

০৫. দুটি অধীন বাক্যের মধ্যে অর্থের ঘনিষ্ঠতা নির্দেশ করতে কোন যতিচিহ্ন ব্যবহৃত হয়?
ⓚ কমা ⓚ কোলন ⓖ সেমিকোলন ⓘ বিকল্পচিহ্ন

০৬. বাড়ি বা রাস্তার নম্বরের পর কোন চিহ্ন বসে?
ⓚ দাঁড়ি ⓚ সেমিকোলন ⓖ কোলন ⓘ কমা

০৭. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন কোন চিহ্নের?
ⓚ সেমিকোলন ⓚ কোলন ⓖ কোলন ড্যাশ ⓘ হাইফেন

০৮. হৃদয়াবেগ প্রকাশ করতে হলে কোন চিহ্ন বসে?
ⓚ কমা ⓚ বিস্ময়সূচক ⓖ সেমিকোলন ⓘ ড্যাশ

০৯. নামের পূর্বে ডিগ্রিসূচক পরিচয় সংযোজিত হলে সেগুলোর প্রত্যেকটির পরে কোন যতিচিহ্ন বসে?
ⓚ ড্যাশ ⓚ কোলন ⓖ কমা ⓘ সেমিকোলন

১০. উদ্ধরণ চিহ্নের পূর্বে কোন চিহ্ন বসে?
ⓚ সেমিকোলন ⓚ কমা ⓖ দাঁড়ি ⓘ ড্যাস

১১. কোনো বর্ণ বিশেষের লোপ বোঝাতে কোন চিহ্ন বসে?
ⓚ কমা ⓚ উদ্ধরণ ⓖ বন্ধনী ⓘ ইলেক বা লোপ চিহ্ন

১২. উদাহরণ বা দৃষ্টান্ত প্রয়োগ করতে হলে কোন চিহ্ন বসে?
ⓚ ড্যাশ ⓚ কোলন ⓖ ইলেক ⓘ সেমিকোলন

১৩. প্রথম বন্ধনী সাহিত্যে কী অর্থে ব্যবহৃত হয়?
ⓚ বর্ণনামূলক অর্থে ⓚ প্রশ্নবোধক অর্থে
ⓖ ব্যাখ্যামূলক অর্থে ⓘ বিরতি অর্থে

১৪. ধাতু বোঝাতে কোন চিহ্ন বসে?
ⓚ ( ) ⓚ < ⓖ > ⓘ √

১৫. লেখার সময়ে কোনো কথা অব্যক্ত রাখতে চাইলে কোন বিরামচিহ্ন ব্যবহার করা হয়?
ⓚ বিন্দু ⓚ ত্রিবিন্দু
ⓖ কমা ⓘ কোলন

OMR

০১.ⓚⓚⓖⓘ	০২.ⓚⓚⓖⓘ	০৩.ⓚⓚⓖⓘ	০৪.ⓚⓚⓖⓘ	০৫.ⓚⓚⓖⓘ
০৬.ⓚⓚⓖⓘ	০৭.ⓚⓚⓖⓘ	০৮.ⓚⓚⓖⓘ	০৯.ⓚⓚⓖⓘ	১০.ⓚⓚⓖⓘ
১১.ⓚⓚⓖⓘ	১২.ⓚⓚⓖⓘ	১৩.ⓚⓚⓖⓘ	১৪.ⓚⓚⓖⓘ	১৫.ⓚⓚⓖⓘ

Answer

১৫.খ	১৪.ঘ	১৩.গ	১২.খ	১১.ঘ	১০.খ	০৯.গ	০৮.খ
০৭.ক	০৬.ঘ	০৫.গ	০৪.ঘ	০৩.খ	০২.খ	০১.গ	

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ২৯ বাগর্থের শ্রেণি

প্রাসঙ্গিক আলোচনা

ভাষা ব্যবহারের প্রধান উদ্দেশ্য মনের ভাব প্রকাশ করা। মনের ভাব প্রকাশ করতে মানুষ শব্দ ও শব্দগুচ্ছ ব্যবহার করে। এগুলোর অর্থই মূলত বক্তা ও শ্রোতার মধ্যে সংযোগ ঘটায়। শব্দের বৈচিত্র্যময় অর্থকে বাগর্থ বলে।

অর্থের শ্রেণিবিভাগ

শব্দের অর্থ অন্তত দুই রকমের। কোথাও শব্দের গাঠনিক উপাদানগুলোর অর্থ প্রাধান্য পায়, আবার কোথাও গাঠনিক অর্থ ছাপিয়ে শব্দের ভিন্ন অর্থ তৈরি হয়। এই দুই ধরনের অর্থের নাম : বাচ্যার্থ ও লক্ষ্যার্থ।

ব্যবহার : শব্দ দুটি অর্থে ব্যবহার করা হয়। যথা : ক. বাচ্যার্থ ও খ. লক্ষ্যার্থ।

বাচ্যার্থ :

একটি শব্দ শোনার সঙ্গে সঙ্গে আমাদের মনে যে ছবি বা বোধ জেগে ওঠে, সেটাই শব্দটির বাচ্যার্থ। অভিধানে অর্থ গ্রহণের বেলায় শব্দের বাচ্যার্থকে প্রাধান্য দেওয়া হয়। অর্থাৎ যেসব শব্দ তাদের আভিধানিক অর্থে ব্যবহৃত হয়, ঐ আভিধানিক অর্থই তাদের বাচ্যার্থ। 'মাথা' শব্দটি শোনার সঙ্গে সঙ্গে শরীরের উর্ধ্বাঙ্গের যে ছবি মনে ভেসে ওঠে, তা-ই 'মাথা' শব্দের বাচ্যার্থ। গরুর একটি মাথা আছে। এখানে 'মাথা' বলতে গরুর 'দেহের অঙ্গবিশেষ'-কে বোঝাচ্ছে। এটি 'মাথা' শব্দের আভিধানিক অর্থ বা বাচ্যার্থ। বাচ্যার্থ হলো শব্দের মুখ্য অর্থ। এই অর্থকে আক্ষরিক অর্থও বলা হয়ে থাকে।

লক্ষ্যার্থ :

বক্তা তার উদ্দেশ্য অনুযায়ী বাচ্যার্থকে উপেক্ষা করে শব্দের আলাদা অর্থ তৈরি করে নিতে পারে। এই আলাদা অর্থের নাম লক্ষ্যার্থ। অর্থাৎ যেসব শব্দ তাদের আভিধানিক অর্থে ব্যবহৃত না হয়ে, অন্য অর্থে ব্যবহৃত হয়, ঐ অন্য অর্থগুলোই তাদের লক্ষ্যার্থ। যেমন : তিনি গ্রামের মাথা। এখানে 'মাথা' শব্দ শোনার পরে শ্রোতার মনে শরীরের উর্ধ্বাঙ্গের কোনো ছবি ভেসে ওঠে না, মাননীয় কোনো ব্যক্তির ছবি ভেসে ওঠে। লক্ষ্যার্থকে গৌণার্থ বা লাক্ষণিক অর্থ বলা হয়ে থাকে। আরেকটি উদাহরণ : ছেলেটির মাথা ভালো। এখানে 'মাথা' বলতে 'মেধা' বোঝাচ্ছে। এটি 'মাথা' শব্দের আভিধানিক অর্থে নয়, বরং অন্য অর্থ। এ অন্য অর্থটিই 'মাথা' শব্দের লক্ষ্যার্থ।

শব্দের বাচ্যার্থ ও লক্ষ্যার্থের পার্থক্য নানাভাবে হয়ে থাকে। যেমন :

শব্দের উৎকর্ষ প্রাপ্তিতে : 'আকাশ কুসুম ভাবনা।' এখানে ভাবনার সঙ্গে আকাশ বা কুসুমের কোনো সম্পর্ক নেই। এর অর্থ 'অসম্ভব কল্পনা'।

শব্দের অপকর্ষ (বা অধোগতি) বোঝাতে : ছেলেটি বড় জ্যাঠামি করছে। এখানে 'জ্যাঠামি' শব্দের সঙ্গে 'জ্যাঠা' র (পিতার বড় ভাইয়ের) কোনো সম্পর্ক নেই; শব্দটি ব্যবহৃত হয়েছে 'পাকামি' অর্থে।

শিষ্টরীতি বা রীতিসিদ্ধ প্রয়োগঘটিত : ছেলেটি তার বাবার মুখ রেখেছে। এখানে 'মুখ' বলতে 'দেহের অঙ্গবিশেষ' বোঝায় না, বোঝায় 'মান' বা 'সম্মান'।

শব্দের অর্থ সঙ্কোচে : তিনি আমার বৈবাহিক। এখানে 'বৈবাহিক' শব্দ 'বিবাহ সূত্রে সম্পর্কিত' অর্থ বোঝাচ্ছে না; বরং ছেলে বা মেয়ের শ্বশুর সম্পর্কিত ব্যক্তিকে বোঝাচ্ছে।

শব্দের অর্থান্তর প্রাপ্তিতে : ছেলের শ্বশুরবাড়িতে তত্ত্ব পাঠানো হয়েছে। এখানে 'তত্ত্ব' শব্দটি তার আভিধানিক অর্থ 'সংবাদ' বোঝাচ্ছে না। বরং বোঝাচ্ছে 'উপঢৌকন। একে নতুন অর্থের আগম বলা যায়। কাজেই দেখা যায়, কোনো শব্দ তাদের আভিধানিক অর্থ ছাড়াও বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়।

শব্দের অর্থ পরিবর্তন

ভাষার স্বাভাবিক বিবর্তন প্রক্রিয়ায় শব্দের অর্থ কখনো প্রসারিত হয়, কখনো সংকুচিত হয়; কখনো অর্থের উন্নতি ঘটে, কখনো অবনতি ঘটে; আবার শব্দ কখনো সম্পূর্ণ ভিন্ন অর্থ গ্রহণ করে। অর্থের এসব পরিবর্তন প্রক্রিয়াকে নিম্নোক্ত ভাগে ভাগ করা যেতে পারে।

অর্থপ্রসার :

একটি শব্দ পূর্বে যে অর্থ প্রকাশ করতো, তার থেকে আরো ব্যাপক অর্থ প্রকাশ করলে বুঝতে হয় অর্থপ্রসার ঘটেছে। যেমন– 'অঞ্চল' শব্দের মূল অর্থ শাড়ির পাড়। অঞ্চল থেকে উদ্ভূত আঁচল শব্দটি এখনও তা নির্দেশ করে। তবে অঞ্চল শব্দটি এখন শাড়ির পাড় নির্দেশের পাশাপাশি এলাকা অর্থে ব্যবহৃত হয়। একইভাবে 'বর্ষ' শব্দের পূর্ববর্তী অর্থ বর্ষাকাল, প্রসারিত অর্থ 'বছর' (ছয় ঋতু সংবলিত)।

অর্থসংকোচ :

অর্থসংকোচের ফলে একটি শব্দের পূর্ববর্তী অর্থের ব্যাপ্তি কমে। যেমন এক সময়ে 'মৃগ' শব্দের দ্বারা সকল পশুকে বোঝানো হতো। এর উদাহরণ পাওয়া যায় 'মৃগয়া', 'মৃগরাজ' প্রভৃতি শব্দের অর্থে। শব্দ দুটির অর্থ যথাক্রমে : পশুশিকার ও পশুদের রাজা। কিন্তু অর্থ সংকোচনের ফলে 'মৃগ'র অর্থ দাঁড়িয়েছে কেবল হরিণ। আবার এক সময়ে 'অন্ন' বলতে বোঝানো হতো যে-কোনো খাদ্য (মিষ্টান্ন, পলান্ন)। কিন্তু এখন 'অন্ন' বলতে বোঝানো হয় 'ভাত'।

অর্থের উন্নতি :

একটি শব্দের অর্থ আগের চেয়ে ভালো অর্থ ধারণ করতে পারে। অর্থের এরূপ পরিবর্তনকে বলা হয় অর্থের উন্নতি। যেমন 'অপরূপ' শব্দটি পূর্বে নির্দেশ করত শ্রীহীনতাকে, এখন এটি অনির্বচনীয় সৌন্দর্যকে নির্দেশ করে। কিংবা 'সাহস' শব্দের পূর্বতন অর্থ চুরি, ডাকাতি প্রভৃতি কাজ কিন্তু বর্তমান অর্থ নির্ভীকতা, ঝুঁকিপূর্ণ কাজে উদ্যম।

অর্থের অবনতি :

ইতিবাচক অর্থের শব্দ নেতিবাচক অর্থে ব্যবহৃত হওয়াকে অর্থের অবনতি বলে। যেমন দ্বন্দ্ব শব্দের অর্থ ছিল মিলন (দ্বন্দ্ব সমাস), এখন এর অর্থ : বিরোধ। কিংবা 'জেঠামি' শব্দটি জেঠা-সংশ্লিষ্ট হয়ে সম্মানিত বোঝাতে পারত। কিন্তু তা ব্যবহৃত হয় 'পাকামি' অর্থে বা হেয়-অর্থে 'জ্যাঠার ভাব' বোঝাতে। বাংলাদেশে 'রাজাকার' শব্দটি এভাবে নেতিবাচক অর্থ লাভ করেছে।

অর্থ-বদল :

অর্থের সংকোচন ও প্রসারণের ফলে কখনো শব্দের অর্থটি এমন দূরবর্তী হয়ে ওঠে যে, তা থেকে শব্দটির মূল অর্থ উদ্‌ঘাটন করা কঠিন হয়ে পড়ে। 'পাষণ্ড' শব্দের অর্থ ছিল 'ধর্মসম্প্রদায়'। তবে পরিবর্তিত হয়ে এর অর্থ দাঁড়িয়েছে 'ধর্মদ্রোহী উৎপীড়ক কিংবা নিষ্ঠুর'। আবার 'গবাক্ষ' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ গরুর চোখ। এখন 'গবাক্ষ' শব্দের অর্থ হয়েছে 'জানালা'।

বাক্যে অর্থ পরিবর্তন

শব্দের অর্থগত পরিবর্তন কেবল রূপমূলের অর্থের মধ্যে সীমিত থাকে না। বাক্যে প্রয়োগভেদে শব্দের নানারকম অর্থ-বৈচিত্র্য তৈরি হতে পারে। তাছাড়া এমনিতেও একটি শব্দের দ্বি-অর্থবাচকতা বা বহু-অর্থবাচকতা থাকতে পারে। এমনকি বাকভঙ্গির কারণে অর্থ-ভিন্নতা পাওয়া যায়। যেমন :

০১. (ক) সে মাথায় আঘাত পেয়েছে।
(খ) তিনি আমাদের গ্রামের মাথা।
(গ) সে রাস্তার মাথায় অপেক্ষা করেছে।
(ঘ) আদর দিয়ে দিয়ে ছেলেটাকে মাথায় তুলেছে।

০২. (ক) সে আমাদের রক্ষাকর্তা।
(খ) হ্যাঁহ, সে আমাদের রক্ষাকর্তা বটে।

দাগ-অঙ্কিত শব্দগুলোর দিকে তাকালে দেখা যা, উদাহরণ ১-এ 'মাথা' শব্দটি বাক্যের প্রেক্ষাপটে নানা রকম অর্থ তৈরি করেছে। উদাহরণ ২-এ বাকভঙ্গির কারণে এক বাক্যই ভিন্ন অর্থ উৎপাদন করছে। আসলে শব্দের অর্থ-বৈচিত্র্যের ব্যাপারটিকে সূত্র বা নিয়ম দিয়ে ব্যাখ্যা করা যায় না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিশেষ্য পদের প্রয়োগ

মাথা

- মাথা (বুদ্ধি)– ছেলেটার অঙ্কে মাথা নেই।
- মাথা (লাভ)– লেখাপড়া করে হবে কি মাথা!
- মাথা (শ্রেষ্ঠ ব্যক্তি)– চৌধুরী সাহেব সমাজের মাথা।
- মাথা কাটা যাওয়া (অত্যন্ত লজ্জা পাওয়া)– তোমার এমন কাজে আমার মাথা কাটা গেল।
- মাথা দেওয়া (সাহায্য করা)– বিপদ-আপদে যে মাথা দেয়, সে-ই প্রকৃত বন্ধু।
- মাথা ধরা (মাথায় যন্ত্রণা হওয়া)– ওষুধ খেয়ে রোগীর মাথা ধরেছে।
- মাথা পাতা (সম্মত হওয়া)– এ কাজে আমি মাথা পাততে পারি না।
- মাথায় আসা (বোধগম্য হওয়া)– অঙ্কটি কিছুতেই আমার মাথায় আসছে না।
- মাথা খাওয়া (নষ্ট করা)– অতি আদর দিয়ে ছেলেটার মাথা খেয়ো না।
- মাথা ঠেকান (প্রণাম করা)– ও আমার দেশের মাটি, তোমার 'পরে ঠেকাই মাথা।

হাত

- হাত করা (বশীভূত করা)– চাকরটাকে হাত করে চোর ঘরে ঢুকেছে।
- হাত থাকা (প্রভাব)– এ ব্যাপারে আমার হাত নেই।
- হাতে পাওয়া (আয়ত্তে পাওয়া)– অনেকদিন পর তাকে হাতে পেয়েছি।
- হাত পাতা (অনুগ্রহ চাওয়া)– আমি তার কাছে হাত পাততে পারব না।
- হাত দেওয়া (কাজে লাগান)– এক সপ্তাহ ধরে কাজটিতে হাত দিতে পারি না।
- হাতটান (চুরির অভ্যাস)– হাতটানের জন্য চাকরটাকে বিদায় দেওয়া হয়েছে।
- হাত তোলা (প্রহার করা)– গরিবের গায়ে হাত তোলা ভালো নয়।
- হাত দেখা (ভাগ্য গণনা করা)– জ্যোতিষী তার হাত দেখেছে।
- হাতে খড়ি হওয়া (প্রাথমিক শিক্ষা)– শিরিনের হাতে খড়ি হয়েছে।
- হাতে যশ (সুখ্যাতি)– ডা. ইসলাম সাহেবের হাত যশ আছে।
- হাত চালা (তাড়াতাড়ি করা)– একটু হাত চালাও বাছারা, অনেক কাজ যে বাকি।
- হাতজোড় করা (ক্ষমা চাওয়া)– আর বকো না; তোমার কাছে হাতজোড় করছি।
- হাত পাকা (দক্ষ হওয়া)– চেষ্টা করলেই হাত পাকাতে পারবে।

মুখ

- মুখ রাখা (মান রাখা)– ছেলেটা তার বাবার মুখ রেখেছে।
- মুখ উজ্জ্বল করা (গৌরব বাড়ানো)– সুপুত্র বংশের মুখ উজ্জ্বল করতে পারে।
- মুখ চাওয়া (নির্ভর করা)– আমি তার মুখ চেয়ে বসে আছি।
- মুখ তোলা (প্রসন্ন হওয়া)– খোদা দরিদ্র লোকটির দিকে মুখ তুলে চেয়েছেন।
- মুখে খই ফোটা (বেশি কথা বলা)– মনে হয়, বক্তার মুখে যেন খই ফুটছে।
- মুখ সামলানো (সংযত হওয়া)– খবরদার, মুখ সামলিয়ে কথা বলো।
- মুখ করা (তিরস্কার করা)– আমি আপনার খাই, না পরি; আমাকে মুখ করছেন কেন?
- মুখ চুন করা (লজ্জা পাওয়া)– ছোট ভাইয়ের অভদ্র ব্যবহারে আমার মুখ চুন হয়েছে।
- মুখ ভার করা (অভিমান করা)– মুখ ভার করে বসে থেকে কি লাভ?
- মুখ ফুটে বলা (সাহস করে বলা)– এ সামান্য কথাটা মুখ ফুটে তুমি বলতে পারবে না।
- মুখচোর (লাজুক)– তার মতো মুখচোরা ছেলে আবার আইন পড়ে।
- মুখবন্ধ (ভূমিকা)– মুখবন্ধে বইটির সংক্ষিপ্ত পরিচয় আছে।
- মুখ লাল হওয়া (রাগান্বিত হওয়া)– তার কথা শুনে কবির সাহেবের মুখ লাল হয়ে গিয়েছিল।

চোখ

- চোখ দেখা (চোখ পরীক্ষা করা)– ডাক্তার সাহেব রোগীর চোখ দেখে চশমা নিতে বললেন।
- চোখ উঠা (চক্ষুরোগ বিশেষ)– ছেলেটির চোখ উঠেছে।
- চোখ ঠার (চোখ দিয়ে ইশারা করা)– আমি যে তোমাকে চোখ ঠারতে (টিপতে) দেখেছি।
- চোখ ফোটা (প্রকৃত জ্ঞান হওয়া)– কবে যে তোমার চোখ ফুটবে কে জানে।
- চোখ রাখা (দৃষ্টি রাখা)– ছেলেটির প্রতি একটু চোখ রেখো।
- চোখ খোলা (বোধ হওয়া)– এ বিষয়ে আমার কতখানি চোখ খুলে গেছে সে তা জানে না।
- চোখে ধুলো দেওয়া (ঠকানো)– পরের চোখে ধুলো দিয়ে আর কতদিন চলবে?
- চোখের মাথা খাওয়া (না দেখা)– পা মাড়িয়ে যাও কেন, চোখের মাথা খেয়েছো?
- চোখের দেখা (দর্শন)– মাঝে মাঝে চোখের দেখা দিও, বন্ধু।
- চোখ টাটানো (ঈর্ষা হওয়া)– পরের মঙ্গল দেখলে তোমার এত চোখ টাটায় কেন, বল তো?

কথা

- কথা দেওয়া (প্রতিশ্রুতি দেওয়া)– দশটি টাকা দেবো বলে তাকে আমি কথা দিয়েছি।
- কথা চলা (প্রস্তাব হওয়া)– আমাদের গ্রামে একটি হাইস্কুল খোলার কথা চলছে।
- শেষ কথা (শেষ জবাব)– সে কোনো সাহায্য পাবে না; এ-ই আমার শেষ কথা।
- কথা (তুলনা)– বড় লোকের ছেলে তুমি, তোমার সঙ্গে কার কথা!

গা

- গায়ে মাখা (গ্রাহ্য করা)– ছেলেটি বড় বেহায়া; কোন কথাই গায়ে মাখে না।
- গা ঢাকা দেওয়া (আত্মগোপন করা)– অন্ধকারে লোকটা গা ঢাকা দিল।
- গায়ে হাত তোলা (প্রহার করা)– গরিবের গায়ে হাতে তুলো না।
- গায়ে কাঁটা দেওয়া (রোমাঞ্চিত হওয়া)– সেই রাতের কথা মনে পড়তে আমার গা এখনও কাঁটা দিয়ে ওঠে।
- গা করা (মন দেওয়া)– বসে থেকে কি হবে? গা করে কাজ করো।
- গা জুড়ানো (স্বস্তি পাওয়া)– তোমার ঐ দশটি টাকায় আমার গা জুড়াবে না।

মন

- মন উঠা (সন্তুষ্ট হওয়া)– যতই দাও না কেন, তার কিন্তু মন উঠবে না।
- মন পড়া (পছন্দ হওয়া)– মেয়েটিতে তার মন পড়েছে।
- মন লাগা (মনোযোগ হওয়া)– কিছুতেই কাজে মন লাগছে না।
- মনে পড়া (স্মরণে আসা)– কবিতার লাইনটা মনে পড়ছে না।
- মনে ধরা (পছন্দ হওয়া)– কলমটি আমার মনে ধরেছে।
- মন পাওয়া (ভালোবাসা পাওয়া)– এতো করেও তোমার মন পাইনি।
- মনের মিল (সদ্ভাব)– ওদের দুজনের মধ্যে মনের মিল নেই।
- মন কষাকষি (মনোমালিন্য)– সম্পত্তি নিয়ে উভয়ের মধ্যে মন কষাকষি আছে।

বুক

- বুক বাঁধা (মন দৃঢ় করা)– পিতৃহীন ছেলেটি বুক বেঁধে জীবন সংগ্রামে নেমেছে।
- বুক ফাটা (হৃদয় বিদীর্ণ হওয়া)– কোন কোন মেয়ের বুক ফাটলেও মুখ ফোটে না।
- বুকের পাটা (সাহস)– কেঁচো দেখলে যে ভয় পায়, তার আবার বুকের পাটা।
- বুক পাতা (সাহায্য করা)– প্রকৃত মানুষ যাঁরা, তাঁরা পরের জন্য বুক পাততে পারেন।
- বুক ফুলা (গর্ব করা)– ছেলের চাকরি হওয়ায় বুড়োর বুক ফুলেছে।
- বুকে লাগা (আঘাত পাওয়া)– তোমার কঠোর বাক্য বন্ধুর বুকে লেগেছে।
- বুক লাগান (সাহায্য করা)– পরের বিপদে বুক লাগান মহত্ত্বের কাজ।

কান

- কান দেওয়া (শোনা)– কারো কথায় সে কান দেয় না।
- কানে ওঠা (কর্ণগোচর হওয়া)– তোমার অপরাধের কথা তোমার বাবার কানে উঠেছে।
- কান পাতা (শোনার জন্য মনোযোগ দেওয়া)– দুষ্ট ছেলেটি বুড়োদের আলাপে কান পেতে থাকে।
- কানে তোলা (কথা উত্থাপন করা)– এসব তুচ্ছ কথা তার কানে তুলে লাভ নেই।
- কানে বাজা (রেশ থাকা)– তার কথাগুলো এখনো আমার কানে বাজছে।
- কানে লাগা (শুনতে মধুর লাগা)– ছোট শিশুর কথা কানে লাগে।
- কান ভাঙা (কুমন্ত্রণা দেওয়া)– আত্মসিদ্ধির জন্য অন্যের কান ভাঙা উচিত নয়।
- কান ভার করা (সন্দেহ সৃষ্টি করা)– ছোট ভাইয়ের বিরুদ্ধে নানা কথা বলে স্বামীর কান ভার করল মীরা।

পা

- পা বাড়ানো (অগ্রসর হওয়া)– পা বাড়িয়ে চল; সাফল্য তোমার আসবেই।
- পা চালান (দ্রুতবেগে চলন)– অফিসের সময় হওয়াতে সে পা চালিয়ে চলে গেল।
- পায়ে ঠেলা (তুচ্ছ করা)– হাতের লক্ষ্মী পায়ে ঠেলো না।
- পায়ে পড়া (ক্ষমা চাওয়া)– কৃত অপরাধের জন্য ছাত্রটি শিক্ষকের পায়ে পড়ল।
- পায়ে ধরা (অনুরোধ করা)– ওর মতো কৃপণের পায়ে ধরলেও দুটি টাকা পাবে না।
- পা চাটা (হীন খোশামোদ করা)– দুমুঠো ভাতের জন্য কারো পা চাটাতেও তার আপত্তি নেই।
- পায়ে তেল দেওয়া (তোষামোদ করা)– কর্তার পায়ে তেল দিয়ে প্রমোশন আমি চাই না।
- পায়ে রাখা (আশ্রয় দেওয়া)– এতিম ছেলেটাকে অন্তত পায়ে রাখুন।

কাজ

- কাজ দেওয়া (সাহায্য করা)– ভালো গাড়ি পুরনো হলেও কাজ দেয়।
- কাজ হওয়া (প্রয়োজন সিদ্ধ হওয়া)– শিক্ষা ছাড়া জীবনে টাকাতে কাজ হয় না।
- কাজে লাগা (প্রয়োজনে আসা)– ছেঁড়া চাদরটি রেখে দাও; কাজে লাগবে।
- কাজ পাওয়া (কর্মের সংস্থান হওয়া)– অনেক চেষ্টা করে সে একটা ভালো কাজ পেয়েছে।
- কাজ যাওয়া (চাকরি যাওয়া)– চরিত্রহীনতার অপরাধে তার কাজ গিয়েছে।
- কাজ হাসিল করা (উদ্দেশ্য সিদ্ধ হওয়া)– কেবল মধুর কথায় কাজ হাসিল করা যায় না।
- কাজের বার হওয়া (অকেজো হওয়া)– কলমটি কাজের বার হয়ে গিয়েছে।

বিশেষণ পদের প্রয়োগ

পাকা

- পাকা (পক্ব)- বাদুড় খায় পাকা কলা, ভক্তে খায় পান।
- পাকা (পূর্ণ বয়স)- পাকা হাতে অনেক সই করা যায়।
- পাকা (অভিজ্ঞ)- রহমান সাহেব পাকা ডাক্তার।
- পাকা (খাঁটি)- পাকা সোনার অলংকার টিকে বেশি।
- পাকা (স্থায়ী)- পাকা রঙের শাড়ি দামে সস্তা নয়।
- পাকা (সাদা)- বুড়ার পাকা চুলের বহর দেখো।
- পাকা (নিখুঁত)- পাকা কাজে খুঁত থাকে না।
- পাকা (নিপুণ)- পাকা ব্যবসায়ীর হিসেবে ভুল নেই।
- পাকা (সম্পূর্ণ)- এ কাজটি করতে সাহেবের পাকা সপ্তাহ লেগেছে।

কাঁচা

- কাঁচা ইট (অপোড়া ইট)- কাঁচা ইটের দালান ধসে পড়ে যাবে।
- কাঁচা মাংস (অপক্ব মাংস)- আদিম যুগে মানুষ কাঁচা মাংস খেত।
- কাঁচা লোক (অনিপুণ লোক)- মতিন সাহেব কাঁচা লোক নন।
- কাঁচা ঘুম (সদ্য ঘুম)- ছেলেটিকে কাঁচা ঘুমে ডেকো না।
- কাঁচা রং (অস্থায়ী রং)- শাড়িখানির রং কাঁচা।
- কাঁচা হাত (অনিপুণ হাত)- কাঁচা হাতের লেখা, কত আর ভালো হবে।
- কাঁচা পয়সা (নগদ পয়সা)- আমিনুদ্দীন যুদ্ধের বাজারে প্রচুর কাঁচা পয়সা করেছিল।
- কাঁচা বয়স (অল্প বয়স)- কাঁচা বয়সে সব ছেলেমেয়েই বেয়াড়া হয়।
- কাঁচা মাথা (অপক্ব)- ছেলেটির অঙ্কে কাঁচা মাথা বলে প্রতি বছরই ফেল করে।

মোটা

- মোটা (স্থূল)- মোটা বুদ্ধিতে সব কাজ হয় না।
- মোটা (অমসৃণ)- মোটা কাপড় আমি পারি না।
- মোটা (মিহি নয় এমন)- মোটা ভাত ও মোটা কাপড়েই সে তুষ্ট।
- মোটা (বড়)- মোটা কলমে ভালো লেখা হয়।
- মোটা (জোর)- সব সময় মোটা গলায় কথা বলো না।
- মোটা (খারাপ)- কাউকে মোটা কথা বলা ভালো নয়।
- মোটা (বেশি)- মোটা আয়ের লোক গরিবকে চোখে দেখে না।
- মোটা (প্রচুর)- মোটা ধার নিলে শেষে শোধ করতে পারবে না।

কড়া

- কড়া (কঠোর)- কড়া কথায় কারো মনে আঘাত দিয়ো না।
- কড়া (প্রখর)- কড়া রোদে দৌড়ান ভালো নয়।
- কড়া (মেজাজি)- বড় কর্তা কড়া লোক।
- কড়া (তীব্র)- কড়া ওষুধে সহসায় রোগ সারে।
- কড়া (সতর্ক)- বাড়িতে কড়া পাহারা দিতে হচ্ছে।
- কড়া (খুব বেশি)- কড়া সুদে টাকা ধার করা ঠিক নয়।
- কড়া (পাকা)- এটি কড়া রঙের কাপড়।
- কড়া (উগ্র)- তার কড়া মেজাজ অসহনীয়।

শক্ত

- শক্ত (কড়া)- কাউকে শক্ত কথা বল না।
- শক্ত (কঠিন)- সে শক্ত বিপদে পড়েছে। অঙ্কটি খুবই শক্ত।
- শক্ত (দুরারোগ্য)- বড় শক্ত পীড়ায় সে ভুগছে।
- শক্ত (নির্দয়)- শক্ত লোক আমার পছন্দ হয় না।
- শক্ত (মজবুত)- করিম সাহেবের হাতের কাজ খুবই শক্ত।
- শক্ত (কঠিন)- সেগুন কাঠ অতি শক্ত।
- শক্ত (অধিক)- শক্ত খাদ্য খেতে নেই।
- শক্ত (কৃপণ)- এই শক্ত লোক থেকে কোনরূপ সাহায্য মিলবে না।

বড়

- বড় (ধনী)- কলিম শেখ বড়লোক। বড়র পিরীতি বালির বাঁধ।
- বড় (উচ্চবংশ)- বড় ঘরের মেয়ে সেলিনা, অহংকার তার ফেটে ফেটে পড়ছে।
- বড় (উচ্চপদস্থ)- অফিসের বড় বাবু বদমেজাজি লোক।
- বড় (অত্যন্ত)- বড় বিপদে পড়েই তোমার কাছে এসেছিলাম।
- বড় (উদার)- সম্রাট আকবর বড় মনের অধিকারী ছিলেন।
- বড় (জ্যেষ্ঠ)- শামীমা বাপ-মায়ের বড় মেয়ে।
- বড় (কঠোর)- সে আমার মুখের ওপর এত বড় কথা বলতে পারল!
- বড় (বিশেষ)- বড়দিনের ছুটিতে লিপি বন্ধুর বাড়ি বেড়াতে গেল।
- বড় (জটিল)- তর্কবিদ্যা বড় বিদ্যা।
- বড় (নিকট)- লোকটি আমার বড় কুটুম।

গরম

- গরম (উগ্র)- আমাকে গরম মেজাজ দেখাবেন না।
- গরম (অজীর্ণ)- পেট গরম বলে সে আজ ভাত খায়নি।
- গরম (মূল্য বৃদ্ধি)- এখন কাপড়ের বাজার গরম।
- গরম (অহংকার)- টাকার গরমে তার ঘুম হচ্ছে না।
- গরম (কড়া)- পাওনা টাকার জন্য মহাজন গরম কথা বলতে ছাড়ে না।
- গরম (উত্তাপ)- জ্বরে ছেলেটির গা গরম হয়েছে।
- গরম (গ্রীষ্ম)- গরমকাল আমার মোটেই ভালো লাগে না।

ছোট

- ছোট (সংকীর্ণ)- লোকটার মন ছোট।
- ছোট (নীচ)- ছোট লোক কত ভদ্রতাই বা জানবে!
- ছোট (কনিষ্ঠ)- ছোট ছেলেটি মা-বাবার আদুরে।
- ছোট (তুচ্ছ)- অত ছোট কথায় কান দিও না।
- ছোট (ক্ষুদ্র)- এ ছোট কাজটি করতে বেশি সময় লাগবে না।
- ছোট (অপমানিত)- ছেলের দুর্ব্যবহারে আমি সমাজের কাছে ছোট হয়েছি।

ক্রিয়াপদের প্রয়োগ

কাটা

- নেশা কাটা (নেশা টুটে যাওয়া)- অনেক দিন পরে লোকটার মদের নেশা কেটে গেছে।
- ছক কাটা (নকশা কাটা)- ছক কেটে সব কাজ করা যায় না।
- সাপে কাটা (দংশন করা)- বৃদ্ধার ছেলেটিকে সাপে কেটেছে।
- বই কাটা (বিক্রয় হওয়া)- বই ভালো না হলে কি বাজারে কাটে?
- মেঘ কাটা (মেঘমুক্ত হওয়া)- আকাশের কালো মেঘ কেটে গেছে।
- দিন বা সময় কাটা (অতিবাহিত হওয়া)- তোমার দিনকাল কেমন কাটছে?
- দাগকাটা (মুদ্রিত হওয়া)- কথাটা আমার মনে কিন্তু দাগ কেটেছে।
- রাত কাটা (যাপন করা)- গরিব লোক গাছতলায়ও রাত কাটাতে পারে।
- বিপদ কাটা (বিপদমুক্ত হওয়া)- তোমার বিপদ এখনো কাটেনি?
- জাবর কাটা (রোমন্থন করা)- গরুগুলো জাবর কাটছে।
- ছড়া কাটা (ছড়া বলা)- কথায় কথায় ছড়া কাটা তার অভ্যাস।

তোলা

- গুজব তোলা (রটনা করা)- যে মিথ্যা গুজব তোলে, সে দেশের শত্রু।
- ফুল তোলা (চয়ন করা)- সেলিনা বাগানে ফুল তুলছে।
- সুর তোলা (সুর ভাঁজা)- গায়ক গানের সুর তুলতে চেষ্টা করছে।
- পটল তোলা (মারা যাওয়া)- সুশীলা অল্প বয়সেই পটল তুলেছে।
- হাত তোলা (প্রহার করা)- গরিবের গায়ে হাত তোলা উচিত নয়।
- কথা তোলা (প্রসঙ্গ উত্থাপন করা)- বড় সাহেবের কাছে আমার কথাটা তুলেছে নাকি?
- জাতে তোলা (সমাজে স্থান দেওয়া)- প্রায়শ্চিত্ত করে তাকে জাতে তোলা হয়েছে।

উঠা

- রব উঠা (গুজব উঠা)- কুকর্মটি মতি মিয়া করেছে বলে রব উঠেছে।
- জাতে উঠা (সমাজে স্থান পাওয়া)- প্রায়শ্চিত্ত করে সে জাতে উঠেছে।
- জ্বলে উঠা (ক্রুদ্ধ হওয়া)- খুনি আসামির কথা শুনে হাকিম জ্বলে উঠলেন।
- কানে উঠা (শুনতে পাওয়া)- কথাটা শেষ পর্যন্ত বাবার কানে উঠেছে।
- মন উঠা (অসন্তুষ্ট হওয়া)- তোমার উপর থেকে আমার মন উঠে গেছে।
- খরচ উঠা (খরচ পোষানো)- এ ব্যবসায়ে মোটা টাকা লোকসান দিয়েছি, খরচ পর্যন্ত ওঠেনি।
- রং উঠা (বিবর্ণ হওয়া)- কাপড়টার কাঁচা রং উঠে যাবে।
- ভাত উঠা (আহার বন্ধ হওয়া)- এ গাঁয়ে তার ভাত উঠেছে।
- চাঁদা উঠা (চাঁদা সংগৃহীত হওয়া)- সমিতিতে প্রায় পাঁচ হাজার টাকা চাঁদা উঠেছে।

CamScanner

ধরা

- দোষ ধরা (দেখানো)– পরের দোষ ধরার অভ্যাস ভালো না।
- তাল ধরা (উৎসাহ দেওয়া)– প্রতি কাজেই তাল না ধরলে হয় না।
- রোগ ধরা (রোগাক্রান্ত হওয়া)– লোকটাকে শক্ত রোগে ধরেছে।
- মনে ধরা (পছন্দ হওয়া)– কলমটি আমার মনে ধরেনি।
- ট্রেন ধরা (ঠিক সময়ে ট্রেন পাওয়া)– বড্ড দেরি হয়ে গেছে, ট্রেন ধরতে পারব কী?
- গলা ধরা (কুটকুট করা)– বুনো কচুতে গলা ধরে।
- দাম ধরা (মূল্য নির্ধারণ)– ন্যায্য দাম ধরে গরুটি দিয়ে দাও।
- কলম ধরা (লেখা শুরু করা)– শেষ পর্যন্ত আমাকে তার বিরুদ্ধে কলম ধরতে হলো।
- ধরা (অনুরোধ করা)– বড় কর্তাকে ধরলেই চাকরি হয়ে যাবে।
- গান ধরা (গান গাওয়া)– অনেক সাধাসাধির পর তিনি গান ধরলেন।
- ফল ধরা (উৎপন্ন হওয়া)– এ বছর গাছটিতে প্রচুর ফল ধরেছে।
- ভাত ধরা (ভাত খাওয়া শুরু করা)– ডাক্তারের নির্দেশে রোগী বর্তমানে ভাত ধরেছে।
- মাথা ধরা (মাথা ব্যথা)– কুইনাইন খেয়ে রোগীর মাথা ধরেছে।

লাগা

- পিছু লাগা (শত্রুতা করা)– সে আমার পিছু লেগেছে কেন বুঝতে পারছি না।
- জোড়া লাগা (সংলগ্ন হওয়া)– ভাঙা মন জোড়া লাগে না।
- মন লাগা (মনোযোগ দেওয়া)– কাজে মন লাগাও।
- চমক লাগা (আশ্চর্যান্বিত হওয়া)– দৃশ্যটি দেখে আমার চমক লেগেছে।
- ভেল্কি লাগা (ধাঁ ধাঁ লাগা)– মন্ত্র আউড়িয়ে লোকের মনে ভেল্কি লাগানোর যুগ চলে গেছে।
- নজর লাগা (কুদৃষ্টি লাগা)– রমেশবাবুর বাড়ির প্রতি চোরের নজর লেগেছে।
- ভালো লাগা (পছন্দ হওয়া)– একই জায়গায় বেশিদিন ভালো লাগে না।
- ঘাটে লাগা (ভিড়ান)– জাহাজ ঘাটে লেগেছে।
- কাজে লাগা (শুরু করা)– সম্প্রতি এক নতুন কাজে লেগেছি।
- হাতে লাগা (হাতে আঘাত পাওয়া)– সাবধানে কাজ করো; নতুবা হাতে লাগবে
- অন্তরে লাগা (দুঃখ পাওয়া)– অমন তিরস্কার করো না; ছেলেটার অন্তরে লাগবে।
- উঠে পড়ে লাগা (প্রাণপণ চেষ্টা করা)– উঠে পড়ে লাগো, সংগ্রাম করো, জীবনে জয়ী হতে পারবে।

দেওয়া

- নাম দেওয়া (তালিকাভুক্ত হওয়া)– তরুণ ছেলেটি সৈন্য বিভাগে নাম দিয়েছে।
- সাড়া দেওয়া (আহ্বানে জবাব দান)– দেশের ডাকে সাড়া দেওয়া প্রতিটি নাগরিকের কর্তব্য।
- জাত দেওয়া (মান বিনষ্ট করা)– অভাবে পড়ে মেয়েটি জাত দিয়েছে।
- হানা দেওয়া (আক্রমণ করা)– দেশে শত্রু হানা দিয়েছে।
- তা দেওয়া (উষ্ণতা দেওয়া)– মুরগি ডিমে তা দিচ্ছে।
- চম্পট দেওয়া (পালিয়ে যাওয়া)– দুষ্ট ছেলেটা বাবার টাকা মেরে চম্পট দিয়েছে।
- টেক্কা দেওয়া (প্রতিদ্বন্দ্বিতা করা)– বড় সাহেবের সঙ্গে টেক্কা দিয়ে টিকতে পারবে না।
- কপাট দেওয়া (বন্ধ করা)– জোরে বাতাস আসছে, কপাট দিয়ে দাও।
- লম্বা দেওয়া (পালিয়ে যাওয়া)– চোর বমাল লম্বা দিল।

রাখা

- পায়ে রাখা (আশ্রয় দেওয়া)– এ অধমকে পায়ে রেখ, হে খোদা!
- মান রাখা (সম্মান রাখা)– সুসন্তান বংশের মান রাখতে পারে।
- মন রাখা (সন্তুষ্ট করা)– সকলের মন রেখে চলা কঠিন।
- কথা রাখা (অনুরোধ রক্ষা করা)– আমার বিশ্বাস, সে আমার কথা রাখবে।
- চোখ রাখা (নজর রাখা)– বাক্সটার প্রতি চোখ রেখো।
- মনে রাখা (স্মরণ রাখা)– তোমার কথা মনে রেখেছি। 'রেখো মা দাসেরে মনে।'
- নাম রাখা (সম্মান রাখা)– ছেলেটা বাপের নাম রেখেছে।
- কথা রাখা (প্রতিশ্রুতি রক্ষা করা)– শেষ পর্যন্ত কথা রাখলেন বড় সাহেব।

ছাড়া

- আশা ছাড়া (ত্যাগ করা)– ঐ চাকরির আশা ছেড়েছি।
- হাল ছাড়া (নিরাশ হওয়া)– এতো শীঘ্রই হাল ছাড়লে চলবে কী করে?
- গলা ছাড়া (উদাত্ত কণ্ঠ)– গলা ছেড়ে গান গাও।
- চাকরি ছাড়া (ত্যাগ করা)– সে চাকরি ছেড়েছে।
- জ্বর ছাড়া (জ্বর থামা)– ঘাম দিয়ে তার জ্বর ছেড়েছে।
- ট্রেন ছাড়া (যাত্রা করা)– মেইল ট্রেন কয়টায় ছাড়ে?
- ছেড়ে দেওয়া (মুক্ত করা)– পাখিটাকে ছেড়ে দাও।
- ঘর ছাড়া (গৃহত্যাগ করা)– ঘর ছেড়ে ছেলেটি পথে পথে ঘুরছে।

শব্দের বিশিষ্ট প্রয়োগে অর্থ-পার্থক্য

- মুখ বন্ধ করা (কথা থামানো)– টাকা দিয়ে সবার মুখ বন্ধ করতে পারি।
  মুখবন্ধ করা (ভূমিকা করা)– মুখবন্ধ না করে আসল কথা বলো।
- মুখ মারা (প্রথমেই বাধা দেওয়া)– এ প্রস্তাবের আগেই মুখ মেরেছি।
  মুখে মারা (মুখে আঘাত করা; কথায় আঘাত করা)– হাতে মারতে হয় না; মুখে মারাই যথেষ্ট।
- মন রাখা (সন্তুষ্ট রাখা)– বড় সাহেবের মন রাখতে চেষ্টা করো।
  মনে রাখা (স্মরণ রাখা)– তোমার কথা আমি মনে রেখেছি।
- ভাত মারা (রুজির পথ নষ্ট করা)– কারো ভাত মারা উচিত নয়।
  ভাতে মারা (উপোস রেখে মারা)– হাতে না মারলেও ভাতে মেরেছে।
- ঘর পাতা (সংসার পাতা)– মেয়েটি সুখে ঘর পেতেছে।
  ঘরে পাতা (গৃহে প্রস্তুত)– ঘরে পাতা দই সব সময়ই ভালো।
- হাত দেওয়া (আরম্ভ করা)– অনেক দিন এই কাজটিতে হাত দিতে পারছি না।
  হাতে দেওয়া (হাতে প্রদান করা)– বইটা তার হাতে দিয়ে দাও।
- মাথা রাখা (শয়ন করা)– বালিশে মাথা রেখে ঘুমিয়ে পড়।
  মাথায় রাখা (শ্রদ্ধা করা)– তাঁর মতো শিক্ষককে সব ছাত্রই মাথায় রাখে।
- গা দেওয়া (মনোযোগ দেওয়া)– গা দিয়ে কাজ কর; চুপ করে বসে থেকো না।
  গায়ে দেওয়া (পরিধান করা)– কম্বল গায়ে দেওয়া আমার অভ্যাস নয়।
- হাত পড়া (ছোঁয়া লাগা)– এ খাবারে কারো হাত পড়েনি।
  হাতে পড়া (হাতে আসা)– বইটা এখনো আমার হাতে পড়েনি।
- হাত আসা (অভ্যস্ত হওয়া)– অনেক কাজ একই সঙ্গে করলে কোনোটাতে হাত আসে না।
  হাতে আসা (দখলে আসা)– জমিটা আমার হাতে এসেছে।
- গা তোলা (ওঠা)– খাবার এসেছে, গা তুলুন।
  গায়ে তোলা (পরিধান করা)– এ কাপড় আমি গায়ে তুলব না।
- চোখ দেখা (চোখ পরীক্ষা করা)– ডাক্তার আমার চোখ দেখেছেন।
  চোখে দেখা (দেখা)– চোখে দেখিস না বুঝি!
- হাত করা (বাধ্য করা)– চাকরটাকে হাত করে চোর ঘরে ঢুকেছে।
  হাতে করা (গ্রহণ করা)– অসদুপায়ের রোজগার আমি হাতে করব না।
- হাত তোলা (প্রহার করা)– গরিবের গায়ে হাত তোলা উচিত নয়।
  হাতে তোলা (কৃপার দান)– কারো হাতে-তোলা খেয়ে আমি জীবন কাটাতে চাই না।
- মাথা করা (নষ্ট করা)– কাজ কর, না মাথা কর?
  মাথায় করা (প্রশ্রয় দেওয়া)– ছেলেটাকে এত বেশি মাথায় করবেন না।
- মন নেওয়া (অন্তর জয় করা)– সরলতার গুণে সে সবার মন নিয়েছে।
  মনে নেওয়া (মনে করা)– অনেক কথা বললাম, কিছু মনে নেবেন না।
- মন জানা (অন্তর জানা)– এতদিনেও তার মন জানতে পারনি!
  মনে জানা (অনুভব করা)– তিনি সবই মনে জেনেছেন।
- গায়ে পড়া (গা স্পর্শ করা)– খুকু কি তোমার গায়ে পড়েছে?
  গায়ে-পড়া (অতি মিশুক)– এমন গায়ে-পড়া ছেলে খুব দেখা যায় না।
- গা-সওয়া (অভ্যস্ত)– এর পাগলামি সবার গা-সওয়া হয়ে গেছে।
  গায়ে সওয়া (সহ্য হওয়া)– সাংঘাতিক গরম পড়েছে, গায়ে সয় না।
- মদ ধরা (মদ্যপান আরম্ভ করা)– লোকটা শেষ পর্যন্ত মদ ধরেছে।
  মদে ধরা (মদে নেশাগ্রস্ত হওয়া)– তাকে মদে ধরেছে।
- টিকে থাকা (অস্তিত্ব বজায় রাখা)– পড়তার বাজারেও ব্যবসাটি টিকে আছে।
  টিকে যাওয়া (সফল হওয়া)– প্রবল প্রতিযোগিতার মুখেও সে টিকে গেছে।
- পাতা ঝরা (পাতা পতিত হওয়া)– গাছটার শুকনো পাতাগুলো ঝরছে।
  পাতায় ঝরা (পাতার উপর ঝরে পড়া)– পাতায় ঝরা শিশির বিন্দু চকচক করছে।

CamScanner

একই শব্দের ভিন্নার্থে প্রয়োগ

অঙ্ক

- সংখ্যা – টাকার অঙ্ক কত হবে?
- অঙ্ক – অঙ্কটা কষ।
- চিহ্ন – পদাঙ্ক (পদচিহ্ন) অনুসরণ কর।
- কোল – শিশুকন্যাটিকে অঙ্কে নিয়ে জননী আদর করছেন।

অচল

- গতিহীন – শরীর অচল হয়ে পড়েছে।
- একনিষ্ঠ – ঈশ্বরে অচল ভক্তি হোক।
- মেকি, অব্যবহার্য – এ অচল টাকা কে নেবে?
- অপ্রচলিত – হাজার টাকার নোট এখন অচল।
- নির্বাহ করা কঠিন – অর্থের অভাবে সংসার অচল হয়ে গেছে
- পর্বত – 'উচল বলিয়া অচলে বাড়িনু পড়িনু অগাধ জলে।'

গুণ

- ধর্ম – দ্রব্যের গুণ জানতে হয়।
- ক্রিয়া – ওষুধে গুণ করেছে।
- উৎকর্ষ – তুমি তো নিজের গুণকীর্তন করেছ।
- উপকার – শিক্ষার গুণ অনেক।
- দড়ি – মাঝিরা নৌকায় গুণ টেনে এসেছে।

অক্ষর

- ব্রহ্ম – 'অক্ষর ব্রহ্ম নিরঞ্জন সর্ব।'
- স্বাক্ষর – তিনি চেকখানায় লিখেছেন।
- বর্ণমালা, শব্দাংশ – এখান থেকে এক সারি অক্ষর অক্ষর করে পড়।
- অবিনাশী – 'অক্ষর ব্রহ্ম নিরঞ্জন সর্ব, অক্ষয় হে।'

কূট

- কুটিল – তার কূট বুদ্ধির সাথে পারবে কেন?
- জটিল – এটা কূট প্রশ্ন, উত্তর দেওয়া কঠিন।
- কপট, জাল – কূট সাক্ষী সাক্ষ্য দিতে এসে ধরা পড়েছে।
- পর্বতশৃঙ্গ – পর্বতচূড়ায় আরোহণ করা দুরূহ।

ধর্ম

- সৎকাজ, পুণ্যকাজ – অহিংসা পরম ধর্ম।
- সুনীতি – এটা ধর্মসম্মত কাজ।
- স্বভাব – মানুষ ও পশুর ধর্ম পৃথক।

পক্ষ

- মাসার্ধ – দুই পক্ষ নিয়ে মাস।
- পাখির ডানা – যাদের পক্ষ আছে তাদের পাখি বলে।
- বিয়ের সংখ্যা – ছেলেটি তার প্রথম পক্ষের সন্তান।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'যত বড় মুখ নয় তত বড় কথা' এখানে 'মুখ' বলতে কী বোঝাচ্ছে– [F ১৬-১৭]
ক) অনুভূতি খ) গালি গ) প্রত্যাশা ঘ) শক্তি **উঃ ঘ**

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. কোন বাক্যে 'মাথা' শব্দটি বুদ্ধি অর্থ ব্যবহৃত? [B-১৫-১৬]
ক) তিনি সমাজের মাথা খ) মাথা খাটিয়ে কাজ কর
গ) লজ্জায় মাথা কাটা গেল ঘ) মাথা নেই তার মাথা কাটা **উঃ খ**

০২. 'নদীটি উত্তর মুখে প্রবাহিত' এখানে 'মুখ' কোন অর্থে প্রকাশ করেছে? [C-১৫-১৬]
ক) প্রত্যঙ্গ বিশেষ খ) মর্যাদা গ) দিক ঘ) চাক্ষুষ **উঃ গ**

বরিশাল বিশ্ববিদ্যালয়

০১. 'বুঝি না বাপু এ তোমার কেমন ধারা।' এখানে 'ধারা' অর্থ– [ক-১৫-১৬]
ক) বর্ষণ খ) আইন
গ) আচরণ ঘ) ঝুঁকি **উঃ গ**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'মাথা ব্যথা' শব্দ দুটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [D ১৮-১৯]
ক) আগ্রহ খ) রোগবিশেষ গ) দায়িত্ব গ্রহণ ঘ) ভাবনা **উঃ ঘ**

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'ছাত্রটি অঙ্কে বেশ পাকা।' এখানে 'পাকা' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [C-১৩-১৪]
ক) মেধাবী খ) অভিজ্ঞ গ) বিশেষজ্ঞ ঘ) দক্ষ **উঃ ঘ**

মেরিন একাডেমি

০১ 'এ ব্যাপারে আমার কোনো হাত নেই'– কী অর্থে 'হাত' শব্দের ব্যবহার হয়েছে? [মেরিন : ১৩-১৪]
ক) দক্ষতা খ) প্রভাব গ) আয়ত্তে আসা ঘ) অনভিজ্ঞ **উঃ খ**

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. "এ বিষয়ে আমার কোনো হাত নেই।" এখানে 'হাত' কী অর্থে ব্যবহৃত? [কলা ও সামাজিক : ১৩-১৪]
ক) প্রভাব খ) দক্ষতা গ) সুযোগ ঘ) আগ্রহ **উঃ ক**

SELF TEST MCQ

০১. 'কার মাথায় হাত বুলিয়েছ' এখানে 'মাথা' শব্দের অর্থ–
ক) স্বভাব নষ্ট করা খ) স্পর্ধা বাড়া গ) ফাঁকি দেওয়া ঘ) কোনো উপায়ে

০২. 'মাথা খাও, ভুলিও না খেয়ো মনে করে।' 'মাথা খাও' বলতে বোঝানো হয়েছে?
ক) মাথা খাওয়া খ) মাথা ধরা গ) মাথার দিব্যি ঘ) মাথা ব্যথা

০৩. 'সে তোমার মাথা খেয়েছে।' এ বাক্যে 'খাওয়ার' অর্থ কী?
ক) মস্তক কামড়ে খাওয়া খ) সর্বনাশ করা গ) পাগলামি করা ঘ) মাথায় আঘাত করা

০৪. 'আমি তার কাছে হাত পাততে পারব না' এখানে 'হাত' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) বশ খ) অনুগ্রহ গ) জ্ঞান ঘ) অভিজ্ঞতা

০৫. 'ডাক্তার সাহেবের হাতযশ ভালো'। এ বাক্যে 'হাত' ব্যবহৃত হয়েছে–
ক) অধিকার অর্থে খ) বশ অর্থে গ) অভ্যাস অর্থে ঘ) নিপুণতা

০৬. 'সে মাথায় হাত বুলিয়ে কাজ উদ্ধার করে।' এখানে 'হাত' শব্দটি ব্যবহৃত হয়েছে–
ক) কৌশল অর্থে খ) দক্ষতা অর্থে গ) ফাঁকি অর্থে ঘ) ঘনিষ্ঠতা অর্থে

০৭. একটি শব্দ শোনার সাথে সাথে আমাদের মনে যে ছবি বা বোধ জেগে ওঠে তাকে কী বলে?
ক) শব্দার্থ খ) লক্ষ্যার্থ গ) বাচ্যার্থ ঘ) ব্যঙ্গার্থ

০৮. 'বাচ্যার্থ' শব্দের কোন ধরনের অর্থ প্রকাশ করে?
ক) মুখ্য খ) গৌণ গ) প্রত্যক্ষ ঘ) পরোক্ষ

০৯. বক্তার উদ্দেশ্য অনুযায়ী বাচ্যার্থকে উপেক্ষা করে শব্দের আলাদা অর্থ তৈরি করলে, তা হয়–
ক) লক্ষ্যার্থ খ) আক্ষরিক অর্থ গ) গাঠনিক অর্থ ঘ) ব্যঙ্গার্থ

১০. অঞ্চল শব্দটি শাড়ির পাড় না বুঝিয়ে এলাকা বোঝালে অর্থের কী ধরনের পরিবর্তন হয়?
ক) অর্থপ্রসার খ) অর্থসংকোচ গ) অর্থের উন্নতি ঘ) অর্থের অবনতি

১১. কোনটির অর্থ পক্ব অর্থে প্রকাশ পায়?
ক) পাকা বাড়ি খ) পাকা রং গ) পাকা কাজ ঘ) পাকা আম

১২. মৃগয়া শব্দের দ্বারা হরিণ বোঝালে অর্থের কী ধরনের পরিবর্তন হয়?
ক) অর্থপ্রসার খ) অর্থসংকোচ গ) অর্থ-বদল ঘ) অর্থের উন্নতি

১৩. 'সাহায্যের অভাবে স্কুলটি উঠে গেছে।' বাক্যে 'উঠে' শব্দের অর্থ–
ক) ভেঙে পড়া খ) বন্ধ হওয়া গ) স্থানান্তরিত হওয়া ঘ) উন্নতি করা

১৪. 'মাথা ঘামানো' শব্দে মাথা কী অর্থে প্রয়োগ হয়েছে?
ক) দায়িত্ব গ্রহণ খ) মাথা ব্যথা গ) মাথা দেওয়া ঘ) ভাবনা করা

১৫. 'কার্য বিরতি' অর্থে 'হাত' শব্দের ব্যবহার কোনটি?
ক) হাত টান খ) হাত ছাড়া গ) হাত গুটানো ঘ) হাত করা

OMR				
০১. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০৩. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
১১. ক খ গ ঘ	১২. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৫. ক খ গ ঘ

Answer							
১৫.গ	১৪.ঘ	১৩.খ	১২.খ	১১.ঘ	১০.ক	০৯.ক	০৮.ক
০৭.গ	০৬.ক	০৫.ঘ	০৪.খ	০৩.খ	০২.গ	০১.গ	

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ৩০ বাগ্‌ধারা

বাগ্‌ধারার সংজ্ঞা ও অভিমত

বাগ্‌ধারা : 'বাগ্‌ধারা' অর্থ : বাচনরীতি বা কথার ধারা। এর ইংরেজি প্রতিশব্দ Idiom. সাধারণত যে শব্দ বা শব্দসমষ্টি কিংবা বাক্যাংশ শুধু আভিধানিক অর্থে ব্যবহৃত না হয়ে বিশেষ তাৎপর্যপূর্ণ অর্থ প্রকাশ করে, তাকে বাগ্‌ধারা বা বাগ্‌বিধি বলে। বাক্যের বর্ণ যখন বাচ্যার্থ বা আক্ষরিক অর্থ ছাপিয়ে বিশেষ কোনো অর্থ প্রকাশ করে, তখন তাকে বাগ্‌ধারা বলে। বাগ্‌ধারা প্রয়োগে ভাষা প্রাণবন্ত হয় এবং বাক্য অধিক ব্যঞ্জনা সৃষ্টি করতে পারে। বাগ্‌ধারা যেহেতু আক্ষরিক অর্থ ধারণ করে না, সেহেতু বাগ্‌ধারা ঠিক কী অর্থ প্রকাশ করে তা ব্যবহারকারীকে সে ব্যাপারে সচেতন থাকতে হয়। বাগ্‌ধারা এক অর্থে অতীত কালের সামাজিক ও সাংস্কৃতিক ঘটনার স্মারক। বাক্যকে বিশেষ ব্যঞ্জনা দান করাই এর কাজ। যেমন : আঘাটে জল খাওয়া – বাজে কাজ, ভুল কাজ বা অনুচিত কাজ করা।

- পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা গদ্যে প্রথম বাগ্‌ধারার সার্থক প্রয়োগ ঘটান।

কতিপয় বাগ্‌ধারার দৃষ্টান্ত

অ

অ আ ক খ	প্রাথমিক জ্ঞান।
অকাল কুষ্মাণ্ড	অপদার্থ, অকেজো।
অক্কা পাওয়া	মারা যাওয়া।
অল্প বিদ্যা ভয়ংকরী	সামান্য বিদ্যার অহংকার।
অকালপক্ব	ইঁচড়ে পাকা।
অহিনকুল সম্বন্ধ	ভীষণ শত্রুতা।
অগাধ জলের মাছ	সুচতুর ব্যক্তি।
অদৃষ্টের পরিহাস	ভাগ্যের খেলা/নিষ্ঠুরতা।
অর্ধচন্দ্র	ঘাড় (গলা) ধাক্কা দেওয়া।
অক্ষরে অক্ষরে	সম্পূর্ণভাবে, যথাযথ।
অগ্নি পরীক্ষা	কঠিন পরীক্ষা।
অনুরোধে ঢেঁকি গেলা	পরের অনুরোধে কষ্ট স্বীকার করা।
অকূল পাথার	সীমাহীন বিপদ, মহাসংকট।
অন্তিম যাত্রা	চিরকালের মতো যাওয়া, শেষ যাত্রা।
অগ্নিশর্মা	অত্যন্ত রেগে গেছে এমন, অতিক্রুদ্ধ।
অনধিকার চর্চা	হস্তক্ষেপ করা।
অন্ধের নড়ি, অন্ধের যষ্টি	একমাত্র অবলম্বন, অসহায়ের সহায়।
অন্ধকার দেখা	বিপদে দিশেহারা হওয়া।
অন্ধকারে ঢিল ছোড়া	পুরোপুরি আন্দাজে কাজ করা।
অমাবস্যার চাঁদ	দুর্লভ বস্তু, যাকে কদাচিৎ দেখা যায়।
অরণ্যে রোদন	নিষ্ফল আবেদন, বৃথা আবেদন।
অকাল কুসুম	অসম্ভব জিনিস।
অষ্টকপালে	হতভাগ্য।
অষ্টমঙ্গলা	আনন্দের রেশ থাকা অবস্থা।
অতি চালাকের গলায় দড়ি	বেশি চালাকির অশুভ পরিণাম।
অন্তর টিপুনি	গোপন ইশারা।
অঙ্গ জল হওয়া	শীতল হওয়া।
অলসের বৃত্তি	আলস্যেমি, কুঁড়েমি।
অতি দর্পে হত লঙ্কা	অহংকারে পতন।
অথৈ জলে পড়া	মহাবিপদে পড়া।
অকটাবিকট	ছটফটানি, আঁকুপাঁকু।
অকড়িয়া	টাকাপয়সা বেশি নেই এমন, ধনহীন।
অকালবোধন	অসময়ে আবির্ভাব।
অকালের বাদলা	অসময়ে বিপদ, অপ্রত্যাশিত বাধা।
অগত্যা মধুসূদন	অনন্যোপায় হয়ে, বাধ্য হয়ে।
অগাকান্ত, অগাচণ্ডী	নিরেট বোকা (লোক)।
অন্তুপ-ন্তাড়না	আঘাত, অন্তর্গত আঘাত।
অনন্তশয্যা	শেষ শয্যা
অষ্টব্রজ সম্মেলন	প্রতিভাধর ব্যক্তিদের সমাবেশ।
অন্ধিসন্ধি	ফাঁকফোকর, গোপন তথ্য, ভেতরের রহস্য।

অন্নজল ওঠা	আয়ু শেষ হওয়া, চাকরি শেষ হওয়া।
অপোগণ্ড	নাবালক।
অবরেসবরে,অবুরেসবুরে	কখনো-সখনো, কালে-ভদ্রে, সময়ে-অসময়ে।
অলছ-তলছ	উদ্দাম, বাধাবন্ধনহীন, উচ্ছল।
অক্ষয় বট	প্রাচীন ব্যক্তি।
অশ্বমেধ যজ্ঞ	বিপুল আয়োজন, রাজকীয় আয়োজন।
অষ্টরম্ভা	কাঁচকলা, কিছুই-না।
অসূর্যম্পশ্যা	বাড়ির বাইরে বেরোয় না এমন।
অস্থির পঞ্চক বা পঞ্চম	বিমূঢ় ভাব, কিংকর্তব্যবিমূঢ়তা।
অচলায়তন	গোঁড়ামিপূর্ণ ও প্রগতিহীন প্রতিষ্ঠান।
অন্ন ধ্বংস করা	জমানো ধন নষ্ট করা।
অজ পাড়াগাঁ	একেবারে গ্রাম।
অন্ধের হাতি দেখা	পরিষ্কার ধারণা ছাড়া পর্যালোচনা।
অকণ্টকে	নির্বিঘ্নে, নিরুপদ্রবে।
অকূল কাণ্ডারি	বিপদ থেকে যিনি রক্ষা করেন, উদ্ধারকারী।
অকূলে কূল পাওয়া	চরম বিপদের মধ্যে আশার সন্ধান পাওয়া।
অকূলে ভাসা	ভীষণ সংকটে পড়ে দিশাহারা হওয়া।
অখাদ্যে অবদ্যে	জঘন্য, যাচ্ছেতাই, বাজে।
অগা মেরে যাওয়া	বোকা হয়ে যাওয়া, অকর্মণ্য হয়ে যাওয়া।
অগ্নিবাণ	বাণের মতো তীক্ষ্ণ ও যন্ত্রণাদায়ক গ্রীষ্মের তাপ।
অঘটন-ঘটন-পটীয়সী	যে স্ত্রীলোক অঘটন বা অসাধ্য সাধনে পটু।
অঞ্চলপ্রভাব	স্ত্রীর প্রভাব।
অঞ্চলের নিধি	যে-সম্পদ আঁচলে ঢেকে সুরক্ষিত রাখতে হয়।
অড়বড় সড়বড়/অগড়-বগড়	অর্থহীন ও দ্রুত উচ্চারিত কথা।
অদানে অব্রাহ্মণে	আজেবাজে কাজে, বাজে ব্যাপারে।
অধমে অধমে	মন্দের সঙ্গে মন্দে, খারাপের সঙ্গে খারাপে।
অনধিকার প্রবেশ	বিনা অনুমতিতে প্রবেশ।
অনভ্যাসের ফোঁটা	অনভ্যস্ত সৌভাগ্য, নতুন সৌভাগ্য কিন্তু অনভ্যাসের জন্য স্বাভাবিকভাবে গ্রহণ করা যায় না।
অনলে জল পড়া	ক্রোধ প্রশমিত হওয়া, রাগ পড়ে যাওয়া।
অনুনয়-বিনয়	সনির্বন্ধ অনুরোধ, অনুরোধ-উপরোধ।
অন্ধগলি	কানা গলি, যে-গলি কিছুদূর গিয়েই শেষ হয়ে গেছে।
অন্ধবেগ	প্রচণ্ড গতি, বেপরোয়া গতি।
অন্ধ হওয়া	কারো দোষ দেখতে না পাওয়া।
অন্ধ্রেরন্ধ্রে	প্রতিটি কোণে, মনের প্রতিটি কোণে।
অন্নদাস	ভাত বা উদরান্নের জন্য যে দাসত্ব করে।
অন্নময় প্রাণ	যে প্রাণ অন্ন দিয়ে রক্ষা ও পুষ্ট হয়, স্থূল দেহ।
অন্ন (ভাত) মারা	চাকরি খাওয়া, জীবিকার উপায় বন্ধ করা।
অপাট করা	বিশৃঙ্খল করা, এলোমেলো করা।
অভদ্রা লাগা	বাধা বা বিঘ্ন ঘটা, অকল্যাণ হওয়া।
অভিমন্যুর ব্যূহ	যেখানে ঢোকা সহজ কিন্তু বেরোনো কঠিন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অমুক তমুক	এটা-সেটা, এটা-ওটা।
অরুচে অরুচি	ভালো জিনিসে অনিচ্ছা।
অলক চেখে বেড়ানো	ক্রমাগত জায়গা বা চাকরি বদল করা।
অলুনে	অশুভসূচক, অমঙ্গলজনক, অপয়া।
অলক্ষীর দশা	ভাগ্যহীনতা, দুর্দশা, দারিদ্র্য।
অলক্ষীর দৃষ্টি	অভাব-অনটন, দুঃখ-দারিদ্র্য।
অলজেয়ে	অল্পায়ু, বেশিদিন বাঁচে না এমন।
অলবড়ে, অলবড়্যে	অগোছালো, এলোমেলো স্বভাববিশিষ্ট।
অল্প জলের মাছ	অল্প পুঁজিবিশিষ্ট লোক।
অষ্টমের পেয়াদা	কর্তব্য পালনে যে অতিরিক্ত কঠোরতা দেখায়।
অষ্টাবক্র	কুৎসিত গড়নবিশিষ্ট, বাঁকা শরীরবিশিষ্ট।
অসাধ্যসাধন	সুকঠিন কাজ সম্পাদন।
অস্তিনাস্তি	থাকা বা না-থাকা, অস্তিত্ব বা অনস্তিত্ব।
অস্ত্র ত্যাগ	শত্রুকে অস্ত্রের দ্বারা আঘাত না করার সিদ্ধান্ত।
অস্থিচর্মসার	অত্যন্ত কৃশ বা শীর্ণ।

আ

আঁতে ঘা	খুব কষ্ট।
আটকপালে	হতভাগ্য।
আকাশ কুসুম	অসম্ভব কল্পনা।
আমড়া কাঠের ঢেঁকি	অপদার্থ।
আদায় কাঁচকলায়	ঘোর শত্রুতা।
আদালের ঘরের দুলাল	অতি আদরে কিন্তু বখাটে ছেলে।
আকাশে তোলা	অতিরিক্ত প্রশংসা করা।
আদা জল খেয়ে লাগা	উঠে পড়ে লাগা, প্রাণপণে চেষ্টা করা।
আকাশ-পাতাল	দুস্তর ব্যবধান।
আগুন নিয়ে খেলা	ভয়ঙ্কর বিপদ, বিপজ্জনক হওয়ার আশঙ্কা তৈরি করা।
আমতা আমতা করা	ইতস্তত করা, দ্বিধা করা।
আমতা আমতা করা	ইতস্তত করা, দ্বিধা করা।
আকাশ ভেঙে পড়া	ভীষণ বিপদে পড়া।
আক্কেল সেলামি	নির্বুদ্ধিতার দণ্ড।
আকাশের চাঁদ হাতে পাওয়া	দুর্লভ বস্তু প্রাপ্তি।
আক্কেল গুড়ুম	হতবুদ্ধি অবস্থা।
আকুল ফুলে কলাগাছ	হঠাৎ বড়োলোক হওয়া।
আষাঢ়ে গল্প	আজগুবি গল্প, উদ্ভট গল্প।
আকাশ থেকে পড়া	না জানার ভান করা।
আখাম্বা	বেখাপ্পা, বেমানান।
আমড়াগাছি করা	তোষামোদ/প্রশংসা করা।
আদার ব্যাপারি	সাধারণ লোক।
আদ্যোপি পুতুল	আদুরে অকর্মণ্য।
আনাড়ি	অপটু, অনভিজ্ঞ।
আলেয়ার আলো	দুর্লভ বস্তু।
আকাট মূর্খ	নিরেট বোকা।
আঁচল ধরে বেড়ানো	ব্যক্তিত্বহীন।
আঁটকুড়া/আঁটকুড়ো	নিঃসন্তান।
আকাল-মাকাল	প্রকাণ্ড, বিরাট আকারের।
আকাশ ধরা	বৃষ্টি বন্ধ হওয়া।
আকাশে থুতু ফেলা	নিজেরই ক্ষতি করা।
আক্কেলমন্ত, আক্কেলমন্দ	বিজ্ঞ।
আগুনে ঘি ঢালা	উত্তেজনা সৃষ্টি করা।
আচাভুয়ার বোম্বাচাক	অদ্ভুত বিষয়, অসম্ভব ব্যাপার।
আটাশে ছেলে	দুর্বল ও অক্ষম।
আঠারো মাসে বছর	দীর্ঘসূত্রিতা।
আঠারো আনা	বাড়াবাড়ি।
আড়ংঘাটা/আড়ংঘাট	নৌকোঘাট, খেয়াঘাট।

আতান্তরে পড়া	বিপদে পড়া, অসুবিধাজনক অবস্থায় পড়া।
আতারি কাতারি	যন্ত্রণা, ছটফটে ভাব, কাতরানি।
আদমের কাল	সুদূর অতীতকাল, সুপ্রাচীন কাল।
আদাড়ের হাঁড়ি	অনাদৃত লোক, সামান্য লোক, বাজে লোক।
আদিখ্যেতা	ন্যাকামি।
আমগন্ধি	কাঁচাগন্ধযুক্ত।
আমি আমি করা	আত্মপ্রশংসা করা।
আর আর	অন্যান্য।
আয়োসুয়ো	এয়ো অর্থাৎ সধবা স্ত্রীলোকের দল।
আড়াদে ফুটকড়াই/আটখানা	হেসে কুটিকুটি।
আউলিয়া চাঁদ	বিচলিত ব্যক্তি।
আইঢাই	ছটফট করা, শারীরিক অস্বস্তিকর ভাব।
আইবুড়ো পথ ভাঁড়ানো	যে পথে বর বিয়ে করতে যায় সেই পথে না ফেরা।
আইহাঁড়ি	বিবাহাদি শুভ কাজে ব্যবহৃত মাঙ্গলিক হাঁড়ি।
আউপাতালি, আউপাতালে	সহজেই যে কেঁদে আকুল হয়, কাঁদুনে।
আক্কেল দাঁত	বুদ্ধির পরিপক্বতা।
আঁখান (আটখান) করা	টুকরো টুকরো করা।
আজবখানা	জাদুঘর।
আধা খেঁচড়া	বিশৃঙ্খলা।
আয়াস ঘর	বিশ্রাম ঘর।
আড়শিতে পড়শিকে দেখা	নিজের মতো করে অন্যকে দেখা।
আগাপাছতলা	আদ্যন্ত; আগাগোড়া।
আগড়-বাগড়, আগড়ম-বাগড়ম	অর্থহীন বা আবোল-তাবোল কথা।
আগুন লাগা সংসার	ক্ষয়িষ্ণু সংসার।
আবোল তাবোল	বাজে কথা।
আড়াই অক্ষর	অল্প কথায়।
আগুপ্রুতি	কিংবদন্তি।
আত্ম-গরজি	স্বার্থপর।
আড়ি পাতা	আড়ালে লুকিয়ে শোনা।
আঁটি চোষা	সারবস্তু কিছুই না পাওয়া।
আমড়া করা	ক্ষতি করতে না পারা।
আঁতি পাঁতি	প্রতিটি জায়গায়, পুঙ্খানুপুঙ্খভাবে।
আড়াআড়ি	শত্রুতা।
আলাভোলা	সাদাসিধে।
আদুরে গোপাল	অতিরিক্ত আদর পায় এমন ছেলে।
আপন কোলে ঝোল টানা	স্বার্থরক্ষা করা।
আওয়াই ওঠা	জনরব ওঠা, গুজব ওঠা।
আঁওল ভাঙা	প্রসব করা।
আঁককাটা	আঁচড় দেওয়া।
আঁক ধরা	কোনো কিছুতে কালো দাগ পড়া।
আঁকড়া-আঁকড়ি	টানাটানি।
আঁকুপাঁকু, আঁকুবাঁকু	ব্যস্ততার ভাব, ছটফটানি।
আঁখিঠার	চোখের ইশারা।
আঁখি মোদা	চোখ বন্ধ করা, চোখ বোজা।
আঁচ করা	অনুমান করা, আন্দাজ করা, আভাস পাওয়া।
আঁচল ধরা	বশীভূত থাকা (বিশেষত স্ত্রীর অথবা মায়ের)।
আঁচে থাকা	সুযোগের অপেক্ষায় থাকা।
আঁজলপাঁজল করা	গা ঝাড়া দেওয়া, ঝাঁকুনি দেওয়া।
আস্তাকুঁড়ের পাতা	নীচ বা হেয় ব্যক্তি, আবর্জনা।
আঁটুনি কযুনি সার	নিষ্কর্মার আড়ম্বর, কাজের কিছুই নয় কেবলই আড়ম্বর।
আঁটুবাঁটু	জড়োসড়ো, চলনে বাধা।
আঁতিপাঁতি	পুঙ্খানুপুঙ্খভাবে, ভালোভাবে।
আঁতুআঁতু/আঁতুপুঁতু করা	অতিরিক্ত সাবধানতা দেখানো।
আঁতুড়ে খোকা	সদ্যোজাত ছেলে।
আঁদরু-পেঁদরু	সাহেবিয়ানার নকল করে এমন দেশীয় খ্রিস্টান।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আঁধার ঘরের মানিক	অত্যন্ত প্রিয়জন।
আঁধারে আলো	বিপদে উদ্ধারের আশা।
আককুটে	অমিতব্যয়ী, বেহিসাবি।
আকচকানো	থতমত খাওয়া, হকচকিয়ে যাওয়া।
আকচা-আকচি	কাড়াকাড়ি, রাগারাগি, হিংসাহিংসি।
আকাল-কেঁড়ে	দীনহীন ভিখারি।
আকৃতি-প্রকৃতি	আকারে-ইঙ্গিতে প্রকাশ।
আকুলি-বিকুলি	আন্তরিক আগ্রহ।
আক্কেল দাঁত ওঠা	বুদ্ধি পেকে ওঠা, বুদ্ধি পরিপক্ব হওয়া।
আখুটে	অত্যন্ত বায়না করে এমন, আবদেরে।
আগড়ুম-বাগড়ুম	অর্থহীন অসংলগ্ন কথা।
আগলদার	পাহারা দেওয়ার জন্য নিযুক্ত লোক।
আগল ভাঙা	বাধানিষেধ অগ্রাহ্য করা।
আঙুল কামড়ানো	আফসোস করা।
আচম্বিতের ব্রত	হঠাৎ ব্রত উদ্যাপন।
আচার-বিচার	সদবিবেচনা, নিয়মশৃঙ্খলা।
আচাল-কুচাল	চালচলন, খারাপ ব্যবহার।
আজোড়-জোড়ন	অসম্ভবকে সম্ভব করা, অঘটন ঘটানো।
আজাআজি	কোলাকুলি, জাপটাজাপটি।
আজাম হওয়া	সুসম্পন্ন হওয়া, নির্বিঘ্নে পালিত হওয়া।
আটঘাট বাঁধা	সবদিক থেকে আত্মরক্ষা।
আটকে বাঁধা	অর্থ দিয়ে সুবিধা আদায় করা।
আটখানার পাঁচখানা	নানারকম জিনিসের মধ্যে একটি বা প্রথমটি।
আটপহর, আটপর, আটপ্রহর	অষ্টপ্রহর, সারা দিনরাত।
আটপিঠে, আটপিটে	চৌকশ, সবদিকে পটু।
আঠারো ঘা	নানান ফ্যাসাদ বা ঝামেলা।
আঠারো পর্ব মহাভারত	দীর্ঘ কাহিনি।
আড়ংধোলাই	কোরা কাপড়ের রং ও মাড় তুলে কেচে সাদা করা।
আড়কালা	এক কানে কালা।
আড়বাড়	সমস্ত জায়গায়, এদিক-ওদিক।
আড় বুঝ, আড়বুঝো	একগুঁয়ে।
আড্ডা গাড়া	কোনো জায়গায় অস্থায়ীভাবে বাসা বাঁধা।
আথিবিথি	ব্যস্ত হয়ে, তাড়াহুড়ো করে।
আথালি পাথালি	এদিকে ওদিকে, ব্যাকুল হয়ে।
আদাড় পাদাড়	বাড়ির পেছনে জঞ্জাল ফেলার জায়গা।
আদালত করা	মামলা করা, কেস করা।
আদুড়চুলি	ঘোমটা খোলা।
আদ্যিকালের বদ্যিবুড়ো	খুব বয়স্ক লোক, অভিজ্ঞ ও বুড়ো লোক।
আধধেড়ে	আধাবয়সি, আধাবুড়ো।
আধমরা	খুব কৃশ বা রোগাটে।
আনকোরা	একেবারে নতুন, এখনো ব্যবহৃত হয়নি এমন।
আনাড়ি	অপটু, অনভিজ্ঞ।
আনপুড়ি	গাত্রদাহ, হিংসা।
আনাই-ধানাই	আবোল-তাবোল, আগড়ুম-বাগড়ুম।
আণ্ডাবাচ্চা, আণ্ডাবাচ্ছা	গর্ভের সন্তান এবং কোলের সন্তান।
আপকেওয়াস্তে	হুকুম তামিল করাই যার কাজ এমন, চাটুকার।
আপখোরাকি	কেবল বেতনই পাওয়া যায় এমন।
আপন কথাই পাঁচকাহন	কেবল নিজের প্রসঙ্গ বা প্রশংসা।
আপন খাওয়া	আত্মহত্যা করা, নিজেরই ক্ষতি ডেকে আনা।
আপসে দেওয়া	মেরে শেষ করে দেওয়া, প্রচণ্ড মারধর করা।
আবর্জি-পাবর্জি	আবর্জনা, নোংরা, ময়লা জিনিস।
আবড়-তাবড়	আবোলতাবোল, অর্থহীন কথা।
আবাগির ব্যাটা	অভাগীর ছেলে, হতভাগিনীর ছেলে।
আবাথাবা	কোনোরকমে করা হয় এমন, যেমন-তেমন।
আমহাঁড়ি	কাঁচা মাটির হাঁড়ি।

আলগা মুখ	অসংযত, অশ্লীল কথা বলার অভ্যাস।
আলগোছ	অসংলগ্ন, অন্য সব কিছু থেকে আলাদা।
আলপটকা	আকস্মিকভাবে, আচমকা, হঠাৎ।
আলসে-কুঁড়ে	খুব অলস।
আলাদিনের প্রদীপ	অত্যাশ্চর্য জিনিস।
আলায়-বালায়	যেখানে-সেখানে, অস্থানে-কুস্থানে।
আলুর দোষ	মেয়েদের প্রতি অত্যধিক দুর্বলতা, চরিত্রের দোষ।
আলুবাজ	মেয়েদের সঙ্গে মাখামাখি করা যার স্বভাব।
আষাঢ়ের বেলা	দীর্ঘস্থায়ী বেলা, যে-বেলা অনেকক্ষণ স্থায়ী হয়।
আসতে-যেতে গলা কাটা	সবদিক থেকে ঠকানো।
আসনপিঁড়ি	'বাবু' হয়ে বসা।
আসরে নামা	আবির্ভূত হওয়া, কর্মক্ষেত্রে অবতীর্ণ হওয়া।

ই

ইঁচড়ে (এঁচড়ে) পাকা	অকালপক্ব, অল্প বয়সেই পেকে গেছে এমন।
ইতরবিশেষ	সামান্য পার্থক্য, অল্প-স্বল্প তফাত।
ইঁদুর কপালে	নিতান্ত মন্দ ভাগ্য।
ইদের চাঁদ	কাঙ্ক্ষিত বস্তু।
ইতুনিদকুঁড়ে	অলস, দীর্ঘসূত্রী।
ইন্দ্রপতন	বিখ্যাত ব্যক্তির মৃত্যু।
ইলশে গুঁড়ি	গুঁড়ি গুঁড়ি বৃষ্টি।
ইষ্টনাম জপা (জপ করা)	ভয়ে ভগবানকে স্মরণ করা।
ইঁদুরের কলে পড়া	লোভ করতে গিয়ে ফাঁদে পড়া।
ইগল স্বভাব	হিংস্র প্রকৃতির।
ইঁদুর দৌড়	শৃঙ্খলাহীন/স্বার্থসিদ্ধির জন্য বেপরোয়া প্রতিযোগিতা।
ইকড়ি-মিকড়ি	ছোটোদের খেলাবিশেষ।
ইটিসিটি	এ-জিনিস সে-জিনিস।
ইতিকথা	কাহিনি।
ইন্দ্রের শচী	যিনি যখন যাঁর কাছে থাকেন তখন তাঁরই।
ইয়ত্তা না থাকা	সীমা না থাকা।
ইয়ারবকশি	বন্ধুবান্ধব।
ইয়ারের টেক্কা	বয়স্য বা বন্ধুবান্ধবদের মধ্যে প্রধান।
ইল্লতে (ইল্লুতে) কাণ্ড	নোংরা ব্যাপার, নোংরা কাণ্ড।
ইসক্রুপের প্যাঁচ	কুটিল বুদ্ধি, মনের কুটিলতা ও বক্রতা।
ইস্তফা দেওয়া	পদত্যাগ করা, শেষ করা।

উ

উঁচকপালি	কুশ্রী / মন্দভাগ্যবিশিষ্টা নারী।
উলুবনে মুক্ত ছড়ানো	অস্থানে মূল্যবান দ্রব্য প্রদান।
উড়ো কথা	গুজব।
উনিশ-বিশ	সামান্য পার্থক্য।
উড়নচণ্ডী, উড়নচণ্ডে	অপব্যয়ী, বেহিসেবি।
উড়ে এসে জুড়ে বসা	অপ্রত্যাশিতভাবে এসেই জেঁকে বসা।
উত্তম-মধ্যম	মারধর, পিটুনি, প্রহার।
উড়ো চিঠি	বেনামি পত্র।
উজল-পাঁজল	উথালপাথাল, ওলটপালট।
উকর-ধাকর	এলোপাথাড়ি।
উজানের কৈ	সহজলভ্য।
উড়নপেকে	অমিতব্যয়ী, অপব্যয়ী।
উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে	একজনের দোষ আর একজনের কাঁধে চাপানো।
উলুখাগড়া	গুরুত্বহীন লোক।
উপোসি ছারপোকা	অত্যন্ত অভাবগ্রস্ত লোক।
উনকোটি চৌষট্টি	প্রায় সম্পূর্ণ, কিছুই বাদ যায় না এমন।
উনপঞ্চাশ বায়ু	পাগলামি, খ্যাপামি।
উনপাঁজুরে	অপদার্থ।
উঁচকপালে	ভাগ্যবান পুরুষ।
উভয় সংকট	দুদিকে বিপদ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

উঠে পড়ে লাগা	প্রাণপণে চেষ্টা করা।
উচ্ছের ঝাড়	খারাপ বংশ।
উঠতির ওঠা	অবস্থাপন্ন হওয়া, শ্রীবৃদ্ধিযুক্ত হওয়া।
উদ্দেশ	খোঁজখবর, সন্ধান।
উজান বাওয়া	উলটো দিকে যাওয়া।
উজান-ভাটি	স্রোতের অনুকূল ও প্রতিকূল দিক।
উজানি বেলা	পূর্বাহ্ণ, সকালবেলা।
উজিয়ে যাওয়া	স্রোতের বা গতির বিপরীত দিকে যাওয়া।
উঠতে বসতে	যখন-তখন।
উঠতি-মুখ	উন্নতির সূচনা।
উঠান চষা	অপমান ও অপদস্থ করা, পীড়ন বা অত্যাচার করা।
উচ্ছন্ন ওঠা	নিশ্চিহ্ন হওয়া।
উড়ু উড়ু করা	অস্থির ভাব।
উড়ো খই	খরচ হয়ে যাওয়া বা হাত থেকে বেরিয়ে যাওয়া জিনিস।
উতরে যাওয়া	অতিক্রম করা, কার্যোদ্ধার করা, নিস্তার পাওয়া।
উনপাঁজুড়ে	অকর্মণ্য, আলসে, নির্বোধ।
উদোমাদা/ উদোমারা	অতি সরল ও বোকাসোকা, বোধবুদ্ধিহীন।
উদ্দেশ পাওয়া	সন্ধান পাওয়া।
উপচা-উপচি	ভরপুর, ছাপিয়ে গেছে এমন।
উপরওয়ালা	উপরে স্থিত, উচ্চপদস্থ।
উপর-টান	মৃত্যুর পূর্বলক্ষণস্বরূপ শ্বাস ওঠা।
উপর-নিচ করা	ক্রমাগত ওঠানামা করা।
উপর-পড়া	অনধিকার-চর্চা করে এমন।
উপরোধ-অনুরোধ	অনুনয়-বিনয়, বারবার অনুরোধ।
উপরোধে ঢেঁকি গেলা	অনুরোধ এড়াতে না পেরে কঠিন ও দুঃসাধ্য কাজে হাত দেওয়া।
উপায় করা	আয় করা, বিহিত করা, ব্যবস্থা করা, পথ বার করা।
উপুড়হস্ত করা	দান করা।
উরুবল	বলবান।
উবরানো, উবরে যাওয়া	বাড়তি হওয়া, উদ্বৃত্ত হওয়া।
উলে যাওয়া	নেমে যাওয়া, হালকা হওয়া।
উসপিস করা	ছটফট করা, অস্থির হওয়া।
উস্কন-ফুস্কন করা	জ্বালাতন করা, অতিষ্ঠ করে তোলা।
ঊনপঞ্চাশে পাওয়া	পাগল হওয়া, ভীমরতি ধরা।

ঊ

ঊঢ়ী	পরিণয়, বিবাহ।
ঊর্ধ্বশ্বাস	দ্রুতগমন করা।
ঊর্মিমালী	সমুদ্র।

এ

এক ঢিলে দুই পাখি	এক প্রচেষ্টায় দুই ফল।
একচোখা	পক্ষপাতিত্ব, পক্ষপাতদুষ্ট।
এক মাঘে শীত যায় না	বিপদ একবারই আসে না।
এক কথার মানুষ	দৃঢ় সংকল্পবদ্ধ ব্যক্তি।
এক ক্ষুরে মাথা মুড়োনো	সমান অপরাধে অপরাধী হওয়া/ একই দলভুক্ত
একাদশে বৃহস্পতি	সৌভাগ্য, মহাসৌভাগ্য।
এলোপাতাড়ি	বিশৃঙ্খলা।
এলাহি কাণ্ড	বিরাট ব্যাপার।
এস্পার-ওস্পার	মীমাংসা, চূড়ান্ত মীমাংসা।
এণ্ডায় গণ্ডায়	গোঁজামিল দেওয়া।
এককে একুশ করা	সামান্য বা তুচ্ছ জিনিসকে অযথা বাড়ানো।
এক ডাকের পথ	কাছাকাছি।
এক গোয়ালের গরু	এক শ্রেণিভুক্ত।
এক যাত্রায় পৃথক ফল	একই কাজের ভিন্ন প্রাপ্তি।
এক বনে দুই বাঘ	প্রবল প্রতিদ্বন্দ্বী।
এক ছাঁচে ঢালা	একই রকম, হুবহু, একরকম।
এক লহমায়	এক মুহূর্তে, এক পলকে।
একহাত নেওয়া	রাগ দেখানো, জব্দ করা।
এক কথা	যে কথার নড়চড় হয় না, অনড় কথা।
এক কাজের কাজি	এক পেশায় নিযুক্ত লোক।
একাট্টা	একজোট, দলবদ্ধ।
এক কাঠি সরেস	আরো খারাপ, এক ধাপ খারাপ।
এক কাপড়ে	তৎক্ষণাৎ, সঙ্গে সঙ্গে, বিন্দুমাত্র দেরি না করে।
এক করতে আর এক	এলোমেলো করা।
এক গেলাসের ইয়ার	অন্তরঙ্গ বন্ধু।
এক পা জলে এক পা স্থলে	অনিশ্চিত অবস্থা।
একপেশে/ এক চোখা	পক্ষপাতদুষ্ট।
একবগ্গা	একগুঁয়ে, একরোখা।
একরত্তি	খুব ছোটো।
একহারা	ছিপছিপে।
একলষেঁড়ে	একা থাকতে ভালোবাসে এমন, অসামাজিক।
একা ঘরের গিন্নি	সম্পূর্ণ কর্তৃত্ব।
একাই এক-শো	অত্যন্ত ক্ষমতাশালী।
একানড়ে	একপেয়ে বা খোঁড়া ভূতবিশেষ।
একূল-ওকূল দু-কূল যাওয়া	আশ্রয় বা সম্বল হারানো।
এগুলে রাম পেছুলে রাবণ	উভয় সংকট।
এণ্ডাবাচ্চা, এণ্ডিগেণ্ডি	ছেলেমেয়ে বা সন্তানের দল।
১৮. 'দৃঢ় সংকল্প' অর্থ কোন বাগধারার মধ্যে রয়েছে?
ক একচোখা খ এক কথার মানুষ
গ উড়নচণ্ডী ঘ [illegible]

১৯. নিচের কোন অর্থটি '[illegible] প্রাণ' বাগধারার সঠিক অর্থ প্রকাশ করে?
ক সংকীর্ণমনা লোক খ [illegible]
গ [illegible] ঘ যা সহজে মরে না

২০. '[illegible]'-এর সমার্থক বাগধারা কোনটি?
ক [illegible] খ [illegible]
গ [illegible] ঘ ভরাডুবি

OMR

০১. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০৩. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
১১. ক খ গ ঘ	১২. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৫. ক খ গ ঘ
১৬. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৮. ক খ গ ঘ	১৯. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ

Answer

২০.ক	১৯.ঘ	১৮.ঘ	১৭.ঘ	১৬.ঘ	১৫.গ	১৪.ক	১৩.খ	১২.গ	১১.খ
১০.ক	০৯.খ	০৮.গ	০৭.ঘ	০৬.ঘ	০৫.গ	০৪.ক	০৩.ঘ	০২.গ	০১.ঘ

অধ্যায় ৩১ প্রবাদ-প্রবচন

প্রাসঙ্গিক আলোচনা

- **সংজ্ঞা :** প্রবাদ-প্রবচন হচ্ছে জ্ঞান, কথার আকর বা ভান্ডার। সহজ কথায় 'প্রবাদ' এর 'প্র' অর্থ : বিশেষ; আর 'বদ' অর্থ : কথা অর্থাৎ প্রবাদ মানে হলো বিশেষ ভাব বা কথা প্রকাশক বিশিষ্ট বাক্য। অর্থাৎ প্রাতিষ্ঠানিক শিক্ষা ছাড়াই সহজ জ্ঞানানুশীলনের চেষ্টা দ্বারাই প্রবাদ-প্রবচনের অর্থ বোঝা যায়। প্রবাদ-প্রবচনের ব্যুৎপত্তিগত কোনো পার্থক্য (প্রবাদ এর মূল 'বদ' ও প্রবচনের ধাতু 'বচ্' নির্দেশ করে বলা। অর্থাৎ জ্ঞানগর্ভ উক্তি) না থাকলেও প্রয়োগগত সূক্ষ্ম পার্থক্য রয়েছে। প্রবাদ ব্যঞ্জনাধর্মী ও রূপকাশ্রয়ী। এর বাহ্যিক সরল অর্থের অভ্যন্তরে থাকে একটি রূপকার্থ। যেমন :
'তাল গাছের আড়াই হাত'– এই প্রবাদের আক্ষরিক অর্থটি গুরুত্বপূর্ণ নয়। এর রূপকাশ্রয়ী অর্থই গ্রহণীয়। অর্থাৎ দুরূহ কাজের শেষটা করাই কঠিন।'
পক্ষান্তরে, প্রবচন বাচ্যার্থ নির্ভর। দৃশ্যমান অর্থই প্রবচনে বিবেচনা করা হয়। যেমন : যার বিয়ে তার খবর নাই, পাড়া পড়শির ঘুম নাই'– এখানে দৃশ্যমান অর্থই গ্রহণ করা হয়।
- **ল্যাটিন শব্দ** 'proverties' থেকে ইংরেজি 'proverb' (প্রবাদ) শব্দটির উৎপত্তি। প্রবাদকে গ্রিক ভাষায় বলে 'paroemia', স্প্যানিশ ভাষায় এর নাম 'Refran' এবং ভারতীয় উপমহাদেশে প্রবাদের সংস্কৃত পরিভাষা– আভানক, পায়োবাদ ও লৌকিক গাঁথা। হিন্দিতে 'মহবরেঁ' (প্রবাদ) ও 'কহাঁবতে' (প্রবচন)।
- **মনীষী বেকনের মতে,** 'gems of wisdom, the genius, wit and spirit of nation.'
- **বিভিন্ন শ্রেণির প্রবাদ-প্রবচন :**
  - **নীতিকথামূলক।** যেমন : ধর্মের কল বাতাসে নড়ে।
  - **ইতিকথামূলক।** যেমন : ধান ভানতে শিবের গীত।
  - **সাধারণ অভিজ্ঞতাবাচক প্রবাদ।** যেমন : চোর পালালে বুদ্ধি বাড়ে।
  - **মানবচরিত্র সমালোচনামূলক।** যেমন : গাঁয়ে মানে না আপনি মোড়ল।
  - **প্রসিদ্ধ ঘটনামূলক প্রবাদ।** যেমন : লাগে টাকা দিবে গৌরীসেন।
  - **সামাজিক রীতিনীতিজ্ঞাপক প্রবাদ।** যেমন : মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত।
  - **ঘটনা বা কাহিনিমূলক প্রবাদ।** যেমন : বামুন গেল ঘর তো লাঙল তুলে ধর।
  - **সমার্থক প্রবাদ।** যেমন : চোরা না শুনে ধর্মের কাহিনি।
  - **পরস্পরবিরোধী প্রবাদ।** যেমন : দশে মিলি করি কাজ, হারি জিতি নাহি লাজ। বনাম, অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট।

কতিপয় প্রবাদ-প্রবচনের দৃষ্টান্ত

অ

অর্চনের ধন চর্বণে যায়	অসৎ উপায়ে অর্জিত অর্থ অপব্যয়ে নষ্ট হয়।
অতি ভক্তি চোরের লক্ষণ	অসৎ মতলব লুকানোর কৌশল হিসেবে ভক্তির আতিশয্য।
অসারের তর্জন গর্জন সার	অক্ষম হাঁকডাক করতেই ওস্তাদ, তাকে দিয়ে কাজ হয় না।
অতি দর্পে হত লঙ্কা	অহঙ্কার পতনের মূল।
অতি লোভে তাঁতি নষ্ট	বেশি লোভ করতে গিয়ে সব কিছু হারানো।
অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট	অতিরিক্ত লোকের পাণ্ডিত্যের কারণে কাজ নষ্ট।
অভাগা যে দিকে চায়, সাগর শুকিয়ে যায়	ভাগ্য যার খারাপ, কোনো দিকেই সে আশা দেখতে পায় না।
অল্প পানিতে পুঁটি মাছ ফরফর করে	যাদের বিদ্যা সামান্য তারাই বেশি বিদ্যা ফলাতে যায়।
অকেজো বউ লাউ কুটতে দড়	কঠিন কাজ ফেলে সহজ কাজে প্রবৃত্ত হওয়া।
অজগরের দাতা রাম	ঈশ্বরই দীন-দুঃখীর রক্ষক।
অনভ্যাসের কোঁটা কপাল চড়চড় করে	অনভ্যস্ত কাজে কষ্টবোধ করা।
অপব্যয়ে লক্ষ্মী ছাড়ে	বৃথা ব্যয় করলে ধনহীন হতে হয়।
অশ্বত্থামা হত ইতি গজ	পরিষ্কার করে কোনো কথা না বলা।
অশ্বত্থের ছায়াই ছায়া	মহতের আশ্রয়ই বাঞ্ছনীয়।

আ

আটে-পিঠে দড়, তো ঘোড়ার পিঠে চড়	যোগ্যতা অর্জন করেই কাজে নামা উচিত।
আপাছার বড় বাড়	অকাজের লোকের হাঁকডাক বেশি।
আগে পাছে লণ্ঠন, কাজের বেলায় ঠনঠন্	আড়ম্বর ও আয়োজনে বাড়াবাড়ি, কিন্তু কাজে একেবারে ফাঁকি।
আকাঠা নায়ের সাজ বেশি	নিকৃষ্ট অবস্থা বাইরে আড়ম্বর।
আদ্যি কালের বদ্যি বুড়ি	প্রচুর অভিজ্ঞতাসহ প্রবীণ ব্যক্তি।
আপন ভালো পাগলেও বোঝে	স্বার্থবোধ স্বাভাবিক গুণ।
আমড়া গাছে আম হয় না	মন্দ লোকের কাছে ভালো কিছু আশা করা যায় না।
আপনি শুতে ঠাঁই নেই, শঙ্করাকে ডাকে	অন্যের দয়ায় জীবনধারণ করে আবার অন্যকে সাহায্য করার চেষ্টা।
আঙুল ফুলিয়ে কাঁচিল দেওয়া	ক্ষুদ্র চেষ্টায় বৃহৎ কর্ম সম্পাদনের প্রয়াস।
আড়াই আঙুল দাঁড়ি, সৃষ্টি জুড়ে বেড়ি	সামান্য উপায়ে বৃহৎ কার্য সম্পাদনের চেষ্টা।
আদরে ভোজন, কী করে ব্যঞ্জন	প্রীতিতেই পেট ভরে।
আদাড় গাঁয়ে শিয়াল বাঘ	বিদ্বান লোক যেখানে নেই সেখানে স্বল্পবিদ্যা লোকই পাণ্ডিত্য জাহির করে।
আদা শুকালেও ঝাল যায় না	স্বাভাবিক ধর্ম কোনো কালেই লোপ পায় না।
আপন কোটে পাই, চিড়ে কুটে খাই	করায়ত্ত ব্যক্তি বা বস্তুকে নিয়ে যা ইচ্ছা তাই করা যায়।

ই, ঈ

ইলুত যায় না ধুলে, স্বভাব যায় না মলে	স্বভাব সহজে বদলানো যায় না।
ইচ্ছা থাকলে উপায় হয়	কাজে ব্রতী হলে একটা না একটা উপায় বের হবেই।
ইঁদুরে চেনে না ভাগবত পুঁথি	মূর্খ ব্যক্তি মানীর মান বোঝে না।
ইটটি মারলে পাটকেলটি খেতে হয়	যেমন কাজ তেমন তার ফল।
ইটে নাই, ভিটে নাই, বাহিরে মর্দানি	বাইরে বড়মানুষী চাল দেখানো।
ইস্তক জুতা সেলাই নাগাদ চণ্ডীপাঠ	সামান্য বা নীচ কার্য থেকে মহৎ কাজ পর্যন্ত করতে পারা।
ঈশ্বর যদি করেন, কর্তা যদি মরেন/ তবে ঘরে বসে কীর্তন শুনবো	ক্ষুদ্র অভিলাষ পূর্ণ করার জন্য নিজের বৃহৎ অনিষ্ট সহ্য করার ইচ্ছা।

উ

উড়ো খৈ গোবিন্দায় নমঃ	প্রতিকূল অবস্থায় পড়ে বাধ্য হয়ে কোনো সৎকার্য করা।
উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে	একের অপরাধ বা দায় অন্যের ঘাড়ে চাপানো।
উচোট খেয়ে প্রণাম	দায়ে পড়ে কোনো ভালো কাজ করা।
উদবিড়ালে মাছ ধরে, খাটাশে তিন ভাগ করে	একের পরিশ্রমের ফল অপরে ভোগ করে।
উলুবনে সাঁতার দেওয়া	নির্বুদ্ধিতার কাজ করা।
উলটে চড়া মশান গাঁয়ে	অপরাধ স্বীকার না করে ধর্মকাহিনি শোনানো।

ঊ

উনো ভাতে দুনো বল, ভরা ভাতে রসাতল	অল্প আহার স্বাস্থ্যকর, ভরাপেট খাওয়া স্বাস্থ্যের জন্যে ক্ষতিকর
উন পাঁজুরে বরা খুরে	লক্ষ্মী ছাড়া বা শকুনখোর, দুশ্চরিত্র
উনো বর্ষা দুনো শীত	যে বছর বৃষ্টি কম হয় সে বছর শীত বেশি হয়

CamScanner

এ

[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
এক গাছের ছাল অন্য গাছে জোড়া লাগে না	পর কখনো আপন হয় না
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

ও, ঔ

[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	যে বিপদের সৃষ্টি করে সেই বিপদে পড়ে
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

ক

[illegible]	নিজের স্বভাব কেউ বদলাতে পারে না।
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	নিজেকে সংযত না করা
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

ক্ষ

[illegible]	[illegible]
[illegible]	ক্ষুধার জ্বালায় [illegible] হওয়া
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

খ

খুঁটির জোরে ভেড়া নাচে	প্রভাবশালী পৃষ্ঠপোষকতায় সুযোগে শক্তির দাপট দেখায়।
[illegible]	[illegible]
খাল কেটে কুমির আনা	স্বেচ্ছায় ডেকে আনা।
[illegible]	শক্তিহীন হয়ে অত্যাচার করা।
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
খুঁটি না থাকলে ঘর আপনি পড়ে	সহায় না থাকলে সংসারে টিকে থাকা যায় না।
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

গ

[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

ঘ

[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	বিপদ কেটে যাওয়া।
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

চ

[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

ছ

ছাই ফেলতে ভাঙা কুলো	অনাদৃত কিন্তু তুচ্ছ কাজের অপরিহার্য সহায়।
ছুঁচো মেরে হাত গন্ধ করা	তুচ্ছ কাজে হাত দিয়ে দুর্নাম পাওয়া।
ছুঁচ হয়ে ঢোকা, ফাল হয়ে বেরোনো	দয়াপ্রার্থী হয়ে ঢুকে বিরাট অনিষ্ট করা।
ছাঁদন দড়ি গোদা বাড়ি, যে আমার আমি তারি	দৃঢ় নীতিজ্ঞানশূন্য ব্যক্তি।
ছাতুর হাঁড়িতে বাড়ি পড়া	লণ্ডভণ্ড হওয়া।
ছোট মুখে বড় কথা	ছোটদের দ্বারা বা অযোগ্য লোক দ্বারা সম্মানী লোকের প্রতি খারাপ ব্যবহার।
ছিঁড়ে ছিঁড়ে কাটুনি, পুড়ে-ঝুড়ে রাঁধুনি	অভ্যাসেই অভিজ্ঞ হয়।
ছুঁচোয় যদি আতর মাখে, তবুও কি তার গন্ধ ঢাকে?	দুষ্টলোক স্বভাব গোপন করার চেষ্টা করলেও প্রকাশ হয়ে পড়ে।

জ

জহুরিই জহরত চেনে	গুণীই গুণের কদর বোঝেন।
জলে কুমির ডাঙায় বাঘ	উভয় সংকট।
জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ	সব রকম কাজে পটুতা।
জোঁকের মুখে নুনের ছিটে	দম্ভকারী বা দুষ্ট লোকের উপযুক্ত মোকাবিলা।
জমির অভাবে উঠান চষা	প্রয়োজনীয় কাজ না থাকলে অকাজে লিপ্ত হওয়া।
জল এগোয় না তৃষ্ণা এগোয়	যার প্রয়োজন সেই অগ্রসর হয়।
জল খেয়ে জাতি জিজ্ঞাসা করা	আগের কাজ পরে করা/ঘোড়ার আগে গাড়ি জোতা।
জলের গতি নিচের দিকে	জলের মতো স্নেহও নিম্নগামী।
জিয়ন্ত মাছে পোকা পড়ানো	মিথ্যা গ্লানি দিয়ে সুচরিত্রে কালিমা লেপন/নির্দোষকে দোষী সাব্যস্ত করা।
জ্বালা দিতে নাই ঠাই, জ্বালা দেয় সতিনের ভাই	যন্ত্রণার ওপর যন্ত্রণা।

ঝ

ঝাঁকের কৈ ঝাঁকে মেশা	দলছুটের পুনরায় দলে প্রত্যাবর্তন।
ঝিকে মেরে বউকে শেখানো	পরোক্ষভাবে মনের বিরক্তি জ্ঞাপন করা
ঝাল মরিচের লাল চামড়া	দুর্জনের চেহারা সুন্দর হতে পারে।
ঝাড়ের বাঁশ পড়ে না	অনেকে একত্রে থাকলে বিপদ ঘটে না।
ঝাল দেখেছ, না কড়ি দেখেছ	কষ্ট না বুঝে কেবল লাভ দেখা।

ট

টাকার নামে কাঠের পুতুলও হা করে	অর্থ লোভনীয় জিনিস।
টোটো কোম্পানির ম্যানেজার	কোনো কাজ না করে ভাবঘুরের মতো থাকা।
টকের জ্বালায় দেশ ছাড়িলাম, তেঁতুল তলায় বাসা	ছোট বিপদ থেকে দূরে থাকতে গিয়ে আরও বড় বিপদে পড়া।
টাকা দিয়ে চিনি নারী, নারী দিয়ে নর	যে নারী অর্থের প্রলোভনে প্রলুব্ধ হয় না এবং যে পুরুষ স্ত্রী লোকের প্রলোভন ত্যাগ করতে পারে তারাই প্রকৃত সতী ও সৎ।
টাক প্রকৃতি গোদ, মরণে হয় শোধ	টাক, স্বভাব আর পায়ের গোদ কিছুতেই শোধরায় না।
টায় টায় মিলিয়ে দেওয়া	গোঁজামিল দেওয়া।

ঠ

ঠগ বাছতে গাঁ উজাড়	মন্দের ভরপুর স্থানে ভালোর আশা করা বৃথা। পরিণামে শূন্য প্রাপ্তি।
ঠাকুর ঘরে কে? আমি কলা খাই না	নির্বুদ্ধিতা।
ঠোঁট কাটা কাক	যে সব বিষয়ে খুঁত ধরে থাকে।
ঠাকুরে করিলে হেলা, রাখালে মারে ঢেলা	ঈশ্বর বিমুখ হলে, তুচ্ছ ব্যক্তিও অপমান করতে পারে।
ঠাট ঠমকে বিকায় ঘোড়া	বাইরের ভড়ং দেখে লোকে ভুলে।
ঠোঁটা লোকের মুখে আঁট, বাহিরে থেকে কাটে গাঁট	ধূর্ত লোক মিষ্টি কথায় ভুলিয়ে প্রতারণা করা।
ঠকায় পড়ে ঢেলায় সেলাম	প্রকৃত বিষয় গোপন করে সম্ভ্রম রক্ষার চেষ্টা।

ড

ডানে আনতে বাঁয়ে কুলায় না	আয়ের চেয়ে ব্যয় বেশি হওয়ায় দিশেহারা অবস্থা।
ডোবা দেখলেই ব্যাঙ লাফায়	প্রিয় বস্তু দেখলে আনন্দ হয়।
ডাইনির মায়া বুঝা ভার	কপটিনীর কপটতা ভেদ করা কঠিন।
ডুবেছি না ডুবতে আছি, পাতাল কত দূর	শেষ সীমা পর্যন্ত দেখা।
ডেকে শাল নেওয়া	ইচ্ছা করে বিপদে পড়া।
ডোল ভরা আশা, কুলো ভরা ছাই	আশা অনেক কিন্তু সফলতা নেই।

ঢ

ঢেউ দেখে নাও ডোবানো	বিপদ আসার আগেই আশা ত্যাগ।
ঢাল নেই, তলোয়ার নেই, নিধিরাম সর্দার	ক্ষমতা না থাকলে কর্তৃত্ব করতে যাওয়া বৃথা।
ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে	অবস্থার উন্নতি হলেও কাজ বা স্বভাবের পরিবর্তন না হওয়া।
ঢাকের কড়িতে মনসা বিকানো	প্রধান কার্যে ব্যয় অপেক্ষা আনুষঙ্গিক ব্যয় অধিক।
ঢাকের বাজনা থামলে মিষ্টি	ঢাকের বাদ্য থামলেই আরাম লাগে।
ঢেকশেলে যদি মানিক পাই, তবে কেন পর্বতে যাই	ঘরে বসে সুখলাভ করলে বাইরে যাওয়ার প্রয়োজন নেই।
ঢিলটি মারলে পাটকেলটি খেতে হয়	পরের অনিষ্ট করলে নিজেও তেমন ব্যবহার পাবে।
ঢেঁশকেল দিয়ে কটক যাওয়া	সহজ কাজ জটিলভাবে করা।
ঢ্যাকার আগে চলা	ধাক্কা দেওয়ার আগে যাওয়া ভালো।

ত

তাল গাছের আড়াই হাত	দুরূহ কাজের শেষটা করাই কঠিন।
তিল কুঁড়িয়ে তাল	তুচ্ছ কিছু জমিয়ে বড় কিছুর সৃষ্টি।
তিন নকলে আসল খাস্তা	ক্রমাগত হাত বদলে বিশুদ্ধতার হানি।
তেলা মাথায় তেল দেওয়া	যার আছে তাকে আরো দেওয়া।
তপ্ত জলে ঘর পোড়ে না	ঠান্ডা লোক ক্রুদ্ধ হলেও বিশেষ অনিষ্ট হয় না।
তাঁতি রাগে কাপড় ছেঁড়ে, আপনার ক্ষতি আপনি করে	নির্বোধ লোক রেগে গেলে নিজের ক্ষতি নিজেই করে।
তাত সয় তবু বাত সয় না	উত্তাপ সহ্য করা যায় তবু শীতল বাতাস সহ্য হয় না।
তালপাতার ছায়া	ক্ষণস্থায়ী এবং শীতলতা দানে অসমর্থ।
তিন কাল গিয়ে এক কালে ঠেকা	বার্ধক্যে পৌঁছানো।
তাস, তামাক, পাশা, তিন কর্মনাশা	এগুলো বৃথা সময় নষ্ট করে কাজের ক্ষতি করে।
তুক্ তাক্ ছয় মাস, কপালে যা বারো মাস	অদৃষ্ট মন্দ হলে চিরকালই কষ্ট সহ্য করতে হয়।

থ

থলির ভিতর হাতি পোষা	অসম্ভব কাজ করার চেষ্টা।
থোঁতা মুখ ভোতা হওয়া	গর্ব চূর্ণ হওয়া।
থোর বড়ি খাড়া, খাড়া বড়ি থোর	বৈচিত্র্যহীন ব্যাপার।
থাক রে কুকুর আমার পাশে, ভাত দিব তোরে পৌষ মাসে	অনির্দিষ্টকাল পর্যন্ত কাউকে আশা দিয়ে রাখা।
থাকে যদি চূড়ো বাঁশি, মিলবে রাধা হেন কত দাসী	নিজের গুণ থাকলে কার্যসিদ্ধি হবেই।
থিয়ে তল যাবে, তবু নুয়ে ডুব দিবে না	ভাঙবে তবু মচকাবে না।

দ

দশ চক্রে ভগবান ভূত	অনেকের চক্রান্তে নির্দোষকে দোষী বানানো।
দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো	খারাপ জিনিস থাকার চেয়ে না থাকাই শ্রেয়।
দুধের স্বাদ ঘোলে মেটানো	ভালো জিনিসের অভাবে মন্দে সন্তুষ্ট থাকা।
দরিদ্র দোষে, গুণরাশি নাশে	অভাবের কারণে গুণসকল নষ্ট হওয়া।
দশে যারে বলে ছি, তার প্রাণে কাজ কী	দশ জন যার নিন্দা করে, তার জীবনধারণ বৃথা।
দাঁড়িকে মাঝি করা, মাঝ গাঙ্গে ডুবে মরা	অনভ্যস্ত ব্যক্তিকে কাজের ভার দিলে সে কাজ পণ্ড হয়ে যায়।
দায় মোদ্দায় রাজি, কী করবেন কাজি	বাদী বিবাদীতে মিল হলে বিচারকের কিছু করার থাকে না।
দেখতে খেঁকশিয়ালি, যুদ্ধের সময় বাঘ	কার্যকালে সাহসী।
দেখাদেখি চাষ, লাগালাগি বাস	একজনকে দেখে অন্যজন কাজে প্রবৃত্ত হয়।
দেদোর মর্ম, দেদোয় জানে	যার যন্ত্রণা সেই বোঝে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ধ

...-মুঠি ধরলে সোনা মুঠি হয়	ভাগ্য সুপ্রসন্ন থাকলে সামান্য চেষ্টাতে বিরাট সাফল্য হয়।
...জন পরিবার, কেহ নয় আপনার	কেউ কারও নয়।
...বেঁধে পিরিত, আর মেজে ঘষে ...প হয় না	বল প্রয়োগ বা কৃত্রিম উপায়ে বাঞ্ছিত বস্তু লাভ হয় না।
...জন, যৌবন, জোয়ারের জল কতক্ষণ	অর্থ, আত্মীয় ও যৌবন জোয়ারের পানির মতোই ক্ষণস্থায়ী।
...র্মের কল বাতাসে নড়ে	গোপন অন্যায়ের আকস্মিক প্রকাশ।
...ন ভানতে শিবের গীত	অপ্রাসঙ্গিক প্রসঙ্গের অবতারণা।
...ন নাই কড়ি নাই নিধিরাম পোদ্দার	পরের জিনিস দিয়ে বাহাদুরি দেখানো।

ন

...ড়া একবারই বেল তলায় যায়	ভুক্তভোগী কখনো বারবার ঠকতে চায় না।
...চতে না জানলে উঠান বাঁকা	অক্ষমতা ঢাকার জন্য বাজে অজুহাত।
...জের কোলে ঝোল টানা	স্বার্থসিদ্ধির ব্যবস্থা।
...গর পুড়িলে দেবালয় কি এড়ায়?	যে বিপদে সবার ক্ষতি হয়।
...জের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ	নিজের ক্ষতি করেও অন্যের সর্বনাশের চেষ্টা।
...জের চরকায় তেল দেওয়া	আপন কাজে মন দেওয়া।
...জের ঢাক নিজে পেটানো	আত্মপ্রকাশ।
...কের জলে চোখের জলের এক ...ওয়া/করা	ভীষণ লাঞ্ছনা পাওয়া বা করা।
...ড়া দাঁত পড়া ভালো	আত্মীয়ের সাথে মনোমালিন্য হলে সংস্রব ত্যাগ করাই মঙ্গল।
...ংটে ইঁদুর পাহাড় কাটে	তুচ্ছ লোকের দ্বারা বড় রকমের ক্ষতি হতে পারে।

প

পরের ধনে পোদ্দারি	অন্যের অর্থ ইচ্ছামতো খরচ করে বড়লোকি দেখানো।
পেটে খেলে পিঠে সয়	লাভের সম্ভাবনা থাকলে কষ্ট সহ্য করা যায়।
পড়েছি মোগলের হাতে খানা খেতে হবে সাথে	বিপদে পড়ে ইচ্ছার বিরুদ্ধে কাজ করা।
পাপের ধন প্রায়শ্চিত্তে যায়	অসৎ পথের উপার্জন অকাজে ব্যয় হয়।
পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে	বাড়াবাড়ি পতনের কারণ।
পচা আদা ঝালের গাদা	মন্দ প্রকৃতির লোক মৃতপ্রায় হলেও স্বভাবের পরিবর্তন হয় না।
পরের গোয়ালে গোদান	পরের ধন দান করে পুণ্য সঞ্চয় করা।
পর্বতের মূষিক প্রসব	বিরাট আড়ম্বরের তুচ্ছ পরিণাম।

ফ

ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া	সামান্য কারণে কষ্ট পাওয়া।
ফেল কড়ি মাখ তেল	অর্থের বিনিময়ে ইচ্ছা পূরণ।
ফেন দিয়ে ভাত খায়, গল্প মারে দই	মুখে আড়ম্বর।
ফতো বাবু	দিনেকের সম্বল নেই বাইরে বাবুগিরি দেখানো।
ফাঁপা ঢেঁকির শব্দ বড়	নির্গুণ ব্যক্তির তর্জন-গর্জন বেশি।
ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া	সামান্য কারণে অস্থির হওয়া।
ফিকিরে ফকির	ভণ্ড ফকির।

ব

বুড় শালিকের ঘাড়ে রোঁ	বুড়ো বয়সে ফুর্তিবাজ যুবকের মতো আচরণ।
বড়র পিরিতি বালির বাঁধ	বড়লোকের প্রেম-ভালোবাসা অত্যন্ত ক্ষণস্থায়ী।
বিড়ালের ভাগ্যে শিকে ছেঁড়া	হঠাৎ অপ্রত্যাশিত সৌভাগ্য লাভ।
বাঘের ঘরে ঘোগের বাসা	শত্রুর ঘরে গোপন আস্তানা।
বাঘে-মহিষে এক ঘাটে পানি খায়	যোগ্য শাসকের ক্ষমতা প্রদর্শন।
বাড়া ভাতে ছাই দেয়া	নিশ্চিত সাফল্য হাতছাড়া করা।
বজ্র আঁটুনি ফস্কা গেরো	কড়াকড়ির ঢিলেঢালা ফল।
বাঘে ছুঁলে আঠারো ঘা	শত্রু বা প্রতিপক্ষের পাল্লায় পড়লে নাজেহাল হতেই হয়।
বামুন গেল ঘর তো লাঙ্গল তুলে ধর	তদারকি না থাকলে ফাঁকি দেয়ার প্রবণতা।

বিষ নেই, কুলোপনা চক্র	ক্ষমতাহীনের অসার আস্ফালন।
বয়সের গাছপাথর না থাকা	অত্যন্ত বৃদ্ধ।
বামন হয়ে চাঁদে হাত দেওয়া	অসম্ভব প্রয়াস।
বাঁদরের গলায় মুক্তোর মালা	অপাত্রে মূল্যবান বস্তু দান।
বৃদ্ধা বেশ্যা তপস্বিনী	সারাজীবন পাপ করে বুড়ো বয়সে ধার্মিক সাজা।
বসতে পেলে শুতে চায়	একটু সুবিধা পেলে বেশি সুবিধা দাবি করা।

ভ

ভেক না ধরলে ভিখ মেলে না	পেশা ও কাজের উপযোগী বেশভূষা দরকার হয়।
ভাগের মা গঙ্গা পায় না	ভাগাভাগি কাজ প্রায়ই পূর্ণ হয় না।
ভূতের মুখে রাম নাম	অসম্ভব ব্যাপার।
ভাঙে তবু মচকায় না	বিপন্ন হলেও বিব্রত ভাব না দেখানো।
ভাবের ঘরে চুরি	মনে এক কথা, ব্যবহারে অন্য।
ভাবিলে ভাবনায় ঘেরে	চিন্তায় চিন্তা বাড়ে।
ভেড়ের শত্রু ভেড়ে, নেয়ের শত্রু নেয়ে	সমশ্রেণি থেকেই অধিক অনিষ্ট ঘটে থাকে।
ভেড়া করে রাখা	কারো একান্ত বশীভূত হয়ে থাকা।
ভেড়ার গোয়ালে আগুন লাগা	প্রতিকারের উপায় চিন্তা না করে কোলাহল করা।

ম

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন	প্রাণের বিনিময়ে হলেও সংকল্প পালন।
মহাভারত অশুদ্ধ হওয়া	বড় ধরনের ত্রুটি।
মড়ার উপর খাঁড়ার ঘা	ব্যথিতকে আরও বেদনা দেওয়া।
মশা মারতে কামান দাগা	তুচ্ছ কাজে খামোখা বাড়তি আয়োজন।
মাথা নেই তার মাথা ব্যথা	অহেতুক দুর্ভাবনা পোহানো।
মাছের তেলে মাছ ভাজা	কাজের লাভ থেকে কাজের খরচ পুষিয়ে নেওয়া।
মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত	সীমাবদ্ধতা।
ময়না টিয়ে উড়িয়ে দিয়ে, খাঁচায় পোষে কাক	গুণবানকে ছেড়ে নির্গুণের আদর করা।
ময়লা কাপড়ে ধোপার ভয়	মনে পাপ থাকলেই আশঙ্কা জন্মে।
মাছ ধুলে মিঠে, মাংস ধুলে শিঠে	মাছের ন্যায় মাংস ধুয়ে রান্না করা যায় না।

য

যখন যেমন তখন তেমন	সব রকম অবস্থার সঙ্গে খাপ খাইয়ে চলার ক্ষমতা।
যত দোষ নন্দ ঘোষ	অন্যদের সব অপরাধের দায় একজনের ওপর চাপিয়ে দেওয়ার চেষ্টা।
যত ছিল নাড়াবুনে, সব হলো কিত্তুনে	মূর্খ অরসিকজনের মর্যাদা লাভ।
যেমন কর্ম তেমন ফল	যে যেমন কাজ করে সে তেমন ফল ভোগ করে।
যেমন দান তেমন দক্ষিণা	অর্থ অনুযায়ী কাজ বা জিনিস।
যত গর্জে তত বর্ষে না	মুখে যত, কাজে তত নয়।
যারে দেখতে নারি, তার চলন বাঁকা	অপ্রিয় ব্যক্তির খুঁত অনুসন্ধান।
যে যায় লঙ্কায়, সে-ই হয় রাবণ	কোনো পদাবৃত হলে সেই পদসুলভ স্বভাব লাভ।
যাচা ঘোলে ছেঁদা মালা	বিনামূল্যে প্রাপ্ত জিনিসের প্রতি অনীহা।
যমের খাতায় তলব পড়া	মৃত্যুর সময় ঘনিয়ে আসা।

র

রতনে রতন চেনে	যে যেমন, সে তেমনি দেখে।
রাজায় রাজায় যুদ্ধ হয়, উলুখাগড়ার প্রাণ যায়	ক্ষমতাবানে ক্ষমতাবানে লড়াই হলে মাঝে থেকে গরিব ও নিরীহ লোকের ক্ষতি হয়।
রণের ঘোড়া	যে কাজের কথা শুনলে স্থির থাকতে পারে না।
রণমুখো সেপাই, ঘরমুখো বাঙালি	সকল বাধাবিঘ্ন উপেক্ষা করে সংকল্পিত কাজে অগ্রসর হওয়া।
রাঁড়ের পুঁজি	বিধবা বা বেশ্যার ধন অপরেরই ভোগ্য হয়।
রূপে লক্ষ্মী, গুণে সরস্বতী	অতিশয় রূপ ও গুণবিশিষ্ট রমণী।
রসের ঘরেই গৌর নাচে	হাতে পয়সা থাকলে স্ফূর্তি চলে, নতুবা চলে না।
রাজার হাল স্বর্গে বয়	ভাগ্যবানের কাজ আপনা হতে সিদ্ধ হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

ল

লাভের গুড় পিঁপড়ায় খায়	ন্যায্য প্রাপ্য দুর্ভাগ্যক্রমে হাত ছাড়া হওয়া।
লোভে পাপ, পাপে মৃত্যু	অতিরিক্ত লোভ সর্বনাশ ডেকে আনে।
লঙ্কায় সোনা সস্তা	দূরবর্তী স্থানে মূল্যবান জিনিস সস্তা হলেও সংগ্রহ করা সম্ভব নয়।
লাউ শাকের বাপি আর অক্করের কালি	মনে পাপ থাকলে তা দূর করা কঠিন।
লক্ষ্মী হয়ে ভিক্ষা মাগা	অসম্ভব ব্যাপার।
লক্ষ্মীর বেটি ফক্কি	অন্তঃসারশূন্য/ধনবানের কৃপণ সন্তান।

শ

শিঙ ভেঙে বাছুরের দলে	বয়স্ক লোকের ছেলেমানুষি।
শিবও গড়তে পারেন, বাঁদরও গড়তে পারেন	সব কাজে পটু।
শ্যাম রাখি না কুল রাখি	দোটানায় পড়া।
শক্তের ভক্ত, নরমের যম	যে প্রবলের নিকট নত হয়, আর দুর্বল পেলে বল প্রকাশ করে।
শঠের মায়া, তালের ছায়া	তালগাছের ছায়ার ন্যায় শঠের ভালোবাসাও ক্ষণস্থায়ী।
শিয়রে রাজা, কোটালের দোহাই	প্রধান লোক থাকতে অপ্রধানের আশ্রয় গ্রহণ।
শেয়ান ঘুঘুর ছা, ফাঁদে দেয় না পা	কৌশল দ্বারা যাকে সহজে আটকানো যায় না।
শুয়োরের গোঁ	অতিরিক্ত জেদী।
শেয়ান ঠকলে বাপকে বলে না	চতুর লোক নিজের দুর্বলতা গোপন রাখে।

ষ

ষাঁড়ের শত্রু বাঘে মারে	একের শত্রু অপরের দ্বারা বিনষ্ট হওয়া।
ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ	সমানে সমানে লড়াই।
ষট্‌বর্ণে মন্ত্রভেদ	যে মন্ত্রণা অল্পতেই প্রকাশ পায়।

স

সস্তার তিন অবস্থা	সস্তা জিনিসের পেছনে সময় ও অর্থের অপব্যয় হয় বেশি।
সব শেয়ালের এক রা	একজনের মতের সাথে অন্যের অভিন্ন মত পোষণ।
সাপের হাঁচি বেদে চেনে	অভিজ্ঞ লোক প্রকৃত লক্ষণ বুঝতে পারে।
সাতেও নেই পাঁচেও নেই	ঝুট-ঝামেলা থেকে মুক্ত থাকা।
সাপের পাঁচ পা দেখা	অহঙ্কারে অসম্ভবকে সম্ভব মনে করা।
সাত কাণ্ড রামায়ণ শুনে সীতা কার বাপ	চরম অমনোযোগ ও নির্বুদ্ধিতার পরিচয়।
সঙ্গ দোষে কি না হয়, ছুঁচো ছুঁলে গন্ধ হয়	অসৎ সঙ্গে থাকলে অসৎ বলে বিবেচিত হয়।
সৎপুত্র কুলপ্রদীপ	সুপুত্র জন্ম নিলে বংশ উজ্জ্বল হয়।
সাত কুড়ের ঘর, গোঁসাই রক্ষা কর	কাজ না করে ঈশ্বরের দোহাই দেওয়া।
সোনার দাঁড়ে কাক বসানো	উত্তম স্থানে নিকৃষ্টকে স্থাপন।

হ

হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী	মূর্খ লোকের আরও মূর্খ উপদেষ্টা।
হাত দিয়ে হাতি ঠেলা	অসম্ভবকে সম্ভব করার বৃথা চেষ্টা।
হাতি ঘোড়া গেল তল, ভেড়া বলে কত জল	অক্ষমের অনর্থক আস্ফালন।
হিসাবের গরু বাঘে খায় না	হিসাব-নিকাশ ঠিকমতো রাখলে পস্তাতে হয় না।
হাত আলস্যে গোঁফ নষ্ট	সামান্য পরিশ্রমের অভাবে কোনো বিষয় নষ্ট হওয়া।
হরি বড় দয়াময়, কথায় বটে কাজে নয়	যে ব্যক্তির কথায় ও কাজে মিল নেই।
হাতে নাই কড়াকড়ি, করে বেড়ায় বাড়াবাড়ি	সম্বলহীন ব্যক্তির বাবুগিরি দেখানো।

সমার্থবিশিষ্ট কতিপয় প্রবাদ-প্রবচন

১. 'অসারত্ব' বোঝাতে কয়েকটি প্রবাদ–
ক. ষোল কড়াই কানা
খ. আমড়া কাঠের ঢেঁকি
গ. চাল নাই, ধান নাই, গোলা ভরা ইঁদুর

২. 'জ্ঞাতি সম্পর্ক' বোঝাতে কয়েকটি প্রবাদ–
ক. রক্তের টান বড় টান/আপনার জন সতত আপন
খ. নাতির নাতি স্বর্গে বাহি
গ. জ্ঞাতি শত্রু সবখানে, কুকুরের হয় না গঙ্গাস্নানে
ঘ. চাচা আপন চাচি পর, চাচির মেয়ে বিয়ে কর
ঙ. কুটুমের মধ্যে শালা, গহনার মধ্যে বালা
চ. মার সোহাগে বাপের আদর

৩. 'বিরোধিতা' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. পেট ভালো না, ভালো রাঁধব কার তরে
খ. বারো রাজপুত, তের হাঁড়ি, কেউ যায় না কারও বাড়ি
গ. ভূতের বাপের শ্রাদ্ধ
ঘ. ভাই ভাই ঠাঁই ঠাঁই
ঙ. এক হাতে তালি বাজে না

৪. 'অতিরঞ্জন' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. সর্বস্ব তোমার, চাবিকাঠিটা আমার
খ. হয় যদি তিলাটি, কয় তবে তালাটি
গ. মামার বাড়ির আবদার
ঘ. অতি চালাকের গলায় দড়ি

৫. 'নিদর্শন' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. তসবিহ টিপলেই মৌলভী হয় না
খ. পইতা থাকলেই বামুন হয় না
গ. শুড়ির সাক্ষী মাতাল, চোরের সাক্ষী গাঁটকাটা

৬. 'অসময়' বোঝাতে ব্যবহৃত প্রবাদ–
ক. কিলিয়ে কাঁঠাল পাকানো
খ. অকালে বাড়লে সকালে মরে
গ. খাবার সময় শোবার চিন্তা
ঘ. বুড় সালিকের ঘাড়ে রোঁ
ঙ. সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়
চ. সময়ের গীত অসময়ে গায়, গালে মুখে চড় খায়

৭. 'মিল' বোঝাতে ব্যবহৃত হয় প্রবাদ–
ক. যেমন রাধা তেমন কানু
খ. যেমন ভাব তেমন লাভ
গ. যেমন বিয়ে তেমন দক্ষিণা
ঘ. রাজার রানি কানার কানী
ঙ. যেমন হাঁড়ি তেমন কড়ি

৮. 'বল' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. জল জল বৃষ্টির জল, বল বল আপন বল
খ. জোর যার মুলুক তার
গ. জলে পাথর পচে না
ঘ. বীরভোগ্যা বসুন্ধরা

৯. 'ক্ষতিপূরণ' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. ইটটি মারলে পাটকেলটি খেতে হয়
খ. এক ঘরে বাপ মরে, আর এক ঘরে বেটা হয়
গ. নাকের বদলে নরুন

১০. 'বিধি' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. যেই দেশের যে ভাও, উপুর কইরা নাও বাও
খ. প্রবাসে বা আঁতুড়ে নিয়মোঃ নাস্তি
গ. যে দেশে যে ভাষা, হাত থাকতে পায়ে শাঁখা
ঘ. যেমন কাল, তেমন চাল
ঙ. যেমন কলি, তেমনি চলি
চ. যস্মিন দেশে যদাচার, কাছা খুলে নদী পার

১১. 'অভ্যাস' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. বাজাতে বাজাতে বায়েন, গাইতে গাইতে গায়েন
খ. খেতে খেতে গলা বাড়ে, হাঁটতে হাঁটতে নলা বাড়ে
গ. কানা গরুর চেনা পথ
ঘ. অভ্যাসে সয়, অনভ্যাসে নয়

১২. 'আশা' অর্থে ব্যবহৃত প্রবাদ–
ক. পিত্তি পায় না কেত্তন চায়
খ. বামন হয়ে চাঁদ ধরার আশা
গ. আশাই পরম দুঃখ, নৈরাশ্যে পরম সুখ
ঘ. ভাঙা ঘরে বাস, খাট পালঙ্কের আশ

CamScanner

লিখিত অংশ : অনুশীলনমূলক কাজ

০১. অল্প বিদ্যা ভয়ংকরী। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর। [জবি ১৮-১৯]

মূল অর্থ : অহেতুক গর্ব অর্থাৎ স্বল্প জ্ঞান নিয়ে বাড়াবাড়ি মূর্খতার পরিচয়।

নিহিতার্থ : প্রকৃত জ্ঞানী দ্বারা পরিবার, সমাজ, দেশ ও জাতির কল্যাণ সাধিত হয়। তিনি জ্ঞান অর্জন করেন নিবিড়ভাবে। তিনি ততটুকুই করেন, যতটুকু তাঁর জ্ঞান অর্জিত। পক্ষান্তরে, অল্পজ্ঞানসম্পন্ন লোক সমাজের সর্বক্ষেত্রেই বিপজ্জনক। কারণ তাদের জ্ঞানস্বল্পতা তাকে পরিপূর্ণভাবে আলোকিত করে না। অল্প জানা ব্যক্তি তার দুর্বলতাকে আড়াল করার জন্য সমাজে বড় বড় কথা বলেন। এবং অন্যায়ভাবে অন্যের উপর চাপিয়ে দেন। এরূপ ব্যক্তির সিদ্ধান্তগুলো কখনো-কখনো ভয়ঙ্কর রূপ ধারণ করে। যার দরুন পরিবার থেকে শুরু করে দেশ ও জাতির প্রভূত ক্ষতি সাধিত হয়। আর এ কারণে বলা হয়ে থাকে অল্প বিদ্যার পরিণতি মারাত্মক ও ভয়ঙ্করী।

০২. আপনি আচরি ধর্ম পরেরে বোঝাও। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : নিজে পালন না করে অপরকে আদেশ ও উপদেশ দেওয়া অনুচিত।

নিহিতার্থ : সত্য, সৎ ও মহৎকর্ম প্রভৃতি ব্যক্তি জীবনের উপর প্রতিফলিত করে এবং এর ভিত্তি সম্পর্কে অবগত হয়ে তারপর অপরকে পালন করার নির্দেশ দেওয়া কর্তব্য। কেউ ধর্মের দীক্ষা নিয়ে বাস্তব জীবনে প্রয়োগ করে পরে তা অন্যকে পালন করতে বলা উচিত। আর যদি এর ব্যত্যয় ঘটে তাহলে ধর্ম মানুষকে সৎ ও কল্যাণের পথে পরিচালিত করে– এ কথা যদি একজন অধার্মিক লোক পুনঃপুন বলতে থাকে তখন তা সবার কাছেই বিরক্তিকর মনে হয়। এক্ষেত্রে নিজের মধ্যে যে গুণের অভিব্যক্তি নেই তা অন্যকে শিক্ষা দিতে গেলে বিড়ম্বনার শিকার হতে হয়। তাই যেটা নিজের মধ্যে অনুশীলন নেই তা অন্যের উপর চাপিয়ে দেওয়া ঠিক নয়। অর্থাৎ নিজে কোনো জিনিস গ্রহণ না করে অপরকে সে বিষয়ে শিক্ষা দিতে যাওয়া চরম বোকামির কাজ।

০৩. ধনের ঘরের দুলাল। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : ধনীর ঘরের অতি আদুরে ও প্রায় ক্ষেত্রে বখাটে ছেলে।

নিহিতার্থ : সমাজ-সংসারে ধনী-গরিব সব ধরনের মানুষ বসবাস করে। বিত্তহীন বা খেটে-খাওয়া মানুষদের তুলনায় বিত্তশালীদের সন্তানেরা কর্মবিমুখ হয়ে থাকে। এরা দুধে ভাতে বড় হয়। অনায়াসে সব কিছু হাতের নাগালে পেয়ে যাওয়ায় জীবনযুদ্ধে জয়ী হওয়ার অদম্য স্পৃহা থাকে না, থাকে শুধু অপচয়, অপব্যয় করার মানসিকতা। এদের বুদ্ধিবৃত্তির বিকাশও অপ্রতুল ও এরা নিজস্ব বোধ দিয়ে পরিচালিত হয় না। জীবনের শুভ বোধগুলো এদের আকর্ষণ করে না। বাবা-মার অতি আদরের ফলেই এরা কর্মবিমুখ হয়ে পড়ে। যার ফলে পরবর্তী জীবনে তাদেরকে নানা সমস্যার সম্মুখীন ও পরনির্ভর হয়ে দিনাতিপাত করতে হয়।

০৪. মরশির মুখে পড়শিকে দেখে। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : নিজের ভাবনায় অন্যকে ভাবা।

নিহিতার্থ : অনুশীলিত জ্ঞান বা স্বভাবের মধ্য দিয়ে মানুষের চাল-চলন নির্ধারিত হয়। মানুষ নিজের স্বভাব দিয়ে অন্যকে বিচার করতে থাকে। ব্যক্তি ছোটকাল থেকে যা শিখে আসছে তার প্রভাব অন্যের উপর স্বভাবতই ন্যস্ত করতে চাই। এক্ষেত্রে যে ভালো স্বভাবের হয় সে সবকিছু ভালো দেখে। অন্যদিকে খারাপ হলে খারাপ দেখে। একজন চোর তার ভেতরই উপলব্ধি থেকে অন্যজনকে চোর ভাবতে দ্বিধা করে না। অন্যদিকে সাধু মানুষই সকলকে নিজের মতো পুণ্যাত্মা জ্ঞান করে। মানুষ প্রকৃতিগতভাবেই তার অর্জিত উপলব্ধির মাধ্যমে অন্যকে বিচার করতে শেখে। তাই সে অন্যের সাথে সব সময় নিজেকে তুলনা করতে চায়।

০৫. এক মাঘে শীত যায় না। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : দুঃখ, বিপদ বা প্রতিকূল চিরস্থায়ী নয়।

নিহিতার্থ : ঋতুচক্রের আবর্তনে প্রত্যেক ঋতু পর্যায়ক্রমিক ধারায় যেমন বারবার ফিরে আসে তেমনি জীবনচক্রের আবর্তনে মানুষ বহুবার বিপদের সম্মুখীন হতে পারে। প্রকৃতিতে মাঘ মাস তীব্র শীত নিয়ে আসে এবং এর তীব্রতা মানুষ ও প্রাণীকুলকে দারুণ ভোগায়। তাই শীতের তীব্রতার কথা ভুলে যাওয়া একেবারেই ঠিক নয়। কারণ দিনবদলের খেলায় সে পুনরায় ফিরে আসে। তেমনিভাবে মানুষের জীবনে একটি বিপদ থেকে মুক্তি পেলে যে আর বিপদ ঘটবে না, এটি মনে করা উচিত নয়। কারণ বিপদ কেবল একবারের জন্য আসে না, জীবনচক্রের আবর্তনে এটি বহুবার আসতে পারে। তাই বিপদ থেকে রক্ষা পাওয়ার পর বিপদের কথা বিস্মৃত হওয়া মোটেই ঠিক নয়। যারা বিপদ আর বিপদে বন্ধুদের ভুলে যায় তারা পরবর্তীতে আর ঠিকমতো বিপদের সম্মুখে দাঁড়াতে ব্যর্থ হয়, এমনকি টিকেই থাকতে পারে না।

০৬. কাকের বাসায় কোকিলের ছা, জাত স্বভাবে করে রা। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : কেউ নিজ স্বভাব সহজে পরিবর্তন করতে পারে না।

নিহিতার্থ : জন্মগতভাবে মানুষ অভ্যাস অর্জন করে থাকে। অর্থাৎ পরিবার, সমাজ ও শিক্ষার প্রভাবে একজন মানুষের মৌলিক চরিত্র বা বৈশিষ্ট্য গড়ে ওঠে। শৈশব এবং কৈশোর যেসব বিষয় মানুষের উপর প্রভাব বিস্তার করে সেগুলো মানুষের চরিত্রকে বিশেষভাবে প্রভাবিত করে। যার প্রভাব তার ব্যক্তিগত কাজকর্মের উপর পড়ে। ইচ্ছে করলেই গড়ে ওঠা অভ্যাস বা স্বভাবকে পরিবর্তন করা যায় না। কারণ অভ্যাস মানুষকে দাসে পরিণত করে। মানুষের মধ্যে গড়ে ওঠা অভ্যাসগুলো তার শক্তি-সামর্থ্যের উপর চেপে বসে। যার গতি থেকে ব্যক্তি চাইলেও বের হতে পারে না।

০৭. কারো পৌষ মাস কারো সর্বনাশ। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : একই বিষয় একেক জনের জন্য একেক রকম।

নিহিতার্থ : সুদিন এবং দুর্দিন মানুষের জীবনে সমান বার্তা বয়ে নিয়ে আসে না। একই দিন কারো কাছে সুখের আবার কারো কাছে দুঃখের হতে পারে। যেমন : পৌষ মাসের শীত ধনীদের ও বিলাসীদের জন্য স্বাচ্ছন্দ্যের পক্ষান্তরে অতি দরিদ্র বস্ত্রহীনদের জন্য দুর্দিন নিয়ে আসে। কোনো উপলক্ষ কিংবা ঘটনা কারো জীবনকে আনন্দের বন্যায় ভাসিয়ে দেয় আবার কারো-কারো দুচোখ ভেসে যায় অশ্রুর বন্যায়। যেমন বাজারে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি মজুদদারদের জন্য সুদিনের বারতা নিয়ে আসে। কিন্তু ক্রেতা সাধারণ ভোগান্তির শিকার হন। এজন্য কারো দুঃখের দিনে খুশি হওয়া ঠিক নয়। কারণ এদিনটি তারও আসতে পারে।

০৮. লোভে পাপ পাপে মৃত্যু। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : মাত্রাতিরিক্ত লোভ ক্ষতির কারণ।

নিহিতার্থ : লোভ মানুষের চরিত্রের অবনতি ঘটায়। লোভের বশবর্তী হয়ে মানুষ সর্বনাশ ডেকে আনে। লোভ মানুষকে হিতাহিত জ্ঞানশূন্য ও অসৎ উপায় অবলম্বন করতে প্ররোচিত করে। লোভে পড়ে মানুষ পাপকার্য করতে দ্বিধাবোধ করে না। লোভ মানুষকে কুপথে ধাবিত করে আর এ জন্যই মানবজীবনের পরিণাম অনেক সময় দুঃখময় হয়ে ওঠে। কখনো কখনো ঘটে মৃত্যু। লোভে মানুষ পরিণামের কথা চিন্তা না করে এমন সব কাজ করে যা আইনের চোখে দণ্ডনীয়। ফলে পাপীকে ভোগ করতে হয় চরম পরিণতি। লোভে আচ্ছন্ন থেকে মানুষ সত্য ও সুন্দরকে অবজ্ঞা করে বসে। সে বৈষয়িক বুদ্ধির প্রেরণায় পার্থিব ধন-সম্পদ আহরণে ব্রতী হয়। ফলে তার মাঝে লোভ এবং পাপের অস্তিত্ব দেখা দেয়। তাই লোভ বর্জন না করলে জীবনকে সার্থক ও সুন্দর করা যায় না। নির্লোভ জীবন সকলের শ্রদ্ধা ও ভক্তি অর্জন করে।

০৯. নগর পুড়িলে দেবালয় কি এড়ায়? প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : সংশ্লিষ্ট বিপদে সবারই ক্ষতি হয়।

নিহিতার্থ : বিপদ যখন আসে, তখন বাছ-বিচার না করেই আসে। যেমন নগর যদি অগ্নি দ্বারা আক্রান্ত হয় তাহলে পবিত্রতার প্রতীক মন্দির, মসজিদ, দেবগৃহ কিছুই রেহাই পায় না। তেমনি রাজ্য শত্রু দ্বারা আক্রান্ত হলে সাধারণ মানুষও তা থেকে নিস্তার পায় না। কোনো রাষ্ট্র যদি বহিঃশত্রু দ্বারা আক্রান্ত হয় এবং রাষ্ট্রের অধীশ্বর যদি পরাজিত হয়, তবে সাধারণ নাগরিকরাও ক্ষতির সম্মুখীন হন। পরাধীনতার শৃঙ্খল গলায় নিয়ে তাদেরকে যুগ যুগ নির্যাতিত হতে হয়। মনিব বা রক্ষাকর্তারই যদি অস্তিত্ব না থাকে তবে রক্ষিতের অস্তিত্ব থাকার কোনো প্রশ্নই আসে না। সুতরাং জ্ঞানী লোকদের উচিত, তার প্রতিবেশীদেরকে সৎ পথে নিয়ে আসার চেষ্টা করা। কারণ বড় কোনো বিপদ এলে সৎ ব্যক্তিও রেহাই পাবেন না।

১০. তেলা মাথায় তেল দেয়া মনুষ্য জাতির রোগ। প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।

মূল অর্থ : যার অনেক আছে তাকে আরও দেওয়ার প্রবৃত্তি।

নিহিতার্থ : কোনো এক সুদূর অতীতে যখন সমাজ সংগঠিত হয়েছিল, তখন সেখানে সবচেয়ে বড় হয়ে দেখা দিয়েছিল বলবানের হাত থেকে আর্ত ও দুর্বলকে রক্ষা করার প্রতিশ্রুতি। মানুষ প্রকৃতিগতভাবেই তোষামোদ পছন্দ করে। স্বার্থবাদী মানুষ স্বীয় অভিপ্রায় উদ্ধারের জন্য প্রতিপত্তিশালীদের নানাভাবে খুশি করার চেষ্টা করে। যারা সম্পদশালী তাদেরকে নানারকম উপহারসামগ্রী প্রদান করে খুশি করতে চায়। ধনীরা তার সমগোত্রীয়দের আরও সুবিধা প্রদান করে নিজেরা উপকৃত হতে চেষ্টা করে। ধনীর তোষামোদি করতে গিয়ে এরা দরিদ্র আত্মীয়-পরিজনদের দিকে তাকানোর সুযোগ কখনোই পায় না। সমাজে এ মানসিকতার কারণে গরিব নিরন্নেরা বরাবরই থাকে বঞ্চিত ও উপেক্ষিত। সমাজের বিধিব্যবস্থার মধ্যেও ধনিক শ্রেণিকে আরো পাইয়ে দেওয়ার সব রকম ব্যবস্থা থাকে। এভাবে তেলা মাথায় তেল দেওয়া সমাজের নিয়ম হয়ে দাঁড়িয়েছে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. কোনটি প্রবচন? [ঘ ০০-০১]
ⓚ অক্কা পাওয়া ⓚ মূর্ছা যাওয়া
ⓖ পুরানো চাল ভাতে বাড়ে ⓖ আক্কেল সেলামি উ:(গ)

০২. 'ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি।' বাক্যটির বিশিষ্টার্থ- [ঘ ০৪-০৫]
(ক) ফাঁদে আটকানোর কৌশল (খ) শাস্তির কথা বলা
(গ) অভিজ্ঞতার অভাব (ঘ) বিপদগ্রস্ত হওয়ার ভয় দেখানো উ:(ঘ)

০৩. 'ভানুমতীর খেল' প্রবচনটি বোঝায়- [ঘ ০৫-০৬; ইবি ঘ ১৬-১৭]
(ক) চালবাজি (খ) ভেলকিবাজি (গ) ফটকাবাজি (ঘ) ফেরেববাজি উ:(খ)

০৪. 'লোকে বলে' উক্তিটির তাৎপর্য কোনটি? [ক ০৫-০৬]
(ক) সাধারণ লোকে বলে (খ) দুইজন লোকে বলে
(গ) সাধারণ মানুষে বলে (ঘ) নির্দিষ্ট কেউ বলে উ:(ক)

০৫. 'ঘোমটার ভিতর খেমটা নাচ' প্রবচনটির অর্থ- [ঘ ০৬-০৭]
(ক) গোপন কাজ (খ) উৎকট স্বার্থপরতা
(গ) লজ্জার ভান, কিন্তু নির্লজ্জ আচরণ (ঘ) দুরভিসন্ধি উ:(গ)

০৬. নিচের কোনটি প্রবচনের উদাহরণ? [০৭-০৮]
(ক) শিক্ষাই জাতির মেরুদণ্ড (খ) শিক্ষক মানুষ গড়ার কারিগর
(গ) অ-মরি বাংলা ভাষা (ঘ) ধান ভানতে শিবের গীত উ:(ঘ)

০৭. কোনটি প্রবাদ? [ঘ ০৮-০৯]
(ক) বোমা ফাটানো (খ) পাড়াপড়শির চক্ষুশূল
(গ) চড়াই উৎরাই (ঘ) ধর্মের কল বাতাসে নড়ে উ:(ঘ)

০৮. 'হায়রে আমড়া, কেবল আঁটি আর চামড়া!' এ প্রবাদটির অর্থ- [গ ৯১-৯২]
(ক) অন্তঃসারশূন্য অবস্থা (খ) একের জন্য অন্যের দুশ্চিন্তা
(গ) অল্প শোকে কাতর (ঘ) জীর্ণ শীর্ণ অবস্থা উ:(ক)

০৯. 'অর্থহীন অপব্যয়' প্রকাশ করে কোনটি? [ঘ ০৮-০৯]
(ক) মশা মারতে কামান দাগা (খ) ভস্মে ঘি ঢালা
(গ) অধিক সন্ন্যাসীতে নষ্ট (ঘ) গরু মেরে জুতো দান উ:(খ)

১০. 'শিং ভেঙে বাছুরের দলে' প্রবাদটির অর্থ- [ঘ ১০-১১]
(ক) দলত্যাগ (খ) বয়স্ক ব্যক্তির ছেলেমানুষি (গ) নিষ্ফল পরিশ্রম (ঘ) ঝামেলায় পড়া উ:(খ)

১১. 'সাপের পাঁচ পা দেখা' প্রবাদের অর্থ- [ক ১০-১১]
(ক) ভয় পাওয়া (খ) চোখে অন্ধকার দেখা
(গ) শেষ মুহূর্ত পর্যন্ত আশায় থাকা (ঘ) অহংকারে অসম্ভবকে সম্ভব মনে করা উ:(ঘ)

১২. 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ' প্রবচনটির যথার্থ- [ঘ ১১-১২]
(ক) কাটার উপর আরো কাটা (খ) দুরারোগ্য ব্যাধি
(গ) বুড়োর উন্নতি (ঘ) বৃদ্ধ বয়সে যুবকের মতো আচরণ উ:(ঘ)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'ঢাল নেই তলোয়ার নেই নিধিরাম সর্দার।' প্রবচনটির সমার্থক প্রবচন কোনটি? [B ১৭-১৮]
(ক) মশা মারতে কামান দাগা (খ) বজ্র আঁটুনি ফস্কা গেরো
(গ) দেশের কুকুর বিদেশের ঠাকুর (ঘ) বিষ নেই তার কুলোপনা চক্কর উ:(ঘ)

নিচের উদ্দীপকটি পড়ে ০২ নং প্রশ্নটির উত্তর দাও:

জোর রাত থেকে বৃষ্টি। আহা! বৃষ্টির ঝমঝম বোল। এই বৃষ্টির মেয়াদ আল্লাহ দিলে পুরা তিন দিন। কারণ শনিতে সাত মঙ্গলে তিন, আর সব দিন দিন। এটা জেনারেল স্টেটমেন্ট। স্পেসিফিক ক্লারিফিকেশনও আছে। যেমন মঙ্গলে ভোর রাতে হইল শুরু, তিনদিন মেঘের গুরু গুরু। তারপর, বুধের সকালে নামল জল, বিকালে মেঘ কয় এবার চল। বর্তমানে ওর কিছু বাদ নাই।

০২. উদ্দীপকে মোট কয়টি প্রবাদ আছে? [ঘ ১৭-১৮]
(ক) একটি (খ) দুটি (গ) তিনটি (ঘ) চারটি উ:(গ)

Note: প্রবাদ তিনটি হলো: ☐ শনিতে সাত মঙ্গলে তিন, আর সব দিন দিন। ☐ মঙ্গলে ভোর রাতে হইল শুরু, তিনদিন মেঘের গুরুগুরু। ☐ বুধের সকালে নামল জল, বিকালে মেঘ কয় এবার চল।

০৩. 'গাছে কাঁঠাল গোঁফে তেল' প্রবচনটির অর্থ- [ঘ ০৫-০৬]
(ক) লোভ (খ) প্রাপ্তির আনন্দ (গ) প্রাপ্তির পূর্বেই খুশি (ঘ) বোকার কাণ্ড উ:(গ)

০৪. 'কাকের মাংস কাকে খায় না।' প্রবাদটির অর্থ- [ঘ ০৮-০৯]
(ক) নিজের ক্ষতি কেউ করে না (খ) আপন মানুষকে কেউ সম্মান করে না
(গ) স্বজাতির ক্ষতি কেউ করে না (ঘ) মিত্রতা বজায় রাখে উ:(গ)

০৫. 'নিজের দেশে গুণীর আদর নেই।' এর অর্থ প্রকাশক প্রবাদ কোনটি? [ক ১২-১৩]
(ক) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ (খ) মুড়ি মিছরির এক দর
(গ) গেঁয়ো যোগী ভিখ পায় না (ঘ) ভাগের মা গঙ্গা পায় না উ:(গ)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. 'ঐঁটোপাত না যায় স্বর্গে' বলতে বুঝানো হয়েছে- [B ১৯-২০]
(ক) মন্দ দিয়ে ভালো অর্জন করা যায় না (খ) বিত্তবানদের জন্যই শুধু সুখ
(গ) দুর্বলদের কেউ ক্ষমতায় বসায় না (ঘ) পরমুখাপেক্ষীর সমৃদ্ধি সম্ভব হয় না উ:(ঘ)

০২. 'আগুন পোহাতে ধোঁয়ার কষ্ট' বলতে বোঝানো হয়েছে- [B ১৯-২০]
(ক) কোনো কিছু লাভের জন্য ত্যাগ স্বীকার (খ) সুখ সমৃদ্ধি অর্জনের জন্য পরিশ্রম করা
(গ) কষ্টের মধ্য দিয়ে ফল লাভ (ঘ) ইচ্ছা পূরণের জন্য কষ্ট করা উ:(গ)

০৩. 'হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী' বলতে বোঝানো হয়েছে- [B ১৯-২০]
(ক) নির্বোধ ব্যক্তির বোকামী (খ) নামী রাজার গুণী মন্ত্রী
(গ) বোকার অলস সঙ্গী (ঘ) অযোগ্য সঙ্গী উ:(গ)

০৪. 'ঠগ বাছতে গাঁ উজাড়' বলতে বুঝানো হয়েছে- [B ১৯-২০]
(ক) মন্দ জায়গায় ভালোর আশা করা বৃথা (খ) পছন্দের জিনিসকে খুঁজতে সবকিছু ত্যাগ
(গ) মন্দ ব্যক্তির মন্দ কর্ম (ঘ) মন্দের ছড়াছড়িতে ভালোর দুরবস্থা উ:(ঘ)

০৫. 'গোনা গরু বাঘে খায় না' বলতে বোঝানো হয়েছে- [B ১৯-২০]
(ক) পাকা হিসাব রাখা (খ) লিখিত হিসাবে ভুল হয় না
(গ) হিসাবধারী ব্যক্তির ভুল হয় না (ঘ) পরিমিত সম্পদ পাপ আনে না উ:(ক)

০৬. 'সাত ঘাটের কানাকড়ি' বলতে বোঝানো হয়েছে- [B ১৯-২০]
(ক) সর্বসাকুল্যে মোট ধন (খ) অকিঞ্চিৎকর সংগ্রহ
(গ) চতুর্দিকের সম্পদ (ঘ) জমানো মোট অর্থ উ:(ক)

০৭. 'ওঠ ছুঁড়ি তোর বিয়ে' প্রবচনটির অর্থ কী? [১৭-১৮]
(ক) মেয়ের বিবাহ সম্পন্ন করা (খ) আকস্মিকভাবে বড় কোনো কাজে নেমে পড়া
(গ) পাত্রীকে বিয়েতে বাধ্য করানো (ঘ) অভিভাবকের নিয়ন্ত্রণ জাহির করা উ:(খ)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'কোলে কোলে মানুষ' শব্দগুচ্ছটি ব্যাকরণের যে নিয়মে গঠিত হয়েছে- [D ১৭-১৮]
(ক) কারক (খ) সমাস (গ) প্রবাদ-প্রবচন (ঘ) বাগধারা উ:(গ)

০২. 'খনার বচন' কী সংক্রান্ত? [B ১৭-১৮; জাবি জ ১১-১২]
(ক) কৃষি (খ) শিল্প (গ) ব্যবসা (ঘ) রাজনীতি উ:(ক)

০৩. 'ভদ্রতার বালাই' প্রবাদটির অর্থ- [০৪-০৫]
(ক) মূর্খ (খ) অসাধারণ সৌজন্যবোধ (গ) অপরাধবোধ (ঘ) সাধারণ সৌজন্যবোধ উ:(ঘ)

০৪. কোন প্রবচনটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত হয়? [০৫-০৬]
(ক) আটকপালে (খ) উড়নচণ্ডী (গ) ছাপোষা (ঘ) ভুষণ্ডির কাক উ:(ক)

০৫. 'আসলে মুষল নেই ঢেঁকি ঘরে চাঁদোয়া'- [ঘ ০৭-০৮]
(ক) অমিতব্যয়ী (খ) অপদার্থ (গ) জব্দ করা (ঘ) এলোমেলো উ:(ক)

০৬. 'দশের লাঠি একের বোঝা' অর্থ কী? [A ১৬-১৭]
(ক) ভারী বস্তু (খ) ঐক্যহীন (গ) দোষ চাপানো (ঘ) ঐক্যই শক্তি উ:(ঘ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. 'উলুবনে মুক্তা ছড়ানো' প্রচলিত এমন শব্দগুচ্ছকে বলে- [D১ : ২৩-২৪]
(ক) একক্কথায় প্রকাশ (খ) ভাবসম্প্রসারণ
(গ) বাক্য সংকোচন (ঘ) প্রবাদ-প্রবচন উ:(ঘ)

০২. গা টেপাটেপি মানে- [ও ০৫-০৬]
(ক) রোগীর ব্যথা উপশম করা (খ) গায়ে ব্যথা জাগানো
(গ) অন্যকে লুকিয়ে কিছু বোঝানোর চেষ্টা (ঘ) কোনো গোপন ইঙ্গিত উ:(ঘ)

০৩. কোন বাক্যে 'ঢাক ঢাক গুড় গুড়' প্রবাদটির বিশেষ অর্থ প্রকাশ পেয়েছে? [ও ০৮-০৯]
(ক) ঢাক ঢাক গুড় গুড় করে কী লাভ, কাজে লেগে যাও
(খ) ঢাক ঢাক গুড় গুড় করে কী লাভ, আসল কথাটি বল
(গ) ঢাক ঢাক গুড় গুড় করে কী লাভ, কি খাবে বল
(ঘ) ঢাক ঢাক গুড় গুড় করে কী লাভ, নিজের পায়ে দাঁড়াও উ:(খ)

০৪. 'এক কাজে দুরকম লাভ।' এ অর্থে ব্যবহৃত প্রবাদ কোনটি? [ক ১০-১১]
(ক) গাছে কাঁঠাল গোঁফে তেল (খ) পেটে খেলে পিঠে সয়
(গ) রথ দেখা আর কলা বেচা (ঘ) এক হাতে তালি বাজে না উ:(গ)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

'মরণকে যে বরিতে প্রস্তুত, বাঁচিবার অধিকার তাহারই।' কথাটি দিয়ে কী বোঝানো হয়েছে? [A-১৫-১৬]
ক) শক্তিশালীরাই পৃথিবীতে টিকে থাকতে পারে ⓑ যে জন্মেছে তাকে মরতেই হবে
গ) মহৎ কার্যে জীবন উৎসর্গে অমরত্ব লাভ সম্ভব
ঘ) নিজের জন্য এমন কাজ করা উচিত যাতে মৃত্যুকে জয় করা যায় (গ)

খুলনা বিশ্ববিদ্যালয়

'পর্বতের মূষিক প্রসব' প্রবচনটির অর্থ কী? [B ১৮-২০; জবি ১৮-১৯]
ক) অনেক বিদ্যা খুঁজে পাওয়া ⓑ সহ প্রত্যাশিত অর্জন
গ) বিপুল উদ্যোগে তুচ্ছ অর্জন ঘ) বিরাট আয়োজন (গ)

'কাঁঠালের আমসত্ত্ব' প্রবাদটি কী অর্থ নির্দেশ করে? [B ১৮-১৯]
ক) অসম্ভব ⓑ সত্যবাদী
গ) অসম্ভবকে সম্ভব করা ঘ) সততা একনিষ্ঠতা (গ)

'কপালে না থাকলে ঘি ঠকঠকালে হবে কি' প্রবাদটিতে কোন অর্থ প্রকাশ পায়? [L ১৮-১৯]
ক) এক ঢিলে দুই উদ্দেশ্য সাধন ⓑ পরমুখাপেক্ষীর সমৃদ্ধি হয় না
গ) পরিশ্রম না করলে সফলতা আসে না ঘ) যার যেমন ভাগ্য (গ)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

'গোবরে পদ্মফুল' প্রবাদটির অর্থ কী? [A ১৮-১৯]
ক) সাধ্যের অতিরিক্ত সাধ ⓑ অর্থের কুপ্রভাব গ) কঠিন অসুখ ঘ) অস্থায়ী সুখ (গ)

'অন্যের দাপটে অন্যের বাহাদুরি' কথাটির প্রবাদবাক্য কোনটি? [D ১৭-১৮]
ক) বাজনার চেয়ে বাজনা বেশি ⓑ পর্বতের মূষিক প্রসব
গ) গরুর গাড়ি চাল ঘ) খুঁটির জোরে ভেড়া নাচে (ঘ)

কোন শব্দের আক্ষরিক অনুবাদ হয় না? [E ১৩-১৪]
ক) দ্বিরুক্ত শব্দ ⓑ তৎসম
গ) প্রবাদ-প্রবচন ঘ) বিদেশি শব্দ (গ)

'যে সহে সে রহে'-এর সমার্থক প্রবাদ কোনটি? [E -১৩-১৪]
ক) সবুরে মেওয়া ফলে ⓑ যার লাঠি তার মাটি
গ) জোর যার মুলুক তার ঘ) বুদ্ধি যার বল তার (ক)

'Like priest, like pupil' বাংলা প্রবচন- [খ, সেট ২: ১৪-১৫]
ক) যেমন কর্ম তেমন ফল ⓑ যেমন গাওয়া তেমন পাওয়া
গ) যেমন গুরু, তেমন চেলা ঘ) যেমন কুকুর, তেমনি মুগুর (গ)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'চিরঞ্জীব জন্ম' প্রবাদ প্রবচনটির অর্থ কী? [১৭-১৮]
ক) সর্বদা ⓑ দীর্ঘায়ু গ) আজন্মদি ঘ) দীর্ঘসূত্রিতা (গ)

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. 'ধরি মাছ না ছুঁই পানি' কোন ধরনের বাক্য? [B ১৮-১৯]
ক) সাধারণ ⓑ পরিকল্পনা গ) প্রবাদ বাক্য ঘ) প্রবাদ (গ)

০২. 'অধরার আগে তোলের আয়োজন' কথাটির প্রবাদবাক্য কোনটি? [B ১৭-১৮]
ক) গাছে কাঁঠাল গোঁফে তেল ⓑ তেলে বেগুনে জ্বলে ওঠা
গ) ভাই ছেলেকে কাজ ছাড়া ঘ) গাছে কাঁঠাল গোঁফে তেল (গ)

০৩. 'কাঠ কাঠের লোক' প্রবচনটির অর্থ কী? [B ১৭-১৮; জবি B ১৮-১৯]
ক) নিন্দ ব্যক্তি ⓑ সৎ ব্যক্তি
গ) কোপনস্বভাবী ঘ) খুব অনুগত ব্যক্তি (গ)

০৪. 'অন্ধ জলাটি' প্রবচনের অর্থ কী? [B ১৭-১৮]
ক) অন্ধের পরিচালক ⓑ অর্থ আয়ের
গ) নিন্দ অনুচর ঘ) স্ত্রী অনুগামী (গ)

০৫. 'কপিকে হাওয়া দেওয়া' প্রবচনটির অর্থ- [B ১৭-১৮]
ক) যার কাছে তাকে ফাঁকি দেওয়া ⓑ যার সেই হাতে দেওয়া
গ) শিকারী কার্তুজকে মুক্তি দেওয়া ঘ) বিপদের পূর্বাভাস (ক)

০৬. 'অনভ্যাসের ফোঁটায় কপাল চড়চড় করে' প্রবচনটির অর্থ কী? [১৭-১৮]
ক) অনুকরণে কোনো কাজ সঠিক করা ⓑ আশাপোষণ আশা ক্ষণে বড় হওয়া
গ) আদেশ অধরে থাকলে থাকা ঘ) পূর্ব জাতীয় কথা ভোলে না। (ঘ)

০৭. 'পড়েছি যোগলের হাতে খানা খেতে হবে একসাথে' প্রবচনটির অর্থ কী? [১১-১২]
ক) মোগলদের সাথে বসে খানা খাওয়া ⓑ উচ্চ শ্রেণির ব্যক্তির সাথে বসে খাওয়া
গ) মুক্তি দিয়ে আসা ঘ) বিপদে পড়ে কাজ করা (গ)

চাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. 'Fair weather friends'-এর কাছাকাছি বাংলা প্রবচন কোনটি? [বাণিজ্য : ২৩-২৪; চবি-৭ ১৭-১৮]
ক) দুধের মাছি ⓑ কচের বা
গ) অকাল কুষ্মাণ্ড ঘ) চোরে চোরে মাসতুতো ভাই (ক)

০২. নিচের কোন প্রবাদটি শুদ্ধ? [১৭-১৮]
ক) এক আষাঢ়ে শীত যায় না ⓑ এক মাঘে শীত যায় না
গ) এক ঠিকে শীত যায় না ঘ) এক শরতে শীত যায় না (ঘ)

SELF TEST MCQ

'মাছ না পেয়ে ছিপে কামড়' প্রবাদটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ক) মাছ পাওয়ার জন্য কামড় ⓑ ক্রোধে উদ্দেশ্য নষ্ট করতে উদ্যত হওয়া
গ) ছিপ ছেড়ে ফেলা ঘ) নিজের উপর রাগ করা

'অল্পের জল সার' উক্তিটির তাৎপর্য কোনটি?
ক) অনাবৃষ্টি ⓑ জলযোগে গ) দুর্বল ঘ) অবিবেচক

'পর ঘাড়ে পাল্লা মারি' প্রবচনটির অর্থ-
ক) লোক কাজ ⓑ উৎকট স্বার্থপরতা গ) হাড় জ্বালাতে লোক ঘ) দুর্গন্ধ

কোনটি প্রবাদ?
ক) ননীর পুতুল ⓑ তামার বিষ গ) চড়াই উৎরাই ঘ) শিকারি বিড়াল গোঁফে চেনা যায়

'যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ' প্রবাদের অর্থ-
ক) ভয় পাওয়া ⓑ চোখে অন্ধকার দেখা
গ) শেষ মুহূর্ত পর্যন্ত আশায় থাকা ঘ) অহংকারে অসম্ভবকে সম্ভব মনে করা

'মাছ তুলে মই কেড়ে নেওয়া' প্রবচনটির যথার্থ-
ক) কাটার উপর আরো কাটা ⓑ দুরারোগ্য ব্যাধি
গ) আশা দিয়ে নিরাশ করা ঘ) বিপদে ফেলা

'গাঁয়ে মানে না আপনি মোড়ল' প্রবাদটির অর্থ-
ক) নিজের ক্ষতি কেউ করে না ⓑ মিত্রতা বজায় রাখা
গ) প্রকৃত অভাব ঘ) আপন মানুষকে কেউ সম্মান করে না

'যেমন কুকুর তেমন মুগুর' প্রবাদটির অর্থ কী?
ক) দুষ্টের যথার্থ শাস্তি ⓑ আঘাত দেওয়া গ) অপমান করা ঘ) শাস্তি দেওয়া

'বড় গাছে নৌকা বাঁধা' এর অর্থ কী-
ক) বড় লোকের আশ্রয়ে থাকা ⓑ ঝড়ের রক্ষা করা গ) জব্দ করা ঘ) এলোমেলো

১০. 'আরশির মুখে পড়শিকে দেখা' প্রবাদটির অর্থ-
ক) নিজের মতো করে অন্যকে দেখা ⓑ পরোক্ষ ব্যক্তির খেলোমানুষি
গ) নিষ্ফল পরিশ্রম ঘ) অকারণে ঝামেলায় পড়া

১১. 'বিষ নেই তার কুলোপনা চক্কর' প্রবচনটির অর্থ কী?
ক) অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন ⓑ ক্ষমতাশালীর দম্ভ প্রকাশ
গ) যার কোনো ক্ষমতা নেই ঘ) বিষ নেই এমন সাপ

১২. 'ঘরের শত্রু বিভীষণ' প্রবাদটির অর্থ-
ক) বিশ্বাসঘাতক ⓑ অসাধারণ সৌজন্যবোধ গ) নির্বোধ ঘ) অভ্যন্তরীণ শত্রু

১৩. 'মেঘের ছায়া' প্রবচনটির অর্থ কী?
ক) অন্ধকার ⓑ ক্ষণস্থায়ী গ) বৃষ্টির পূর্বাভাস ঘ) অশুভ লক্ষণ

১৪. 'অন্ধকে দর্পণ দেখানো' প্রবাদটির অর্থ কী?
ক) অন্ধকে জানানো ⓑ সাহায্য করা গ) মস্করা করা ঘ) নির্বোধকে শাস্ত্রজ্ঞান দেওয়া

১৫. 'সুচ চলে না, বেটে চলায়' প্রবাদটি কোন অর্থে প্রযুক্ত?
ক) বৃহৎ কার্যের ভার নেওয়া ⓑ সুচ না চললে কিছুই চলে না
গ) কৌশলে বৃহৎ কার্য উদ্ধার ঘ) অযথা কষ্ট করা

OMR

০১. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০৩. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
১১. ক খ গ ঘ	১২. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৫. ক খ গ ঘ

Answer

১৫. গ	১৪. ঘ	১৩. খ	১২. ঘ	১১. ক	১০. ক	০৯. ক	০৮. ক
০৭. গ	০৬. গ	০৫. গ	০৪. ঘ	০৩. গ	০২. ক	০১. খ	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ৩২ প্রতিশব্দ

প্রতিশব্দের সংজ্ঞা

☞ **সমার্থক শব্দ :** সম + অর্থ + ক = সমার্থক শব্দের অর্থ হলো সমার্থবোধক, সমার্থসূচক, একার্থবোধক, এক বা অনুরূপ অর্থবিশিষ্ট। যেসব শব্দের অর্থ অভিন্ন বা প্রায় সমান, সেসব শব্দকে প্রতিশব্দ বলে। যেমন 'ঘর' শব্দের প্রতিশব্দ 'গৃহ', 'নির্বাচন' শব্দের প্রতিশব্দ 'বাছাই', 'কথা' শব্দের প্রতিশব্দ 'বাণী' ইত্যাদি। বাক্যের প্রকাশকে সাবলীল ও বাক্যের অর্থকে সুস্পষ্ট করতে যথাযথ প্রতিশব্দ খুঁজে নিতে হয়। বাংলা বৈয়াকরণিকদের পরিভাষায় সমার্থবোধক শব্দ বা প্রতিশব্দের অর্থ হলো বহু অর্থদানকারী শব্দ, যা স্থান ও কালভেদে ব্যবহৃত হয়। প্রতিশব্দ সব সময়ে প্রতিস্থাপনযোগ্য না-ও হতে পারে– প্রসঙ্গের উপরে প্রতিশব্দের ব্যবহার নির্ভর করে। যেমন : 'গৃহহীন'-কে 'ভবনহীন' বলা যায় না, 'নির্বাচন কমিশন'-কে 'বাছাই কমিশন' বলা যায় না, কিংবা বক্তার মুখে 'কথার খই ফোটে' বলা গেলেও 'বাণীর খই ফোটে' বলা যায় না।

☞ কয়েকটি প্রতিশব্দের উদাহরণ :

অশরীরী	দেহহীন, অকায়, নৈরাকার, বিদেহ, বিদেহী, অরূপা।
কুহক	মায়া, প্রতারণা, ছলনা, ভ্রম, জাদু, ইন্দ্রজাল।
চতুর	নিপুণ, কুশল, ধূর্ত, ঠগ, চালাক, সপ্রতিভ, বুদ্ধিমান।
জাত	গোত্র, বংশ, প্রকার, কুল, সঞ্চিত, রক্ষিত, শ্রেষ্ঠ, উৎপন্ন, জাতি।
কুমির	নক্র, মকর, ঘড়িয়াল, কুম্ভীর, পিঙ্গচক্ষু, শঙ্কুমুখ।

বর্ণানুক্রমিক প্রতিশব্দের উদাহরণ

অ

অকস্মাৎ : আচমকা, হঠাৎ, সহসা, অতর্কিত, দৈবাৎ।
অকাল : অসময়, অবেলা, দুর্দিন, অশুভ সময়, কুক্ষণ, দুঃসময়।
অক্ষয় : চিরন্তন, ক্ষয়হীন, অশেষ, অনন্ত, অনিঃশেষ, অন্তহীন, অন্তবিহীন, অবিনাশী।
অতিথি : মেহমান, অভ্যাগত, আগন্তুক, আমন্ত্রিত, নিমন্ত্রিত, কুটুম।
অদ্ভুত : উদ্ভট, আজব, আজগুবি, তাজ্জব, বিস্ময়কর, আশ্চর্য, অভিনব, অস্বাভাবিক।
অনেক : অতি, অতীব, অতিমাত্র, একান্ত, নিতান্ত, পরম, সাতিশয়, বেশি, বহু, প্রচুর, প্রভূত, পর্যাপ্ত, অধিক, অত্যন্ত, অতিশয়, অতিরিক্ত, অত্যধিক, বাড়তি, দেদার।
অলস : আলসে, নিষ্ক্রিয়, নিষ্কর্মা, অকর্মা, শ্রমকাতর, অকেজো, অকর্মণ্য, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি।
অনঙ্গ : কন্দর্প, অতনু, স্মর, মন্মথ, মনোজ, পঞ্চশর, ফুলশর, পুষ্পধনু, ফুলধনু, কামদেব, মদন, মনোভাব, মকরকেতু, মকরকেতন, মকরধ্বজ, মনসিজ, মীনধ্বজ, মীনকেতন, রতিপতি।
অঙ্কুর : সংক্রাহ, মুকি, গেঁজ, আব, পুকি, তেউড়, কোড়া, কোঁড়, বৃক্ষক, নবাঙ্কুর, প্ররোহ, কল্প, প্ররূঢ়।
অনুরাগ : প্রীতি, আশক, পেয়ার, প্রণয়, প্রেম, ব্যসঙ্গ, পিরিতি, ইশক, মহব্বত।
অন্ন : দানা, তণ্ডুল, ওদন, ভাত, আহার, ইরা, অশন, ভক্ষ, রসদ, ভক্ষ্য, আহার্য, পথ্য, খোরাক, আহারীয়, ভোজন, স্বধা।
অন্নদা : অন্নদাত্রী, অন্নপূর্ণা, অপর্ণা, উমা, জগদম্বা, জগন্মাতা, দুর্গা, পার্বতী, ভগবতী, শিবপত্নী।
অপবাদ : কুৎসা, দুর্নাম, নিন্দা, বদনাম।
অস্তিত্ব : সদ্ভাব, ভব, বিদ্যমানতা, সমারোহণ, সমবর্তিতা, অধিষ্ঠান, সত্তা, স্থিতি, স্থৈর্য, ব্যবস্থান, [illegible]।
অভিলাষ : তর্ষ, ইচ্ছা, ব্যগ্রতা, উমেদারি, মনোরথ, ঈপ্সা, স্পৃহা, আকাঙ্ক্ষা, ঈহিত, এষা, কাঙ্ক্ষা, মনস্কামনা।
অনুগ্রহ : অনুকম্পা, সৌরত্য, প্রসাদ, অনুবল, কৃপা, দাক্ষিণ্য, কারুণ্য, দয়া।
অঙ্গীকার : সত্যার্পণ, সত্যঙ্কার, প্রতিজ্ঞা, প্রতিশ্রব, বাগদান, সংকল্প, প্রতিজ্ঞান, সত্যাকৃতি, জবান, কথা, আশ্রব, পণ, প্রতিশ্রুতি।
অনন্ত : নিত্য, শাশ্বত, অশেষ, নিরবধি, চিরস্থায়ী, অগণ্য, সীমাহীন, অন্তহীন, চির, অনশ্বর, চিরন্তন, অনিঃশেষ, অনাদি, অক্ষয়।
[illegible] : [illegible], নতুন, বর্তমান, আধুনিক, [illegible], অধুনা, [illegible]।
[illegible] : আঁধার, আঁধিয়ার, আন্ধার, [illegible], জ্যোতিহীন, তমস, তমসা, [illegible], তমিস্রা, [illegible], তিমির, [illegible], অমানিশা, [illegible], তম, আলোকহীনতা, [illegible], তিমিরপুঞ্জ।
[illegible] : [illegible], নয়নজল, অশ্রুবারি, চোখের পানি, নেত্রনীর, চোখের জল।
[illegible] : অবসর, বিরাম, বিশ্রাম, ফুরসত, [illegible], গুঞ্জাইস, সুযোগ।
অভাব : দৈন্য, অনটন, দুরবস্থা, দীনতা, দারিদ্র্য, দুর্দশা, অপ্রাচুর্য, ন্যূনতা, গরিবি, অসাচ্ছল্য।

আ

আনন্দ : সন্তোষ, তৃপ্তি, আমোদ, খুশি, মজা, প্রমোদ, আহ্লাদ, পুলক, হর্ষ, প্রসন্নতা, সুখ, হরিষ, মদ্র, সংহর্ষ, সুখ, হরষ, হৃষ্টি, উল্লাস, স্ফূর্তি, ফুর্তি, পরিতোষ, উচ্ছ্বাস, উল্লাস।
আইন : বিধান, ধারা, অনুবিধি, কানুন, রুল, রেওয়াজ, উপবিধি, বিধি, আর্টিকেল, বিহিতক, রাজবিধি, অধ্যাদেশ, রেগুলেশন, নিয়ম।
আদেশ : অনুজ্ঞা, অনুমতি, অনুশাসন, আজ্ঞা, উপদেশ, নির্দেশ, হুকুম।
আকাশ : খ, অন্তরিক্ষ, অনঙ্গ, গগন, বিমান, ব্যোম, দ্যুলোক, অম্বর, অম্বরতল, নভ, নীলিমা, ইথার, খগোল, খলোক, অনন্ত, অভ্র, পুষ্কর, ত্রিদিব, সুরপথ, ক্রন্দসী, দ্যু, দ্যো, আসমান, নক্ষত্রলোক, নিরাকার, নভ, নভস, নভস্থল, নভস্তল, নভোলোক, পবনপথ, শূন্য, ছায়ালোক, ঘনাশ্রয়, নভোমণ্ডল, সুরপথ।
আলো : জ্যোতি, আলোক, আলা, নুর, প্রভা, আভা, দীপ্তি, দীধিতি, ভাস, সুভাস, আভাস, উদ্ভাস, বিভা, দ্যুতি, প্রদীপ্তি, উদ্দীপিত, ভা, রোচিঃ, রুচি, ভাতি, বিদ্যোত, বিভাসা, প্রদ্যোত, নুরানি, রৌশন, রোশন, অগ্নিপ্রভা।
আগুন : অগ্নি, অনল, আতশ, আগ, জ্বলন, তেজোনিধি, ধনঞ্জয়, হুতাশ, পিঙ্গল, দহন, বীতিহোত্র, পাবক, সর্বভুক, বিভাবসু, শিখা, সর্বশুচি, বৈশ্বানর, হুতাশন, কৃশানু, বায়ুসখা, চিতা, হোমাগ্নি, সপ্তাংশু, চিত্রভানু, কৃপাট, অর্চি, বহ্নিজ্বলন, বহ্নি, হব্যাশন, বহ্নি, শিকারৎ, শিখিন, হুতভুক, ধূমকেতন।
আশ্চর্য : চমক, অবাক, বিস্ময়, অদ্ভুত, বিস্মিত, হতবাক, বিস্ময়কর।
আরম্ভ : সূচনা, প্রারম্ভ, শুরু, অনুবন্ধ, গৌরচন্দ্রিকা, মুখবন্ধ, প্রবর্তনা, সমারম্ভ।
আচমকা : হঠাৎ, চকিতে, সহসা, অকস্মাৎ, অতর্কিতে, আচম্বিতে।

ই

ইচ্ছা : কামনা, বাসনা, বাঞ্ছা, অভিপ্রায়, আকিঞ্চন, আগ্রহ, সাধ, প্রার্থনা, [illegible], এষণা, অভিরুচি, আকাঙ্ক্ষা, আশা, অভিলাষ, প্রার্থনা, চাওয়া, স্পৃহা, অভিপ্রায়, সাধ, অভিরুচি, প্রবৃত্তি, মনোরথ, ঈপ্সা, বাসনা, কামনা, লালসা।
ইতি : খতম, পর্যবসান, অন্তিম, অবশিষ্ট, অবসান, যবনিকা, শেষ, সমাপ্তি, রফা, ছেদ, অন্ত, সাঙ্গ।
ইন্দ্র : বাসব, সুরেশ, অধিপতি, আখণ্ডল, দেবপতি, দেবরাজ, পাকনাশন।

ঈ

ঈর্ষা : [illegible], দ্বেষ, অসূয়া, হিংসা, [illegible], বিদ্বেষ, বিরাগ, অপ্রীতি, বৈরভাব, বৈরিতা, পরশ্রীকাতরতা, মাৎসর্য, রেষারেষি, অন্তর্দাহ।
ঈক্ষা : [illegible], ঈক্ষণ, দৃষ্টি, দেখা, অবলোকন, [illegible], দৃষ্টিপাত, [illegible], [illegible], প্রেক্ষণ, প্রেক্ষা, নেহারন।
ঈশ্বর : অনন্ত, ইষ্ট, ভগবান, বিধাতা, বিশ্বপতি, সৃষ্টিকর্তা, ব্রহ্ম, পরমাত্মা, পরমেশ্বর, [illegible], স্রষ্টা, প্রজাপতি, প্রভু, জগদধিপতি, বিভু, ঈশ, পতিতপাবন, [illegible], [illegible], জগদীশ্বর, পৃথ্বীশ, অন্তর্যামী, পরেশ, পরমেশ, অমরেশ, আদিনাথ, আল্লাহ, খোদা, জগন্ময়, দীনেশ, বিধায়ক, বিধাতৃ, ধাতা, ত্রিদশ, গোঁসাই, পৃথ্বীনাথ, অজর, স্বয়ম্ভূ, গীর্বাণ, ভূমা, দিব্যযোনি, নভৌকা, দেবতা।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ঈ

[illegible]

উ

[illegible]

ঋ

[illegible]

এ

[illegible]

ঐ

[illegible]

ও

[illegible]

ঔ

[illegible] : [illegible], ঔচিত্য, ন্যায্যতা, উপযুক্ততা, মনোরঞ্জন, উপযুক্তি, সামঞ্জস্য, সঙ্গতি, কতখানি, ন্যায়, ন্যায্যত্ব।
[illegible] : [illegible], বিরুদ্ধাচরণ, দম্ভ, দেমাক, বড়াই, অবিনয়, [illegible], অবাধ্য, বিশ্বাসভঙ্গ, বিদ্রোহ, পরিহার, অশিষ্টতা।
[illegible] : দয়াজমন, মহত্ত্ব, দাক্ষিণ্য, অনুগ্রহ, উদারতা, তসরিফ, বদান্যতা, মহানুভবতা, ঔদার্য, মুক্তমন, উদারচিত্ততা, চিত্তোন্নতি।

ক

[illegible] কড়া, জটিল, রুক্ষ।
[illegible] উক্তি, গদ্য, গল্প, পরামর্শ, বাক্য, বচন, কথন, বাণী, [illegible] বুলি, বোল, বাক।
[illegible] উদ্ভব, দুহিতা, মাইয়া, মেয়ে, দুলালি, তনুজা, দায়াদী, [illegible] বেটি, ঝিয়ারি, পুত্রী, ঝি, নন্দিনী, লেড়কি, সুতা, স্বজা।
[illegible] আয়াস, পরিশ্রম, মেহনত।
[illegible] রোদন, অশ্রুপাত।
[illegible] কশ্মটী, কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, অংশু, আলো, আভা, [illegible], ভাস, উদ্ভাস, আলোক, বিভা, ময়ূখ।

কুল : আভিজাত্য, কৌলীন্য, যূথ, বংশ, জাতি, বর্ণ, সমূহ, শ্রেণি, জাত, গোত্র, গোষ্ঠী, প্রজাতি, জাতাংশ, গণ, সমাজ।
কলহ : দ্বন্দ্ব, বচসা, বিসংবাদ, ঝগড়াঝাটি, কাজিয়া, বাদ, বিবাদ, ঝগড়া।
কবুতর : বেবতক, দোটন, লোটন, পায়রা, প্রাসাদকুক্কুট, পারাবত, কপোত, গেরোবাজ, লক্কা, মুখষি, ফাকতা, নখরায়ুধ, জ্যাকবিন।
কল্যাণ : হিত, সমৃদ্ধি, মঙ্গল, কুশল, শু, শুভ, শুভ।
কুঁড়ি : কলি, কলিকা, কোরক, বউল (আমের মুকুল), মুকুল।
কূল : তট, তটভূমি, তীর, কিনার, তীরভূমি, তীরভাগা, কূলভূমি, বেলা, বেলাভূমি, [illegible], কাছাড়, ধার, কূলভূ, পাড়, আড়বি, পুলিন, কচ্ছ, অতট, ডাঙা, আড়া, প্রতীর, চর, তটপ্রস্থ, তটী, তড়, কিনার, কিনারা, পাটক, মউজি, চড়া, বালুবেলা, বালুকাবেলা, [illegible]।
কাক : বায়স, [illegible], পরভৃৎ, গৃহবলিভুক, [illegible], অন্যভৃৎ, কারুক, দাঁড়কাক, বক, দ্রোণকাক, দণ্ডকাক, জুবরব, কাকাল, কৃষ্ণকাক, পাতিকাক।
কপাল : ললাট, ভাল, ভাগ্য, অলিক, অদৃষ্ট, নিয়তি, নসিব, গোধি, দৈব, বরাত, রগ।
কর্ণ : কান, শ্রবণেন্দ্রিয়, শ্রবণ, শব্দ, শ্রোত্র, শ্রুতি, শ্রুতিপথ, শব্দগ্রহ, শ্রবণপথ, কর্ণপথ, কর্ণকুহর, শ্রুতিবিবর, কর্ণাক্ষ, কর্ণকূপ, কর্ণচ্ছিদ্র, শ্রবণকুহর।
কোকিল : অন্যপুষ্ট, কাকপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, পরভৃত, বসন্তদূত, পিক, মধুমুখ, মধুবন, মধুসখা, মধুস্বর, অন্যভৃত, কলঘোষ, বসন্তসখ, বসন্তসখা, বসন্তী, বসন্তদূত, কুহুযন্ত্র, কোয়েলিয়া।
কৌতূহল : উৎসুক্য, উৎকণ্ঠা, প্রবণতা, আগ্রহ, ঝোঁক, ঔৎসুক্য, ব্যাকুলতা।
কড়চা : দিনলিপি, দিনপঞ্জি, রোজনামচা, রোজনামা, জীবনী, ইতিবৃত্ত।
কুহক : আলেয়া, ইন্দ্রজাল, ছল, ধোঁকা, প্রতারণা, ভেলকি, ভ্রম, মায়া।
কালো : অসিত, কালি, কালিমা, কাজল, কৃষ্ণবর্ণ, শ্যাম, শ্যামল, শ্যামিকা।

খ

খাদ্য : খাবার, খাদ্য, ভোজন, ভক্ষ্য, আহার্য, অন্ন, রসদ।
আন্তর্জাতিক	আন্তর্জাতিক শব্দটির আভিধানিক অর্থ 'জাতির অন্তর্গত' বা জাতির অভ্যন্তরীণ বিষয় সম্পর্কিত। এজন্য অনেকে মনে করেন, International, বিভিন্ন রাষ্ট্র বা জাতিসম্বন্ধীয় অর্থে 'আন্তর্জাতিক' শব্দটির ব্যবহার শুদ্ধ নয়। কিন্তু এই মতবাদটি ভুল। বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানমতে, সংস্কৃত 'আন্তর্জাতিক (অন্তর্জাতি + ইক)' শব্দের অর্থ বিভিন্ন রাষ্ট্রসম্বন্ধীয় (International)। যেমন : জেনেভায় অনুষ্ঠিত আন্তর্জাতিক [বিভিন্ন রাষ্ট্র সম্বন্ধীয় (Internationa)] সভায় বাংলাদেশের প্রতিনিধি ছিরেন মোস্তফা ফারুক মোহাম্মদ। একই অভিধানমতে, বাংলায় আন্তর্জাতিক শব্দটির অর্থ 'সার্বরাষ্ট্রিক'। যেমন : জাতিসংঘ একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। সুতরাং International, বিভিন্ন রাষ্ট্রসম্বন্ধীয় প্রভৃতি অর্থে আন্তর্জাতিক শব্দের ব্যবহার শুদ্ধ প্রমিত।
আভাষ/আভাস	দুটো শব্দই বিশেষ্য, তবে অর্থের পার্থক্য আছে। আভাষ শব্দের অর্থ ভূমিকা/মুখবন্ধ। আর আভাস অর্থ ইঙ্গিত/অস্পষ্ট প্রকাশ। শব্দ দুটো ব্যবহারের ক্ষেত্রে একটু সতর্ক থাকতে হবে। যেমন : আমি ধ্রুব বইয়ের জন্য আভাষ (মুখবন্ধ) লিখলাম। আজ রেডিয়োতে ঝড়ের আভাস (ইঙ্গিত) পেলাম। একটির পরিবর্তে আরেকটির ব্যবহার করা হলেই তা অপপ্রয়োগ।
আরোগ্য	অনেকদিন অসুস্থ থাকার পর তিনি আরোগ্য হলেন – বাক্যটি ভুল। আরোগ্য হলেন হবে না; আরোগ্য লাভ করা হয়। তাই সঠিক বাক্য হবে – অনেকদিন অসুস্থ থাকার পর তিনি আরোগ্য লাভ করলেন।
আশঙ্কা/সম্ভাবনা	'আগামীকাল বজ্রসহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে'– আপাতদৃষ্টিতে বাক্যটি ঠিক মনে হলেও ব্যাকরণিকভাবে এটা ভুল। 'সম্ভাবনা' বসে Positive অর্থে আর Negative অর্থে বসে 'আশঙ্কা'। ঠিক বাক্য হবে– আগামীকাল বজ্রসহ হালকা বৃষ্টিপাতের আশঙ্কা রয়েছে।
আয়ত্তাধীন	বহুল প্রচলিত একটি ভুল বাক্য হলো – বিষয়টি আমার আয়ত্তাধীন নয়। কিন্তু 'আয়ত্ত' শব্দের অর্থই হচ্ছে 'অধীন'। তাই শুদ্ধ বাক্যটি হবে – বিষয়টি আমার অধীন নয়/বিষয়টি আমার আয়ত্তে নেই।
ইদ/ঈদ	বাংলা একাডেমি 'ইদ' ও 'ঈদ' দুটো শব্দই অভিধানে রেখেছে। যদি ও শুধু অভিধানভুক্তি কোনো শব্দের শুদ্ধতার একমাত্র পরিচায়ক নয়। প্রমিত বানানের নিয়মানুযায়ী বিদেশি শব্দে হ্রস্ব ই-কার বসবে। যেহেতু 'ইদ' আরবি শব্দ তাই এখানে হ্রস্ব ই-কার' হওয়া উচিত। কিন্তু 'ঈদ' বহুল প্রচলিত এবং এ কারণে চোখ সওয়া হয়ে গিয়েছে। অধিকন্তু বহুল প্রচলনের কারণে যদি বিদেশি শব্দ 'চীন'-এ দীর্ঘ ঈ-কার মেনে নেওয়া যায়, তো 'ঈদ' শব্দেও দীর্ঘ ঈ-কার মেনে নেওয়া সমীচীন– অনেকে এমন যুক্তি দিয়ে থাকে। যদিও প্রমিত বাংলায় 'ইদ' লেখা বিধেয়। তবে বিদেশি শব্দ হলেও অনেকে 'ঈদ'-ই লিখে।
ইদানীংকাল	'ইদানীং' বলতে বর্তমান কাল বোঝায়। অর্থাৎ 'ইদানীং' শব্দের সাথে 'কাল' যুক্ত। তাই 'ইদানীংকাল' লিখলে বাহুল্যজনিত অপপ্রয়োগ হবে।
উদ্দেশ/উদ্দেশ্য	খোঁজ, লক্ষ ইত্যাদি অর্থ প্রকাশে 'উদ্দেশ' শব্দ ব্যবহার করা হয়। অভিপ্রায়, মতলব বা প্রয়োজন বোঝাতে 'উদ্দেশ্য' ব্যবহার করা হয়। উদাহরণ : (১) শহিদদের স্মৃতির উদ্দেশ্যে শহিদ মিনার। (২) তিনি বাড়ির উদ্দেশে ঢাকা ত্যাগ করলেন।
উপরোক্ত/ উপর্যুক্ত	উপরোক্ত নিয়মগুলোর পর্যালোচনা করে বলা যায় যে 'উপরোক্ত' বানানটি ভুল। সঠিক বানান হবে উপর্যুক্ত। এটি সন্ধিঘটিত ভুল। 'পরি' উপসর্গের পর 'ই' ও 'ঈ' ভিন্ন অন্য স্বর থাকলে 'পরি' শব্দের রি এবং পরবর্তী স্বর মিলে 'র্য' হয়। যেমন : পরি + আয় = পর্যায়, পরি + অন্ত = পর্যন্ত, উপরি + উক্ত = উপর্যুক্ত, উপরি + উপরি = উপর্যুপরি ইত্যাদি।
উর্বরা শক্তি/ উর্বরতা শক্তি	'উর্বরা শক্তি' কথাটার ব্যবহার প্রায়ই দেখা যায়। ভূমি 'উর্বরা শক্তি' নয়। তাই 'উর্বরা শক্তি'র পরিবর্তে 'উর্বরতা শক্তি' কথাটার প্রয়োগই যথার্থ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

	'ফলশ্রুতি' শব্দটি দ্বারা পুণ্যকর্ম করলে যে ফল হয় তার বিবরণ বা তা শোনা বোঝায়। ফল বা ফলাফল অর্থে 'ফলশ্রুতি' শব্দের ব্যবহার অশুদ্ধ।
	ফুটপাত বা ফুটপাথ বাংলা শব্দ নয়, ইংরেজি footpath এর প্রতিবর্ণীকৃত রূপ। একটি শব্দের অর্ধেক ইংরেজি ও অর্ধেক বাংলা স্বাভাবিক নয়। তাই 'ফুটপাথ' শব্দটি লেখা উচিত।
	মালসহ, মালসুদ্ধ বা মালসমেত অর্থে 'বমালসুদ্ধ' শব্দটির ব্যবহার বাহুল্য দোষে দুষ্ট। কারণ 'বমাল' শব্দের অর্থ মালসহ বা মালসমেত। অর্থাৎ 'বমালসুদ্ধ' এর অর্থ দাঁড়ায় 'মালসহসুদ্ধ'। সুতরাং 'বমালসুদ্ধ' না লিখে বা না বলে বমাল/মালসহ এর ব্যবহার করাই শ্রেয়।
	বহুল শব্দটি পূর্ববর্তী শব্দের শেষে আলাদা বসে। যেমন : বহুল পরিচিত, বহুল পরিমাণ, বহুল কথিত ইত্যাদি। শব্দটি লেখার ক্ষেত্রে তাই ভালোভাবে লক্ষ রাখতে হবে।
	বাঙালি/বাঙালী/বাঙ্গালী/বাঙ্গালি– চার রকম বানান দেখা যায়। প্রমিত বানান রীতি অনুযায়ী শুদ্ধ হচ্ছে : বাঙালি (বাঙ + আলি = বাঙালি)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানেও 'বাঙালি' লেখা হয়েছে।
	'বাধ্য' বিশেষণবাচক শব্দের অর্থ : 'অনুগত'। এক্ষেত্রে 'গত' শব্দ যোগ করে 'বাধ্যগত' ব্যবহার অশুদ্ধ। 'আপনার বাধ্যগত'- এর পরিবর্তে লিখতে হবে 'আপনার অনুগত'।
	বার্ষিক [স. বর্ষ + ইক] বাৎসরিক; বছরসংক্রান্ত। প্রতিবছর অনুষ্ঠেয় বা প্রতিবছর দেয় অর্থে বার্ষিকী শব্দটির প্রচলন ভুল। তাই বার্ষিকী না লিখে বার্ষিক লেখায় যুক্তিযুক্ত। যেমন : বার্ষিক পরীক্ষা; বার্ষিক চাঁদা; জন্ম শতবার্ষিক। উল্লেখ্য, কখনো বার্ষিকী পরীক্ষা হয় না বা হবে না।
	বিবিধ প্রকার বই পড়ে তথ্যটি জানতে পারলাম – বাক্যটি ভুল। কারণ 'বিবিধ' ও 'প্রকার' একই অর্থ প্রকাশ করে। তাই সঠিক বাক্য হবে – বিবিধ বই পড়ে তথ্যটি জানতে পারলাম।
	দরখাস্ত লেখার ক্ষেত্রে লেখা হয় – 'বিষয় : বেতন মওকুফ প্রসঙ্গে'। এক্ষেত্রে বাক্যটি ভুল। কারণ বিষয় ও প্রসঙ্গ একই অর্থবোধক শব্দ। সঠিক রূপ হবে – 'বিষয় : বেতন ভাতা মঞ্জুরি'। অর্থাৎ যেখানে 'বিষয়' আছে সেখানে 'প্রসঙ্গ' শব্দটি ব্যবহারের প্রয়োজন নেই।
	বিশেষ শব্দটি দিয়ে 'অবস্থা/ভেদ' বুঝালে পূর্ববর্তী শব্দের সাথে একসাথে বসে। যেমন : অবস্থাবিশেষ, ইতরবিশেষ, গ্রন্থবিশেষ, দর্শনবিশেষ ইত্যাদি। তবে বিশেষ শব্দটি 'বৈশিষ্ট্যপূর্ণ' অর্থে ব্যবহৃত হলে পরবর্তী শব্দের সাথে আলাদা বসে। যেমন : বিশেষ অবস্থা, বিশেষ গ্রন্থ ইত্যাদি।
	'বিষাক্ত' সাপ নয়, 'বিষধর' সাপ। 'বিষাক্ত' শব্দের অর্থ : 'বিষমিশ্রিত', 'বিষলিপ্ত'। বিষাক্ত খাদ্য হতে পারে, 'বিষাক্ত সাপ' প্রয়োগ অশোভন। অর্থাৎ শব্দটি হবে 'বিষধর' সাপ।
	'বেশি' ও 'বেশী' শব্দ দুটি উচ্চারণে অভিন্ন হলেও ভিন্ন অর্থদ্যোতক। 'বেশি' [ফারসি] শব্দের অর্থ অধিক, খুব, অনেক। পক্ষান্তরে 'বেশী' শব্দের অর্থ বেশধারী (ভদ্রবেশী)। অনেকেই শব্দ দুটোর অর্থকে গুলিয়ে ফেলে। সুতরাং অনেক বা অধিক বোঝাতে বেশী শব্দের ব্যবহার এবং বেশধারী অর্থে বেশি শব্দের ব্যবহার ভুল।
	'বিদেহ' শব্দ দ্বারা দেহশূন্য বা অশরীরী বোঝায়। 'বিদেহ' বিশেষণবাচক শব্দের সঙ্গে ঈ- প্রত্যয়যোগে পুনরায় বিশেষণ করা হয়েছে। দুটো শব্দের ব্যবহারই অপপ্রয়োগ।
	ব্যাপী শব্দটি বিশেষণ হলেও সাধারণত সমাসবদ্ধ পদ হিসেবেই ব্যবহৃত হয়। সুতরাং সমাসবদ্ধ পদ হিসেবে তা পূর্ববর্তী শব্দের সাথে একসাথে বসে। যেমন : জীবনব্যাপী, দিনব্যাপী, মাসব্যাপী, বছরব্যাপী ইত্যাদি।
	'ভাল' (উচ্চারণ : ভাল্) শব্দের ইংরেজি প্রতিশব্দ forehead, brow, fate ইত্যাদি। 'ভালো/ভাল' শব্দদ্বয়ের ইংরেজি প্রতিশব্দ good, fair, excellent. ভালো শব্দটি 'ভাল' হিসেবেও লেখা হয়। যেহেতু দুটো বানানে পার্থক্য আছে সেহেতু good বলতে 'ভালো' লেখা বিধেয়। গুড অর্থে 'ভাল' লেখা ভুল। তেমনই black অর্থে 'কালো', আর yesterday/time বা সময় অর্থে 'কাল' লিখতে হবে।
	ভাষা ব্যবহারকারী বোঝাতে ভাষীই যথেষ্ট। 'ভাষী' অর্থে 'ভাষাভাষী' শব্দটির ব্যবহার অশুদ্ধ।
	'মধুমাস' শব্দের অর্থ : চৈত্র মাস। বর্তমানে জ্যৈষ্ঠের আম, জাম, লিচু ও অন্যান্য ফলকে বলা হচ্ছে মধুফল। এ প্রয়োগও শুদ্ধ নয়। মধুফল বলে প্রকৃতপক্ষে কোনো মাস নেই।

	'মন্ত্রী, মন্ত্রীরা ও মন্ত্রীদের' শব্দে 'দীর্ঘ ঈ-কার' কিন্তু 'মন্ত্রিত্ব মন্ত্রিসভা, মন্ত্রিমণ্ডল' ইত্যাদি শব্দে হ্রস্ব ই-কার ব্যবহৃত হয়। স্বামী শব্দে 'ঈ-কার' কিন্তু স্বামিত্ব শব্দে হ্রস্ব ই-কার'। অনুরূপভাবে, স্থায়ী কিন্তু স্থায়িত্ব : দায়ী কিন্তু দায়িত্ব, সহযোগী কিন্তু সহযোগিতা, সহকারী কিন্তু সহকারিতা।
	মহা শব্দটি দিয়ে 'খুব বেশি' বুঝালে পরবর্তী শব্দের সাথে আলাদা বসে। যেমন : মহা কুঁড়ে, মহা চালাক, মহা জ্ঞানী, মহা পাপী ইত্যাদি। তবে মহা শব্দটি 'মহৎ বা মহান' অর্থে ব্যবহৃত হলে পরবর্তী শব্দের সাথে একসাথে বসে। যেমন : মহাকবি, মহাজন, মহামানুষ ইত্যাদি।
	'মহা' শব্দটি ভালো, উত্তম কিংবা মহান অর্থে ব্যবহৃত হলে সংশ্লিষ্ট পদের সঙ্গে সেঁটে বসে। যেমন– মহানবি, মহাপুরুষ মহাজ্ঞানী, মহামানব, মহানুভব প্রভৃতি। 'মহা' শব্দটি বিরাট কিংবা প্রচণ্ড, খারাপ বা বিকট অর্থে ব্যবহৃত হলে পৃথক বসে। যেমন– মহা লুচ্চা, মহা পাপী, মহা বোকা, মহা জালিম, মহা দিঘি, মহা শয়তান ইত্যাদি।
	অসুস্থ বা পীড়িত অর্থে অনেকে 'রুগ্ন(রুগ্ণ)' বানানের উদ্ভট একটি শব্দ ব্যবহার করে থাকে। অথচ 'রুগ্ন' বানানের কোনো শব্দ বাংলা অভিধানে নেই। কারণ, গ + ন = গ্ন– যেমন অগ্নি: গ-এর সঙ্গে ণ যুক্ত হতে পারে না, সেজন্য ণ পৃথক লিখতে হয়। অসুস্থ বা পীড়িত শব্দের অর্থ 'রুগ্ণ', যা মূর্ধন্য-ণ দিয়ে লেখা হয়।
	'লক্ষ' ও 'লক্ষ্য' দুটো পৃথক শব্দ। অঙ্ক বা সংখ্যা প্রকাশের ক্ষেত্রে সর্বদা 'লক্ষ' বসবে। যেমন– আমার দশ লক্ষ টাকা প্রয়োজন। আবার 'খেয়াল রাখা' প্রকাশেও 'লক্ষ' ব্যবহার করা হয়। প্রয়োগ : শিশুটির প্রতি লক্ষ রেখো। অন্যভাবে বলা যায়, বিশেষ্য হিসেবে ব্যবহার করা হলে 'লক্ষ' বানানে 'য-ফলা' ব্যবহার করতে হয় কিন্তু ক্রিয়াপদ হিসেবে ব্যবহারের ক্ষেত্রে 'য-ফলা' ব্যবহার বিধেয় নয়।
	শায়িত শব্দের অর্থ 'শয়ন করানো হয়েছে এমন'। যিনি নিজে শুয়ে আছেন তাকে 'শয়ান' বলা হয়। শুয়ে আছেন অর্থে শায়িত শব্দের প্রয়োগ প্রচলিত হলেও ভুল। যেমন : হিমেল বিছানায় শায়িত আছে। সঠিক বাক্যটি হবে – হিমেল বিছানায় শয়ান আছে।
	প্রথম শিস এর অর্থ ঠোঁটের সাহায্যে তৈরি শব্দ; দ্বিতীয় শিশ অর্থ কাঁচ (শিশমহল); তৃতীয় শিষ এর অর্থ শীর্ষ বা চূড়া। তিনটি বানানই শুদ্ধ তবে তিনটি শব্দের অর্থ ভিন্ন হওয়ায় একটির জায়গায় অন্যটির ব্যবহার অশুদ্ধ।
	'স' এর অর্থ সাথে আর 'স্ব' এর অর্থ নিজ। এই দুই স-এর ব্যবহারে স্বেচ্ছাচারিতা করলে বাক্য ভুল হওয়ার আশঙ্কা থাকে। যেমন : আপনি স্বপরিবারে নিমন্ত্রিত – প্রচলিত হলেও বাক্যটি ভুল। এখানে 'স্বপরিবার' বলতে বোঝানো হয়েছে নিজ পরিবার; তার মানে আপনি নিজ পরিবারে আমন্ত্রিত। তাই সঠিক বাক্য হবে – আপনি সপরিবারে নিমন্ত্রিত। **[লক্ষণীয়– 'স' অর্থ সাথে অর্থাৎ সপরিবার অর্থ পরিবারের সাথে। তাই সপরিবার শব্দটির সাথে 'এ-কার' যোগ করলে তা ভুল হবে।]**
	'সঠিক' শব্দটি দ্বারা বোঝায় ঠিকের সাথে। আমরা ঠিক অর্থে সঠিক শব্দটির ব্যবহার করি। যদি 'ঠিক' দ্বারা প্রকৃত অর্থ বোঝা যায় তাহলে 'সঠিক' শব্দ ব্যবহারের প্রয়োজন নেই।
	'সনদ' অর্থ উপাধিপত্র (Certificate) বা বিশেষ প্রত্যয়নপত্র। সুতরাং 'সনদপত্র' অর্থ Certificate letter। অতএব 'সনদ' অর্থে 'সনদপত্র' লেখা ঠিক নয়। অযথা দ্বিরুক্তি বিধেয় নয়, এটি বাহুল্য। প্রয়োগ : 'রাজিব বিশ্ববিদ্যালয়ের সনদ গ্রহণ করলেন।' এখানে 'সনদ' শব্দের পরিবর্তে 'সনদপত্র' লেখা সমীচীন হতো না।
	'স্ব' মানে নিজ, 'পক্ষ' মানে দল। অতএব 'স্বপক্ষ' মানে 'নিজ দল'। প্রয়োগ : আমরা বিজ্ঞানের স্বপক্ষে। কিন্তু 'সপক্ষ' মানে স্বপক্ষের (অর্থাৎ নিজের পক্ষের) অনুকূল কোনো দল। প্রয়োগ : এ মুহূর্তে জাতির কল্যাণের জন্য আমাদের সপক্ষে যাঁরা কাজ করছেন তাঁদের ঐক্যবদ্ধ করা প্রয়োজন।
	'স্বাগত' শব্দের অর্থ– শুভাগত, খোশ আমদেদ। যার ইংরেজি প্রতিশব্দ welcome। এর অন্য একটি অর্থ– অভ্যর্থিত অতিথি। শব্দটির বিশ্লেষণ : সু + আগত = স্বাগত। 'স্বাগত' শব্দ দিয়ে আগত ব্যক্তিকে অভ্যর্থনা বা স্বাগত সম্ভাষণ জানানো হয়। প্রয়োগ : শুভাচে আপনাকে স্বাগত। অনেকে 'স্বাগত' অর্থে 'স্বাগতম' শব্দ ব্যবহার করেন। welcome বা খোশ আমদেদ অর্থে 'স্বাগতম' লেখা বা বলা বিধেয় নয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সর্বজনীন/ সার্বজনীন	'সর্বজনীন' ও 'সার্বজনীন' উভয় শব্দ শুদ্ধ কিন্তু অর্থ ভিন্ন। তাই দুটো শব্দকে অভিন্ন অর্থে ব্যবহার করা আদৌ সমীচীন নয়। অনেকে 'সর্বজনীন' অর্থে 'সার্বজনীন' লিখে থাকে। শব্দ দুটোর আভিধানিক অর্থ না-জানার জন্য এমন ভুল হয়। 'সর্বজনীন শব্দের অর্থ 'সকলের মঙ্গল বা সবার হিত বা কল্যাণ বা সকলের জন্য কৃত বা সকলের জন্য উদ্দিষ্ট'। যেমন– 'মানবাধিকার সর্বজনীন অধিকার হিসাবে স্বীকৃত।' অন্যদিকে, 'সার্বজনীন' শব্দের অর্থ 'সবার মধ্যে প্রবীণ বা সবার মধ্যে শ্রেষ্ঠ'। যেমন– 'নেলসন মেন্ডেলা দক্ষিণ আফ্রিকার একজন সার্বজনীন নেতা।' 'বাংলাদেশে বঙ্গবন্ধু একজন সার্বজনীন নেতা'। সুতরাং 'সবার হিতের জন্য' অর্থে 'সকলের মধ্যে প্রবীণ বা সবার মধ্যে শ্রেষ্ঠ' বলা বিধেয় নয়। অনেকে মনে করেন 'সার্বজনীন শব্দটি ভুল কিন্তু এটি ভুল নয়। তবে 'সর্বজনীন' অর্থে 'সার্বজনীন' শব্দের ব্যবহার সমীচীন নয়।
সমসাময়িক, অর্থনৈতিক, রাজনৈতিক, কূটনৈতিক	অর্থ হতে আর্থিক, বর্ষ হতে বার্ষিক, সময় হতে সাময়িক এবং সমসময় হতে সমসাময়িক। অতএব সমসাময়িক শব্দটি ভুল। তেমনই অর্থনীতি হতে আর্থনীতিক, রাজনীতি হতে রাজনীতিক, কূটনীতি হতে কূটনীতিক। অর্থনৈতিক, রাজনৈতিক, কূটনৈতিক ইত্যাদি বহুল প্রচলিত হলেও ব্যাকরণগতভাবে অশুদ্ধ বহুল প্রচলিত এ ভুলগুলো আমাদের মনে এমনভাবে গেঁথে আছে যে, শুদ্ধটাকে ভুল মনে হয়। কেউ বারবার ভুল করলে শুদ্ধে ফিরে যেতে কষ্ট হয়। তাই যত তাড়াতাড়ি সম্ভব হবার চেষ্টা করা সমীচীন। আর একটা বিষয়– রাজনীতি, কূটনীতি, অর্থনীতি প্রভৃতি নীতির সঙ্গে জড়িত। সে বিবেচনাতেও রাজনৈতিক, কূটনৈতিক বা অর্থনৈতিক লেখা বিধেয় বলে মনে হয় না। তবে এখন প্রায় সবাই এসব ক্ষেত্রে নীতিকে নৈতিকতা দিয়ে প্রকাশ করছে।
সুমন/সুমনা	**সুমন/সুমনা** অনেকে 'সুমন' শব্দকে পুংলিঙ্গ-জ্ঞাপক আর 'সুমনা' শব্দকে স্ত্রীলিঙ্গ-জ্ঞাপক শব্দ মনে করে। শিশুর নাম রাখার ক্ষেত্রে এটি প্রকটভাবে লক্ষ করা যায়। প্রকৃতপক্ষে বিষয়টা উল্টো। 'সুমন' শব্দের অর্থ ফুল। শব্দটি স্ত্রীলিঙ্গ-জ্ঞাপক। অন্যদিকে, 'সুমনা' শব্দের অর্থ জ্ঞানী, দেবতা প্রভৃতি। এটি পুংলিঙ্গ-জ্ঞাপক।

সমৃদ্ধশালী	বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ – বহুল প্রচলিত হলেও বাক্যটি ভুল। মনে রাখতে হবে, শালী/শীল প্রত্যয় যুক্ত হয় সবসময় বিশেষ্যের সাথে। যেমন : শক্তি/বিত্ত/সম্পদ – এগুলো বিশেষ্য পদ। এখন এগুলোর সাথে 'শালী' প্রত্যয় যোগ করলে হবে – শক্তিশালী/বিত্তশালী/সম্পদশালী যা বিশেষণ পদ। এখন 'সমৃদ্ধ' শব্দটিই তো একটা বিশেষণ যার বিশেষ্য রূপ 'সমৃদ্ধি'। তাই 'সমৃদ্ধ' শব্দটির সাথে 'শালী' যোগ করে পুনরায় তাকে বিশেষণ করার চেষ্টা করাটা অপপ্রয়োগ। সঠিক রূপ হবে – বাংলাদেশ একটি সমৃদ্ধ দেশ।
সহসা	'সহসা' শব্দের অর্থ : হঠাৎ, অকস্মাৎ, অতর্কিত। তাই 'শিগগির' অর্থে 'সহসা' শব্দের ব্যবহার অশুদ্ধ।
সহানুভূতি/ সহানুভূতির সাথে	সহ + অনুভূতি = সহানুভূতি। 'সহানুভূতি' শব্দের সঙ্গে 'সহ, সঙ্গে বা সাথে' বিদ্যমান। সহানুভূতির অর্থ হলো 'অন্যের দুঃখ- বেদনা– তার সঙ্গে সমান অনুভূতি'। তাহলে 'সহানুভূতির সঙ্গে/সাথে' বাগ্‌ভঙ্গির অর্থ হয় : 'অন্যের দুঃখ- বেদনায় তার সঙ্গে সঙ্গে অনুভূতি'। সহানুভূতি শব্দের সঙ্গে পুনরায় সঙ্গে, সাথে বা সহিত যুক্ত করলে শব্দটির অর্থ অনর্থকভাবে হাস্যকর হয়ে ওঠে। অতএব, 'সহানুভূতি' শব্দের সঙ্গে পুনরায় সঙ্গে/সাথে যোগ করা সমীচীন নয়।
সাক্ষর/স্বাক্ষর	'স' অর্থ সঙ্গে, সাথে, সহিত, সম্পন্ন। সুতরাং 'স + অক্ষর = সাক্ষর'; অর্থ : অক্ষরজ্ঞানসম্পন্ন। সঙ্গে, সাথে বা সহিত বোঝানো হলে 'স' বসবে। যেমন : সপরিবারে (পরিবারের সঙ্গে), সস্ত্রীক (স্ত্রীর সঙ্গে)। অন্যদিকে 'স্ব' অর্থ নিজের, স্ব + অক্ষর = স্বাক্ষর। এর অর্থ : স্ব-সই অর্থাৎ নিজের সই। যেমন : স্বাধিকার (নিজের অধিকার), স্বকর্ণে (নিজ কর্ণে)। দলিলে সবাই স্বাক্ষর করেন, কেউ সাক্ষর করেন না।
সাম্প্রতিককাল	'সাম্প্রতিক' বা 'সম্প্রতি' দ্বারা কাল বোঝায়। অর্থাৎ সাম্প্রতিক বা সম্প্রতি শব্দের সাথে 'কাল' যুক্ত অবস্থায় আছে। তাই 'সাম্প্রতিককাল' লিখলে বাহুল্যজনিত অপপ্রয়োগ হবে।
সূচি/সূচী/সুচ	'সূচি' অর্থ জ্ঞাপনী, নির্ঘণ্ট, পুস্তকের বিষয়-নির্দেশক পৃষ্ঠাঙ্কযুক্ত তালিকা। সূচিপত্র শুদ্ধ। কিন্তু সূচীপত্র অশুদ্ধ বা বর্জনীয়। তেমনই সুঁচ না হয়ে সূচ হবে। উল্লেখ্য, 'সুঁই' ও 'সুঁচ' শব্দ দুটোতেই চন্দ্রবিন্দু দিতে হবে।

বাক্যে পদের অপপ্রয়োগ

ক. বহুবচনের অপপ্রয়োগজনিত ভুল :

অনেক সময় বিশেষণ পদ নির্ধারক বহুবচনের কাজ করে। এ ক্ষেত্রে মূল শব্দটিকে বহুবচন করার দরকার হয় না। যেমন : তিনজন লোক, একগাদা ফুল, ঝুড়ি ভরা সুপারি, অদ্ভুত সব কাণ্ড, সকল ছাত্র, অনেক দিন, বহু বছর, যাবতীয় প্রাণী, সমুদয় প্রশ্ন। এরকম ক্ষেত্রে মূল শব্দটিকে বহুবচন করে 'তিনজন লোকেরা', 'একগাদা ফুলগুলো', 'সমুদয় প্রশ্নসমূহ', 'সকল ছাত্ররা' ইত্যাদি প্রয়োগ শুদ্ধ হয় না। এরকম–

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
যাবতীয় প্রাণীবৃন্দ এ গ্রহের বাসিন্দা।	যাবতীয় প্রাণী এ গ্রহের বাসিন্দা।
সকল দর্শকমণ্ডলীকে স্বাগত জানাই।	সকল দর্শককে স্বাগত জানাই
সমুদয় পক্ষীরাই নীড় বাঁধে।	সমুদয় পক্ষীই নীড় বাঁধে।

খ. যথার্থ শব্দ প্রয়োগ না করায় ভুল :

শব্দের যথাযথ অর্থ সম্পর্কে অজ্ঞতার কারণে অনেক সময় যথাযথ শব্দ প্রয়োগের ক্ষেত্রে ভুল হয়। যেমন : অজ্ঞতা (জ্ঞানহীনতা) বোঝাতে অজ্ঞানতা (মূর্খতা) শব্দের প্রয়োগ। এরকম :

অশুদ্ধ	শুদ্ধ
তিনি স্বস্ত্রীক কুমিল্লায় থাকেন।	তিনি সস্ত্রীক কুমিল্লায় থাকেন।
অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।	অন্যায়ের প্রতিফল দুর্নিবার/অনিবার্য।
তিনি মোকদ্দমায় সাক্ষী দেবেন।	তিনি মোকদ্দমায় সাক্ষ্য দেবেন।
ছেলেটি ভয়ানক মেধাবী।	ছেলেটি অত্যন্ত মেধাবী।
আপনি স্বপরিবারে আমন্ত্রিত।	আপনি সপরিবার আমন্ত্রিত।

গ. বিশেষ্যের জায়গায় বিশেষণের প্রয়োগজনিত ভুল :

বাক্যে যেখানে বিশেষ্য ব্যবহার করতে হবে সেখানে বিশেষণকে বিশেষ্য ভেবে প্রয়োগ করায় এ ধরনের ভুল হয়। যেমন :

অশুদ্ধ	শুদ্ধ
ইহার আবশ্যক নাই।	ইহার আবশ্যকতা নাই।
সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়।	সর্বদা তোমার উপস্থিতি প্রার্থনীয়।
দুর্বলবশত তিনি আসিতে পারেন নাই।	দুর্বলতাবশত তিনি আসিতে পারেন নাই।

ঘ. প্রবাদ-প্রবচনের বিকৃতিজনিত ভুল :

প্রবাদ-প্রবচনের মর্মমূলে রয়েছে যুগসঞ্চিত অভিজ্ঞতা। তাই যুগযুগান্তর ধরে প্রচলিত প্রবাদের যথাযথ বিকৃতি বা পরিবর্তন চলে না। প্রবাদ-প্রবচনের বিকৃত প্রয়োগ অনেক সময় মূলের অর্থ বদলে দেয়। প্রবাদ-প্রবচনের বিকৃতি বা রূপের পরিবর্তনকে তাই অশুদ্ধ বলে গণ্য করা হয়। যেমন :

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
দশচক্রে ভিখুর ভূত।	দশচক্রে ভগবান ভূত।
যেমন বুনো কচু তেমনি বাঘা তেঁতুল।	যেমন বুনো ওল তেমনি বাঘা তেঁতুল।

ঙ. লিঙ্গ-সংক্রান্তিজনিত ভুল :

বাংলা সাধু ভাষায় এবং কখনো কখনো তৎসম শব্দবহুল চলিত গদ্যরীতিতে স্ত্রীবাচক বিশেষ্যের ব্যবহার দেখা যায়। যেমন : সুন্দরী বালিকা, বীরাঙ্গনা নারী। এরকম ক্ষেত্রে স্ত্রীবাচক শব্দের জন্যে স্ত্রীবাচক বিশেষণ ব্যবহার না করা হলে তা ব্যাকরণের নিয়মে অশুদ্ধ বলে গণ্য হয়। যেমন :

অপপ্রয়োগ : বর্তমানে বিদ্বান মহিলার সংখ্যা উল্লেখযোগ্য।

শুদ্ধ প্রয়োগ : বর্তমানে বিদুষী মহিলার সংখ্যা উল্লেখযোগ্য।

অপপ্রয়োগ : আজ সরকার বাবুর জ্যেষ্ঠ কন্যার বিয়ে।

শুদ্ধ প্রয়োগ : আজ সরকার বাবুর জ্যেষ্ঠা কন্যার বিয়ে।

চ. যথাযথ বিশেষণ প্রয়োগজনিত ভুল :

এমন কিছু শব্দ আছে যেগুলো বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। এগুলোকে বিশেষ্য ভেবে বিশেষণ করতে গিয়ে কিছু ভুল হয়। যেমন : 'আবশ্যক' শব্দটি বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়। এর বদলে 'ঈয়' প্রত্যয় যোগ করে 'আবশ্যকীয়' শব্দের ব্যবহার যথাযথ হয় না। আবার বিশেষণ ভেবে বিশেষ্য শব্দের প্রয়োগও শুদ্ধ বলে বিবেচিত হয় না। যেমন : 'নিশ্চয়' বিশেষ্য, একে বিশেষণ হিসেবে প্রয়োগ চলে না। এর বিশেষণ রূপ হবে 'নিশ্চিত'। যথাযথ বিশেষণ প্রয়োগের কিছু সমস্যা এখানে দেখানো হলো :

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
...বায়ে কার্পণ্য অনুচিত।	অবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।
...দেশ উন্নতশীল দেশ।	আমাদের দেশ উন্নতিশীল দেশ।
...সঙ্গে গোপন পরামর্শ আছে।	আপনার সঙ্গে গোপনীয় পরামর্শ আছে।
...বাংলাদেশ আমাদের একান্ত ...।	সমৃদ্ধিশালী বাংলাদেশ আমাদের একান্ত কাম্য।

...জনিত ভুল :
...বিশেষ্য ও 'করা' ক্রিয়ার রূপ থাকলে কর্মবাচ্যে বিশেষণ ও হওয়া ক্রিয়ার রূপ ...

...যেমন :
...: সে আমাকে অপমান করেছে।
...: তার দ্বারা আমি অপমানিত হয়েছি।
...তার দ্বারা আমি অপমান হয়েছি' বাক্যে 'অপমান' শব্দের প্রয়োগ ভুল। শুদ্ধ প্রয়োগ ...অপমানিত। এরকম :

ভুল প্রয়োগ	শুদ্ধ প্রয়োগ
এ কথা প্রমাণ হইয়াছে।	এ কথা প্রমাণিত হইয়াছে।
আমি সন্তোষ হলাম।	আমি সন্তুষ্ট হলাম।

জ. **বিশেষণ-দ্বিত্বজনিত ভুল :**
বিশেষণ শব্দের সঙ্গে পুনরায় বিভ্রান্তিবশত বিশেষণবাচক উপসর্গ বা প্রত্যয়ের অপপ্রয়োগের ফলে কিছু কিছু ভুল শব্দ গঠিত হয়। যেমন : 'চিত্রিত' শব্দটি বিশেষণ, আবার 'সচিত্র' শব্দটিও বিশেষণ। দুটিকে মিলিয়ে তৈরি হয়েছে ভ্রমাত্মক ও অশুদ্ধ শব্দ সচিত্রিত। এ ধরনের অশুদ্ধ শব্দের উদাহরণ :

আবশ্যক (আবশ্যকীয় নয়)	লজ্জিত (সলজ্জিত নয়)
উদ্বেল (উদ্বেলিত নয়)	একত্র (একত্রিত নয়)
ঠিক (সঠিক নয়)	নিঃশেষ (নিঃশেষিত নয়)
ব্যাকুল (ব্যাকুলিত নয়)	সশঙ্ক (সশঙ্কিত নয়)

কতিপয় অশুদ্ধ বাক্যের শুদ্ধিকরণ

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
...বৈমাত্রেয় সহোদর অসুস্থ	তাহার বৈমাত্রেয় ভ্রাতা অসুস্থ।
...বাংলাদেশের প্রধান সমস্যা।	দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা।
...সবাই একত্রিত হয়েছি।	আজ আমরা সবাই একত্র হয়েছি।
...একটি উন্নতশীল রাষ্ট্র।	বাংলাদেশ একটি উন্নতিশীল রাষ্ট্র।
...ঘটনা চক্ষুস প্রত্যক্ষ করিয়াছি।	আমি এ ঘটনা প্রত্যক্ষ করেছি।
...সমূলসহ উৎপাটিত হইয়াছে।	বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে।
...স্ত্রীক নিউমার্কেটে গিয়াছেন।	তিনি সস্ত্রীক নিউমার্কেট গেছেন।
...আমার বিরুদ্ধে সাক্ষী দিলেন।	তিনি আমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন।
...এ কাজে সহযোগীতা নেই।	আমার এ কাজে সহযোগিতা নেই।
...আরোগ্য হয়েছেন।	তিনি আরোগ্য লাভ করেছেন।
...প্রমাণ হয়েছে।	এটি প্রমাণিত হয়েছে।
...দোষী ব্যক্তিকে শাস্তি দেবে কেন?	নির্দোষ ব্যক্তিকে শাস্তি দেবে কেন?
...হীন শিশুর কি দুঃখ!	মাতৃহীন শিশুর কী দুঃখ!
...ত্রিনয়নী আমাকে রক্ষা কর।	হে ত্রিনয়না, আমাকে রক্ষা কর।
...মাছগুলোর দাম কত?	মাছগুলোর দাম কত?
...টির উৎকর্ষতা অনস্বীকার্য।	রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য।
...টি বিদ্বান কিন্তু ঝগড়াটে।	মেয়েটি বিদুষী কিন্তু ঝগড়াটে।
...আকাঙ্ক্ষা লাভের অন্তরায়।	দুরবস্থা আকাঙ্ক্ষা পূরণের অন্তরায়।
...দিকে সূর্য উদয় হয়।	পূর্বদিকে সূর্য উদিত হয়।
...র জল হ্রাস হয়েছে।	নদীর জল হ্রাস পেয়েছে।
...ঠাকুরের গীতাঞ্জলি বিখ্যাত কাব্য।	'গীতাঞ্জলি' রবি ঠাকুরের বিখ্যাত কাব্য।
...রোক্ত বাক্যটি শুদ্ধ নয়।	উপর্যুক্ত বাক্যটি শুদ্ধ নয়।
...ওল বাঘা তেঁতুল।	বুনো ওল, বাঘা তেঁতুল।
...লিখিতে ভুল করিও না।	ভুল লিখিতে ভুল করিও না।
...টি ভয়ানক মেধাবী।	ছেলেটি অত্যন্ত মেধাবী।
...মান সূর্যের দিকে চাহিয়া দেখ।	অস্তায়মান সূর্যের দিকে চাহিয়া দেখ।
...র নেতাদের দূরদৃষ্টতা খুবই কম।	দেশের নেতাদের দূরদৃষ্টি খুবই কম।
...র টাকার আবশ্যক নাই।	আমার টাকার আবশ্যকতা নাই।
...মান বস্তু স্থিতি লাভ করে না।	ঘূর্ণ্যমান বস্তু স্থিতি লাভ করে না।
...মনোকষ্টে গ্রাম ছাড়িয়াছে।	সে মনঃকষ্টে গ্রাম ছাড়িয়াছে।
...পক্ষীরাই নীড় বাধে।	সমুদয় পক্ষীই নীড় বাঁধে।
...বাস বাঙলা রামায়ণ লিখিয়াছেন।	কৃত্তিবাস বাংলা রামায়ণ লিখিয়াছেন।

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
একটি গোপন পরামর্শ আছে।	একটি গোপনীয় পরামর্শ আছে।
তাদের মধ্যে বেশ সখ্যতা দেখিতে পাই।	তাদের মধ্যে বেশ সখ্য দেখিতে পাই।
সর্ববিষয়ে বাহুল্যতা বর্জন করিবে।	সর্ববিষয়ে বাহুল্য বর্জন করিবে।
সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন।	সকল সভ্য এখানে উপস্থিত ছিলেন।
হীন চরিত্রবান লোক পশ্বাধম।	চরিত্রহীন লোক পশ্বধম।
আমার আর বাঁচিবার স্বাদ নাই।	আমার আর বাঁচিবার সাধ নাই।
সে দুগ্ধফেণনিভ বিছানায় শুয়ে আছে।	সে দুগ্ধফেননিভ শয্যায় শুয়ে আছে।
মেয়েটি সুকেশিনী এবং সুহাসি।	মেয়েটি সুকেশা এবং সুহাসিনী।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।	অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার।
শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।	শুধু গায়ের জোরে কাজ হয় না।
তার সৌজন্যতা ভুলতে পারি না।	তার সৌজন্য ভুলতে পারি না।
সে সবচেয়ে শ্রেষ্ঠতম খেলোয়াড়।	সে শ্রেষ্ঠ খেলোয়াড়।
মিথ্যা একদিন না একদিন প্রমাণ হয়।	মিথ্যা একদিন না একদিন প্রমাণিত হয়।
তিনি আরোগ্য হলেন।	তিনি আরোগ্য লাভ করলেন।
অনান্য পায়ী হইয়া আমি তোমার সরণাপন্নহইলাম।	অনন্যোপায় হইয়া আমি তোমার শরণাপন্ন হইলাম।
মনস্কামনা পূর্ণ না হওয়ায় সে মনোস্তাপে ভুগছে।	মনস্কামনা পূর্ণ না হওয়ায় সে মনস্তাপে ভুগছে।
তার দেহ আপাদমস্তক পর্যন্ত আবৃত্ত ছিল।	তার দেহ আপাদমস্তক আবৃত ছিল।
পানিতে কুমির ডাঙায় বাঘ।	জলে কুমির ডাঙায় বাঘ।
খেলা চলাকালীন সময়ে গোলমাল শুরু হলো।	খেলা চলার সময়ে গোলমাল শুরু হলো।
শিক্ষার উদ্দেশ্য মনের প্রসারতা বর্ধন।	শিক্ষার উদ্দেশ্য মানসিক প্রসারতা।
ঋষিতা বুদ্ধিমান মেয়ে	ঋষিতা বুদ্ধিমতী মেয়ে।
রাঙামাটি পার্বতীয় এলাকা।	রাঙামাটি পার্বত্য এলাকা।
নিশ্চয় সংবাদ পেয়েছ কি?	নিশ্চিত সংবাদ পেয়েছ কি?
আমি সাতেও নেই সতেরোতেই নেই।	আমি সাতেও নেই পাঁচেও নেই।
আখের চারা বপন করা হলো।	আখের চারা রোপণ করা হলো।
যার লাঠি, তার ঘাঁটি।	যার লাঠি, তার মাটি
তার সুজনতায় মুগ্ধ হলাম।	তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্য হানি ঘটে।	আকণ্ঠ ভোজনে স্বাস্থ্য হানি ঘটে।
কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।	কাব্যটির উৎকর্ষ প্রশংসনীয়।
যুদ্ধ শেষ হইল।	যুদ্ধ সমাপ্ত হইল।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি বাহুল্যদোষে দুষ্ট? [ব্যবসায় : ২৩-২৪]
ⓚ সকল ছাত্রগণ ⓛ পাখীসব ⓜ শিক্ষকমণ্ডলী ⓝ গরুর শকট উ: (ক)

০২. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়? [বিজ্ঞান : ২৩-২৪]
ⓚ অশ্রুজল ⓛ বিভীষণ ⓜ একত্রিত ⓝ স্ত্রীক উ: (খ)

০৩. নিচের কোন বাক্যটি শুদ্ধ নয়? [ক ২২-২৩]
ⓚ উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
ⓛ এ কথা প্রমাণিত হয়েছে।
ⓜ সব সভ্য এসেছেন।
ⓝ ইহার আবশ্যকতা নাই। উ: (ক)

০৪. নিচের কোন শব্দে বচনঘটিত অশুদ্ধি ঘটেছে? [ক ২২-২৩]
ⓚ গুণীগণ
ⓛ বিদ্বান সমাজ
ⓜ শিক্ষার্থীবৃন্দ
ⓝ বন্ধুগণেরা উ: (ঘ)

০৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [গ ২২-২৩]
ⓚ কলেজ চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
ⓛ কলেজ চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষিদ্ধ।
ⓜ কলেজ চলাকালীন হর্ন বাজানো নিষেধ।
ⓝ কলেজ সময়ে হর্ন বাজানো নিষিদ্ধ। উ: (ঘ)

০৬. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? [গ ২২-২৩]
ⓚ কৃচ্ছ্র
ⓛ ভারসাম্যতা
ⓜ সমৃদ্ধিশালী
ⓝ সখ্য উ: (খ)

০৭. সংস্কৃতিকে বলা যায় লাবন্য; কখনো ব্যাক্তির, কখনো নির্দিস্ট জাতীর। এ বাক্যে ভুল শব্দের সংখ্যা– [A : ২১-২২]
ⓚ তিন ⓛ চার ⓜ পাঁচ ⓝ ছয় উ: (খ)

০৮. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? [ক ১৯-২০]
ⓚ পুনঃপুন ⓛ ভোগলিক ⓜ গ্রথিত ⓝ প্রোথিত উ: (খ)

০৯. 'অংক করতে ভুল করও না' চলিত রীতির বাক্যটিতে অশুদ্ধ-সংখ্যা? [ক ১৮-১৯]
ⓚ ২ টি ⓛ ৩ টি ⓜ ১ টি ⓝ ৪ টি উ: (খ)

১০. অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়– [খ ১৮-১৯]
ⓚ সুগন্ধযুক্ত
ⓛ বিষাদ মণ্ডিত
ⓜ সংযতবাক
ⓝ সুনীল আকাশ উ: (গ)

১১. কোনটি অপপ্রয়োগের উদাহরণ? [পুন: ঘ ১৮-১৯]
ⓚ একত্র ⓛ অধীনস্থ ⓜ চিন্তিত ⓝ প্রত্যাশিত উ: (খ)

১২. কোন উপসর্গটি পরবর্তী অর্থে ব্যবহৃত হয়েছে? [ক ১৮-১৯]
ⓚ অভিষেক ⓛ অবরোধ ⓜ প্রদান ⓝ অনুশীলন উ: (ঘ)

১৩. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়? [ঘ ১৬-১৭]
ⓚ অশ্রুজল
ⓛ ইদানীংকালে
ⓜ সপরিবার
ⓝ জন্মবার্ষিকী উ: (গ)

১৪. 'রুশীয় সমাজে এর প্রচলন লক্ষ করা যায়।' এ বাক্যে কী ধরনের অপপ্রয়োগ ঘটেছে? [ক ১৬-১৭]
ⓚ সন্ধিজাত
ⓛ প্রত্যয়জাত
ⓜ বানানগত
ⓝ তথ্যগত উ: (খ)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? [B ১৭-১৮]
ⓚ আয়ত্তাধীন ⓛ মিথস্ক্রিয়া ⓜ দিবারাত্র ⓝ দুরবস্থা উ: (ক)

০২. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? [E ১৭-১৮]
ⓚ ঐক্যমত
ⓛ ঐক্যবদ্ধ
ⓜ ঐকতান
ⓝ ঐচিত্য উ: (ক)

০৩. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [খ-১৫-১৬]
ⓚ আমি অপমান হয়েছি
ⓛ আমি গীতাঞ্জলী পড়েছি
ⓜ তার সৌজন্যতা ভুলব না
ⓝ দশচক্রে ভগবান ভূত উ: (ঘ)

০৪. অপপ্রয়োগের দৃষ্টান্ত কোনটি? [খ-১৫-১৬; ঢাবি অধি. কলেজ ১৭-১৮]
ⓚ বৃক্ষরাজি ⓛ শৈবালদল ⓜ সমৃদ্ধশালী ⓝ উর্মিমালা উ: (গ)

০৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [ঘ-১৫-১৬]
ⓚ সর্বদা পরিষ্কার থাকিবে
ⓛ মেয়েটি পাগলি হয়ে গেছে
ⓜ আপনি স্বপরিবারে আমন্ত্রিত
ⓝ কী ভয়ানক বিপদ! উ: (ঘ)

০৬. তিনি ঘাঁটিতে ঘাঁটিতে ভাবিতে ছিলেন, শুধুমাত্র মনিষী বাক্যই তো জীবনৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে। চলিত রীতিতে লেখা বাক্যটিতে মোট ভুলের সংখ্যা– [ঘ-১৫-১৬]
ⓚ পাঁচ
ⓛ ছয়
ⓜ সাত
ⓝ আট উ: (ঘ)

০৭. প্রয়োগের অর্থ বিবেচনায় নিচের কোন শব্দটি শুদ্ধ? [খ ১৬-১৭]
ⓚ সুস্বাস্থ্য
ⓛ স্বাগত
ⓜ সচিত্রিত
ⓝ শ্রেষ্ঠতম উ: (খ)

০৮. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি? [গ ১৬-১৭]
ⓚ উৎকর্ষতা
ⓛ উৎকর্ষ
ⓜ উৎকৃষ্ট
ⓝ উৎকৃষ্টতা

Note: উৎকর্ষ, উৎকৃষ্ট ও উৎকৃষ্টতা– প্রত্যয়গতভাবে শুদ্ধ। 'উৎকর্ষতা' প্রত্যয়গতভাবে অশুদ্ধ।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. কোনটি সঠিক নয়? [D : ২৩-২৪]
ⓚ বিশ্বাস→ বিশ্বস্ত
ⓛ কণ্ঠ → কণ্ঠস্থ
ⓜ পদ → পদস্থ
ⓝ গৃহ → গৃহস্থ উ: (ক)

০২. নিচের কোন বাক্যটি ভুল? [C ১৯-২০]
ⓚ যেমন বুনো কচু তেমনি বাঘা তেঁতুল।
ⓛ ছেলেটি বংশের মুখে চুনকালি দিল।
ⓜ তিনি ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেছেন।
ⓝ আমার আর বাঁচার সাধ নেই। উ: (খ)

০৩. 'সে এখন চোখে হলুদ ফুল দেখছে' বাক্যটিতে কী জনিত ভুল আছে? [B ১৮-১৯]
ⓚ বাচ্য প্রয়োগ
ⓛ বাহুল্য
ⓜ শব্দের অপপ্রয়োগ
ⓝ প্রবাদ প্রবচনের প্রয়োগ উ: (ঘ)

০৪. শুদ্ধ বাক্য কোনটি? [F ১৯-২০]
ⓚ শশীভূষণ কি আসে নাই?
ⓛ আজকের সন্ধ্যা বড়ই মনোমুগ্ধকর।
ⓜ বমাল চোর ধরা পড়েছে।
ⓝ যুদ্ধ শেষ হইল। উ: (গ)

০৫. কোন বাক্যটি অশুদ্ধ? [F ১৯-২০]
ⓚ গোপন কথাটা শুন।
ⓛ বুদ্ধিমতী রমণীরা।
ⓜ তার সব ছেলেই কৃতী
ⓝ ইহা একটি কিংবদন্তি। উ: (ক)

০৬. কোনটি শুদ্ধ বাক্য? [C$_1$ ১৮-১৯]
ⓚ শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পন করবো
ⓛ শহিদ মীনারে শ্রদ্ধাঞ্জলি অর্পন করবো
ⓜ শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করবো
ⓝ শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করবো উ: (গ)

০৭. শুদ্ধ বাক্য কোনটি? [F ১৮-১৯]
ⓚ হীন চরিত্রবান লোক পশ্বাধম।
ⓛ রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।
ⓜ যার লাঠি, তার ঘাঁটি।
ⓝ হস্তীটি অত্যন্ত স্থূল। উ: (ঘ)

০৮. কোনটি ঠিক? [C১৭-১৮]
ⓚ আইনানুসারে তিনি একাজ করতে পারেন না
ⓛ আইনগত তিনি একাজ করতে পারেন না
ⓜ আইনগতভাবে তিনি একাজ করতে পারেন না
ⓝ আইনত তিনি এ কাজ করতে পারেন না উ: (ঘ)

০৯. কোনটি ঠিক? [C১৭-১৮]
ⓚ অশ্রুতে বুক ভেসে গেল
ⓛ অশ্রুর জলে বুক ভেসে গেল
ⓜ অশ্রুর পানিতে বুক ভেসে গেল
ⓝ অশ্রুজলে বুক ভেসে গেল উ: (ক)

১০. কোনটি ঠিক? [C১৭-১৮]
ⓚ সর্ববিষয়ে বাহুলত্যা বর্জন করবে
ⓛ সর্ববিষয়ে বহুময়তা বর্জন করবে
ⓜ সর্ববিষয়ে বহুল্য বর্জন করবে
ⓝ সর্ববিষয়ে বাহুল্য বর্জন করবে উ: (ঘ)

১১. শুদ্ধ রূপ কোনটি? [C১৭-১৮]
ⓚ সৌন্দর্যতা
ⓛ সুন্দর্য
ⓜ সুন্দরতা
ⓝ সৌন্দর্য উ: (ঘ)

১২. কোনটি ঠিক? [C১৭-১৮]
ⓚ কাব্যটির ভাষায় দৈন্যতা আছে
ⓛ কাব্যটির ভাষায় দীন আছে
ⓜ কাব্যটির ভাষায় দৈন্য আছে
ⓝ কাব্যটির ভাষায় দিনতা আছে উ: (গ)

১৩. কোনটি ঠিক? [C১৭-১৮]
ⓚ যাবতীয় লোক সভায় উপস্থিত ছিল
ⓛ যাবতীয় লোকসমূহ সভায় উপস্থিত ছিল
ⓜ যাবতীয় লোকদয় সভায় উপস্থিত ছিল
ⓝ যাবতীয় লোকগণ সভায় উপস্থিত ছিল উ: (ক)

১৪. 'সুনামীর তাণ্ডবে অনেকেই সর্বশান্ত হয়েছে।' বাক্যটিতে কয়টি ভুল আছে? [I১৭-১৮]
ⓚ ১ ⓛ ২ ⓜ ৩ ⓝ ভুল নেই উ: (গ)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

রাজশাহী বিশ্ববিদ্যালয়

[illegible]

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

[illegible]

[illegible]

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. কোন বাক্যাংশটি শুদ্ধ? [illegible]

[illegible]

০২. কোনটি শুদ্ধ বাক্য? [illegible]

(ক) আমি স্বাক্ষী দেবো না (খ) আমি সাক্ষী দেবো না
(গ) আমি স্বাক্ষ্য দেবো না (ঘ) আমি সাক্ষ্য দেবো না

০৩. কোনটি ঠিক বাক্য? [illegible]

[illegible]

০৪. কোনটি অশুদ্ধ রূপ নয়? [illegible]

(ক) সখ্যনীয় (খ) সখ্যনীয় (গ) সখ্যনিয় (ঘ) সখ্যনীয়

Note: [illegible]

০৫. চন্দ্রবিন্দু চিহ্নের ভুল প্রয়োগ হয়েছে কোন শব্দে? [illegible]

(ক) ঝাঁকড়াঁকা (খ) পাঁজর (গ) কাঁধ (ঘ) কাঁচ

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. 'কাব্যত্ব' শব্দটিতে কোন দোষ ঘটেছে? [illegible]

(ক) উপমার ভুল প্রয়োগ (খ) গুরুচণ্ডালী
(গ) বাগধারার ভুল প্রয়োগ (ঘ) বাহুল্য

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি সুভাষণের উদাহরণ? [illegible]

(ক) ঘরে চাল বাড়ন্ত (খ) ভাতের অভাব
(গ) অসভ্য কোথাকার (ঘ) মিষ্টি কথায় চিঁড়া ভিজে না

০২. কোন বাক্যটি ব্যাকরণসিদ্ধ? [illegible]

(ক) কথাটি সঠিক নয় (খ) আবশ্যকীয় দ্রব্যাদি সঙ্গে আনবেন
(গ) তিনি স্ত্রীক গমন করেন (ঘ) এটি লজ্জাকর বিষয়

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. কোনটি শুদ্ধ? [C ১৮-১৯]
ক সৌজন্নতা খ সৌজন্যতা
গ সৌজন্ন ঘ সৌজন্য
জ.ঘ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১. কোন বাক্যটি শুদ্ধ? [C-১৫-১৬]
ক একটা গোপনীয় কথা বলি খ একটি গোপন কথা বলি
গ একটি গুপ্ত কথা বলি ঘ একটি গোপন কথা বলি
জ.ক

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. কোন বাক্যটি শুদ্ধ? [B ১৭-১৮]
ক রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য খ রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য্য
গ রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য ঘ রচনাটির উৎকর্ষ অনস্বীকায্য
জ.গ

০২. 'আলোচনার মাধ্যমে সব সমস্যাগুলোর সমাধান সম্ভব' বাক্যটির শুদ্ধ রূপ কোনটি? [C ১৬-১৭]
ক আলোচনার মাধ্যমে সব সমস্যার সমাধান সম্ভব
খ আলোচনার মাধ্যমে সকল সমস্যাগুলোর সমাধান সম্ভব
গ আলোচনার মাধ্যমে সব সমস্যাগুলির সমাধান সম্ভব
ঘ আলোচনার মাধ্যমে সব সমস্যাবলীর সমাধান সম্ভব
জ.ক

০৩. 'দেশের সকল নেতারাই অসৎ নয়' বাক্যটির শুদ্ধ রূপ? [B ১৬-১৭]
ক দেশের সকল নেতাগণ অসৎ নয় খ দেশের সবগুলো নেতারাই অসৎ নয়
গ দেশের সকল নেতারা অসৎ নয় ঘ দেশের সকল নেতা অসৎ নয়
জ.ঘ

০৪. 'নিরপরাধীকে শাস্তি দিও না' বাক্যটির শুদ্ধ রূপ– [B ১৬-১৭]
ক নিরপরাধীকে শাস্তি দিও না খ নিরপরাধকে শাস্তি দিও না
গ নিরপরাধীকে সাস্তি দিও না ঘ নিঃঅপরাধীকে শাস্তি দিও না
জ.খ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. কোন বাক্যটি শুদ্ধ নয়? [AL ১৮-১৯]
ক চাঁদ উঠেছে। খ বাঁশি বাজে।
গ তাহারা গান। ঘ আমরা দাঁড়াইয়া আছি
জ.গ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. শুদ্ধ বাক্য কোনটি? [D-১৫-১৬]
ক অংকটি কষিতে ভুল করিও না খ অংকটি ভুল ভাবে করিও না
গ অঙ্কটি করিতে ভুল করিও না ঘ অংকটি ভুল করিও না
জ.গ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. কোন বাক্যটি ভুল? [A ১৭-১৮]
ক আলোচনার মাধ্যমে সব সমস্যার সমাধান সম্ভবপর
খ গতকাল যে পাঁচজন মেয়ে এসেছিল, তার মধ্যে ছোটটি সবচেয়ে বুদ্ধিমতী
গ নিরপরাধ ও নিষ্পাপ লোককে শাস্তি দেয়া অন্যায়
ঘ ইতোমধ্যে বাংলাদেশ একটি উন্নয়নশীল রাষ্ট্রে পরিণত হয়েছে
ঙ ইতঃপূর্বে তিনি সপরিবারে আমন্ত্রিত হয়েছিলেন
জ.ক

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [D ১৭-১৮]
ক এখানে সকল সভ্যগণ উপস্থিত ছিলেন খ নিরোগী লোক প্রকৃত অর্থেই সুখী।
গ সে এ মামলায় সাক্ষী দিয়েছেন। ঘ আবশ্যক ব্যয়ে কার্পণ্য উচিত নয়।
জ.ঘ

বিএসসি ইন নার্সিং

০১. কোন বাক্যটি শুদ্ধ? [BSC Nursing'17-18]
ক সেদিন থেকে তিনি আর সেখানে যায় না
খ তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম
গ আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
ঘ তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ
জ.খ

০২. বাক্যে সাধু ও চলিত রীতির মিশ্রণকে বলে– [২১-২২]
ক আঞ্চলিক দোষ খ উপমার দোষ
গ গুরুচণ্ডালী দোষ ঘ বাহুল্য দোষ
জ.গ

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. কোন বাক্যটি শুদ্ধ নয়? [২২-২৩]
ক আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি। খ দৈন্য প্রশংসনীয় নয়।
গ সব সভ্য এসেছেন। ঘ সূর্য উদিত হয়েছে।
জ.ক

০২. কোন বাক্যটি শুদ্ধ? [Humanities : ২১-২২]
ক মহারাজ সভাগৃহে প্রবেশ করলেন। খ এটি লজ্জাকর ব্যাপার।
গ অশ্রুজলে বুক ভেসে গেলো। ঘ আমার আর বাঁচিবার স্বাদ নাই।
জ.ক

০৩. কোন শব্দটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? [১৭-১৮]
ক অশ্রুজল খ অঞ্জলি
গ কিংশুক ঘ প্রদীপ
জ.ক

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. নিচের কোন শব্দটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়? [বিজ্ঞান : ২৩-২৪]
ক বাহুল্যতা খ শুধুমাত্র গ অশ্রুজল ঘ নির্দোষ
জ.ঘ

০২. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? [বাণিজ্য : ২৩-২৪;চবি-১৯-২০;ঢাবি-ঘ-১৭-১৮;জবি-ঘ-১৭-১৮]
ক উপর্যুক্ত খ মিথষ্ক্রিয়া গ একত্রিত ঘ সপ্রাণ
জ.গ

০৩. কোন বাক্যটি শুদ্ধ? [বিজ্ঞান ২২-২৩]
ক অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
খ অন্নাভাবে সব ঘরগুলোতে হাহাকার।
গ অন্নাভাবে সকল ঘরগুলোতে হাহাকার।
ঘ অন্নাভাবে ঘরে ঘরে হাহাকার।
জ.ঘ

০৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [বাণিজ্য ২২-২৩]
ক অশ্রুজলে বুক ভেসে গেল। খ আর বাঁচিবার স্বাদ নাই।
গ এটি লজ্জাকর ব্যাপার। ঘ মহারাজ সভাগৃহে প্রবেশ করলেন।
জ.ঘ

০৫. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়? [Humanities : ২১-২২]
ক অশ্রুজল খ কেবলমাত্র গ দৈন্যতা ঘ ইদানীং
জ.ঘ

০৬. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়? [Science : ২১-২২]
ক দারিদ্রতা খ ঐক্যতা
গ উৎকর্ষতা ঘ বিশিষ্টতা
জ.খ

HSC পরীক্ষার বিগত বছরের লিখিত প্রশ্নোত্তর

০১. ক. যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ : [ঢা.বো. ২৪] ৫

অশুদ্ধ	শুদ্ধ
i. তার বিদ্রোহী আত্মার শান্তি কামনা করছি।	তার বিদেহ আত্মার শান্তি কামনা করছি।
ii. অপহরণ ব্যবসায়ীকে এখনো উদ্ধার করা যায়নি।	অপহৃত ব্যবসায়ীকে এখনো উদ্ধার করা যায়নি।
iii. গৌতম বুদ্ধ বুদ্ধধর্ম প্রচারণা করেন।	গৌতম বুদ্ধ বৌদ্ধধর্ম প্রচার করেন।
iv. সড়ক দূর্ঘনায় আহত ছাত্রটি বেঁচে আছে।	সড়ক দুর্ঘনায় আহত ছাত্রটি বেঁচে আছে।
v. মাস্ক পড়ুন, সুস্থ থাকুন।	মাস্ক পরুন, সুস্থ থাকুন।
vi. ঝড়-বৃষ্টির কারণে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে।	ঝড়-বৃষ্টির কারণে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে।
vii. আগামীকাল শপথ নেবেন সংসদ সদস্যরা।	সাংসদগণ আগামীকাল শপথগ্রহণ করবেন।
viii. আবশ্যকীয় দ্রব্যাদি সঙ্গে আনবেন।	আবশ্যক দ্রব্যাদি সঙ্গে আনবেন।

খ. অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ : [ঢা.বো. ২৪]

এতদ্বারা, এই কলেজের সকল শিক্ষার্থী-শিক্ষকগণ ও সকল কর্মচারীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মে দিবস উপলক্ষ্যে আসছে আগামী ১ মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ কলেজের সকল শ্রেণি কার্যক্রম বন্ধ থাকিবে। আসছে ২ মে ২০২৪ খ্রি. থেকে কলেজ পূর্বের ন্যায় যথারীতিভাবে চলিবে। [ঢা.বো. ২৪]

উত্তর : এতদ্বারা, এই কলেজের সকল শিক্ষক-শিক্ষার্থী ও কর্মচারীকে অবগত করা যাচ্ছে যে/জানানো যাচ্ছে যে, মে দিবস উপলক্ষ্যে আগামী ১লা মে, ২০২৪ খ্রিষ্টাব্দ কলেজের সকল শ্রেণি-কার্যক্রম বন্ধ থাকবে। আগামী ২রা মে, ২০২৪ খ্রিষ্টাব্দ থেকে কলেজ পূর্বের ন্যায়/আগের মতো যথারীতি চলবে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

...কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ? [৪৪তম বিসিএস]
(ক) ...দি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
(খ) ...রা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।
(গ) ...র দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
(ঘ) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
উ: (গ)

০২. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? [৩৮তম বিসিএস]
(ক) স্বায়ত্তশাসন (খ) দরিদ্রতা (গ) একত্র (ঘ) একত্রিত
উ: (খ)

০৩. 'পুরস্কার বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার'। বাক্যটির নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে [৩৫তম]
(ক) প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয় শুদ্ধ (খ) প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
(গ) দুটোই অশুদ্ধ (ঘ) দুটোই শুদ্ধ
উ: (গ)

SELF TEST MCQ

...রণের নিয়মে অশুদ্ধ হলেও বহুল প্রচলিত শব্দকে কী বলে?
(ক) প্রচলিত শব্দ (খ) অশুদ্ধ কিন্তু প্রচলিত শব্দ
(গ) প্রচলিত অপপ্রয়োগ (ঘ) অপপ্রয়োগ

...পুরস্কার বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার।' বাক্যটির নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে–
(ক) প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয় শুদ্ধ (খ) প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
(গ) দুটোই অশুদ্ধ (ঘ) দুটোই শুদ্ধ

...কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?
(ক) নির্ভরশীল (খ) নির্ভরশীলতা (গ) নির্ভরতা (ঘ) নির্ভরযোগ্য

...ঠিক শব্দটি বের করুন–
(ক) চলাকালীন সময়ে (খ) চলাকালে
(গ) চলাকালের সময়ে (ঘ) চলাকালিন সময়

... নিচের কোন শব্দটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?
(ক) ইদানিংকাল (খ) তাপদাহ (গ) সাম্প্রতিক (ঘ) উপরোক্ত

... নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?
(ক) কেবলমাত্র (খ) অধীন (গ) মনঃকষ্ট (ঘ) উল্লিখিত

০৭. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?
(ক) উপর্যুক্ত (খ) মিথস্ক্রিয়া (গ) ধস্প্রাপ্ত (ঘ) দৈন্যতা

০৮. 'অবদান' (মনোযোগ) ও 'অবধান' (কীর্তি) কোন জাতীয় অপপ্রয়োগ?
(ক) উচ্চারণজনিত (খ) অর্থগত বিভ্রান্তিজনিত
(গ) শব্দ গঠনজনিত (ঘ) সবগুলো

০৯. শব্দের গঠনগত অপপ্রয়োগ নয় কোনটি?
(ক) ইতিপূর্বে (খ) অতলস্পর্শী
(গ) সবিনয়পূর্বক (ঘ) অস্তায়মান

১০. নিচের কোনটি বাহুল্যজনিত অপপ্রয়োগের উদাহরণ?
(ক) শুধুমাত্র (খ) ফলশ্রুতি
(গ) সুকেশী (ঘ) পরিপ্রেক্ষিত

OMR

০১.(ক)(খ)(গ)(ঘ)	০২.(ক)(খ)(গ)(ঘ)	০৩.(ক)(খ)(গ)(ঘ)	০৪.(ক)(খ)(গ)(ঘ)	০৫.(ক)(খ)(গ)(ঘ)
০৬.(ক)(খ)(গ)(ঘ)	০৭.(ক)(খ)(গ)(ঘ)	০৮.(ক)(খ)(গ)(ঘ)	০৯.(ক)(খ)(গ)(ঘ)	১০.(ক)(খ)(গ)(ঘ)

Answer

১০.ক	০৯.ঘ	০৮.খ	০৭.ঘ	০৬.ক	০৫.গ	০৪.খ	০৩.গ	০২.খ	০১.ঘ

SELF TEST লিখিত

প্রশ্ন :

০১. বানান ভুল ও বাক্যের অসংগতি দূর করে বাক্যগুলো আবার লেখ। [ঢাবি খ ২২-২৩]
ক. এই সব মানুষগুলো আজ উদ্বাস্তু জীবন কাটিয়েছে।
খ. মুর্খ লোকের দূর্গতির সীমা থাকে না।
গ. তাহার জন্য অপেক্ষা করা মোটেও সমীচিন হবে না।
ঘ. তোমার অসৌজন্যে তিনি ব্যাথিত হয়েছে।
ঙ. তুমি কী ধৈর্য ধারণ করতে পারছ না।

০২. নিচের বাক্যগুলোর বানান ও ব্যাকরণগত ত্রুটি সংশোধন করে লেখ। বাক্যে শব্দ সংযোজন বা বিয়োজন করা যাবে না। [ঢাবি গ ২২-২৩]
a. 'ভূগোল' বিশেষ্য পদটি বিশেষণে রূপান্তর করিলে হবে 'ভৌগোলিক'।
b. দুষ্কৃতিকারীরা সমাজের শত্রু।
c. তার চাতুর্যতা আমাকে ব্যথিত করেছে।
d. সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্তভাবেই কাম্য।

০৩. নিচের বাক্যগুলো শুদ্ধ করে লেখ :
ক. একটি গোপন পরামর্শ আছে।
খ. উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
গ. যুদ্দ শেষ হইল।
ঘ. মেয়েটি বিদ্বান কিন্তু ঝগড়াটে।
ঙ. যার লাঠি, তার ঘাঁটি।
চ. ঋষিতা বুদ্ধিমান মেয়ে
ছ. তিনি আরোগ্য হলেন।

০৪. নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
দারিদ্র্যতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পিছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে কৃচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষ সখ্যতাও।

০৫. নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। জীবনে স্বার্থকতা লাভ করিতে হলে পাঠে মনোযোগি হইতে হয়। দুরাবস্থা আকাঙ্ক্ষার অন্তরায়। দৈন্যতা প্রশংসনীয় নয়। এটি লজ্জাকর ব্যাপার।

০৬. বাংলা ভাষায় অপপ্রয়োগ বলতে কী বোঝ? বাংলা ভাষায় অপপ্রয়োগের কয়েকটি কারণ লেখ।

০৭. প্রদত্ত শব্দগুলোর শুদ্ধ প্রয়োগ দেখাও :
অশ্রুজল, অতলস্পর্শী, উৎকর্ষতা, সুস্বাস্থ্য।

০৮. নিচের কোনটি শুদ্ধ? ব্যাখ্যাসহ লেখ।
ক. বাধ্যগত/অনুগত খ. উপর্যুক্ত/উপরোক্ত

উত্তর :

০১. ক. এই মানুষগুলো আজ উদ্বাস্তু জীবন কাটিয়েছে।
খ. মূর্খ লোকের দুর্গতির সীমা থাকে না।
গ. তার জন্য অপেক্ষা করা মোটেও সমীচীন হবে না।
ঘ. তোমার অসৌজন্যে তিনি ব্যথিত হয়েছেন।
ঙ. তুমি কি ধৈর্য ধারণ করতে পারছ না।

০২. a. ভূগোল বিশেষ্য পদটি বিশেষণে রূপান্তর করলে হবে ভৌগোলিক।
b. দুষ্কৃতকারীরা সমাজের শত্রু।
c. তার চতুরতা আমাকে ব্যথিত করেছে।
d. সমৃদ্ধিশালী/সমৃদ্ধ বাংলাদেশ আমাদের একান্তভাবেই কাম্য।

০৩. নিচের বাক্যগুলোর শুদ্ধ রূপ :

একটি গোপন পরামর্শ আছে।	একটি গোপনীয় পরামর্শ আছে।
যুদ্দ শেষ হইল।	যুদ্ধ সমাপ্ত হইল।
উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।	উপর্যুক্ত/উপরিউক্ত বাক্যটি শুদ্ধ নয়।
মেয়েটি বিদ্বান কিন্তু ঝগড়াটে।	মেয়েটি বিদুষী কিন্তু ঝগড়াটে।
যার লাঠি, তার ঘাঁটি।	যার লাঠি, তার মাটি
ঋষিতা বুদ্ধিমান মেয়ে	ঋষিতা বুদ্ধিমতী মেয়ে।
তিনি আরোগ্য হলেন।	তিনি আরোগ্য লাভ করলেন।

০৪. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৫. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৬. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৭. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৮. আলোচনা অংশ দ্রষ্টব্য।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

অধ্যায় ৩৯

অভিধানতত্ত্ব
Lexicography

অভিধানের সংজ্ঞা ও প্রকারভেদ

ভাষার বিশৃঙ্খল শব্দরাশির মানরূপ সুস্থিত করার উদ্দেশ্যেই রচিত হয় অভিধান। 'অভিধান'-এর শাব্দিক অর্থ : শব্দকোষ। ইংরেজি Dictionary শব্দের পরিভাষা হিসেবে বাংলায় 'অভিধান' শব্দটি প্রচলিত। ব্যুৎপত্তিগত দিক থেকে Dictionary শব্দের অর্থ 'শব্দভাণ্ডার' আর অভিধান শব্দের অর্থ 'শব্দার্থ'।

যে গ্রন্থে কোনো ভাষার শব্দের বর্ণানুক্রমিক অবস্থান, বানান, উচ্চারণ, অর্থ, ব্যুৎপত্তি ও ব্যবহার নির্দেশ করা হয়, তাকে অভিধান বলে।

- শব্দ সংকলন বা সংকলিত শব্দের গ্রন্থকে গ্রিকরা বলতো 'লেক্সিকন (Lexicon)'। রোমানরা লাতিন ভাষায় একে বলতো ডিকশনারি (Dictionary)। শব্দের আপাত মুখ্য অর্থই হচ্ছে 'অভিধা', তাই শব্দার্থ গ্রন্থের নাম 'অভিধান'। এ অভিধানের অপর নাম 'শব্দার্থকোষ'।
- **নোয়াম চমস্কির মতে**, 'অভিধান (বা শব্দকোষ) হচ্ছে একরাশ শব্দভুক্তি।'

বাংলা অভিধান

বাংলা অভিধান : বাংলা ভাষাতত্ত্বের উদ্ভব ঘটেছিল অভিধান সংকলনের মধ্য দিয়ে। বাংলা ভাষাতত্ত্বের প্রথম পুরুষ ও প্রথম অভিধান সংকলক মানোএল দা আস্‌সুম্পসাঁও (ধর্মযাজক ও প্রচারক)। তিনি ১৭৩৪ অব্দে দেশীয় সহকারীদের সহযোগিতায় সংকলন করেন 'ভোকাবুলারিও এম ইদিওমা বেনগল্লা ই পোর্তুগিজ : দিভিদিদো এম দুয়াস পার্তেস (সম্পাদক-অনুবাদক সুনীতিকুমার ও প্রিয়রঞ্জন সেন : ১৯৩১)। লিসবন থেকে অভিধানটি প্রকাশিত হয় ১৭৪৩ খ্রিষ্টাব্দে। ১৮১৭ খ্রিষ্টাব্দে প্রকাশিত রামচন্দ্র বিদ্যাবাগীশ প্রণীত 'বঙ্গভাষাভিধান'-কে প্রথম বাংলা অভিধান হিসেবে গ্রহণ করা হয়। অর্থাৎ তিনি বাংলা ভাষার প্রথম অভিধান সংকলন করেন। ১৯৫৫ খ্রিষ্টাব্দে ঢাকায় *বাংলা একাডেমি প্রতিষ্ঠার* পর বাংলা অভিধানের ক্ষেত্রে নতুন মাত্রা যুক্ত হয়। প্রতিষ্ঠার পরবর্তী ত্রিশ বছরে বাংলা একাডেমি প্রায় ৬০ খানা অভিধান জাতীয় গ্রন্থ প্রকাশ করে।

বাংলা ভাষার ও ভাষায় অভিধান সংক্রান্ত সংক্ষিপ্ত একটি তালিকা :

সম্পাদক	অভিধান	সম্পাদক	অভিধান
মনোএল দা আস্‌সুম্পসাঁও	বাংলা পর্তুগিজ ও পর্তুগিজ বাংলা শব্দকোষ	আহমদ শরীফ	বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান
ডক্টর মুহম্মদ এনামুল হক	বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান	ড. মুহম্মদ শহীদুল্লাহ্	বাংলা একাডেমি বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান
উইলিয়াম কেরী	বাংলা ভাষার অভিধান (১৮১৫ খ্রি.)	জিল্লুর রহমান সিদ্দিকী	Bangla Academy English-Bangla Dictionary
হরিচরণ বন্দ্যোপাধ্যায়	বঙ্গীয় শব্দকোষ	জামিল চৌধুরী	বাংলা একাডেমি বাংলা বানান-অভিধান
মুহাম্মদ হাবিবুর রহমান	যথাশব্দ(১৯৭৪: প্রথম বাংলা থিসরাস বা সমার্থক শব্দ অভিধান)	আবু ইসহাক	বাংলা একাডেমি সমকালীন বাংলা ভাষার অভিধান
অশোক মুখোপাধ্যায়	সমার্থশব্দকোষ(১৯৮৭)	মনজুরুর রহমান	বাংলা একাডেমি ঐতিহাসিক অভিধান

অভিধানের ব্যবহার বিধি বা নির্দেশিকা

অভিধান ব্যবহারের নির্দেশিকা : অভিধানের ব্যবহার বিধি নিম্নে উল্লেখ করা হলো :

০১. **প্রস্তুতি** : অভিধান গ্রন্থ উন্মোচনের পূর্বে বর্ণানুক্রম জানতে হবে।
০২. **পাঠ সংকেত** : অভিধানের শুরুতে দেওয়া পাঠ সংকেত অনুসরণ করতে হবে।
০৩. **শীর্ষ শব্দ** : যে শব্দের অর্থ বা পরিচয় দেওয়া থাকে, সেগুলো 'বোল্ড' টাইপে মুদ্রণ থাকে। এগুলোকে শীর্ষ শব্দ বা Head Word।
০৪. **ভুক্তি** : একটি শীর্ষ শব্দের ব্যাখ্যা, অর্থ এবং ব্যবহার যেভাবে বিধৃত থাকে, তাকে বলা হয় ভুক্তি।
০৫. **শব্দ প্রয়োগ** : অভিধানে শব্দের অর্থ ছাড়াও শব্দের শ্রেণি ও উৎস উল্লেখ থাকে। অভিধান ব্যবহারের সময় এ প্রয়োগ জানতে হবে।
০৬. **শব্দের পদনাম** : যথার্থ অর্থবোধ ও সুষ্ঠু প্রয়োগের জন্য অধিকাংশ শব্দ বা শব্দসমষ্টির পদনাম উল্লেখ থাকে।
০৭. **শব্দের উৎপত্তি** : অভিধানে শব্দের ব্যুৎপত্তি দেওয়া থাকে।
০৮. **বিশিষ্টার্থক শব্দ প্রয়োগ** : বিশিষ্টার্থক শব্দ ব্যবহারের নিয়ম জানতে হবে।
০৯. **সমোচ্চারিত শব্দ** : সমোচ্চারিত শব্দের বানান ও অর্থের পার্থক্য সম্পর্কে জানতে হবে।
১০. **সংকেত, প্রতীক ও সংক্ষেপ** : অভিধানে ব্যবহৃত বিভিন্ন সংকেত, প্রতীক ও সংক্ষেপণ সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে।
১১. **সংযুক্ত ব্যঞ্জনবর্ণ** : সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির প্রকৃতি, ব্যবহার এবং ক্রম সম্পর্কে জ্ঞান থাকতে হবে।
১২. **উচ্চারণ** : উচ্চারণ সম্পর্কে পূর্ব ধারণা থাকা বাঞ্ছনীয়।
১৩. **'ক্ষ' বর্ণ** : 'ক্ষ' বর্ণ সব সময় 'খ' বর্ণের পূর্বে সজ্জিত থাকে। সুতরাং 'ক্ষ' কে খুঁজতে হবে 'খ' বর্ণের আগে।
১৪. **ং, ঃ এবং ঁ** : এ বর্ণগুলো স্বরবর্ণের সবচেয়ে শেষে বসে। 'ক' বর্ণের পূর্বেই এদের সন্ধান করতে হবে।
১৫. **'র' বর্ণ** : 'র' বর্ণের সঙ্গে সমস্ত স্বরচিহ্ন (আ-কার, উ-কার) যুক্ত হওয়ার পর রেফ 'র্' আসে এবং এরপর আসে 'ল' বর্ণ।

সতর্কতা : বাংলা অভিধান যথাযথ ব্যবহারের ক্ষেত্রে উপরের নিয়ম পালন করতে হবে।

বাংলা অভিধানের বর্ণানুক্রম

সাধারণ বর্ণানুক্রম :
অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ।
ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল শ ষ স হ ড় ঢ় য় ৎ ং ঃ ঁ।

অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম :
অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ ঁ।
ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ড় ঢ ঢ় ণ ত (ৎ) থ দ ধ ন প ফ ব ভ ম য য় র ল শ ষ স হ।

➤ **জ্ঞাতব্য** : যেহেতু, ক্ষ = ক্ + ষ। অতএব, 'ক্ষ' এর অবস্থান ক-বর্ণের শেষে।

যুক্তাক্ষরের বর্ণানুক্রম :
ক্ক ক্ট ক্ত ক্ষ ক্র গ্ণ গ্ধ ঙ্ক ঙ্ক্ষ ঙ্খ ঙ্গ ঙ্ঘ ঙ্ম চ্চ চ্ছ চ্ছ্র জ্জ জ্ঝ জ্ঞ ঞ্চ ঞ্ছ ঞ্জ ঞ্ঝ ট্ট ড্ড ড্গ ণ্ট ণ্ঠ ণ্ড ণ্ঢ ণ্ণ ণ্ম ত্ত ত্থ দ্গ দ্ঘ দ্দ দ্ধ দ্ভ ধ্ব ন্ট ন্ঠ ন্ড ন্ঢ ন্ত ন্থ ন্দ ন্ধ ন্ন ন্ম প্ট প্ত প্প প্স ব্জ ব্দ ব্ধ ব্ব ব্ভ ম্প ম্ফ ম্ব ম্ভ ম্ম ল্ক ল্গ ল্ট ল্ড ল্প ল্ম ল্ল শ্চ শ্ছ ষ্ক ষ্ট ষ্ঠ ষ্ণ ষ্প ষ্ফ ষ্ম স্ক স্খ স্ট স্ত স্থ স্প স্ফ হ্ণ হ্ন হ্ম ।

কার চিহ্ন : া ি ু ূ ৃ ে ৈ ো ৌ।

ফলা চিহ্ন : ন-ফলা (ন), ম-ফলা (ম), ব-ফলা (ব), য-ফলা (্য), র-ফলা (্র), ল-ফলা (ল) ।

CamScanner

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. আভিধানিক ক্রমে সাজানো শব্দগুচ্ছ– [কলা, আইন ও সামাজিক : ২৩-২৪]
(ক) একতা, একাত্তর, একুশ (খ) কবি, কাব্য, কবিতা
(গ) ফুল, ফল, ফলন (ঘ) মঞ্চ, মাল্যঞ্চ, মঞ্জুর
উ: (ক)

০২. অভিধানে 'ক্ষ' বর্ণ কোথায় থাকে? [ক ১৬-১৭]
(ক) খ-বর্ণের সঙ্গে (খ) হ-বর্ণের পরে
(গ) ষ-বর্ণের পরে (ঘ) ক-বর্ণের সঙ্গে
উ: (ঘ)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. বাংলা আঞ্চলিক অভিধানের প্রণেতা– [ক ১২-১৩]
(ক) হরপ্রসাদ শাস্ত্রী (খ) মুহম্মদ আবদুল হাই
(গ) সুকুমার সেন (ঘ) ড. মুহম্মদ শহীদুল্লাহ
উ: (ঘ)

০২. 'লেক্সিকোগ্রাফি' কোন বিষয় নিয়ে আলোচনা করে? [ক-১৩-১৪]
(ক) ধ্বনিতত্ত্ব (খ) শব্দতত্ত্ব (গ) অভিধানতত্ত্ব (ঘ) অর্থতত্ত্ব
উ: (গ)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. প্রতিবর্ণীকরণের ক্ষেত্রে ' ँ ' (চন্দ্রবিন্দু)-এর ইংরেজি বর্ণরূপ কোনটি? [B : ২৩-২৪]
(ক) G-গ (খ) N (গ) W-ব ফলা (ঘ) H-হ
উ: (খ)

০২. অভিধান অনুযায়ী যুক্তাক্ষরের বর্ণানুক্রম সাজাও– [B ১৯-২০]
(ক) হ্ন, ক্ষ, ক্ষ্ণ, ক্ষ্ম (খ) ক্ষ্ণ, ক্ষ্ম, হ্ন, ক্ষ
(গ) ক্ষ, হ্ন, ক্ষ্ণ, ক্ষ্ম (ঘ) হ্ন, ক্ষ্ম, ক্ষ, ক্ষ্ণ

Note: শুদ্ধ বর্ণানুক্রম হবে : ক্ষ, ক্ষ্ণ, ক্ষ্ম, হ্ন।

০৩. অভিধান অনুযায়ী যুক্তাক্ষরের বর্ণানুক্রম সাজাও- [B ১৯-২০]
(ক) ত্র, ক্ব, ক্ষ, ক্ত (খ) ক্ত, ক্ব, ক্ষ, ত্র
(গ) ক্ষ, ক্ব, ক্ত, ত্র (ঘ) ক্ত, ক্ষ, ত্র, ক্ব
উ: (ঘ)

০৪. অভিধান অনুযায়ী যুক্তাক্ষরের বর্ণানুক্রম সাজাও– [B ১৯-২০]
(ক) হ্ক, ল্ম, হ্ব, ল্প (খ) ল্প, হ্ক, হ্ব, ল্ম
(গ) হ্ক, হ্ব, ল্ম, ল্প (ঘ) হ্ব, ল্ম, ল্প, হ্ক
উ: (গ)

০৫. অভিধান অনুযায়ী যুক্তাক্ষরের বর্ণানুক্রম সাজাও– [B ১৯-২০]
(ক) ষ্ট, ক্স, ব্দ, ঙ্ক (খ) ক্স, ব্দ, ঙ্ক, ষ্ট
(গ) ব্দ, ঙ্ক, ষ্ট, ক্স (ঘ) ব্দ, ক্স, ঙ্ক, ষ্ট
উ: (ক)

০৬. অভিধান অনুযায়ী যুক্তাক্ষরের বর্ণানুক্রম সাজাও- [B ১৯-২০]
(ক) ন্স, ষ্ঠ, ম্প, ষঃ (খ) ষ্ঠ, ম্প, ন্স, ষঃ
(গ) ন্স, ম্প, ষ্ঠ, ষঃ (ঘ) ন্স, ষ্ঠ, ষঃ, ম্প
উ: (খ)

০৭. অভিধান অনুযায়ী যুক্তাক্ষরের বর্ণানুক্রম সাজাও– [B ১৯-২০]
(ক) ন্ত, ণ্ম, গ্ন, ন্ত্ব (খ) ন্ত, গ্ন, ণ্ম, ন্ত্ব
(গ) ন্ত্ব, ন্ত, ণ্ম, গ্ন (ঘ) ণ্ম, ন্ত, গ্ন, ন্ত্ব

Note: শুদ্ধ বর্ণানুক্রম হবে : গ্ন, ন্ত, ন্ত্ব, ন্ম।

০৮. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত? [C ১৯-২০]
(ক) ইতস্তত, ইঙ্গিত, ইস্তফা, ইন্দ্রিয় (খ) আগ্নেয়, আঞ্চলিক, আড়ম্বর, আজ্ঞাবহ
(গ) অকিঞ্চন, অকৃত, অক্রম, অগ্নি (ঘ) উপান্ত, উন্মত্ত, উষ্ণ, উল্লাস
উ: (গ)

০৯. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত? [C ১৯-২০]
(ক) ঝঞ্ঝা, ঝক্কি, ঝর্ঝর, ঝম্প (খ) গন্ধ, গণ্ড, গল্প, গম্ভীর
(গ) চণ্ডাল, চক্ষু, চম্পক, চন্দ্র (ঘ) কুণ্ডল, কুম্ভকর্ণ, কুষ্ঠি, কুষ্মঃ
উ: (খ)

১০. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত? [C ১৯-২০]
(ক) তক্ত, তক্ষক, তজ্জাত, তণ্ডক (খ) দণ্ড, দগ্ধ, দগু, দস্যি, দর্শক
(গ) নবনী, নন্দিনী, নষ্ট, নম্র (ঘ) পঞ্জিকা, পঞ্চান্ন, পদ্ম, পণ্ডিত
উ: (ক)

১১. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত? [C ১৯-২০]
(ক) বঙ্কিম, বক্তা, বত্রিশ, বজ্জাত (খ) পর্বত, পর্যাপ্ত, পল্লব, পশ্চিম
(গ) মুখ্য, মুক্তা, মুদ্রণ, মুর্ধা (ঘ) লজ্জা, লক্ষণ, লস্কর, লম্পট
উ: (খ)

১২. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত? [C ১৯-২০]
(ক) নক্ত, নবল্ল, নন্দন, নক্ষত্র (খ) চোদ্দ, চৈত্র, চোলাই, চোয়াড়
(গ) ছাপ, ছাদ, ছারপোকা, ছায়া (ঘ) ঘুঙুর, ঘুড়ি, ঘুর্ঘুর, ঘূর্ণাবর্ত
উ: (খ)

১৩. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত? [C ১৯-২০]
(ক) শুক্তি, শুক, শূন্য, শুভ্র (খ) মত, মন্তর, মন্ত্র, মন্বন্তর
(গ) সক্ষম, সঞ্চার, সম্রাট, সম্মান (ঘ) সাত্ত্বিক, সাঁতার, সাত্ত্বিক, সাতো
উ: (খ)

১৪. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত? [C ১৯-২০]
(ক) পাক্ষি, পার্বণ, পাষণ্ড, পাশ্চাত্য (খ) নিশ্বাস, নিশ্চল, নিষ্ক, নিষ্ফল
(গ) দুর্বচন, দুর্বৃত্ত, দুর্মুখ, দুর্যোগ (ঘ) বর্জন, বন্ধন, বকুল, বর্ণন
উ: (গ)

১৫. 'শব্দকল্পদ্রুম' কী? [F ১৮-১৯]
(ক) কাব্যগ্রন্থ (খ) অভিধান
(গ) আত্মজীবনী (ঘ) উপাখ্যান
উ: (খ)

১৬. নিচের কোন শব্দগুচ্ছ অভিধান ক্রমানুযায়ী বিন্যস্ত? [I ১৭-১৮]
(ক) শকুন্তলা, শনৈশ্চর, শম্বু, শশ্বৎ (খ) শম্বু, শকুন্তলা, শনৈশ্চর, শশ্বৎ
(গ) শকুন্তলা, শম্বু, শনৈশ্চর, শশ্বৎ (ঘ) শম্বু, শনৈশ্চর, শকুন্তলা, শশ্বৎ
উ: (ক)

১৭. অভিধানে নিচের কোন শব্দটি আগে আসবে? [C-4 (১২-১৩)]
(ক) অখিল (খ) অগণ্য
(গ) অখ্যাত (ঘ) অখাদ্য
উ: (গ)

১৮. অভিধানে বর্ণানুক্রম অনুযায়ী কোন শব্দগুচ্ছ ঠিকভাবে বিন্যস্ত? [C-7 ১২-১৩]
(ক) স্তোত্র, স্থপতি, স্থাবর, স্থৈর্য (খ) স্থপতি, স্তোত্র, স্থাবর, স্থৈর্য
(গ) স্তোত্র, স্থাবর, স্থৈর্য, স্থপতি (ঘ) স্থপতি, স্তোত্র, স্থৈর্য, স্থাবর
উ: (ক)

১৯. অভিধানের বর্ণানুক্রম অনুযায়ী কোন শব্দগুচ্ছ ঠিকভাবে বিন্যস্ত? [C-৭ ১২-১৩]
(ক) প্রদত্ত, প্রদীপ, প্রদ্যোত, প্রদোষ (খ) প্রদোষ, প্রদীপ, প্রদ্যোত, প্রদত্ত
(গ) প্রদত্ত, প্রদীপ, প্রদোষ, প্রদ্যোত (ঘ) প্রদোষ, প্রদীপ, প্রদ্যোত, প্রদত্ত
উ: (গ)

২০. বাংলা একাডেমির অভিধান অনুযায়ী কোন বর্ণানুক্রমটি ঠিক? [F ১২-১৩]
(ক) ঘুঁটা, ঘুঁটনি, ঘুঘু, ঘুঙ্গুর (খ) ঘুঘু, ঘুঁটা, ঘুঁটনি, ঘুঙ্গুর
(গ) ঘুঁটনি, ঘুঁটা, ঘুঘু, ঘুঙ্গুর (ঘ) ঘুঙ্গুর, ঘুঁটা, ঘুঁটনি, ঘুঘু
উ: (গ)

২১. বাংলা অভিধানের বর্ণানুক্রম অনুযায়ী কোন শব্দগুচ্ছ ঠিকভাবে বিন্যস্ত? [C ১৪-১৫]
(ক) অতনু, অতুৎ, অত্যাজ্য, অপর্ণা (খ) অতুৎ, অতনু, অত্যাজ্য, অপর্ণা
(গ) অতুৎ, অতনু, অপর্ণা, অত্যাজ্য (ঘ) অপর্ণা, অতনু, অত্যাজ্য, অতুৎ
উ: (খ)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'অভিধান' এর শাব্দিক অর্থ কী? [C ১৭-১৮]
(ক) ব্যাকরণ (খ) শব্দার্থ
(গ) শব্দকোষ (ঘ) বানানরীতি
উ: (গ)

০২. বাংলা অভিধানে নিচের কোন শব্দটি আগে আসবে? [০৮-০৯)]
(ক) প্রকৃতি (খ) পৃথিবী (গ) প্রকাশ (ঘ) পৈতৃক
উ: (খ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. বাংলা ভাষার প্রথম অভিধান সংকলন কে করেন? [D1 : ২৩-২৪]
(ক) রামচন্দ্র বিদ্যাবাগীশ (খ) হরিচরণ দে
(গ) রাজশেখর বসু (ঘ) অশোক মুখোপাধ্যায়
উ: (ক)

০২. হরিচরণ বন্দ্যোপাধ্যায় একজন বিখ্যাত ——। [চবি A ১৬-১৭]
(ক) ছোটগল্পকার (খ) ঔপন্যাসিক (গ) প্রাবন্ধিক
(ঘ) কবি (ঙ) অভিধান প্রণেতা
উ: (ঙ)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. অভিধানে কোন শব্দটি আগে বসে? [C ১৮-১৯]
(ক) চাকা (খ) চাচা (গ) চালা (ঘ) চাবি
উ: (ক)

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. অভিধানের বর্ণানুক্রমে কোনটি আগে থাকে? [B ১৮-১৯]
(ক) য (খ) ঃ (গ) ঁ (ঘ) স
উ: (খ)

বাংলাদেশ মেরিন একাডেমি

০১. আঞ্চলিক ভাষার অভিধান সম্পাদনা করেছেন কে? [মেরিন : ২৩-২৪]
(ক) শিবপ্রসন্ন লাহিড়ী (খ) বলাইচাঁদ মুখোপাধ্যায়
(গ) মুহম্মদ এনামুল হক (ঘ) ড. মুহম্মদ শহীদুল্লাহ্
উ: (ঘ)

CamScanner

SELF TEST MCQ

০১. প্রথম বাংলা 'ডিসনারি' বা 'সমার্থক শব্দ অভিধান' সংকলন করেন-
ক) অশোক মুখোপাধ্যায় খ) জগন্নাথ চক্রবর্তী
গ) মুহম্মদ হাবিবুর রহমান ঘ) মুহম্মদ শহীদুল্লাহ

০২. 'বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান' এর সম্পাদক কে?
ক) মুহম্মদ আবদুল হাই খ) মুহম্মদ শহীদুল্লাহ
গ) মুহম্মদ এনামুল হক ঘ) আহমদ শরীফ

০৩. বাংলা একাডেমির 'বিবর্তনমূলক বাংলা অভিধান' সম্পাদনা কে করেন?
ক) গোলাম মুরশিদ খ) মুহম্মদ এনামুল হক
গ) মুহম্মদ মনসুরউদ্দীন ঘ) মুহম্মদ আবদুল হাই

০৪. অভিধানে ব্যবহৃত সংকেত অনুযায়ী '√' সংকেতটি কোন অর্থ প্রকাশ করে?
ক) ধাতু খ) সমান
গ) শব্দান্তর ঘ) উৎস

০৫. অভিধানে কোন শব্দটি আগে গণনা করা হয়?
ক) পুনা খ) পুলক
গ) পোনা ঘ) পোকা

০৬. অভিধানে সাধারণ বর্ণানুক্রমে কোন বর্ণগুলো আগে আসবে?
ক) অ, আ, ই, ঈ খ) ক, খ, গ, ঘ, ঙ
- এটি কিভাবে করতে হয় তা আমি জানি- I know how to do it.
- তিনি রাগে গরগর করছেন- He is bursting into anger.
- যেতে পারি, কিন্তু যাব কেন?- I can go, but why should I?
- তোমার সঙ্গে যেতে পারলে বেশ হতো- I wish I could accompany you.
- আমি যদি আকাশে উড়তে পারতাম- I wish I could fly in the sky.
- আমার বন্ধু নাই বললেই চলে - I have few friend.
- আমার টাকা ছিল না - I had no money.
- আমার ঘড়িটি ঠিক সময় দেয় - My watch goes right.
- গল্পটি অতি সংক্ষেপে বললাম - I told the story briefly.
- আমরা স্কুলজীবনে বল পয়েন্ট কলম ব্যবহার করিনি- We did not use ball point pen in school life.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- আমরা ছোটবেলা থেকে ইংরেজি শিখছি - We have been learning english since our childhood.
- এই লেনদেনে আমি টাকাকড়িবিহীন হয়ে পড়েছি - I am out of pocket by the transaction.
- আমরা স্টেশনে পৌঁছার আগে গাড়ি ছেড়ে দিল- The train has left before we arrived at the station.
- ঐ কারণে আমি অবশ্যই তোমার সঙ্গ ত্যাগ করব - On the question I must part company with you.
- সম্পদের পিছনে দৌড়াইও না- Do not run after money.
- পানি বাষ্পে পরিণত হয়- Water changes on vapour.
- ইভটিজিং একটি সামাজিক ব্যাধি- Eve-teasing is a social problem.
- খাইলে খাও নইলে চলে যাও- Eat or go away.
- অন্যথায় তারা ভুল করতে পারত- They could be wrong otherwise.
- ঘরটি আমাদের জন্য খুব ছোটো- The room is too small for us.
- তার মাথায় একটু ছিট আছে- He must have a bee in his bonnet.
- মানুষ যত পায় তত চায়- The more men get, the more they want.
- নিজের কাজে মন দাও- Mind your own business.
- তুমি কি কখনো বিদেশ গিয়েছ?- Have you ever been abroad?
- মানুষ যেমন চায় তেমনি পায়- As man wants so does he get.
- দৃশ্যটি কি চমৎকার- How nice the scenery is!
- কি গোলমালই যে তুমি কর!- What a noise you make!
- আমি চোরটির পিছু তাড়া করেছিলাম- I chased the thief.
- বড় হতে কে না চায়?-Who does not want to be great?
- এখন অনেক রাত?- It is very late at night now.
- বসে বসে আর ভালো লাগে না- Sitting idle does not seem well.
- তুমি, সে ও আমি পরস্পর বন্ধু- You, he and I are friends.
- তুমি না আসা পর্যন্ত আমরা তোমার জন্য অপেক্ষা করতে থাকব - We shall be waiting for you until you come back.
- তুমি কী ধরনের মানুষ? - What kind of man are you.
- তুমি কি কখনো বিদেশ গিয়েছ? - Have you ever been to abroad?
- তুমি কি কখনো রাঙামাটি গিয়েছ? - Have you ever gone to rangamati?
- তাকে আমার অসহ্য লাগে- I am sick of him.
- তারা ভুল করেছে- They have done wrong.
- তাঁর বাড়ি কুষ্টিয়া- He hails from kushtia.
- তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসতেন - He used to come here every week.
- প্রথমে আমি তোমাকে সাহায্য করেছিলাম- It was I who helped you first.
- এখন বাজার একটু নরম- The market is little dull now.
- আজ খুব ঠান্ডা, তাই না?- Its very cold today, isn't it?
- ডাক্তার ডাক- Call in a doctor.
- ডাক্তার আসার পূর্বেই রোগী মারা গেল- The patient had died before the doctor came.
- ডাক্তার রোগীর নাড়ি দেখলেন- The doctor felt the pulse of the patient.
- সাঁতার কাটা একটি ভালো ব্যায়াম- The nurse told me that the doctor's office closed at 7:00 p.m.
- এইগুলো রুমির বোনদের বই- These are Rumi's sisters books.
- দিনে দিনে শীত বাড়ছে- It is getting colder day by day.
- পরিণামে সে একজন বড় কবি হবে - He will be a great poet in course of time.
- আমি তাকে দিয়ে চুল কাটাই- I have him cut my hair
- তিনি পাকা কথা দিয়েছেন- She has given her final word.
- আমি তাকে দুবছর যাবৎ চিনি- I have known her for two years.
- আমি ইঞ্জিনিয়ার হতে চাই- I want to be an engineer.
- সপাং করে চাবুক পড়ল- Smack went the whip.
- সকালে পাখিরা কিচিরমিচির করে- Birds twitter at dawn.
- সে আনন্দে উচ্ছ্বসিত ছিল- He was beside himself with joy.
- সে তার দোষ অস্বীকার করল- He denied his guilt.
- সে চারটার আগে ফিরল না- He did not get back by four o'clock.
- সে খুব ধূর্ত, তাই নয় কি?- He is very cunning, isn't he?
- সে খুবই আবেগপ্রবণ - He is very emotional.
- সে অত্যন্ত নিষ্ঠুর - He is very cruel.
- সে নীরবে কাঁদিতে লাগিল - He began to weep silently.
- সে ধূমপান ছেড়েছে - He has given up smoking.
- সে কঠোর পরিশ্রম করে, তাই না?- He works hard, doesn't he?
- সে আজ রাতে যুক্তরাজ্যে যাবে - He starts for UK tonight.
- সে গত পরশু ঢাকায় গিয়েছে - He went to Dhaka day before yesterday.
- সে এমনভাবে কথা বলে মনে হয় সব জানে - He talks as if he knew everything.
- সে জামিনে খালাস পেয়েছে - He has been releasedon bail.
- সে আশ্চর্য হয়ে গেল - He was surprised.
- সে কখনো পরের নিন্দা করে না - He never speaks ill of others.
- সে তাড়াতাড়ি আরোগ্য লাভ করিবে- He will come round soon.
- স্বদেশপ্রীতি একটি মহৎ গুণ- Patriotism is a noble virtue.
- সাঁতার কাটা একটি ভালো ব্যায়াম- Swimming is a good exercise.
- সে সাঁতার কাটতে জানে না- He does not know how to swim.
- সে সাঁতার দিয়ে নদী পার হলো- He swam across the river.
- সে তার ভাইয়ের মতো লম্বা নয়- He is not as tall as his brother.
- সে দ্রুত হাঁটছিল এবং খুব জোরে কথা বলছিল- He was walking swiftly and talking loudlY.
- সে আমার ব্যবহারে ক্ষুব্ধ- He is angry at my behavior.
- সে অত্যন্ত ধূর্ত মানুষ- He is a shrewd man.
- সে অঙ্কে কাঁচা- He is weak in Mathematics.
- সাকিব সুন্দর গান গাইতে পারে- Sakib can sing well.
- সে আশি বছর বেঁচে ছিল- He lived for eighty years
- সে পড়ার চেয়ে লেখা বেশি পছন্দ করে- He prefers writing to reading.
- সে আমাকে গাল দিল- He called me names.
- সে আত্মহত্যা করেছিল- He killed himself.
- সে তার ভাইয়ের মতো লম্বা নয়- He is not as tall as his brother.
- সে বইখানি আমার কাছে রাখিয়াছে- He has kept the book with me.
- সে কলেরায় মারা গিয়াছে - He died on cholera.
- সে এত দুর্বল যে হাঁটিতে পারে না- He is so weak that he cannot walk.
- সে কঠোর পরিশ্রম করে, তাই না? - He works hard, doesn't he?
- সে বলল যে, সে কখনো এখানে আসবে না - He said that he would never come here.
- সে ভালো ইংরেজি বলে- He speaks English well.
- সে টেলিভিশন দেখতে দেখতে শুয়েছিল- He lay watching television.
- সে কোন দেশের লোক- What country does he belong to?
- সময় অর্থের চেয়েও মূল্যবান- Time is more valuable than money.
- সে কেবল ঘুমাতো আর কিছুই করতো না- He did nothing but sleep.
- সময়ের সদ্ব্যবহার করা উচিত- One should make the best of one's time.
- সকালে উঠা স্বাস্থ্যের পক্ষে ভালো- Early rising is beneficial to health.
- সে তার বন্ধুকে বিদায় জানাল- He said good-bye to his friends.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

লিখিত অংশ : অনুশীলনমূলক কাজ

বাংলায় অনুবাদ কর : [ঢাবি বলা, আইন ও সামাজিক : ২৩-২৪] ৫

Tomorrow as yesterday, the fittest will survive in the struggle for existence. But whereas, in the past, selfishness was the measure of fitness, in the future, survival value will be determined by breadth and depth of love. Modern science is teaching, as it never was taught before, that no one lives for himself alone.

বাংলায় অনুবাদ : অতীতের মতো ভবিষ্যতেও যোগ্যরাই অস্তিত্বের লড়াইয়ে টিকে থাকবে। অতীতে যেখানে স্বার্থপরতা ছিল যোগ্যতার মাপকাঠি, সেখানে ভবিষ্যতে ভালোবাসার গভীরতায় টিকে থাকার গুণ নির্ধারণ করা হবে। আধুনিক বিজ্ঞান এই শিক্ষাই দিচ্ছে যে কেউ-ই কেবল তার নিজের জন্য বাঁচে না ; যা আগে কখনোই শেখানো হয়নি।

২. অনুবাদের গুরুত্ব আলোচনা কর।

উত্তর : ভাষা ও সাহিত্যের ক্ষেত্রে অনুবাদ একটি গুরুত্বপূর্ণ বিষয়। অনুবাদের মাধ্যমে এক ভাষা অন্য ভাষার ভাব আত্মস্থ করে ঋদ্ধ হয়ে ওঠে। কোনো ভাষার শব্দাবলি প্রয়োগ-কৌশল ও প্রকাশ রীতি সম্বন্ধে সম্যক ধারণা অর্জনের সর্বোত্তম মাধ্যম অনুবাদ। এক সমাজের মানুষ অন্য সমাজের মানুষের ভাষা জানার একমাত্র উপায় হচ্ছে অনুবাদ। আজকের বিশ্বে মানুষ যেমন স্বাদেশিক, তেমনি আন্তর্জাতিকও। মানুষকে এখন নানা কারণে আন্তর্জাতিক মানুষ হয়ে উঠতে হয়। তাই দৈনন্দিন জীবনে ও নানা কারণে এক ভাষাভাষী মানুষকে অন্য ভাষার সাহায্য নিতে হয়। সেক্ষেত্রে অনুবাদ বিশেষ সহায়তা করে। বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা এবং গবেষণা মানব জীবনের একটা গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। বিজ্ঞান শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অনুবাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মাতৃভাষার মাধ্যমেই জ্ঞানচর্চার পূর্ণতা লাভ করা যায়। তাই বিশ্বের জ্ঞান-বিজ্ঞান যদি মাতৃভাষায় অনুবাদের মাধ্যমে শেখা যায়, তাহলে তা হবে সহজবোধ্য ও অধিকতর কার্যকর। কেননা, কোনো দেশের মাতৃভাষার জ্ঞান দ্বারাই কেবল পূর্ণতা সাধন করা সম্ভব নয়– এ জন্য প্রয়োজন অন্য ভাষার সাহায্য। আর এ সাহায্য আসে অনুবাদের মাধ্যমে।

তথ্যপ্রবাহকে অব্যাহত, সমৃদ্ধ ও যুগোপযোগী করার জন্য অনুবাদের গুরুত্ব অপরিসীম। কেননা, অন্য দেশে কোথায় কী ঘটছে তা সঙ্গে সঙ্গে টেলেক্স, ফ্যাক্স, টেলিপ্রিন্টার, টেলিভিশন ও বেতারের মাধ্যমে আমরা জেনে যাই। এ জানাটা মূলত ঘটে অনুবাদের মাধ্যমে। তাই এসব বিবেচনায় অনুবাদের প্রয়োজনীয়তা যে সীমাহীন একথা নিদ্বিধায় বলা চলে।

৩. অনুবাদ কাকে বলে? কত প্রকার ও কী কী? লেখ।

উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

৪. বিশ্ব সাহিত্যের ক্ষেত্রে অনুবাদের গুরুত্ব কতখানি আলোচনা কর ।

উত্তর : প্রত্যেক ভাষারই কিছু নিজস্ব বৈশিষ্ট্য ও নিয়ম আছে। পৃথিবীর সব দেশেই জীবনে সব তৎপরতাকে মাতৃভাষার মাধ্যমে প্রকাশ করা হয়। এসব তৎপরতা সামগ্রিকভাবে নির্ণয় করে দেশগুলোর কৃষ্টি, সভ্যতা ও সাহিত্য। আর এ কৃষ্টি, সভ্যতা ও সাহিত্য জানতে হলে বা জানাতে হলে অনুবাদই একমাত্র উপায়।

প্রাচীনকাল থেকেই রাজা, রাজ্য, সম্রাট, সাম্রাজ্য ও তাঁদের নানা কীর্তিকলাপ নিয়ে রচিত হয়েছে নানা সাহিত্যকর্ম। আর এসব সাহিত্যকর্মের সম্মিলিত রূপই আজকের বিশ্বসাহিত্য। তাই বিশ্বসাহিত্য জানতে হলে অনুবাদের কোনো বিকল্প নেই।

সাহিত্যকে সমৃদ্ধ করতে যুগ যুগ ধরে অনুবাদের সহায়তা গ্রহণ করা হয়েছে। এটি স্বীকৃত পদ্ধতি। বিশ্বের সব দেশে শ্রেষ্ঠ সাহিত্যের নমুনা বা শ্রেষ্ঠ গ্রন্থটি পাওয়া সুলভ নয়। এ জন্য যেমন বাংলা ভাষায় অন্য সাহিত্যের অনুবাদ করা প্রয়োজন তেমনি অন্য ভাষার সাহিত্যেরও বাংলা অনুবাদ করা জরুরি। বিশ্বসাহিত্যের নানা গ্রন্থ যেমন : লিও টলস্টয়ের 'ক্রাইম অ্যান্ড পানিশমেন্ট', 'ওয়ার অ্যান্ড পীস' অথবা পার্ল এস বাকের 'দি আর্থ' সহ বিশ্বের শ্রেষ্ঠ গ্রন্থগুলো কেবল অনুবাদের মাধ্যমে পাঠ করে আমরা তৎকালীন বা সমকালীন বিশ্ব সম্পর্কে জানতে পারছি।

সর্বোপরি বলতে পারি অনুবাদ আমাদের ইহজাগতিকতার সঙ্গে যুক্ত। তাই বর্তমান বিশ্বে অনুবাদ একটি সৃজনশীল কর্মে পরিণত হয়েছে। আর এ জন্যই বিশ্ব সাহিত্যের ক্ষেত্রে অনুবাদের গুরুত্ব সবচেয়ে বেশি। কারণ ভাষার পুষ্টির একটা উপায় অনুবাদ।

০৫. নিচের অংশটুকু বাংলায় অনুবাদ কর : [ঢাবি D ১৯-২০]

The streets are now my home, I used to collect trash and sell it to a vendor. I stopped doing that after I had a serious Infection and a doctor told me to stay away from the trash dump. Once I worked for an ice cream shop owner and sold Ice cream on the beach. But I got no money in return. The owner of the shop gave me something to eat and let me sleep in his hut at night. The work was difficult and painful. The ice cream box is quite heavy when it is full. I had to work for hours, offering my ice cream to whoever wanted to buy. There were days when I could not even sell one ice cream.

অনুবাদ : রাস্তাই এখন আমার বাড়ি। আমি আবর্জনা সংগ্রহ করতাম এবং একজন বিক্রেতার নিকট বিক্রি করতাম। মারাত্মক একটা দুর্ঘটনার পরে আমি এটা করা বন্ধ করে দিই এবং ডাক্তার আমাকে বলেছিল ময়লা আবর্জনা থেকে দূরে থাকতে। একদা আমি একটা আইসক্রিমের দোকানে কাজ করতাম এবং সৈকতে আইসক্রিম বিক্রি করতাম। বিনিময়ে আমি কোনো টাকা পেতাম না। দোকানের মালিক আমাকে কিছু খেতে দিতেন এবং রাত্রে তার কুঁড়েঘরে ঘুমাতে দিতেন। কাজটি ছিল কঠিন এবং কষ্টদায়ক। আইসক্রিম ভর্তি বাক্স ছিল খুবই ভারী। অন্যের কাছে আইস ক্রিম বিক্রি করে একটি আইসক্রিম পাবার জন্য আমাকে ঘণ্টার পর ঘণ্টা কাজ করতে হতো। এমনও দিন গেছে যে, আমি একটি আইসক্রিম বিক্রি করতে পারিনি।

০৬. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর : [ঢাবি খ ১৯-২০]

Kuakata is one of the unique tourist spots in Bangladesh. It allows a visitor to watch both the sunrise and the sunset from the beach and that perhaps makes kuakata one of the world's most attractive beaches. The long and wide beach at kuakata has a typical natural setting. It is also a holy land for several religious communities. Each year thousands of devotees come here to attend various festivals.

অনুবাদ : কুয়াকাটা বাংলাদেশের অন্যতম একটি পর্যটক স্থান। সৈকত থেকে পর্যটককে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখার সুযোগ প্রদান করে এবং এটাই সম্ভবত কুয়াকাটাকে বিশ্বের অন্যতম আকর্ষণীয় সমুদ্র সৈকতে পরিণত করেছে। কুয়াকাটায় এ লম্বা ও চওড়া সমুদ্র সৈকতটিতে রয়েছে নান্দনিক নৈসর্গিক পরিবেশ। এটা কতিপয় ধর্ম-সম্প্রদায়ের কাছে পবিত্র ভূমি। বিভিন্ন উৎসবে অংশগ্রহণের জন্য প্রতি বছর হাজার হাজার উপাসক এখানে আসে।

০৭. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর। [ঢাবি খ ১৯-২০]

What's more, it recognizes that we Rohingya are not alone. Many other ethnic groups in Myanmar – including the Kachin, the Shan, the Karen – endure shocking violence at the hands of the armed forces of the central government. The United Nations concludes; The Myanmar military, the force behind this vicious cycle of murderous abuse, must be brought to account. We must end decades of impunity for some of the worst crimes known to humanity in recent years.

উত্তর : কেবল রোহিঙ্গারাই নয় অধিকন্তু মায়ানমারে আরো অনেক ক্ষুদ্র নৃগোষ্ঠি যেমন : কাচিন, শান এবং কারেন যারা কেন্দ্রীয় সরকারের সেনাবাহিনীর নির্মম নির্যাতনের শিকার হচ্ছে। জাতিসংঘ সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, এ জঘন্য বর্বরতার সঙ্গে জড়িত মায়ানমার সেনাবাহিনী ও কুচক্র মহলকে শক্তিকে অবশ্যই বিচারের সম্মুখীন করা হবে। মানবতার জন্য আমাদেরকে অবশ্যই সাম্প্রতিক বছরগুলোতে ঘটে যাওয়া কিছু ভয়াবহ অপরাধের দায়মুক্তির কাজ শেষ করতে হবে।

০৮. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর : [চা. বো. ২৪]

In the present world we live in a global village. The countries of the world are now like the homes of village. The countries are like next door neighbour to one another. We can immediately know what happens in other countries. And we can also share their joys and sorrows with them.

উত্তর : বর্তমান বিশ্বে আমরা একটি বিশ্বগ্রামে বাস করছি। পৃথিবীর দেশগুলো এখন গ্রামের বাড়ির মতো। দেশগুলো এখন পরস্পরের প্রতিবেশীর মতো। আমরা অবিলম্বে জানতে পারি অন্যান্য দেশে কী হয়। এবং আমরাও তাদের সাথে তাদের সুখ-দুঃখ ভাগাভাগি করতে পারি।

০৯. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Smoking is a dangerous habit. People addicted to smoking might become victim of cancer. And that cancer is a fatal disease needs no telling. So a vigorous campaign against smoking is a crying need. Medical men with their superior knowledge of the dangers of somking should be the leaders of the campaign. They should come forward.

অনুবাদ : ধূমপান একটি বিপজ্জনক অভ্যাস। ধূমপানে আসক্ত লোকেরা ক্যানসারের শিকার হতে পারে। ক্যান্সারের যে একটি মারাত্মক ব্যাধি তা বলার অপেক্ষা রাখে না। তাই ধূমপানের বিরুদ্ধে সর্বাত্মক অভিযান একান্ত প্রয়োজন। ধূমপানের বিপদগুলো সম্পর্কে সর্বাধিক জ্ঞান রাখে যে চিকিৎসকরা তাদেরই এ অভিযানে নেতৃত্ব দান করতে হবে। তাদের এগিয়ে আসা উচিত।

CamScanner

১০. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

The 21st February is a memorable day in our life. Every year we remember this day with respect. The day is a public holiday. On this day the national flag flies at half mast. Many seminars and meeting are held. Recently this day has been recognized as the International Mother Language Day. It is a matter of pride for us.

অনুবাদ : একুশে ফেব্রুয়ারি আমাদের জীবনে একটি স্মরণীয় দিন। প্রতি বছর এ দিনটি আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করি। দিনটি সরকারি ছুটির দিন। এ দিনে জাতীয় পতাকা অর্ধনমিত করে ওড়ে। নানা সেমিনার ও সভা অনুষ্ঠিত হয়। সম্প্রতি দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। আমাদের জন্য এটি একটি গৌরবের বিষয়।

১১. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Parents are the source of our life on the earth. It is they who have brought us in the world. They have brought us up in our childhood. They look after us from our infancy with greatest care and love. Without their loving care, our existence on earth would be impossible.

অনুবাদ : পিতামাতা পৃথিবীতে আমাদের জীবনের উৎস। তাঁরাই আমাদের এ পৃথিবীতে এনেছেন। ছেলেবেলায় লালন-পালন করেছেন তাঁরা। শৈশব থেকেই তাঁরা সর্বাধিক স্নেহ-যত্নে আমাদের তত্ত্বাবধান করেন। তাঁদের স্নেহসিক্ত যত্ন ছাড়া এ পৃথিবীতে আমাদের অস্তিত্ব অসম্ভব ছিল।

১২. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Poverty is a great problem in our country. But we hardly realize that this miserable condition is our creation. Many do not try to better their condition by hard labour and profitable business. They only curse their fate. We must shake of this inactivity and aversion to physical labour. Man is the maker of his own fortune.

অনুবাদ : দারিদ্র্য আমাদের দেশের একটা গুরুতর সমস্যা; কিন্তু কদাচিৎ আমরা উপলব্ধি করি যে, এ শোচনীয় অবস্থা আমরাই সৃষ্টি করেছি। অনেকেই কঠোর পরিশ্রম ও লাভজনক ব্যবসা করে তাদের অবস্থার উন্নতি সাধনের চেষ্টা করে না। তারা কেবল তাদের ভাগ্যকে দোষারোপ করে থাকে। আমাদের অবশ্যই অকর্মণ্যতা ও কায়িক শ্রমের প্রতি অনীহা পরিত্যাগ করতে হবে। মানুষ নিজেই তার ভাগ্য নির্মাতা।

১৩. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all our work from our boyhood. Boyhood is the seed-time. The habit formed at this time will continue all through our life. "Everything at the right time." should be our motto.

অনুবাদ : সময়ানুবর্তিতার অনুশীলন করে তাকে অভ্যাসে পরিণত করতে হবে। বাল্যকাল থেকেই আমাদের সব কাজের মধ্য দিয়ে এ গুণটি অর্জন করা চাই। বাল্যকাল বীজ-বপনের কাল। এ সময়ে যে অভ্যাস গঠিত হয় তা সারা জীবন অব্যাহত থাকে। আমাদের নীতিধ্বনি হওয়া উচিত, 'ঠিক কাজ ঠিক সময়ে করা।'

১৪. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Patriotism is a very noble virtue. It means love for one's country. A person who loves his/her country more than anything else is called a patriot. Patriotism inspires a man to do everything just and fair for the wellbeing and betterment of the country. It is the invaluable quality that impels a man to sacrifice his own interest, comfort, pleasure and even his life for the sake of his/her country. To a true patriot mother and the motherland are the same.

অনুবাদ : দেশপ্রেম হলো একটি খুব উৎসাহী গুণ। দেশপ্রেম বলতে দেশের প্রতি ভালোবাসাকে বোঝায়। যে ব্যক্তি অন্য দেশের চেয়ে তার দেশকে বেশি ভালোবাসে তাকে দেশপ্রেমিক বলা হয়। দেশপ্রেম একটি মানুষকে দেশের কল্যাণ ও উন্নয়নের জন্য যথোপযুক্ত ও ন্যায্যতার জন্য অনুপ্রাণিত করে। এটি একটি অমূল্য গুণ যা মানুষকে নিজের স্বার্থ, আরাম, আনন্দ এবং এমনকি তার জীবনকে নিজের দেশের জন্য আত্মত্যাগ করতে অনুপ্রাণিত করে। একজন সত্যিকার দেশপ্রেমিকের কাছে মা এবং মাতৃভূমি একই।

১৫. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

It is impossible to describe the beauty of the Taj in words. It has been called a dream in marble and a teardrop on the cheeks of time; but the fairest phrases fail to do justice to the surpassing creation of art. The Taj is best by moonlight when the dazzling white of the marble is mellowed into a dreamy softness. The most charming view, perhaps, is obtained from the place on the opposite bank of the river when the plinth is not visible and the building looks a fairy castle in the air, hung among the cloud.

অনুবাদ : তাজমহলের সৌন্দর্য অনির্বচনীয়। একে বলা হয়েছে 'মর্মর নির্মিত স্বপ্ন' এবং 'কালের কপোলতলে এক বিন্দু অশ্রু'। কিন্তু ভাষার সুন্দরতম বিন্যাসও এই অতুল শিল্পসৃষ্টির যথার্থ বর্ণনায় ব্যর্থ। জ্যোৎস্না রাতে যখন শুভ্রোজ্জ্বল মর্মর এক স্বপ্নিল কোমলতা পায়, তাজমহলের সৌন্দর্য তখনই সমধিক হয়। নদীর অপর তীরের প্রাসাদ থেকেই, সম্ভবত তাজের সর্বাপেক্ষা মুগ্ধকর দৃশ্য অবলোকন সম্ভব; সেখান থেকে তাজমহলের মেঝেটি দৃষ্টিগোচর হয় না, সৌধটিকে মেঘলোকাশ্রিত আকাশস্থ পরিরাজ্যের দুর্গ বলে মনে হয়।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'I have not yet come round.' বাক্যটির ঠিক অনুবাদ– [ক ২২-২৩]
ক আমি এখনও এসে পৌঁছাইনি। খ আমি এখনও পরাজিত হইনি
গ আমি এখনও সুস্থ হইনি। ঘ আমি এখন আর ঘোরাঘুরি করি না। **উ: গ**

০২. 'No fire can burn without air' এর বাংলায় ঠিক অনুবাদ কোনটি? [ক ২১-২২]
ক আগুন জ্বলতে বাতাসের প্রয়োজন হয়। খ বাতাস ছাড়া আগুন নিভে না।
গ বাতাস ছাড়া আগুন জ্বালাতে পারে না। ঘ বাতাস ছাড়া আগুন জ্বলে না। **উ: খ**

০৩. 'One swallow does not make a summer' প্রবাদবাক্যটির যথার্থ বঙ্গানুবাদ হলো : [খ ২১-২২; খ ১৯-২০]
ক ওস্তাদের মার শেষ রাতে খ তালের পাখা প্রাণের সখা, গরমকালে হয় যে দেখা
গ কারো পৌষ মাস কারো সর্বনাশ ঘ এক মাঘে শীত যায় না **উ: ঘ**

০৪. 'A bolt from the blue' এর সমার্থক বাংলা প্রবাদ হলো–[খ ১৯-২০]
ক যত গর্জে তত বর্ষে না খ বিনা মেঘে বজ্রপাত
গ লঘুপাপে গুরু দণ্ড ঘ ছাই ফেলতে ভাঙাকুলা **উ: খ**

০৫. 'She walks in beauty, like the night
Of cloudless climes and starry skies.' এর উত্তম বঙ্গানুবাদ– [খ ১৮-১৯]
ক তার পথের পরে সৌন্দর্য ঝরে তারাভরা রাতের মতো।
খ নির্মেঘ নক্ষত্ররাতের মতো সৌন্দর্যকে সঙ্গী করে হেঁটে চলে সে।
গ মেঘশূন্য নক্ষত্রপূর্ণ পূর্ণিমা রাতের মতো হেঁটে চলে সে।
ঘ মেঘশূন্য নক্ষত্রভরা সুন্দরী রাতে হেঁটে যায় সে। **উ: গ**

০৬. 'Everybody cried up her beauty.' বাক্যটির বঙ্গানুবাদ– [A ১৭-১৮]
ক প্রত্যেকে তার রূপে ছিল মুগ্ধ খ প্রত্যেকে তার সৌন্দর্যের ভূয়সী প্রশংসা করল।
গ তার রূপ নিয়ে প্রত্যেকে ছিল ঈর্ষান্বিত।
ঘ সৌন্দর্যের জন্যই সে প্রত্যেকের নজর কেড়েছিল **উ: খ**

০৭. The singer has a very sonorous voice. বাক্যটির বঙ্গানুবাদ– [খ ১৭-১৮]
ক গায়কটি উদাত্ত কণ্ঠের অধিকারী খ গায়কের কণ্ঠ খুব সুরেলা
গ গায়কের গানের গলা খুব মিষ্টি ঘ গায়কটি খুব ভালো গায় **উ: খ**

০৮. 'Once bitten, twice shy. ' এর অর্থ কোনটি? [ঘ ১৭-১৮; জাককানইবি AL ১৮-১৯]
ক নেড়া কি কভু বেলতলা যায়? খ দশে মিলি করি কাজ, হারি জিতি নাহি লাজ
গ অতি দর্পে হত লঙ্কা ঘ অধিক সন্ন্যাসীতে গাঁজন নষ্ট **উ: ঘ**

০৯. 'The poorman did not know what to do.' এ বাক্যের অনুবাদ? [গ ৯১-৯২]
ক দরিদ্র লোকটি জানল না কি করবে খ গরিব লোকটি দিশেহারা হয়ে গেল
গ হতভাগ্য লোকটি কি করবে ঠিক করতে পারল না
ঘ ক, খ ও গ এর কোনটি নয় **উ: খ**

১০. 'To speak ill of others is a sin.' এ বাক্যের ঠিক অনুবাদ কোনটি? [গ ৯২-৯৩]
ক অপরের নিন্দা করো না খ কারো নিন্দা করতে হয় না
গ অপরের নিন্দা করা পাপ ঘ কারো নিন্দা করলে পাপ হয় **উ: গ**

১১. 'Carrying Coals to Newcastle.' এর ঠিক অর্থ– [গ ৯৪-৯৫]
ক যার আছে তাকেই দেওয়া খ অর্থহীন সাহায্য
গ বিপদে সাহায্য করা ঘ কয়লা খনিতে কয়লা পাঠানো **উ: ঘ**

১২. 'It culminated into failure.' এ বাক্যটির ঠিক অনুবাদ হলো– [খ ৯৬-৯৭]
ক এটা ব্যর্থতা কাটিয়ে উঠলো খ এটা ব্যর্থতারই নামান্তর
গ এটা ব্যর্থতায় পর্যবসিত হলো ঘ এটা ব্যর্থতাকে রুখে দিল **উ: গ**

CamScanner

১৩. 'This hardwork is telling upon my health.' এ বাক্যের অনুবাদ– [খ ৯৭-৯৮]
ⓚ এ কঠিন কাজ করতে আমার স্বাস্থ্যে কুলোচ্ছে না
ⓚ এ কঠিন পরিশ্রম আমার স্বাস্থ্যের ওপর আঘাত করছে
ⓖ এ কঠিন পরিশ্রম আমার স্বাস্থ্যের ক্ষতি করছে
ⓖ এ কঠিন পরিশ্রম আমার স্বাস্থ্যের ওপর কথা বলছে
উ: গ

১৪. 'He shed crocodile tears.'– [গ ৯৭-৯৮]
ক) সে কুমিরের মতো কাঁদল
খ) সে কুম্ভীরাশ্রু বর্ষণ করল
গ) সে মায়াকান্না কাঁদল
ঘ) সে খামাখা চোখের জল ফেলল
উ: গ

১৫. 'The boy takes after his father.' বাক্যটির ঠিক বঙ্গানুবাদ– [খ ৯৮-৯৯]
ক) ছেলেটি তার পিতার ওপর ক্ষিপ্ত
খ) ছেলেটি তার পিতাকে অনুসরণ করে থাকে
গ) ছেলেটি তার পিতার মতো
ঘ) ছেলেটি তার পিতাকে দেখাশোনা করে
উ: গ

১৬. 'He is a man of the world.' এর বঙ্গানুবাদ– [খ ০৪-০৫]
ক) তিনি বিশ্ববিখ্যাত লোক
খ) তিনি পৃথিবীর লোক
গ) তিনি বিষয়ী লোক
ঘ) তিনি সম্পদশালী লোক
উ: গ

১৭. You must be patient. এ বাক্যের যথার্থ অনুবাদ– [খ ৯৮-৯৯]
ক) তুমি নিশ্চয় রোগী
খ) তোমাকে রোগমুক্ত হতে হবে
গ) তোমাকে ধৈর্য ধরতে হবে
ঘ) তুমি নিশ্চয় ধৈর্যশীল
উ: গ

১৮. 'None has yet been held in the case.' বাক্যটির বঙ্গানুবাদ– [খ ৯৯-০০]
ক) মামলায় এখনো কাউকে ধরা হয়নি
খ) কাউকে এখনো মামলার জন্য দায়ী করা হয়নি
গ) কাউকে এখনো বাক্সে ভরা যায়নি
ঘ) ঘটনার জন্য কাউকে এখনো দায়ী করা যায়নি
উ: ঘ

১৯. 'A garden is also a source of income to men.' এর অনুবাদ? [ক ৯৯-০০]
ক) একটি বাগান মানুষের আয়ের উৎস
খ) বাগান থেকে মানুষ অর্থ উপার্জন করতে পারে
গ) বাগান মানুষের আয়েরও একটি উপায়
ঘ) বাগান মানুষের আয়েরও উৎস
উ: ঘ

২০. 'The leader gave a telling speech.' এ বাক্যের বঙ্গানুবাদ– [গ ৯৯-০০]
ক) নেতা জ্বালাময়ী বক্তৃতা দিলেন
খ) নেতা অসাধারণ বক্তৃতা দিলেন
গ) নেতা মারাত্মক বক্তৃতা দিলেন
ঘ) নেতা কার্যকর বক্তৃতা দিলেন
উ: ঘ

২১. 'He hates to part with his money.' এর যথাযথ বঙ্গানুবাদ– [খ ০০-০১]
ক) সে টাকা পয়সার ভাগীদার করতে চায় না
খ) সে টাকা রাখতে চায় না
গ) সে টাকা রাখতে ঘৃণা বোধ করে
ঘ) সে তার টাকা খরচ করতে চায় না
উ: ঘ

২২. I wish I could accompany you. এ বাক্যটির অনুবাদ কোনটি? [ক ০০-০১]
ক) আমি তোমার যাত্রার সঙ্গী হতে চাই
খ) আমি তোমার সঙ্গে যেতে চাই
গ) তোমার সঙ্গে যেতে পারলে বেশ হতো
ঘ) আমি তোমার যাত্রার সঙ্গী হচ্ছি
উ: গ

২৩. He can make you do this. বাক্যটির বঙ্গানুবাদ– [খ ০০-০১]
ক) সে তোমার জন্য এটি করতে পারে
খ) সে তোমাকে দিয়ে এটি করাতে পারে
গ) সে ও তুমি এটি করতে পার
ঘ) সে তোমার জন্যে এটি করতে পারে
উ: খ

২৪. He left no stone unturned. বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ– [খ ০০-০১]
ক) সে খুব চেষ্টা করল
খ) সে তোমাকে দিয়ে এটি করাতে পারে
গ) সে কোনো পাথর উল্টাতে পারল না
ঘ) সে কোনো পাথর উল্টে ফেলল না
উ: ক

২৫. 'He called me names' এর অনুবাদ– [খ ০২-০৩]
ক) সে আমাকে নাম ধরে ডাকল
খ) সে আমার নাম স্মরণ করল
গ) সে আমার নামে নিন্দা করল
ঘ) সে আমাকে গাল দিল
উ: ঘ

২৬. The antisocials are still at large. এর বঙ্গানুবাদ– [খ ০২-০৩]
ক) সমাজবিরোধীরা এখনো ধরাছোঁয়ার বাইরে
খ) সমাজবিরোধীদের দল এখন বেশ বড়
গ) সমাজবিরোধী এখন বেশ দূরে
ঘ) সমাজবিরোধীরা স্থির হয়ে দূরে অপেক্ষা করছে
উ: ক

২৭. 'He was called to the Bar in 1990.' বাক্যটির বঙ্গানুবাদ কোনটি? [ঙ ০৩-০৪]
ক) তিনি ১৯৯০ সালে ওকালতি শুরু করেন
খ) আদালত তাকে ১৯৯০ সালে ডেকে পাঠায়
গ) তিনি ১৯৯০ সাল থেকে আদালতে ধর্না দিচ্ছেন
ঘ) তিনি ১৯৯০ সাল থেকে আদালতে যাওয়া আসা করছেন
উ: ক

২৮. 'I am not young enough to know everything.' এর অনুবাদ কী? [ঙ ০৩-০৪]
ক) সবজান্তা হওয়ার মতো তরুণ আমি নই
খ) আমি সবজান্তা তরুণ নই
গ) আমার বয়সে তরুণের মতো সব জানা সম্ভব নয়
ঘ) তরুণ বলেই সবকিছু জানা যায় না
উ: ক

২৯. 'He will make a good player.' এর বঙ্গানুবাদ– [খ ০৪-০৫]
ক) সে ভালো খেলবে
খ) সে ভালো খেলোয়াড় তৈরি করবে
গ) সে ভালো খেলোয়াড় হবে
ঘ) সে একজন ভালো খেলোয়াড়
উ: গ

৩০. At least 40 people have died so far due to the cold wave. এর অনুবাদ– [খ ০৫-০৬]
ক) শীতের স্রোতে সর্বনিম্ন ৪০ জনের মৃত্যু হয়েছে
খ) শৈত্যপ্রবাহে এ পর্যন্ত অন্তত ৪০ জন মারা গেছে
গ) ঠান্ডা লেগে এখন অবধি ৪০ জনের মৃত্যু হয়েছে
ঘ) এখন পর্যন্ত ৪০ জনের মৃত্যুর কারণ শীতল স্রোত
উ: খ

৩১. 'I can't count on you.' এর ঠিক বঙ্গানুবাদ– [খ ০৬-০৭]
ক) আমি তোমাকে মানতে পারছি না
খ) তুমি আমার গণনার মধ্যে নও
গ) আমি তোমার ওপর ভরসা করতে পারি না
ঘ) আমি তোমাকে গণ্য করি না
উ: গ

৩২. 'Mass education is the crying need of Bangladesh.' বাক্যটির বাংলা অনুবাদ– [ক ০৬-০৭]
ক) গণশিক্ষার জন্য বাংলাদেশে কান্নার রোল পড়েছে
খ) বাংলাদেশের জন্য গণশিক্ষার জরুরি প্রয়োজন
গ) ব্যাপক শিক্ষার জন্য বাংলাদেশ ক্রন্দন করছে
ঘ) বাংলাদেশে গণশিক্ষার জন্য ক্রন্দনই সময়ের দাবি
উ: খ

৩৩. He was bombarded with complaints. এ বাক্যের বঙ্গানুবাদ– [খ ০৫-০৬]
ক) তার উপর অসংখ্য বোমা মারা হলো
খ) তার কাছে অজস্র অভিযোগ করা হলো
গ) তার অভিযোগগুলি বোমার মত ছিল
ঘ) বোমা মারার জন্য তাকে অভিযুক্ত করা হলো
উ: খ

৩৪. Can you recall his name? এর বঙ্গানুবাদ– [খ ০৫-০৬]
ক) তুমি কি তার নাম মনে করতে পার?
খ) তুমি কি তার নাম মনে রাখতে পার?
গ) তুমি কি তাকে নাম ধরে ডাকতে পার?
ঘ) তুমি কি তার নাম আবার ডাকতে পার?
উ: ক

৩৫. 'He is out for your blood' বাক্যটির যথাযথ বাংলা অনুবাদ– [খ ০৬-০৭]
ক) সে তোমার জন্য রক্ত খুঁজছে
খ) সে তোমাকে আক্রমণ করতে কৃতসংকল্প
গ) সে তোমার রক্তের জন্য বেরিয়েছে
ঘ) সে তোমাকে খুন করবে
উ: খ

৩৬. I never got to see him at close quarters. বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ কোনটি? [খ ০৭-০৮]
ক) আমি তাকে কখনো চোখে দেখিনি
খ) আমি তাকে কখনো নিকটস্থ বাসায় খুঁজে পাইনি
গ) আমি তাকে কখনো সামনের বাড়িটিতে দেখতে পাইনি
ঘ) আমি তাকে কখনো কাছ থেকে দেখার সুযোগ পাইনি
উ: ঘ

৩৭. 'বিপদ কখনো একা আসে না।' বাক্যটির ইংরেজি রূপ কোনটি? [খ ০৮-০৯]
ক) Misfortunes never alone comes
খ) Misfortunes comes never alone
গ) Misfortune never alone come
ঘ) Misfortunes never come alone
উ: ঘ

৩৮. 'Why do you fight shy of me.' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ– [খ ০৯-১০]
ক) কেন তুমি আমাকে এড়িয়ে চলছ?
খ) কেন তুমি আমার সঙ্গে ঝগড়া করছ?
গ) কেন তুমি আমাকে আঘাত করছ?
ঘ) কেন তুমি আমাকে ফাঁকি দিচ্ছ?
উ: ক

৩৯. 'Do not smile at anybody.' ইংরেজি বাক্যটির যথাযথ বাংলা– [ক ০৯-১০]
ক) কাউকে নিয়ে রসিকতা করবে না
খ) কাউকে নিয়ে মজা করবে না
গ) কাউকে কটাক্ষ করবে না
ঘ) কাউকে বিদ্রুপ করবে না
উ: ঘ

৪০. 'He has broken with his friend.' বাক্যটির বাংলা– [খ ১০-১১]
ক) সে তার বন্ধুকে বিদায় করে দিয়েছে
খ) সে তার বন্ধুর বিশ্বাস ভঙ্গ করেছে
গ) সে তার বন্ধুকে আঘাত করেছে
ঘ) সে তার বন্ধুর সঙ্গে ঝগড়া করেছে
উ: ঘ

৪১. 'There was once a bald-headed man.' বাক্যটির বঙ্গানুবাদ– [ক ১০-১১]
ক) এক ছিল নির্বোধ লোক
খ) এক ছিল অজ্ঞ লোক
গ) এক ছিল টেকো লোক
ঘ) এক ছিল জ্ঞানী লোক
উ: গ

৪২. 'It takes two to make a quarrel.' বাক্যের যথাযথ বঙ্গানুবাদ– [ক ১০-১১]
ক) এক হাতে তালি বাজে না
খ) দুই হাতে তালি বাজে
গ) বিবাদ তৈরিতে দুজন লাগে
ঘ) দুই জনে ঝগড়া হয়
উ: ক

৪৩. The fire is out. বাক্যটির বাংলা অনুবাদ– [গ ১১-১২]
ক) আগুন ছড়িয়ে পড়েছে
খ) আগুন নিভে গেছে
গ) আগুন এখন বাইরে
ঘ) বাইরে আগুন
উ: খ

৪৪. I cannot spare a moment. বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ– [খ ১১-১২]
ক) আমি এক মুহূর্ত ব্যয় করতে পারি না
খ) আমার মুহূর্তের ছাড় নেই
গ) আমার ফিরবার সময় নেই
ঘ) আমার এক তিল সময় ছিল না
উ: ক

[illegible]

'He is very hard up now.' [illegible]

[illegible]

'The situation has come to a head' [illegible]

[illegible]

The girl is possessed. [illegible]

[illegible]

'A bad workman quarrels with his tools' [illegible]

[illegible]

The wind suddenly dropped. [illegible]

[illegible]

You should accept this job to cut your teeth on. [illegible]

[illegible]

Fat match-making Sheela is on her own. [illegible]

[illegible]

He is a hard nut to crack. [illegible]

[illegible]

'Self-preservation is the first law of nature.' [illegible]

[illegible]

'After meat comes mustard.' [illegible]

[illegible]

'One man's meat is another man's poison.' [illegible]

[illegible]

'He was out in reckoning.' [illegible]

[illegible]

I'll teach you a lesson. [illegible]

[illegible]

'The crowd made way for the leader' [illegible]

[illegible]

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

[illegible]

'His application came at the eleventh hour.' [illegible]

[illegible]

'He has laid out his money in share business.' [illegible]

[illegible]

'I took him to be a man of taste.' [illegible]

[illegible]

'They are playing at hide-and-seek.' [illegible]

[illegible]

'What he says is not credible.' [illegible]

[illegible]

'He saw himself as the next leader.' [illegible]

[illegible]

'I have been on the go for the last seven days.' [illegible]

[illegible]

'He is yet to take in the situation.' [illegible]

[illegible]

'Blessed be your tongue.' [illegible]

[illegible]

A bull in a China shop. [illegible]

[illegible]

Did he leave the country for good? [illegible]

[illegible]

'To count one's chickens before they are hatched' [illegible]

[illegible]

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

'He boasts too much.' [illegible]

[illegible]

'He is unable, yet willing.' [illegible]

[illegible]

'Give place to your betters.' [illegible]

[illegible]

'He is a near relation.' [illegible]

[illegible]

'I have had enough of this.' [illegible]

[illegible]

'There is more talk yet to be told.' [illegible]

[illegible]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৭. 'When the cat is away, the mice will play' প্রবাদটির অর্থ– [F ১৯-২০]
ক) বিপদের মধ্যেই গুণের পরীক্ষা হয়। খ) বামুন গেল ঘর তো লাঙল তুলে ধর। গ) লক্ষী সদাই চঞ্চলা। ঘ) বিয়ে করতে কড়ি, আর ঘর বাঁধতে দড়ি। উ: খ

০৮. 'Give a dog a bad name and hang him.' প্রবাদটির অর্থ– [F ১৯-২০]
ক) কাঁদা ঘেঁটো না। খ) জলেই জল বাঁধে। গ) কাজের সময় কাজি, কাজ ফুরালেই পাজি। ঘ) অতি চালাকের গলায় দড়ি। উ: ঘ

০৯. 'There are less to every wine' প্রবাদটির অর্থ– [F ১৯-২০]
ক) জলেই জল বাঁধে। খ) চাঁদেও কলঙ্ক আছে। গ) চোর না শোনে ধর্মের কাহিনি। ঘ) ইহা বলাই বাহুল্য। উ: খ

১০. 'All covet, all lost.' প্রবাদটির অর্থ– [F ১৯-২০]
ক) অভাবে স্বভাব নষ্ট। খ) অতি লোভে তাঁতি নষ্ট। গ) অধিকন্তু ন দোষায়। ঘ) অবলার মুখই বল। উ: খ

১১. 'A host in himself' প্রবাদটির অর্থ হলো– [F ১৮-১৯]
ক) চাচা আপন প্রাণ বাঁচা খ) একাই একশো গ) অনুগত বন্ধুদ্বয় ঘ) চোরে চোরে মাসতুতো ভাই উ: খ

১২. 'All's well that ends well' এর যথার্থ বাংলা– [C, ১৭-১৮]
ক) সব ভাল তার যার শেষ ভালো খ) শেষ ভালো যার সব ভালো তার গ) তার সব এবং শেষ ভালো ঘ) তার সব ভালো ভালো উ: খ

১৩. Which of the following is not the appropriate bangla? [C, ১৭-১৮]
ক) Emigrate: দেশ ত্যাগ করা খ) Exorcise: প্রমোদ ভ্রমণ গ) Exhort: উপদেশ দ্বারা উৎসাহিত করা ঘ) Envious: ঈর্ষাপরায়ণ উ: খ

১৪. কোন বাক্যটি ঠিক? [ক ১০-১১]
ক) He prohibited his son from smoking
খ) He prohibited his son to smoke
গ) উপরের দুটিই ঠিক ঘ) উপরের কোনোটিই ঠিক নয় উ: ক

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'His monumental failure haunts him even today' [০৪-০৫]
ক) তার ব্যর্থতা আজও তাকে তাড়িয়ে বেড়ায়
খ) তার স্মৃতিস্তম্ভ ব্যর্থতা আজও তার চার পাশে ঘুরে বেড়ায়
গ) তার পর্বত সমান ব্যর্থতা আজও তাকে তাড়িয়ে বেড়ায়
ঘ) তার স্তম্ভ সমান ব্যর্থতা আজও তাকে তাড়িয়ে বেড়ায় উ: গ

০২. 'Do not cry down your enemy' বাক্যটির ঠিক বঙ্গানুবাদ কোনটি? [০৯-১০]
ক) শত্রুর মায়াকান্নায় ভুলে যেও না খ) শত্রুকে খাটো করে দেখো না গ) শত্রুর সঙ্গে মেলামেশা করো না ঘ) শত্রু থেকে দূরে থেকো উ: খ

০৩. Which of the following is a correct sentence? [কঃ ১১-১২]
ক) Stop from write খ) Stop writing গ) Stop write ঘ) Writing stop উ: খ

০৪. 'The rose is fragrant flower' এর ঠিক বাংলা অনুবাদ কোনটি? [A ১২-১৩]
ক) গোলাপ নয়ন নন্দন ফুল খ) গোলাপ কমনীয় ফুল গ) গোলাপ সুগন্ধি ফুল ঘ) গোলাপ সুন্দর ও আকর্ষণীয় ফুল উ: গ

০৫. 'Law is not only the command of the sovereign but also the reflection of the will of the people' এর বাংলা অনুবাদ– [D-১৫-১৬]
ক) আইন শুধুমাত্র আদেশ নহে, ইহা জনগণের ইচ্ছাও বটে
খ) আইন শুধুমাত্র সরকারের আদেশ নহে, ইহা জনগণের ইচ্ছার প্রতিফলন
গ) আইন শুধুমাত্র সার্বভৌমের শাসন নহে, জনগণের ইচ্ছার প্রতিফলনও বটে
ঘ) আইন শুধুমাত্র সার্বভৌমের আদেশ নহে, জনগণের ইচ্ছার প্রতিফলনও বটে উ: ঘ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. I cannot spare an instant এর অর্থ হলো ... [D সেট-৩: ২২-২৩]
ক) আমি মুহূর্ত অপব্যয় করতে পারি না খ) আমার এক তিল সময় আছে গ) আমার তিলমাত্র সময় নেই ঘ) কোনোটিই নয় উ: গ

০২. 'I wouldn't mind a cup of tea' এটির ঠিক অনুবাদ কোন বাক্য? [D ১৯-২০]
ক) এক কাপ চায়ের জন্য আমার কিছু মনে করা উচিত নয়
খ) এক কাপ চা পেলে আমার কিছু মনে করা অনুচিত
গ) এক কাপ চা পেলে মন্দ হতো না। ঘ) কোনোটিই নয় উ: গ

০৩. 'The ship was scuttled' কথাটির অর্থ হলো– [৫ ০৩-০৪]
ক) জাহাজটিতে আগুন লাগানো হলো খ) জাহাজটি মেরামত করা হলো গ) জাহাজটি ভাসানো হলো ঘ) জাহাজটি ডুবানো হলো উ: ঘ

০৪. 'Too much courtesy too much craft' এর অনুবাদ হবে– [৫ ০৩-০৪]
ক) অতি সৌজন্যতা দুরভিসন্ধি খ) অধিক সহানুভূতিতে শত্রুতা নষ্ট গ) অতি ভক্তি চোরের লক্ষণ ঘ) অতি সৌজন্যতার ভালো নয় উ: গ

০৫. 'I feel like weeping' বাক্যটির ঠিক অর্থ কী? [৫ ০৩-০৪]
ক) আমার কান্না পাচ্ছে খ) আমি অসুস্থ বোধ করছি গ) আমার খারাপ লাগছে ঘ) আমি বিমূঢ়তার দুর্দিন উ: ক

০৬. 'He runs with the hare and hunts with the hounds' এর অনুবাদ হবে– [৫ ০৩-০৪]
ক) হাতি ঘোড়া গেল তল, ভেড়া বলে কত জল
খ) হাটে হাঁড়ি ভেঙে দেওয়া
গ) নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা
ঘ) সাপ হয়ে কাটে, ওঝা হয়ে ঝাড়ে উ: ঘ

০৭. 'Fools rush in where angels fear to tread.' এর অনুবাদ কোনটি? [৫ ০৩-০৪]
ক) যেখানে বাঘের ভয়, সেখানে রাত হয় খ) বড় গাছে ঝড় লাগে না গ) হাতি ঘোড়া গেল তল, মশা বলে কত জল ঘ) এক মাঘে শীত যায় না উ: গ

০৮. 'There is none else like my mother' এর ঠিক অনুবাদ হল– [৫ ০৯-১০]
ক) সেখানে আমার মায়ের মত কেউ নেই
খ) আমার মায়ের মত আর কেউ নেই
গ) সেখানে আমার মাকে কেউ পছন্দ করে না
ঘ) আমার মায়ের মত কারও মা নেই উ: খ

০৯. 'I can't help doing it' এর ঠিক অনুবাদ– [E -১৩-১৪]
ক) সাহায্য ছাড়া আমি এটা করতে পারি না খ) এটা করতে আমার সাহায্যের দরকার গ) এটা সাহায্য ছাড়াই করা যায় ঘ) আমি এটা না করে পারি না উ: ঘ

১০. 'The task is quite impossible to be done.' বাক্যটির অনুবাদ কোনটি? [B ১৪-১৫]
ক) কাজটি আমার অসম্ভব মনে হয় খ) কাজটা করা একেবারে অসম্ভব গ) কাজটি অসম্ভব হলেও করা যায় ঘ) কাজটি অসম্ভব বলে ধরে নিতে হয় উ: খ

১১. 'I am at your disposal' এটির ঠিক অনুবাদ কোন বাক্য? [E, সেট ২: ১৪-১৫]
ক) আপনার বিষয়টা দেখবো খ) আপনার বিষয়টা বিবেচনা করবো গ) আমি আপনার সাথে আছি ঘ) আমি আপনার সেবায় প্রস্তুত উ: ঘ

১২. 'This is not up to my taste' এটির ঠিক অনুবাদ কোন বাক্য? [D-১৫-১৬]
ক) এটা আমার মান নয় খ) আমার রুচির উপর আর কিছু নেই গ) এটাকে আমি রুচিকর বলতে পারিনা ঘ) এটা আমার রুচির নয় উ: ঘ

১৩. 'I don't like myself to be an ornamental part of this committee' এটির বঙ্গানুবাদ কোনটি? [E ১৬-১৭]
ক) আমি নিজে কখনও এই পরিষদের অলংকার পছন্দ করি না।
খ) নিজেকে আমি এই পরিষদের আলংকারিক অংশরূপে থাকাটা পছন্দ করি না।
গ) আমি নিজেকে পরিষদের এমন অলংকৃত পদে দেখতে রাজি নই
ঘ) আমি নিজে অলংকার ও পরিষদ পছন্দ করি না। উ: খ

১৪. 'It is raining cats and dogs' এর ঠিক বাংলা অনুবাদ– [ঘ ০৩-০৪]
ক) কুকুর এবং বিড়ালের মত বৃষ্টি হচ্ছে খ) মুষলধারে বৃষ্টি হচ্ছে গ) কুকুর বিড়ালের উপর বৃষ্টি হচ্ছে ঘ) এটা হচ্ছে কুকুর বিড়ালের বৃষ্টি উ: খ

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. 'During my lifetime I have dedicated myself to this struggle of the African people.' ঠিক বঙ্গানুবাদ কোনটি? [B ১৮-১৯]
ক) আমি আশৈশব আফ্রিকার মানুষের সংগ্রামে আত্মোৎসর্গ করেছি।
খ) আমি আমরণ আফ্রিকার মানুষের সংগ্রামে আত্মোৎসর্গ করেছি।
গ) আমি জীবনভর আফ্রিকার মানুষের সংগ্রামে আত্মোৎসর্গ করেছি।
ঘ) আমি আমৃত্যু আফ্রিকার মানুষের সংগ্রামে আত্মোৎসর্গ করেছি। উ: গ

০২. 'Easier said than done.' ঠিক বঙ্গানুবাদ কোনটি? [B ১৮-১৯]
ক) বলা সহজ করা কঠিন। খ) বলা সহজ করা জটিল। গ) নাচতে না জানলে উঠোন বাঁকা। ঘ) বলার তুলনায় করা সহজ। উ: ক

০৩. স্বদেশপ্রেম একটি শক্তিশালী অনুভূতি যা সম্পূর্ণ নিঃস্বার্থ ও মহৎ। What is the English translation of the sentence? [L ১৬-১৭]
ক) Patriotism is a great emotion that is unselfish and noble.
খ) Patriotism is a powerful feeling that is not selfish and noble.
গ) Patriotism is a powerful sentiment that is wholly unselfish and noble.
ঘ) Patriotism is a strong sentiment that is selfless and great. উ: গ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. You shall suffer in the long run এর বঙ্গানুবাদ কোনটি? [E ১৮-১৯]
ক দীর্ঘদিন তুমি ভুগবে। খ লম্বাদৌড়ে পিছনে পড়বে।
গ অবশেষে তোমাকে ফল পেতে হবে। ঘ পরিণামে তোমাকে ভুগতে হবে। উ: ঘ

০২. 'He has no business to say that.' বাক্যটির বঙ্গানুবাদ– [E -১৩-১৪]
ক সেটি বলার কোনো অধিকার তার নাই খ সেটি বলার কোনো অবস্থা তার নাই
গ সেটি বলার কোনো ক্ষমতা তার নাই ঘ ঐ ব্যবসা করার কথা তার নয়। উ: ক

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. অনুবাদ কত প্রকার? [A ১৬-১৭]
ক ২ খ ৪ গ ৩ ঘ ৫ উ: ক

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. 'Ill go ill spent' এর বঙ্গানুবাদ? [B ১৮-১৯]
ক যেমনি বুনো ওল তেমনি বাঘা তেঁতুল খ সস্তার তিন অবস্থা
গ যেমন কর্ম তেমন ফল ঘ লাভের গুড় পিপড়ে খায় উ: ঘ

০২. কোন বিষয়টি অনুবাদের ভাষারীতি অনুসারে হবে? [B ১৮-১৯]
ক প্রত্যক্ষ ও পরোক্ষ উক্তি খ বাচ্য ও ক্রিয়ার কাল
গ ব্যক্তি ও স্থানের নাম ঘ সবগুলো উ: ঘ

০৩. 'Care killed the cat' প্রবাদের যথার্থ অনুবাদ কোনটি? [B ১৮-১৯]
ক অতি দর্পে হত লঙ্কা খ অতি যত্নে মরণ ফাঁদ
গ অতি চালাকের গলায় দড়ি ঘ অতি লোভে তাঁতি নষ্ট উ: খ

০৪. 'Patience has its reward' এর যথার্থ অনুবাদ– [B ১৭-১৮]
ক রোগীর জন্য পুরস্কার আছে খ রোগী পুরস্কার পেয়েছে
গ ধৈর্যের মূল্যায়ন হয়েছে ঘ সবুরে মেওয়া ফলে উ: ঘ

০৫. 'Diamond cuts diamonds' এর যথার্থ অনুবাদ– [B ১৭-১৮]
ক সঙ্গদোষে নষ্ট খ সৎসঙ্গে স্বর্গবাস
গ সঙ্গ দোষে লোক চেনা যায় ঘ মানিকে মানিক চেনে উ: ঘ

০৬. 'The workers have called off their strike' এর বঙ্গানুবাদ– [গ ০৭-০৮]
ক শ্রমিকরা ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছে খ শ্রমিকরা ধর্মঘট ডেকেছে
গ শ্রমিকরা ধর্মঘটে আছে ঘ শ্রমিকরা ধর্মঘট বানচাল করেছে উ: ক

০৭. 'Smack went the whip' এর অর্থ– [C ১৩-১৪]
ক সপাং করে চাবুক পড়ল খ চাবুকটি চালানো হল
গ স্ন্যাক চাবুক মারল ঘ চাবুকটি পড়ে গেল উ: ক

০৮. 'Black will take no other hue' প্রবাদটির অর্থ– [C ১৩-১৪]
ক কালোই শ্রেষ্ঠ রং খ কয়লা ধুইলে ময়লা যায় না
গ কালোই জগতের আলো ঘ চাঁদেরও কলংক আছে উ: খ

০৯. 'He is out of luck' এর অনুবাদ কোনটি? [H ১৬-১৭]
ক তার কপাল পুড়েছে খ সে ভাগ্যের বাইরে
গ তার পোড়া কপাল ঘ তার ভাগ্য দূরে উ: গ

বরিশাল বিশ্ববিদ্যালয়

০১. 'The trial was held in camera' এর অর্থ– [ক, খ ১১-১২; ঢাবি খ ০৩-০৪]
ক বিচারকার্যটি প্রকাশ্যে অনুষ্ঠিত হয়েছিল
খ বিচারানুষ্ঠানটি পরিচালিত হয়েছিল গোপনে
গ সর্বসমক্ষে এ বিচারকার্য পরিচালিত হয়েছিল
ঘ ফটোসাংবাদিকদের ক্যামেরার সামনে অনুষ্ঠিত হয়েছিল এ বিচারকার্য উ: খ

০২. 'Ill got, ill spent' এ ইংরেজি বাক্যের যথার্থ অনুবাদ হবে– [A 12-13]
ক পীড়িত পাওয়া পীড়িত ব্যয়। খ খারাপ প্রাপ্তি খারাপ ব্যয়।
গ অসুস্থ পাওয়া অসুস্থ যাওয়া। ঘ অসৎ পথে আয় অসৎ পথেই যায়। উ: খ

০৩. 'The man is off his head' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ– [B 12-13]
ক লোকটির সম্মান নষ্ট হয়েছে খ লোকটির মাথা খারাপ হইয়াছে
গ লোকটির মাথায় কিছু নাই ঘ লোকটির মাথা কাটা গিয়াছে উ: খ

০৪. Might is right এর বাংলা অনুবাদ– [B -১৩-১৪]
ক শক্তিই ক্ষমতার মূল খ জোর যার মুলুক তার
গ সততাই সঠিক পথ ঘ শক্তের ভক্ত নরমের যম উ: খ

০৫. What is he? বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ– [D -১৩-১৪]
ক তিনি কী? খ তিনি কী হন?
গ তিনি কী করেন? ঘ কোনোটিই নয়। উ: গ

০৬. None but a fool is always right এর যথাযথ বঙ্গানুবাদ হবে– [গ ১৪-১৫]
ক কেউ না কিন্তু বোকাই ঠিক খ বোকাকে ঠিক ভাবলেই ভুল
গ বোকার স্বর্গে বাস ঘ মানুষ মাত্রই ভুল হয় উ: গ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. আমার ঘড়িতে এখন দশটা বাজতে দশ মিনিট বাকি। [F ১৮-১৯]
ক It is ten minutes to ten in my watch.
খ It is ten minutes past ten in my watch.
গ It is ten minutes to ten by my watch.
ঘ It is ten minutes to ten according to my watch. উ: গ

০২. 'He stood drinks all round.' এর বঙ্গানুবাদ– [E -১৩-১৪]
ক সে চারদিকে পানীয় রাখছিলো খ সে সবদিকে পানীয় সাজাচ্ছিলো
গ সে চারপাশে পানীয় ক্রয় করছিলো ঘ কোনোটিই নয় উ: গ

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. If you want to go, go. এ বাক্যের ঠিক অনুবাদ কী? [E, সেট ২: ১৪-১৫]
ক তুমি যদি যেতে চাও, তাহলে যাও খ তুমি যদি যেতে চাও, যাও
গ তুমি যেতে চাইলে যাও ঘ উপরের অনুবাদ তিনটিই ঠিক উ: ঘ

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. 'I ran across my old friend' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ কোনটি? [১৬-১৭]
ক পুরনো বন্ধুর সঙ্গে আমার বিচ্ছেদ ঘটেছিল।
খ পুরনো বন্ধুর সঙ্গে আমার দেখা হয়েছিল।
গ পুরনো বন্ধুকে আমি অতিক্রম করে গিয়েছিলাম।
ঘ পুরনো বন্ধুর সঙ্গে আমার মতান্তর ঘটেছিল। উ: খ

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. "Grasp all lose all" বাক্যের বঙ্গানুবাদ– [কলা ও সামাজিক : ২৩-২৪]
ক সঙ্গদোষে লোহা ভাসে খ গরু মেরে জুতা দান
গ অতি লোভে তাঁতি নষ্ট ঘ সময় গেলে সাধন হয় না উ: গ

০২. 'A bad workman quarrels with his tools' এর অনুবাদ কী? [মানবিক ২২-২৩]
ক খারাপ কর্মী তার কাজের দায় উপকরণের ওপর চাপায়
খ মন্দলোক ঝগড়ায় ব্যস্ত থাকে
গ নাচতে না জানলে উঠান বাঁকা
ঘ যত গর্জে তত বর্ষে না উ: ক

০৩. "Waste not, want not." বাক্যের বঙ্গানুবাদ– [Humanities : ২১-২২; ইবি B ১৭-১৮]
ক অপচয় করো না, কষ্টেও পড়ো না। খ অপচয় করো না, অভাবও হবে না।
গ নষ্ট করো না, কিছু চেয়ো না। ঘ নষ্ট করো না, করলে আর দিব না। উ: খ

০৪. 'A storm in a tea cup.' এর সর্বোত্তম অনুবাদ– [১৭-১৮]
ক ব্যাপক ঝড়ঝঞ্ঝা খ তুচ্ছ বিষয়ে বাক-বিতণ্ডা
গ অনন্য স্বাদের চা ঘ জনস্থানের কোলাহল উ: খ

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. 'A stitch in time saves nine' এর বঙ্গানুবাদ কী? [৩৬তম, ৩৫তম বিসিএস]
ক এক সময়ের নয় ফোঁড় অন্য সময়ের দশ ফোঁড় খ সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়
গ দশের লাঠি একের বোঝা ঘ খাজনার চেয়ে বাজনা বেশি উ: খ

০২. 'সততাই সর্বোৎকৃষ্ট পন্থা'– [১৮তম বিসিএস]
ক Honesty is the best virtue খ Honesty is the better way
গ Honesty is a good way ঘ Honesty is the best policy উ: ঘ

CamScanner

SELF TEST MCQ

'তুমিই যত নষ্টের গোড়া।' বাক্যটির সর্বোত্তম অনুবাদ কোনটি?
ⓚ It is you who are at the root of all mischiefs.
ⓛ You are at the root of all mischiefs.
ⓜ It is you who is the root of all mischief.
ⓝ It is you who are at the root of all mischief.

'I was at my wit's end' বাক্যটির যথাযথ অনুবাদ কোনটি?
ⓚ আমি হতবুদ্ধি হইয়াছিলাম। ⓛ আমি সর্বস্বান্ত হয়েছিলাম।
ⓜ আমি শেষ সীমানায় ছিলাম। ⓝ কোনোটিই নয়।

'He has messed up everything' নিচের কোনটির অনুবাদ শুদ্ধ?
ⓚ সে সব কিছু নষ্ট করেছে। ⓛ সে সব কিছু গুছিয়ে রেখেছে।
ⓜ সে সব কিছু গুলিয়ে ফেলেছে। ⓝ সে সবাইকে মেসে রেখেছে।

'The rains have set in' বাক্যটির বাংলা অনুবাদ নিচের কোনটি?
ⓚ বৃষ্টি পড়া শুরু হয়েছে। ⓛ বৃষ্টি পড়ছে।
ⓜ বৃষ্টি আরম্ভ হয়েছে। ⓝ বর্ষা আরম্ভ হয়েছে।

'I have no hesitation to call a spade a spade' বাক্যটির বঙ্গানুবাদ–
ⓚ অপ্রিয় সত্য কথা বলা আমার পক্ষে অসম্ভব।
ⓛ আমার অপ্রিয় সত্য কথা কারো ভালো লাগে না।
ⓜ আমার অপ্রিয় সত্য কথা কোদালের মতো কাটে।
ⓝ আমি অপ্রিয় সত্য কথা বলতে দ্বিধা করি না।

'পেয়ালাটি গরম যেন আগুন।' বাক্যটির যথাযথ অনুবাদ কোনটি?
ⓚ The cup is as hot as fire. ⓛ The cup is so hot as fire.
ⓜ The cup is hot like fire. ⓝ The cup is hot as fire.

'To break the ice.' বাক্যটির সর্বোত্তম অনুবাদ কোনটি?
ⓚ বরফ গলে গেলো। ⓛ বরফ পানি হয়ে গেলো।
ⓜ সম্পর্ক ভালো হলো। ⓝ বরফ খণ্ড খণ্ড হলো।

'He has strong pen' বাক্যটির যথার্থ বঙ্গানুবাদ–
ⓚ তার লেখার হাত ভালো ⓛ তার কলমটি মজবুত
ⓜ তিনি একজন মজবুত কলমধারী ⓝ কোনোটিই নয়।

'লোকটি হাসতে হাসতে আমার কাছে এলো।' বাক্যটির যথার্থ বঙ্গানুবাদ–
ⓚ The man comes to me by laugh.
ⓛ The man come to me by laugh.
ⓜ The man come to me laughing.
ⓝ The man coming to me laugh.

'শিশুটি কাঁদতে কাঁদতে আমার কাছে এলো।' এর বঙ্গানুবাদ–
ⓚ The child comes to me run.
ⓛ The child came to me running.
ⓜ The child came to me crying.
ⓝ The child came to me cry.

'They are playing at fighting' বাক্যটির বঙ্গানুবাদ–
ⓚ তারা কেবল যুদ্ধ করছে ⓛ তারা যুদ্ধ যুদ্ধ খেলছে
ⓜ যুদ্ধ তাদের খেলা ⓝ তারা যুদ্ধ নিয়ে ক্রীড়ামত্ত

১২. 'There is a black sheep in every family' বাক্যটির যথার্থ বঙ্গানুবাদ–
ⓚ প্রতিটি ভেড়ার দলে একটি করে কালো ভেড়া থাকে।
ⓛ প্রতিটি পরিবারে একটি করে কালো ভেড়া থাকে।
ⓜ প্রতিটি পরিবারে একজন করে কুলাঙ্গার থাকে।
ⓝ প্রতিটি পরিবারে একজন করে কালো মানুষ থাকে।

১৩. Let bygones be bygones. বাক্যটির অনুবাদ কোনটি?
ⓚ অতীত সর্বদা জাগ্রত ⓛ যে যাওয়ার সে যায়
ⓜ চলে যাওয়াই নিয়তি ⓝ অতীতকে মুছে ফেলো

১৪. Please make room for her. শুদ্ধ অনুবাদ নির্ণয় কর?
ⓚ ওকে বসার জায়গা দাও। ⓛ ওর কক্ষটি গুছিয়ে দাও।
ⓜ দয়া করে ওকে যেতে দাও। ⓝ ওর জন্য রুমের ব্যবস্থা কর।

১৫. No smoke without fire. বাক্যটির অনুবাদ কোনটি?
ⓚ আগুন ছাড়া ধোঁয়া হয় না। ⓛ সব গুজবেরই ভিত্তি আছে।
ⓜ বিনা স্বার্থে কিছুই হয় না। ⓝ গুজবই রহস্য সৃষ্টি করে।

১৬. 'সপাং করে চাবুক পড়ল।' বাক্যটির সর্বোত্তম অনুবাদ কোনটি?
ⓚ Whip hit fast. ⓛ Whip goes very fast.
ⓜ Smack fell down fast. ⓝ Smack went the whip.

১৭. They were at dagger's drawn. বাক্যটির অনুবাদ কোনটি?
ⓚ তারা উন্মুক্ত ছুরির কাছে ছিল। ⓛ তারা শত্রু ছিল।
ⓜ তারা ঘোর বিবদমান ছিল। ⓝ তারা ছুরি বের করেছিল।

১৮. 'To speak ill of others is a sin.' এ বাক্যের ঠিক অনুবাদ কোনটি?
ⓚ অপরের নিন্দা নিজের নিন্দা ⓛ কারো নিন্দা করতে হয় না
ⓜ অপরের নিন্দা করা পাপ ⓝ কারো নিন্দা করলে পাপ হয়

১৯. You must be patient. এ বাক্যের যথার্থ অনুবাদ–
ⓚ তুমি নিশ্চয় রোগী হতে চলেছ ⓛ তোমাকে রোগগ্রস্ত হতে হবে
ⓜ তোমাকে ধৈর্য ধরতে হবে ⓝ তুমি নিশ্চয় ধৈর্যশীল

২০. 'সে এখানে আসে না বললেই চলে' ঠিক উত্তর কোনটি?
ⓚ He hardly come here.
ⓛ He hardly comes here.
ⓜ He does not hardly come here.
ⓝ He hardly not comes here.

OMR

০১.ⓚⓛⓜⓝ	০২.ⓚⓛⓜⓝ	০৩.ⓚⓛⓜⓝ	০৪.ⓚⓛⓜⓝ	০৫.ⓚⓛⓜⓝ
০৬.ⓚⓛⓜⓝ	০৭.ⓚⓛⓜⓝ	০৮.ⓚⓛⓜⓝ	০৯.ⓚⓛⓜⓝ	১০.ⓚⓛⓜⓝ
১১.ⓚⓛⓜⓝ	১২.ⓚⓛⓜⓝ	১৩.ⓚⓛⓜⓝ	১৪.ⓚⓛⓜⓝ	১৫.ⓚⓛⓜⓝ
১৬.ⓚⓛⓜⓝ	১৭.ⓚⓛⓜⓝ	১৮.ⓚⓛⓜⓝ	১৯.ⓚⓛⓜⓝ	২০.ⓚⓛⓜⓝ

Answer

২০.খ	১৯.গ	১৮.গ	১৭.গ	১৬.ঘ	১৫.খ	১৪.ক	১৩.ঘ	১২.গ	১১.খ
১০.গ	০৯.গ	০৮.ক	০৭.গ	০৬.ক	০৫.ঘ	০৪.ঘ	০৩.গ	০২.ক	০১.ঘ

SELF TEST লিখিত

প্রশ্ন :

১. 'I was much put out by the late arrival of the train.' বাক্যটি অনুবাদ কর।
২. 'It is social existence that determines our consciousness' বাক্যটি অনুবাদ কর।
৩. 'It is social existence that determines our consciousness' বাক্যটি অনুবাদ কর।
৪. 'On that question I must part company with you.' বাক্যটির বাংলা অনুবাদ–
৫. 'To keep up appearances.' বাক্যটির বাংলা অনুবাদ–
৬. অনুবাদ কাকে বলে? কত প্রকার ও কী কী? লেখ।
৭. বিশ্ব সাহিত্যের ক্ষেত্রে অনুবাদের গুরুত্ব কতখানি আলোচনা কর।

উত্তর :

০১. ট্রেনটি দেরিতে আসায় আমার অনেক অসুবিধা হলো।
০২. সামাজিক অস্তিত্বই আমাদের চৈতন্যকে নির্ধারণ করে।
০৩. ঐ প্রশ্নে আমি অবশ্যই তোমার সঙ্গে ভিন্নমত পোষণ করব।
০৪. বাইরের ঠাট বজায় রাখা।
০৫. Written বাংলা দ্রষ্টব্য।
০৬. Written বাংলা দ্রষ্টব্য।

অধ্যায় ৪৩ সারাংশ ও সারমর্ম

প্রাসঙ্গিক আলোচনা

- **সারাংশ ও সারমর্ম** : ইংরেজিতে Precis, Summary, Substance ইত্যাদি বোঝাতে সারাংশ, সারমর্ম বা সারসংক্ষেপ পরিভাষাসমূহ ব্যবহৃত হয়। Precis একটি ফরাসি শব্দ, ইংরেজিতে এর সমার্থবোধক শব্দ হচ্ছে Summary (সারাংশ)। Precis শব্দটির মূল ল্যাটিন ভাষা থেকে আগত যার অর্থ- 'কোনো কিছু সংক্ষেপ করা'। ইংরেজিতে Precis বলতে বোঝায় লিখিত, মুদ্রিত বা উক্ত কোনো বিষয়ের সারসংক্ষেপ। সাধারণত সারাংশ ও সারমর্ম বলতে বোঝায় কোনো প্রবন্ধ বা কবিতার অনুচ্ছেদের অন্তর্নিহিত মৌলভাবকে সংক্ষেপে ব্যক্ত করা। সারমর্ম লেখার ক্ষেত্রে মূল ভাব সন্ধান, শব্দ বাছাই, গুরুত্বপূর্ণ অংশ চিহ্নিতকরণ যথাযথভাবে করতে হবে কিন্তু প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ উক্তি বর্জন করতে হবে।
- **সারাংশ ও সারমর্মের মধ্যে সূক্ষ্ম পার্থক্য** : সারাংশ ও সারমর্মের মধ্যে সূক্ষ্ম পার্থক্য বিদ্যমান। সারাংশ বলতে বক্তব্যের সংক্ষিপ্ত মূল অংশকে বোঝায়। পক্ষান্তরে, সারমর্ম বলতে বক্তব্যের বা ভাবের সংক্ষিপ্ত মূল অংশের (সারাংশ) মর্ম বা তাৎপর্যকে বোঝায়। অর্থাৎ সারাংশ অপেক্ষা সারমর্ম ক্ষুদ্রায়তনবিশিষ্ট।

সারাংশ ও সারমর্মের প্রয়োজনীয়তা

- সারাংশ ও সারমর্মের প্রয়োজনীয়তা নিম্নরূপ :
  - i. সারাংশ ও সারমর্ম পদ্ধতি আয়ত্ত করার মধ্য দিয়ে বিভিন্ন বিষয়কে সংক্ষেপে ও সূত্রাকারে উপস্থাপন করে স্পষ্ট ও সার্থকভাবে প্রকাশ করা যায়।
  - ii. সাধারণত কবি সাহিত্যিকগণ তাঁদের সৃষ্টির প্রয়োজনে নানাবিধ প্রতীক, উপমা, অলংকার ব্যবহার করেন। এক্ষেত্রে অনেক ভাষা ও বিষয় পাঠকের কাছে আলো আঁধারি হয়ে ওঠে। আর এর থেকে মুক্তির অন্যতম পথ হলো সারাংশ বা সারমর্ম।
  - iii. সারমর্ম উপলব্ধির মধ্য দিয়ে দুরূহ অংশগুলোর সহজেই প্রয়োগ ঘটানো বা উপস্থাপন করা সম্ভব।
  - iv. শিল্প, সাহিত্য, বিজ্ঞান, দর্শন ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে সব জিনিস এক সঙ্গে জানা কারো পক্ষে সম্ভব না। এক্ষেত্রে বিভিন্ন বিষয়ের সার কথাগুলোর সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পেলে যে কেউ লাভবান হতে পারে।

সারাংশ বা সারমর্ম লেখার নিয়ম বা কৌশল

- সারাংশ ও সারমর্ম লেখার নিয়ম বা কৌশল নিম্নরূপ :
  - i. সারাংশ লেখার প্রাথমিক শর্ত হলো প্রদত্ত অংশ বা বিষয়টি একাধিকবার পড়ে বিষয়ের গভীরে যেতে হবে এবং মূলভাবটি অনুধাবন করতে হবে।
  - ii. নির্বাচিত অংশটি পড়ার সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ বাক্য বা বাক্যাংশটি খুঁজে বের করার চেষ্টা করতে হবে।
  - iii. কোনো ব্যক্তিগত মতামত এখানে লেখা সমীচীন নয়।
  - iv. বক্তব্যে মূল বিষয়টি যেন বাদ না পড়ে সেদিকে খেয়াল রাখতে হবে।
  - v. মূল রচনার এক-তৃতীয়াংশের মধ্যে সারাংশ লেখা শেষ করা বাঞ্ছনীয়।
  - vi. সারাংশ লিখতে হবে নিজের ভাষায়। মনে রাখতে হবে, উদ্ধৃত বিষয়টি থেকে দু-তিনটি লাইন উঠিয়ে দিলেই সার-সংক্ষেপ হয় না।
  - vii. সারাংশ লেখার সময় খেয়াল রাখতে হবে যাতে বিভিন্ন বাক্যের মধ্যে পারস্পর্য বা ভাবগত যোগসূত্র বজায় থাকে।
  - viii. উপমা, নমুনা এবং অনুচ্ছেদের কোনো বাক্য সরাসরি গ্রহণ করা যাবে না।
  - ix. সর্বোপরি বিষয়ানুসারে মূল বক্তব্য সংক্ষেপে তুলে ধরতে হবে।

কতিপয় সারাংশ ও সারমর্মের নমুনা

০১. সারমর্ম লেখ- [ঢাবি কলা, আইন ও সামাজিক : ২৩-২৪]

বসুমতী, কেন তুমি এতই কৃপণা,
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্য কণা।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস-
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,
আমার গৌরব তাহে সামান্যই বাড়ে;
তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।

সারমর্ম : কর্মবিমুখ মানুষ এই পৃথিবীর সবকিছু থেকে বঞ্চিত হয়। সুকঠিন শ্রম ও কর্মসাধনায় কোনো জিনিস লাভ করলে তাতে গৌরব ও আত্মতৃপ্তি দুই-ই পাওয়া যায়। পরিশ্রম ও সৃষ্টিশীলতা মানুষের মর্যাদা ও গৌরব বাড়ায়।

০২. সারমর্ম লেখ : [ঢাবি : খ ২১-২২]

যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে।
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।
সর্বজন সর্বক্ষণ চলে যেই পথে
তৃণগুল্ম সেথা নাহি জন্মে কোন মতে।
যে জাতি চলে না কভু তারি পথ পরে
তন্ত্র-মন্ত্র-সংহিতায় চরণ না সরে।

উত্তর : স্রোতহীন নদীর বুকে জন্মানো শ্যাওলা নদীর গতিকে আরো রুদ্ধ করে দেয়। অনুরূপভাবে রক্ষণশীলতার কারণে অযৌক্তিক লোকাচারে আবদ্ধ হয়ে পড়লে জাতীয় জীবনের আঙিনায় নেমে আসে স্থবিরতা। সভ্যতার গতিময়তায় যে জাতি যত গতিশীল, সে জাতি তত উন্নত।

০৩. সারমর্ম লেখ : [ঢাবি : A ১৯-২০]

আসিতেছে শুভদিন,
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সেপথের দু'পাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধুলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদের ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

সারমর্ম : শ্রমজীবী মানুষের শ্রমে-ঘামে ও রক্তে জীবনের বিনিময়ে গড়ে উঠেছে স্বাচ্ছন্দ্যময় সভ্যতা। তাদের নিরলস পরিশ্রমে আমরা সুখে দিনযাপন করতে সক্ষম হয়েছি। কিন্তু সমাজে এ দেবতাতুল্য মানুষ নানাভাবে শোষিত, বঞ্চিত ও উপেক্ষিত। এরাই একদিন নবজাগরণের মধ্য দিয়ে বিশ্বে পালাবদলের সূচনা করবে।

০৪. সারমর্ম লেখ : [খুবি : B ১২-১৩]

"বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আজি,
কেহ রহিবে না বন্দী কাহারও, উঠিছে ডঙ্কা বাজি
নর যদি রাখে নারীরে বন্দী, তবে এর পর যুগে
আপনার রচা ঐ কারাগারে পুরুষ মরিবে ভুগে। যুগের ধর্ম এই-
পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই।"

সারমর্ম : পৃথিবী বিনির্মাণে পুরুষের যতখানি অবদান নারীর অবদানও ঠিক ততটাই। কিন্তু যুগে যুগে নারীকে বন্দি করে রাখতে চেয়েছে পুরুষ। তবে আশঙ্কা যে আজ যদি পুরুষ তথা সমাজ নারীকে বন্দি করে রাখে, তবে একদিন সেই কারাগারে পুরুষ তথা সমাজকেও বন্দি হতে হবে।

CamScanner

অনুশীলনমূলক কাজ

[illegible]

- আমরা চলিব পশ্চাতে ফেলি পচা অতীত,
গিরি-গুহা ছাড়ি খোলা প্রান্তরে গাহিব গীত,
সৃজিব জগৎ বিচিত্রতর, বীর্যবান,
তাজা জীবন্ত সে নব সৃষ্টি শ্রম-মহান,
চলমান-বেগে প্রাণ-উচ্ছল।
রে নবযুগের স্রষ্টাদল,
জোর কদম চল রে চল।
- জগতের যত বড় বড় জয় বড় বড় অভিযান,
মাতা ভগ্নী ও বধূদের ত্যাগে হইয়াছে মহীয়ান।
কোন রণে কত খুন দিল নর, লেখা আছে ইতিহাসে,
কত নারী দিল সিঁথির সিঁদুর, লেখা নাই তার পাশে।
কত মাতা দিল হৃদয় উপাড়ি' কত বোন দিল সেবা,
বীরের স্মৃতি-স্তম্ভের গায়ে লিখিয়া রেখেছে কেবা?
কোন কালে একা হয়নি ক' জয়ী পুরুষের তরবারী,
প্রেরণা দিয়াছে, শক্তি দিয়াছে, বিজয়-লক্ষ্মী নারী।
- ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি উঠে খরখড়্গসম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।
- কোথায় স্বর্গ, কোথায় নরক কে বলে তা বহুদূর?
মানুষের মাঝে স্বর্গ-নরক, মানুষেতেই সুরাসুর।
রিপুর তাড়নে যখন মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদের কুঁড়েঘরে।
- বিশ্বজোড়া পাঠশালা মোর সবার আমি ছাত্র,
নানাভাবে নতুন জিনিস শিখছি দিবারাত্র।
এই পৃথিবীর বিরাট খাতায়
পাঠ্য যে সব পাতায় পাতায়,
শিখছি সে সব কৌতূহলে নেই দ্বিধা লেশ মাত্র।

- [illegible]
- [illegible]
- [illegible]
- [illegible] নিজেও বুদ্ধিহীন, মিথ্যাবাদী, দুর্বৃত্তকে ঘৃণা করে। মানুষ নিজে স্বভাবে সুন্দর না হলেও সে স্বভাবের সৌন্দর্যকে ভালোবাসে।
- [illegible] নির্ভরশীল। লাভ ও লোভের [illegible] আত্মবিনাশের পথে [illegible]। মানুষ যদি এই মূল্যবোধ জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটিই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে, যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।
- স্বাধীন হবার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্য প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়-পরায়ণতা। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক, তাদের আবেদন-নিবেদনে ফল হয় না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহু বিড়ম্বনা সহ্য করতে হবে, দুর্ভোগ পোহাতে হবে। কিন্তু মানুষ ও জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে সে কষ্ট সহ্য না করে উপায় নেই।
- দুই চোখ দিয়ে যেমন সূর্যকে দেখা যায়, তেমনি ছোট ছোট কাজের ভিতর দিয়েও কোনো ব্যক্তির চরিত্রের পরিচয় ফুটে উঠে। বস্তুত মর্যাদাপূর্ণভাবে ও সুচারুরূপে সম্পন্ন ছোট ছোট কাজেই চরিত্রের পরিচয়। অন্যের প্রতি আমাদের ব্যবহার কীরূপ তাই হচ্ছে আমাদের চরিত্রের অন্যতম শ্রেষ্ঠ পরীক্ষা। বড়, ছোট ও সমতুল্যের প্রতি সুশোভন ব্যবহার আনন্দের নির্ভরতার উপর।
- কোনো সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমার থাকে তাহলে তাদের সব বই নাশ কর এবং সকল পণ্ডিতকে হত্যা কর, তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক ও পণ্ডিতেরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশকে বা জাতিকে উন্নত করতে চেষ্টা করলে, সাহিত্যের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি কর, আর কিছুর আবশ্যকতা নেই।
- অভ্যাস ভয়ানক জিনিস- একে হঠাৎ স্বভাব থেকে তোলে ফেলা কঠিন। মানুষ হবার সাধনাতেও তোমাকে সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক কর সপ্তাহে অন্তত একদিন মিথ্যা বলবে না। ছ মাস ধরে এমনি করে নিজে সত্য কথা বলতে অভ্যাস কর। তারপর এক শুভদিনে আর একবার প্রতিজ্ঞা কর, সপ্তাহে তুমি দু দিন মিথ্যা বলবে না। এক বছর পরে দেখবে সত্য কথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে, যখন ইচ্ছা করলেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাৎ জয়ী হতে কখনও ইচ্ছা করো না, তাহলে সব পণ্ড হবে।
- বাল্যকাল হইতে আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা কিছু নিতান্ত আবশ্যক, তাহাই কণ্ঠস্থ করিতেছি। তেমন করিয়া কোন মতে কাজ চলে মাত্র, কিন্তু মনের বিকাশ লাভ হয় না। হাওয়া খাইলে পেট ভরে না, আহার করিলে পেট ভরে, কিন্তু আহারটি রীতিমত হজম করিবার জন্য হাওয়ার দরকার। তেমনি একটি শিক্ষা পুস্তককে রীতিমত হজম করিতে অনেকগুলি অপাঠ্য পুস্তকের সাহায্য আবশ্যক। ইহাতে আনন্দের সহিত পড়িবার শক্তি অলক্ষিতভাবে বৃদ্ধি পাইতে থাকে। গ্রহণশক্তি, ধারণাশক্তি, চিন্তাশক্তি বেশ সহজে এবং স্বাভাবিক নিয়মে বল লাভ করে।

[বি.দ্র. উত্তর এবং আরো অনুশীলনের জন্য জয়কলির 'Written বাংলা' বইটি পড়ুন।]

অধ্যায় ৪৪ ভাব-সম্প্রসারণ

প্রাসঙ্গিক আলোচনা

ভাব-সম্প্রসারণ : ইংরেজি 'Amplification' বোঝাতে বাংলায় ভাব-সম্প্রসারণ কথাটি ব্যবহৃত হয়। ভাবের শিল্পসম্মত প্রসারণই ভাব-সম্প্রসারণ। মূল ভাবটি বিস্তারের মাধ্যমে প্রকাশ করা এবং তাকে পূর্ণভাবে ব্যক্ত করা অর্থাৎ নানা তথ্যে, ভাব তাৎপর্যে ও ইঙ্গিতের মধ্য দিয়ে লুকায়িত কোনো বিষয় বিস্তৃতভাবে সহজবোধ্য করে প্রকাশ করা এবং যুক্তি ও বিশ্লেষণের মাধ্যমে মূল ভাবটিকে শিল্প সৌকর্যময় ভাষার সাহায্যে উপস্থাপন করাই ভাব-সম্প্রসারণের প্রধান উদ্দেশ্য।

ভাব-সম্প্রসারণের প্রয়োজনীয়তা

ভাব-সম্প্রসারণের প্রয়োজনীয়তা নিম্নরূপ :

i. ভাবপ্রকাশের ক্ষেত্রে ভাষা চর্চার যে আবশ্যকতা রয়েছে তা অনুধাবন করা যায়।
ii. অপেক্ষাকৃত কঠিন কথাকে সহজ-সরল করে বলা ও লেখার যোগ্যতা অর্জিত হয়।
iii. যেকোনো সংক্ষিপ্ত, যুক্তিপূর্ণ বক্তব্যকে ব্যাখ্যা-বিশ্লেষণ করার যোগ্যতা নিরূপিত হয়।
iv. কোনো বিশেষ বক্তব্য থেকে সিদ্ধান্ত নেওয়ার কৌশল আয়ত্তে আনা সম্ভব হয়।
v. যেকোনো সংক্ষিপ্ত বিষয় থেকে গুরুত্বপূর্ণ তথ্যাদি পাওয়া যায়।

ভাব-সম্প্রসারণ লেখার নিয়ম বা পদ্ধতি

ভাব-সম্প্রসারণ লেখার নিয়ম বা পদ্ধতি নিম্নরূপ :

i. উদ্ধৃত অংশ বা প্রদত্ত বাক্য বা চরণগুলো গভীর মনোযোগ দিয়ে বারবার পড়ে তার অন্তর্নিহিত ভাবটি বুঝে নিতে হবে।
ii. কোনো রূপক, উপমা প্রভৃতি অলঙ্কার থাকলে তার মধ্যকার মূল বিষয়টি গভীরভাবে অনুধাবন করতে হবে।
iii. মূলভাবের অন্তর্নিহিত বক্তব্যকে প্রাঞ্জল করার প্রয়োজনে উপমা, দৃষ্টান্ত, যুক্তি এবং প্রাসঙ্গিক যেকোনো ঐতিহাসিক, পৌরাণিক, লৌকিক অথবা বৈজ্ঞানিক তথ্য উল্লেখ করা যায়।
iv. ভাব-সম্প্রসারণে মূল ভাবের সূত্রটি অবলম্বন করে তার অন্তর্নিহিত যুক্তিগুলোকে আনুষঙ্গিক তথ্য, উদাহরণ প্রভৃতির সাহায্যে ভাবের পরম্পরা অনুসারে বক্তব্যকে সাজানো ও প্রসারিত করতে হবে।
v. সম্প্রসারিত ভাবের বিষয়বস্তুকে ছোটো ছোটো অনুচ্ছেদের মধ্য দিয়ে স্পষ্ট করে তুলতে হবে। তবে তা তিন চার অনুচ্ছেদের মধ্যে হওয়া ভালো।
vi. ভাব-সম্প্রসারণে প্রদত্ত গদ্য, কবিতা বা পদ্য অংশের লেখকের নাম উল্লেখ করার প্রয়োজন নেই। এমনকি কবি বা লেখকের কোনো অভিমত বা অভিপ্রায় বিষয়েও মন্তব্য করা থেকে বিরত থাকা বাঞ্ছনীয়।
vii. একই বক্তব্য বা কথার পুনরাবৃত্তি যেন না ঘটে অথবা অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা না থাকে সেদিকে বিশেষ নজর দিতে হবে।
viii. ভাব-সম্প্রসারণের আয়তনের কোনো নির্দিষ্ট বা বাঁধাধরা নিয়ম নেই। তবে অনেকের মতে, কুড়ি বা পঁচিশ বাক্যের মধ্যে সীমাবদ্ধ থাকা ভালো।
ix. কঠিন ও সমাসবদ্ধ শব্দের প্রয়োগে সতর্ক দৃষ্টি দেওয়া প্রয়োজন। এতে আর যাই হোক বানান ভুলের সম্ভাবনা কম থাকে।
x. প্রবাদ-প্রবচনের যুক্তিসংগতভাবে ব্যবহার করা যাবে। কোনো উদ্ধৃতি ব্যবহার করতে হলে অবশ্যই যেন তা প্রাসঙ্গিক হয় সেদিকে খেয়াল রাখতে হবে।
xi. ব্যাখ্যা ও ভাব-সম্প্রসারণ এক জিনিস নয়। কারণ ব্যাখ্যার মূল বিষয়ের মধ্যে চিন্তাকে সীমাবদ্ধ রাখতে হয়, ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে ততটা দরকার হয় না।

ভাব-সম্প্রসারণের নমুনা

০১. "ধ্বনিটিরে প্রতিধ্বনি সদা ব্যঙ্গ করে,/ধ্বনির কাছে ঋণী সে যে পাছে ধরা পড়ে।" – ভাবটির সম্প্রসারণ কর। [ঢাবি-কলা, আইন ও সামাজিক : ২৩-২৪] ৫

ভাব-সম্প্রসারণ : আত্মসুখপরায়ণ, সুযোগসন্ধানী অকৃতজ্ঞরা উপকারীর কাছ থেকে প্রভূত উপকার পেয়ে তা স্বীকার করতে চায় না। তারা মনে করে অন্যের ঋণ স্বীকার করলে বুঝি বা নিজেদের দুর্বলতার কথা প্রকাশ হয়ে যাবে। তাই তারা উপকারীর ঋণ স্বীকারের চেয়ে তাদের নিন্দায় মুখর হয়ে ওঠে। এ ধরনের আচরণ হীনতার পরিচায়ক ও নিন্দনীয়।

ধ্বনি থেকেই প্রতিধ্বনির জন্ম, ধ্বনি না থাকলে প্রতিধ্বনির অস্তিত্ব সম্ভব নয়। কোনো নির্জন পাহাড়ের গুহায় বা বড় বাড়ির নির্জন বিশাল প্রকোষ্ঠে যদি কোনো ধ্বনি উচ্চারিত হয়, সে-ধ্বনি সঙ্গে সঙ্গে পাহাড়ে পাহাড়ে প্রতিধ্বনিত হয়, প্রতিধ্বনিত হয় প্রকোষ্ঠে প্রকোষ্ঠে। এ জন্য প্রতিধ্বনির সবসময় ধ্বনির কাছে কৃতজ্ঞ থাকার কথা। কিন্তু প্রতিধ্বনি নিজের অস্তিত্বের উৎস ধ্বনিটির কথা স্বীকার করতে চায় না। প্রতিধ্বনি অনুদার ও সংকীর্ণমনা। সে তার আসল পরিচয় গোপন করে উপকারীর উপকার অস্বীকার করে। প্রতিধ্বনি নিজের বাহাদুরি প্রকাশ করার জন্যে ধ্বনিকে সর্বদা ব্যঙ্গ করে। তার এই পরিহাসের পেছনে আছে সত্য গোপন করার প্রয়াস। প্রকৃতপক্ষে, প্রতিধ্বনি যে ধ্বনির কাছে ঋণী– এ বিষয়টি যাতে ধরা না পড়ে সে জন্যে ধ্বনিকে সে উপহাস করে।

যে-উৎস থেকে নিজের অস্তিত্ব গড়ে উঠেছে তার স্বীকৃতি প্রদান করা উচিত– তা যতই ক্ষুদ্র হোক। চারিত্রিক বৈশিষ্ট্যে কোনোভাবেই হীনম্মন্যতাকে প্রশ্রয় দেয়া উচিত নয়।

০২. ভাবসম্প্রসারণ করো : যে সহে, সে রহে। [ঢাবি বিজ্ঞান : ২৩-২৪] 4.0

উত্তর : যে সহে, সে রহে।

ভাব-সম্প্রসারণ : এ সংসারে দুঃসময়ে যে ধৈর্য ধরে, ইতিবাচক মনোভাব নিয়ে সুসময়ের অপেক্ষা করে, সে কখনো পরাজিত হয় না। ধৈর্যশীলরাই জীবন-যুদ্ধে জয়ী হয়।

পৃথিবীতে জীবন একদিকে যেমন পরম উপভোগ্য, অন্যদিকে পরাজয়, লাঞ্ছনা, হতাশা ও দুর্দশার কশাঘাতে জর্জরিত। রোগ-শোক ও অভাব-অভিযোগ সংসারের নিত্যদিনের চিত্র। তাই পীড়িত মানুষ যন্ত্রণায় অসহায়বোধ করে, আঘাত-অপমানে জর্জরিত হয়, পরাজয়ের গ্লানিতে নিমগ্ন হয়ে হতাশায় মুষড়ে পড়ে। কিন্তু ভেঙে পড়লে চলবে না। খারাপ সময়কে মোকাবিলা করতে হবে। এজন্য দরকার অটল ধৈর্য, স্থির সংকল্প এবং যথাযথ পরিকল্পনা। এমন কিছু আঘাত আসে, যার বিপরীতে প্রতিক্রিয়া না দেখিয়ে ধৈর্য ধরলেই ভালো ফল পাওয়া যায়। কারণ, সময় সবচেয়ে বড়ো চিকিৎসক। নিজের করা ভুলেও সব পরিকল্পনা ভেস্তে যেতে পারে, অযোগ্যতার দায়ে ভোগ করতে হতে পারে কঠিন দণ্ড। তখন ভেঙে না পড়ে ভুল থেকে শিক্ষা নিতে হবে। নতুন প্রতিশ্রুতি নিয়ে সবকিছু শুরু করতে হবে। তাহলেই মোচন করা সম্ভব হবে পূর্বের গ্লানি। বিপদে অসহায়ত্বকে বরণ করে হাত-পা গুটিয়ে থাকার মধ্যে নয়, তাকে মোকাবিলা করার মধ্যেই মানুষের সংগ্রামশীলতার পরিচয়।

জীবনে যত প্রতিকূলতাই আসুক না কেন, তাকে ধৈর্যের সঙ্গে ইতিবাচক দৃষ্টি দিয়ে মোকাবেলা করতে হয়। কারণ, জীবনে দুঃসময় না এলে লড়াই করা শেখা যায় না।

০৩. পরের অভাব মনে করিলে চিন্তন/ আপন অভাব-ক্ষোভ থাকে কতক্ষণ [ঢাবি ক ২২-২৩]

মূলভাব : অন্যের অভাব/অপূর্ণতার দিকে খেয়াল করলে নিজের আক্ষেপ প্রশমিত হয়।

সম্প্রসারিত-ভাব : সমাজ-সংসারে বিদ্যমান বৈষম্য আদিকাল থেকে বয়ে চলছে। মানুষের আকাঙ্ক্ষা ও প্রাপ্তির মধ্যে অনেক সময়ই বিশাল ব্যবধান বিরাজ করে। তাই বলে মানুষের হতাশ হওয়ার কোনো সুযোগ নেই। কেননা, বৈচিত্র্যময় বিশ্বে প্রতিটি গোষ্ঠী, সমাজ ও রাষ্ট্রের মানুষের প্রত্যাশিত চাহিদার ভিন্নতার কারণেই একের প্রতি অন্যের আগ্রহ সৃষ্টি হয়। অনন্ত আকাঙ্ক্ষার বিপরীতে মানুষের সীমিত প্রাপ্তি অসন্তোষ সৃষ্টি করে। তখন মানুষ ভ্রান্ত ভাবনায় বিষণ্ন হয়ে পড়ে। তখন আপন কর্তব্য ও কর্মের মধ্যে সাময়িক চ্যুতি ঘটে। যা মানুষের স্বাভাবিক জীবনপ্রবাহে বাধার সৃষ্টি করে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য প্রতিটি মানুষেরই আপনার কথা/স্বার্থ জলাঞ্জলি দিয়ে অন্যের কল্যাণের প্রতি মনোনিবেশ করা উচিত। আমাদের চারপাশে দরিদ্র, মিসকিন, দুর্গত, রোগাক্রান্ত নানা ধরনের মানুষের বসবাস। আমরা যারা সুস্থ ও সামর্থ্যবান তাদের উচিত সেবার মনোভাব নিয়ে সকলের সহযোগিতা করা। পরের ব্যথায় সহমর্মিতা জানাতে পারলে নিজের ব্যথার কথা ভুলে থাকা যায়। সমাজের ও দেশের কল্যাণের জন্য নিজেকে নিয়োজিত রাখার মাধ্যমে প্রতিটি মানুষ নির্মাণ করতে পারে সুন্দর ও নিরাপদ পৃথিবী। আত্মসুখের ভাবনায় আচ্ছন্ন থাকলে না পাওয়ার বেদনা আমাদের আহত করতে পারে। এজন্য মহৎ ব্যক্তিরা কখনো আপন ভাবনায় বিভোর থাকেন না। তারা নিভৃতে মানুষের কল্যাণে নিয়োজিত থাকেন। 'আপনারে লয়ে বিব্রত রহিতে/আসে নাই কেহ অবনী পরে/সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে।' এ মনোভাব পোষণের মাধ্যমে আত্মগ্লানি দূর করার পাশাপাশি নিজের অপূর্ণতার আক্ষেপ মুছে ফেলা যাবে।

CamScanner

০৪. সত্য যে কঠিন,/ কঠিনেরে ভালোবাসিলাম,/ সে কখনো করে না বঞ্চনা। [ঢাবি : A ২১-২২]

উত্তর : সত্যকে স্থায়ীভাবে লুকানো বস্তুত অসম্ভব। এটা প্রকৃতির স্বভাবসিদ্ধ যে, সত্য একদিন উন্মোচিত হবেই। আমাদের বিচারব্যবস্থা ও আন্তঃমানবিক সম্পর্কের এটাই মূল ভিত্তি। ব্যবসায়িক, পেশাদারি অথবা ব্যক্তিগত সম্পর্ক, যা মিথ্যার উপর স্থাপিত তা কোনোদিনই স্থায়ী হয় না। কিন্তু যেটা সত্য, সমতা ও পারস্পরিক কল্যাণের উপর প্রতিষ্ঠিত তার স্থায়িত্ব অমরত্বের মতো। সত্যের প্রতি শ্রদ্ধা করে পৃথিবী বস্তুত যেমন, অর্থাৎ নানা অসমান অংশে বিভক্ত, তাকে তেমনি করেই জানবার সাহস থাকা চাই। কারণ সত্য কখনও বঞ্চনা বা ছলনা করে না। জীবন আসলে দুঃখের তপস্যা। কিন্তু তা এই সত্যের মূল্য শোধ করার জন্যই। কল্পনা বা স্বপ্নবিলাসের দ্বারা জীবনের এই সত্যকে এড়িয়ে যাওয়ার অর্থ জীবনের স্বাভাবিক গতিকে ও তার যথার্থ স্বরূপকে অস্বীকার করা। অন্যদিকে, কঠিন সত্য জীবনের যথার্থ স্বরূপকে চিনিয়ে দেয়। সুতরাং সত্যকে আঁকড়ে ধরে সামনে এগুলে নির্ভয়তা, নিঃসঙ্কোচে এগিয়ে যাওয়া সম্ভব। ইংরেজিতে একটা কথা আছে And you will know the Truth, and the Truth will set you Free। কারণ সত্য কখনো বঞ্চনা করে না।

০৫. গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন/ নহে বিদ্যা, নহে ধন, হলে প্রয়োজন। [ঢাবি : A ১৯-২০]

মূলভাব : অর্জিত সম্পদ ও অর্জিত জ্ঞান যথাসময়ে কাজে লাগানো গেলেই শুধু সার্থকতা প্রমাণিত হতে পারে। কিন্তু যে জ্ঞান ও অর্থসম্পদ মানুষের প্রয়োজনের সময় কাজে লাগানো যায় না, তার কোনো মূল্য নেই।

সম্প্রসারিতভাব : গ্রন্থগত বিদ্যা যা আত্মস্থ করা হয়নি এবং এমন ধন-সম্পদ যা নিজের করায়ত্ত হয়নি–এ সমস্তই নিরর্থক। কারণ প্রয়োজনীয় মুহূর্তে এগুলোর যথাযথ ব্যবহার করা সম্ভব হয় না। পৃথিবীতে মানুষের জীবনে ধন-সম্পদ ও বিদ্যার গুরুত্ব অপরিসীম। কিন্তু বিদ্যা যদি গ্রন্থের ভেতরেই মলাটবদ্ধ অবস্থায় অব্যবহৃত হয়ে পড়ে থাকে, মানুষ যদি তা আত্মস্থ না করে কিংবা আত্মস্থ করে চলমান জীবনে কাজে লাগাতে না পারে, তবে সে বিদ্যা মূলত কোনো বিদ্যাই নয়। মলাটবদ্ধ গ্রন্থের বিদ্যাকে মানুষের জীবনে প্রয়োগ করতে হবে। তবেই সে বিদ্যা পৃথিবীর মানুষের কল্যাণ বয়ে আনবে। অন্যদিকে, নিজের অর্জিত ধন-সম্পত্তি যদি অন্যের কাছে রক্ষিত থাকে, তবে প্রয়োজনের সময় সেই সম্পত্তি উদ্ধার করাও অনেক সময় সমস্যা হয়ে দাঁড়ায়। বরং নিজের কাছে থাকা সম্পত্তিই প্রয়োজনের সময় ব্যবহার করা সম্ভব। সুতরাং সার্থক ও সুন্দর জীবনের প্রয়োজনে বিদ্যাকে গ্রন্থের বন্দিশালা হতে মুক্ত করে আত্মস্থ করতে হবে, পরের হাতে রক্ষিত সম্পত্তি নিজের করায়ত্ত করতে হবে। বিদ্যা ও সম্পদ তখনই সার্থক হয়ে ওঠে যখন মানুষের যথার্থ প্রয়োজন মিটায়। কিন্তু মানুষের যথার্থ প্রয়োজনে যদি তা কাজে না লাগানো যায়, তবে সেই বিদ্যা ও অর্থ বিফলতার নামান্তর।

মন্তব্য : পরিশেষে বলা যায় জ্ঞান ও বিদ্যা জীবনের কাজে লাগাতে হবে, আর তাতেই প্রতিপন্ন হবে মানবজীবনের সার্থকতা। কেননা, প্রয়োজনের সময় সম্পদ ও বিদ্যা নিজের হস্তগত থাকা অপরিহার্য।

০৬. অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,/ যারা অন্ধ সবচেয়ে বেশি, আজ চোখে দেখে তারা। [খুবি মানবিক 15-16]

মূলভাব : অন্যের ওপর প্রভুত্ব প্রতিষ্ঠার জন্য মানুষ মানবতার সীমা অতিক্রম করায় মানবজাতির ওপর নেমে এসেছে অন্ধকারের শাসন। পৃথিবীতে সাম্যাবস্থা বিরাজের জন্য দরকার গুণীর কদর।

সম্প্রসারিতভাব : সুন্দর এ পৃথিবীর বৈরী পরিবেশে মহৎ ও বিবেকবান মানুষেরা বরাবরই অসহায়। পৃথিবী যখন প্রীতিহীন, মমতাহীন, মনুষ্যত্বহীন অন্ধ ক্ষমতাধর মানুষদের করায়ত্ত হয় তখন শিল্প-সংস্কৃতির সাধনা হয় উপেক্ষিত, মহৎ মানুষেরা হয়ে পড়ে অসহায় অবহেলিত। যান্ত্রিক দুনিয়ার মানুষগুলো কেমন দিনে দিনে মনুষ্যত্ববোধ হারিয়ে বিবেকহীন এক পশুতে পরিণত হচ্ছে। যার দরুন সমাজ-সংসারে বিবেকবোধ সম্পন্ন মানুষ এ পশুত্বের অনৈতিক কাজের কাছে মাথা নত করতে বাধ্য হচ্ছে। রাষ্ট্র নামক প্রতিষ্ঠানটি তাদেরকে হাতিয়ার বানিয়ে দিনের পর দিন হেন অপকর্ম নেই যা তাদেরকে দিয়ে করায় না। এমনইভাবে এ রাষ্ট্র একদিন তাদের হাত থেকে রেহায় পায় না। তাই এদের কারণে জগতে এখন ধুধু মরুভূমির ন্যায় শুষ্ক নিষ্ঠুর নির্মমতায় ছেঁয়ে গেছে সমাজ ব্যবস্থা। যার দরুন মানুষ ও মানবতার প্রতি ইতিবাচক বোধে জাগ্রত হয়েও তারা অপশক্তির নির্মম শিকার। অথচ তাদের সুপরামর্শ পৃথিবী হতে পারে নির্মল-সুন্দর।

মন্তব্য : অসীম উচ্চাকাঙ্ক্ষা মানুষকে কখনো করেছে উদ্যমী, আবার এ উচ্চাকাঙ্ক্ষার বশীভূত হয়েই মানুষ হারিয়েছে হিতাহিত জ্ঞান।

০৭. যা বিস্ময়কর তা একবারমাত্র বিস্মিত করে, যা মনোহর তার মনোহারিতা উত্তরোত্তর বাড়তে থাকে। [খুবি মানবিক 14-15]

মূলভাব : 'বিস্ময়কর' জিনিস মানব হৃদয়কে একবার বিমোহিত করে কিন্তু সুন্দর জিনিস মানুষকে বারবার টানে। দেখার নেশায় মত্ত হয়ে ওঠে। অতীব সুন্দর জিনিস একবার দেখে নিজের চোখকে বিশ্বাস করতে না পেরে বারবার ফিরে চাই।

সম্প্রসারিতভাব : বিস্ময়কর শব্দটির অর্থ : বিস্ময় উৎপাদন করে এমন; আশ্চর্যজনক। পক্ষান্তরে, 'মনোহর' শব্দটির অর্থ : অতি সুন্দর চিত্তাকর্ষক। বিস্ময়কর যা বলে বোঝানো মুশকিল। অদ্ভুত বিষয় যা কেবল চোখে দেখেও আজব ব্যাপার বলে মনে হয়।

বিস্ময়কর বিষয়গুলো মানুষকে অবাক করে দেয়। যা অনেক সময় চিন্তন শক্তির উর্ধ্বে কাজ করে। অপরদিকে, যা মনোহর অর্থাৎ অতি সুন্দর যাকে বলা হয় স্থির সৌন্দর্যমণ্ডিত তা দেখে বিস্মিত হওয়ার কিছু নেই। বরং তার সৌন্দর্য বর্ণনা করতেই ভালো লাগে। সৌন্দর্যের মহিমা বর্ণনা করতে করতে এক অপূর্ব সত্যের সন্ধানের দিকে এগিয়ে যাওয়া সম্ভব। যেমন সম্রাট শাহজান কর্তৃক নির্মিত তাজমহলের উদাহরণ দেওয়া যেতে পারে। যার সে সৌকর্য বর্ণনা করতে গিয়ে এর উৎপত্তি কৌশল ও কারণ সম্বন্ধে জানার আগ্রহ ও কৌতূহল জেগে ওঠে। অতএব জগতে যা কিছু সুন্দর ও সৌন্দর্যে ভরপুর বা যা মনোহর তার মনোহারিতা বর্ণনা উত্তরোত্তর বাড়তেই থাকে।

মন্তব্য : নিমিষেই ক্ষয়প্রাপ্ত বিলীনযোগ্য সেইসব জিনিসের প্রতি মানুষের আকর্ষণটা এক ধরনের ভীতিকর ও অস্বস্তিকর অবস্থার ভেতর চালনা করে। আর মনোমুগ্ধকর জিনিসের জন্য মানুষের মন ব্যাকুল করে তোলে বারবার দর্শনের জন্য।

০৮. জীবনের খরস্রোতে ভাসিছ সদাই/ ভুবনের ঘাটে ঘাটে–
এক হাটে লও বোঝা, শূন্য করে দাও অন্য হাটে। [খুবি মানবিক 16-17]

মূলভাব : মানব জীবন একটি চলমান প্রক্রিয়া। পরিবর্তনশীল এ জীবনে কোনো কিছুই স্থির নয়। গতিশীলতার মধ্য দিয়েই জীবন পূর্ণতা পায়।

সম্প্রসারিতভাব : মানুষ প্রতিনিয়ত খামখেয়ালি জীবনযাপন করে। মানুষ কালকের ভাবনা আজকে ভেবে আজকের দিনটি প্রতিনিয়তই নষ্ট করে পরের দিনের বোঝা শুধুই বাড়িয়েই চলেছে। খরস্রোতা নদীর মতোই মানুষ এ ভুবনে সদাই করতে এসে সে উদ্দেশ্য বা মূল লক্ষ্য পূরণ না করে এলোমেলোভাবে জীবন গড়তে চায়। কিন্তু এভাবে তার জীবন যে পরিপূর্ণ হয় না, তা সে অনুভব করতে অক্ষম। কেবল ভোগ বা গ্রহণের মধ্য দিয়ে মনুষ্যত্বের বিকাশ ঘটে না। অর্জিত সম্পদ নিজের স্বার্থ ব্যতীত সমাজের অন্য কোনো কাজে আসে না। পরের কল্যাণে সম্পদকে বিলিয়ে দেওয়ার মধ্যেই আদর্শ ও মনুষ্যত্ব নিহিত থাকে। সুখের জন্য অনেকেই বিলাস-ব্যসনে মত্ত হয়ে ওঠে এবং ভোগ বিলাসের নানা উপকরণের আয়োজন করে। কিন্তু কোনোভাবেই ভোগাকীর্ণ জীবন সুখের সন্ধান দেয় না। মানুষ তার নিজের অবস্থান সম্পর্কে জ্ঞাত না হয়ে খেয়াল খুশিমতো আখের গোছাতে থাকে। কিন্তু মানুষ নিজেই জানে না পাপের বোঝা যে পথে আসে সেই পথেই ক্ষয় বা বিলুপ্তি হয়ে যায়। মূলত পৃথিবী তখনই পরিপূর্ণতা লাভ করে, যখন পৃথিবীতে ভোগ-ত্যাগের সুষম বণ্টন হয়। ক্ষণস্থায়ী এ জীবনের সার্থকতা বা পরম শান্তি 'দেবে আর নেবে মিলাবে মিলিবে'র মধ্যে নিহিত।

মন্তব্য : মানবহৃদয় বারবার অন্যের পানে ফিরে ফিরে চাই সত্য, বাস্তবিক পক্ষে এ ফিরে চাওয়ার সময় নেই। কারণ চাওয়ার শেষ নেই। সাধের জিনিস ঘরে এনে দেখা যায় ফল কিছু নেই কারণ আরো বাকি থেকে যায় মানবজীবনে। দিনান্তে-নিশান্তে শুধু পথপ্রান্তে ফেলে যেতে হয় যত সঞ্চয় আছে মানবজীবনের।

অনুশীলনমূলক কাজ

- পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।
- নদীর এপার কহে ছাড়িয়া নিঃশ্বাস
  ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস।
- প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।
- এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি
  রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।
- স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।
- অন্যায় যে করে আর অন্যায় যে সহে
  তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে।
- দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।
- বিশ্বে যা -কিছু মহান সৃষ্টি, চির কল্যাণকর,
  অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।
- তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?
- যে সহে, সে রহে।/অথবা, সবুরে মেওয়া ফলে।
- মঙ্গল করিবার শক্তি ধন, বিলাস ধন নহে।
- ভোগে সুখ নাই, ত্যাগেই প্রকৃত সুখ।
- পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি।
- জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।
- কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে
  দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
- প্রয়োজনে যে মরিতে প্রস্তুত, বাঁচিবার অধিকার তাহারই।
- স্বদেশের উপকারে নাই যার মন
  কে বলে মানুষ তারে? পশু সেই জন।
- বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

[দ্র. উত্তর এবং আরো অনুশীলনের জন্য জয়কলির 'Written বাংলা' বইটি পড়ুন।]

অধ্যায় ৪৫ অনুচ্ছেদ

প্রাসঙ্গিক আলোচনা

অনুচ্ছেদ : 'অনুচ্ছেদ' একটি বাংলা শব্দ। মূলত ইংরেজি 'Paragraph' এর বাংলা পরিভাষা হচ্ছে অনুচ্ছেদ। অনুচ্ছেদ লেখার মাধ্যমে লেখক তার চিন্তাশক্তি ও রচনাশৈলীর উৎকর্ষ সাধন করতে পারে। অনুচ্ছেদ অর্থ হলো ছোট আকারে গদ্য রচনা। একটি মূল বক্তব্যকে সম্প্রসারিত করে লেখার উদ্দেশ্যে কয়েকটি পরস্পর সম্পর্কিত বাক্যের সমষ্টি ঘটানোকে অনুচ্ছেদ বলা হয়। অন্যভাবে বলা যায়, কোনো নির্দিষ্ট বিষয়কে শিরোনাম করে সে বিষয়ে পরিপূর্ণ অথচ অপেক্ষাকৃত ক্ষুদ্রায়তনে যে রচনা চয়ন করা হয়, তাকে অনুচ্ছেদ বলে। বস্তুত, অল্প সময়ে কোনো নির্দিষ্ট বিষয়ে পরিপূর্ণ ও বস্তুনিষ্ঠ আলোচনা করতে হয় বলেই অনুচ্ছেদ আকারে ছোট হয়। কিন্তু ভাব, বর্ণনা ও বিষয়বস্তুর দিক থেকে এটি একটি পরিপূর্ণ ও বস্তুনিষ্ঠ রচনা। এটি একটি চিন্তামূলক উৎকৃষ্ট শিল্পকর্মও বটে।

অনুচ্ছেদের বিষয়বস্তু : একটি আদর্শ অনুচ্ছেদে যথাসম্ভব অল্পকথায় বক্তব্যকে পরিস্ফুটনের প্রয়াস থাকে। এ প্রয়াসকে সার্থকভাবে প্রতিফলিত করার যোগ্যতাই অনুচ্ছেদ রচনার সাফল্য নির্ধারণ করে দেয়। একটি যথার্থ ও মানসম্মত অনুচ্ছেদে সাধারণত চারটি বিষয় থাকা বাঞ্ছনীয়। যথা : ০১. অনুচ্ছেদের শিরোনাম ০২. সূচনাপর্ব ০৩. মূল বক্তব্য ০৪. সমাপনী বক্তব্য বা উপসংহার।

অনুচ্ছেদের শ্রেণিবিভাগ : অনুচ্ছেদ যেহেতু প্রবন্ধেরই সংক্ষিপ্ত রূপ, সেহেতু অনুচ্ছেদকেও প্রাথমিকভাবে দুই ভাগে ভাগ করা যেতে পারে। যথা :

০১. **বস্তুনিষ্ঠ অনুচ্ছেদ :** বস্তুনিষ্ঠ অনুচ্ছেদে প্রধানত বিষয়বস্তুর প্রাধান্য থাকে। এক্ষেত্রে রচয়িতার মৌলিক সৃজনশৈলী, অনন্যসাধারণ চিন্তাশীলতা, পাণ্ডিত্য ও গভীর জ্ঞান প্রকাশিত হয়। বস্তুনিষ্ঠ অনুচ্ছেদের বিষয়-বৈচিত্র্যে বিশেষ করে সমকালীন জীবন, চলমান পরিবেশ, বিজ্ঞান ও প্রযুক্তি, জাতীয় সমস্যাবলি, আর্থসামাজিক অবস্থা, সাহিত্য-সংস্কৃতি, শিক্ষা, উপদেশ ও নীতিকথা প্রাধান্য পেয়ে থাকে।

০২. **ব্যক্তিনিষ্ঠ অনুচ্ছেদ :** ব্যক্তিনিষ্ঠ অনুচ্ছেদে লেখক আনন্দ ও উচ্ছ্বাসের মধ্য দিয়ে পাঠক-হৃদয়ের সাথে তন্ময় হয়ে যান।

অনুচ্ছেদ রচনার প্রয়োজনীয়তা

অনুচ্ছেদ রচনার প্রয়োজনীয়তা : স্বল্প কথায় পূর্ণাঙ্গতা লাভ করে বলে অনুচ্ছেদকে বলা যায় একটি উৎকৃষ্ট শিল্পকর্ম। অর্থাৎ মননশীল ও সৃজনশীল রচনার একটি সংক্ষিপ্ত রূপ হলো অনুচ্ছেদ। যেকোনো বক্তব্য উপস্থাপনের ক্ষেত্রে অনুচ্ছেদ রচনা সম্পর্কে স্পষ্ট ধারণা থাকলে কাজটি সহজ হয়ে যায়। স্বল্প কথায় একটি সম্পূর্ণ ভাবার্থকে প্রকাশ করতে গিয়ে লেখকের অনেক বেশি মুনশিয়ানার পরিচয় দিতে হয়। সমকালীন, চলমান, জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য-সংস্কৃতি, শিক্ষা ও সমস্যা প্রভৃতি বিচিত্র বিষয়কে লেখকের চিন্তাশীলতা ও সৃজনশীলতা নিয়ে সার্থক রূপে প্রকাশ করা অত্যন্ত জরুরি। বক্তব্যকে সাজিয়ে গুছিয়ে সুন্দরভাবে উপস্থাপনের ক্ষেত্রে অনুচ্ছেদ রচনার বাস্তব ধারণা থাকা একান্ত প্রয়োজন। অনুচ্ছেদে মূল কথাগুলো আকর্ষণীয়ভাবে উপস্থাপিত হয় বলে সবার কাছে তা গ্রহণযোগ্যতা পায়। তাই একটি সুন্দর, পরিচ্ছন্ন ও সার্থক অনুচ্ছেদ রচনার জন্য অনুচ্ছেদ রচনার কৌশল জানা ও তা রপ্ত করার প্রয়োজনীয়তা অনেক বেশি।

অনুচ্ছেদ রচনার কৌশল বা নিয়ম

অনুচ্ছেদ রচনার কৌশল বা নিয়ম :

i. অনুচ্ছেদে মূলভাবের প্রকাশ হবে সংক্ষিপ্ত।
ii. অনুচ্ছেদের পরিসর হবে ছোট ও স্বল্পায়তন, কিন্তু বক্তব্য হবে স্বয়ংসম্পূর্ণ।
iii. অনুচ্ছেদের শুরুতে শিরোনাম দিয়ে একটি প্যারার মধ্যে সূচনা, মূল বক্তব্য ও মন্তব্য উপস্থাপন করতে হয়।
iv. অনুচ্ছেদ কেবল একটি প্যারাতেই সীমাবদ্ধ থাকবে; অনাবশ্যক হবে না।
v. অনুচ্ছেদের ভাষা হবে সহজ-সরল।
vi. অনুচ্ছেদের বক্তব্য স্পষ্ট এবং ভাষা প্রাঞ্জল হওয়া আবশ্যক।
vii. অনুচ্ছেদে সাধু ও চলিত ভাষা একসঙ্গে ব্যবহার করা যাবে না।
viii. অনুচ্ছেদে কোনো উপমা বা অলংকারিক ভাষা প্রয়োগ করা সমীচীন নয়।
ix. বাক্যের মধ্যে অর্থগত সংগতি থাকতে হবে।
x. অনুচ্ছেদ লেখার আগে অনুচ্ছেদের বিষয় সম্পর্কে ভালোভাবে চিন্তা করতে হবে।
xi. সর্বোপরি, অনুচ্ছেদ রচনার মূল প্রতিপাদ্য হওয়া দরকার সহজবোধ্যতা, ক্ষুদ্র, সুন্দর ও আকর্ষণীয়।

অনুচ্ছেদের নমুনা

০১. **'প্লাস্টিক দূষণ' বিষয়ে পাঁচটি বাক্যে একটি অনুচ্ছেদ রচনা কর।** [ঢাবি ঘ ২২-২৩]

উত্তর : প্লাস্টিক দূষণের কারণে প্রাকৃতিক ভারসাম্য বিনষ্ট হওয়ার ফলে মানুষের পাশাপাশি প্রাণিজগতের অস্তিত্ব হুমকির সম্মুখীন। প্লাস্টিক দূষণের মাত্রা প্রতিনিয়ত বেড়েই চলছে। প্লাস্টিক দূষণের দীর্ঘমেয়াদি প্রভাবের কথা বিবেচনায় রেখে এখনই এর বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টি করতে হবে। প্লাস্টিক দূষণের ফলে প্রকৃতি ও জনজীবনের ওপর নেতিবাচক প্রভাব সম্পর্কে প্রচারণা চালাতে হবে। বর্তমানে প্লাস্টিক দূষণ একটি মারাত্মক সমস্যা। এ সমস্যা মানুষের মনে আতঙ্ক সৃষ্টি করেছে। কীভাবে এ সমস্যার সমাধান করা যায় তা নিয়ে পরিবেশবিদদের পাশাপাশি প্রশাসনেরও কার্যকর ভূমিকা পালন করতে হবে।

০২. **'বাংলাদেশে পর্যটন শিল্পের সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক বাংলায় রচনা লেখ।** [ঢাবি গ ১৯-২০] ০৫

পর্যটন উন্নয়নে সমস্যা : একদিকে প্রকৃতির নয়নাভিরাম শোভা, অপরদিকে ঐতিহাসিক স্থানসমূহ পর্যটকদের জন্য যথেষ্ট আকর্ষণীয় হতে পারে। কিন্তু পর্যটকদের আকর্ষণ করার মতো যথেষ্ট সুযোগ-সুবিধা এদেশে নেই। বাংলাদেশে নয়নাভিরাম এত প্রাকৃতিক উপাদান থাকার পরও আমরা পর্যটন খাতকে আয়ের অন্যতম প্রধান উৎস করতে পারছি না। কারণ আমাদের চিন্তাচেতনার ক্ষেত্রে আমরা এখনো ডিজিটাল প্রযুক্তির অগ্রগতিতে নিজেদের সংযুক্ত করতে পারিনি। পর্যটকরা প্রায়ই বাংলাদেশে হয়রানি ও ছিনতাইয়ের শিকার হন। তবে অনেকে মনে করেন পর্যাপ্ত সুযোগ সুবিধা ও নিরাপত্তা পেলেই মানুষ সুস্থ বিনোদনের জন্য পর্যটন স্পটে ভিড় জমাবে। কিন্তু সামাজিক ও দেশজ বাধ্যবাধকতাও রয়েছে যা পরিবর্তনে সতর্কভাবে পদক্ষেপ গ্রহণ করা দরকার।

বাংলাদেশে পর্যটন শিল্পের সম্ভাবনা : বর্তমানে বিশ্বের একক বৃহত্তম শিল্প এবং বিশ্বের অর্থনৈতিক উন্নয়নে বিশেষ অবদান সৃষ্টিকারী অন্যতম খাত পর্যটন শিল্প। পর্যটনশিল্পের ক্ষেত্রে বাংলাদেশ একটি সম্ভাবনাময় দেশ। দিগন্তজোড়া সবুজের সমারোহ, শ্যামল শোভন বন-বনানী, উঁচু-নিচু পাহাড়, সুকণ্ঠী পাখির কলকাকলি, দেশজোড়া রূপালি নদীর বিস্তার, ঋতুতে ঋতুতে রং আর রূপের অপরূপ বর্ণিল শোভা সবকিছু মিলে এদেশের সৌন্দর্য মহিমা চিরকাল ধরে আকৃষ্ট করেছে বিদেশি পর্যটকদের। এ সৌন্দর্যের পাশাপাশি আছে অবারিত সমুদ্রসৈকত, রাঙামাটির অরণ্য-পাহাড়বেষ্টিত অপরূপ কৃত্রিম হ্রদ, বিখ্যাত রয়েল বেঙ্গল টাইগারের আবাসস্থল সুন্দরবন, পাহাড়পুর, ময়নামতি-মহাস্থানগড়ের প্রাচীন ঐতিহাসিক নিদর্শন, সিলেটের মনোরম শোভা এবং পার্বত্য জনপদের চাকমা, মগ, মুরং, সাঁওতাল ইত্যাদি আদিবাসীদের জীবনধারার মোহময় আকর্ষণ। সর্বোপরি, পর্যটন শিল্পের উন্নয়নের জন্য যথাযথ দায়িত্ব পালন করতে হবে আমাদের সকলের।

CamScanner

০৩. **অনুচ্ছেদ লেখ : উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ** [রাবিপ্রবি B 19-20]

উত্তর : দেশ স্বাধীন হওয়ার পর হেনরি কিসিঞ্জার বাংলাদেশকে 'তলাবিহীন ঝুড়ি' বলে আখ্যা দিয়েছিল। অথচ স্বাধীনতার ৪৯ বছরে বাংলাদেশ এখন আর তলাবিহীন ঝুড়ি নয়, সম্পদে ভরপুর এবং সম্পদে উপচেপড়া ঝুড়িতে পরিণত হয়েছে। আশির দশকে বাংলাদেশের গার্মেন্টস শিল্পের বিকাশের মাধ্যমে বৈদেশিক অর্থ উপার্জনের সূচনা হয়। কালক্রমে এ শিল্প এখন বিশ্বে অন্যতম প্রধান রপ্তানিকারক শিল্পে পরিণত হয়েছে। আজ আমরা গর্বের সুখে চুনকালি দিয়ে বিশ্ব অগ্রগতির মহাসড়কে। বিশ্বব্যাংকের প্রধান অর্থনীতিবিদ কৌশিক বসু বাংলাদেশের অগ্রগতি নিয়ে বক্তৃতায় বলেছেন, 'বাংলাদেশ এখন চীনের সঙ্গে নেক টু নেক' পাল্লা দিচ্ছে। ১০ বছর আগে এটি ছিল অচিন্তনীয়। কাজেই উন্নয়নেরধারা ক্রমাগত বজায় রাখতে পারলে জাতি অর্থনৈতিকভাবে সমৃদ্ধিশালী হবে।

০৪. **রাঙামাটি শহরের উপর পাঁচটি বাক্য লেখ।** [রাবিপ্রবি B 19-20]

উত্তর : রাঙামাটি জেলা বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত চট্টগ্রাম বিভাগের একটি প্রশাসনিক অঞ্চল। এ পার্বত্য জেলাটি বাংলাদেশের বৃহত্তম জেলা। একদিকে সবুজ পাহাড় অন্যদিকে সুবিশাল কাপ্তাই হ্রদ মিলেমিশে একাকার করেছে বৈচিত্র্যময় রাঙামাটিকে। এ জেলায় রয়েছে বহু জাতির মানুষের বসবাস। পর্যটকদের বিনোদনের জন্য সরকারি উদ্যোগে রাঙামাটিতে ১৯৮৫ সালে নির্মাণ করা হয়েছে ঝুলন্ত সেতু। শহরের রাঙাপানি এলাকায় প্রকৃতির অপরূপ পরিবেশে জেলা পরিষদের অর্থায়নে গড়ে উঠেছে মিনি চিড়িয়াখানা। বনভান্তের বৌদ্ধ মন্দির, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জাদুঘর, সুবলং ঝর্না সব মিলিয়ে রাঙামাটি শহরকে এক অপরূপ শোভায় শোভিত করে রেখেছে।

০৫. **'ডিজিটাল বাংলাদেশ' সম্পর্কে তিন বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।** [রাবিপ্রবি B 19-20]

উত্তর : ল্যাটিন 'Digitus' শব্দ থেকে ডিজিটাল শব্দটির উৎপত্তি, যার বাংলা প্রতিশব্দ ০ (শূন্য) থেকে ৯ (নয়) পর্যন্ত যেকোনো সংখ্যা। ডিজিটাল বাংলাদেশের অর্থ বিজ্ঞান নির্ভর তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ বাংলাদেশ। বিশেষ করে এখানে এনালগের বিপরীতার্থক ডিজিটালকে ভাবার্থে নির্দেশ করা হয়েছে। এর অন্তর্নিহিত অর্থ হলো সনাতন পদ্ধতিকে পরিহার করে সর্বক্ষেত্রে আধুনিক প্রযুক্তিকে দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বৈষম্যহীন জনগণের রাষ্ট্রে পরিণত করা। এক কথায় ডিজিটাল বাংলাদেশের উদ্দেশ্য হলো সার্বিকভাবে সুশিক্ষিত, স্বনির্ভর ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়া। বর্তমানে ডিজিটাল ব্যবস্থায় ইন্টারনেট, ফেসবুক, ভিডিও কনফারেন্স, ফাইবার অপটিকস ক্যাবল মানুষের দূরত্বের ব্যবধানকে কাছের করে দিয়েছে। সর্বোপরি একটি মধ্যম আয়ের দেশ হিসেবে গড়ে তুলতে বাংলাদেশ ডিজিটালাইজেশন অত্যাবশ্যক।

০৬. **'কারাগারের রোজনামচা' / 'বায়ান্নর দিনগুলো' অবলম্বনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে তোমার অনুভূতির কথা দশ বাক্যে লেখ।** [বে রো বি B ১৮-১৯]

উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিচারণমূলক রাজনৈতিক জীবনকথা 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) এর একটি সংকলিত অংশ 'বায়ান্নর দিনগুলো'। রচনাটিতে শেখ মুজিবকে এক আপসহীন, প্রতিবাদী সত্তা হিসেবে পাই। পাকিস্তানি সরকারের স্বার্থসিদ্ধির পন্থাস্বরূপ সাধারণ মানুষ ও রাজনৈতিক নেতাদের বিনাবিচারে জেলে আটক রাখার প্রতিবাদে তাঁর অনশন ধর্মঘট আমাদের প্রতিবাদী হতে শিক্ষা দেয়। অধিকার আদায়ে নিজ জীবন ও পরিবারের চাইতে দেশ ও দেশের মানুষ তাঁর কাছে বড় হয়েছে। তাঁর দেশপ্রেমের মহিমা আমাদের যুগে যুগে দেশপ্রেমিক হওয়ার প্রেরণা দেয়। প্রয়োজনে শহিদ হন তবু অন্যায়ের কাছে মাথা নত নয়। একজন মানুষ কিংবা রাজনৈতিক নেতা চাইলেও জাতির পিতা হতে পারে না, পারে না হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি হতে। দেশ ও দেশের মানুষই যাঁর কাছে শান্তির উৎস তিনিই একমাত্র 'বঙ্গবন্ধু' হওয়ার অধিকারী। পাকিস্তানি সরকারের নানা অপকর্মের প্রতিফল যে অবধারিত তাঁর সে রাজনৈতিক দূরদর্শিতাও আমাদের চমৎকৃত করে। শেখ মুজিব আমাদের চিরকালীন নেতা।

০৭. **'বাংলাদেশে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ' বিষয়ে দশটি বাক্য লেখ।** [খুবি B ০৪-০৫]

উত্তর : কোনো জনসমাজে গণতন্ত্র প্রতিষ্ঠা যেমন কঠিন কাজ, তার চেয়ে বেশি কঠিন কাজ হলো গণতন্ত্রকে স্থিতিশীল করা। এজন্য কীভাবে গণতন্ত্র পরিপুষ্ট হয় তা জানা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি গুরুত্বপূর্ণ হলো গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ। দুদিকে মনোযোগ দিয়েই গণতন্ত্রকে স্থিতিশীল করা সম্ভব। গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে অর্থপূর্ণ হয়ে উঠবে সমাজ ব্যবস্থা। গণতন্ত্রের পথ বড় বন্ধুর: বাংলাদেশে প্রায়ই দুর্গম। এ জনপদের দুর্ভাগ্য, গণতন্ত্র বিনষ্ট হয়েছে সাধারণ মানুষের জন্য নয়, বরং নেতৃত্বের ব্যর্থতায়। দুর্নীতি এবং অনিয়মের দেয়ালে বারবার ধাক্কা খেয়ে যাচ্ছে গণতন্ত্রের প্রবাহ। প্রতিটি ক্ষেত্রে সাংবিধানিক প্রক্রিয়ায় নির্বাচিত রাষ্ট্রপ্রধান অথবা সরকারপ্রধান সংবিধানবিরোধী পন্থায় গণতন্ত্রের কণ্ঠরোধ করেছেন। কোনো কোনো ক্ষেত্রে নিজেদের পরাজয় এড়ানোর জন্য, কোথাও বা বিরোধী দলকে পর্যুদস্ত করার জন্য, কোনো কোনো ক্ষেত্রে নিজেদের ব্যর্থতা ঢাকার জন্য, বিশেষ বিশেষ ক্ষেত্রে নিজেদের শক্তিমত্তা প্রদর্শনের জন্য তারা এসব পদক্ষেপ গ্রহণ করেছে। সর্বক্ষেত্রে গণতন্ত্রই হয়েছে পরাজিত। পরিশেষে গণতান্ত্রিক প্রক্রিয়াকে সমুন্নত রাখার জন্য দরকার ইতিবাচক ব্যবস্থা। গণতান্ত্রিক ব্যবস্থা সংরক্ষণের জন্য অর্থনৈতিক সাম্য ও সমাজে গড়ে তুলতে হবে গণতান্ত্রিক মন। আর এসব বৈষম্যের হাত থেকে রক্ষার জন্য দরকার গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা ও গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ।

০৮. **বিশ্বায়ন সম্পর্কে দশটি বাক্য লেখ :** [খুবি B ০২-০৩]

উত্তর : ইংরেজি 'Global' শব্দ থেকে 'Globalization' শব্দটির উৎপত্তি হয়েছে, যার বাংলা প্রতিশব্দ হলো বিশ্বায়ন। বিশ্বায়নের প্রাথমিক উদ্দেশ্য হলো সমগ্র মানবজাতিকে কোনো নির্দিষ্ট ভূখণ্ডে আটকে না রেখে বিশ্বব্যাপী তার পদচারণাকে অবারিত করে তোলা। বিশ্বায়ন বলতে সমগ্র বিশ্বকে আধুনিকতা ও অগ্রগতির এক বলয়ে সমন্বিত করার একটি তত্ত্ব বা ধারণাকে বোঝায়। এ ধারণার সূত্রপাত ঘটেছে তথ্যপ্রযুক্তির বিকাশের মাধ্যমে। এ কারণেই বিশ্বায়ন বলতে বিশ্বজুড়ে দ্রুত তথ্য আদান-প্রদানের সাম্প্রতিক অগ্রগতিকে বোঝানো হয়ে থাকে। অর্থনৈতিক ক্ষেত্রে বিশ্বায়ন হলো সমগ্র বিশ্বকে একটিমাত্র বিশাল রাজ্যে একত্রীকরণ করা। বিশ্বায়নের যেমন সুফল রয়েছে, তেমনি কুফলও রয়েছে। বিশ্বায়নের কারণে ধনী রাষ্ট্রগুলো আরো ধনী এবং গরিব রাষ্ট্রগুলো আরো গরিব রাষ্ট্রে পরিণত হচ্ছে। বিশ্বায়নের ফলে বিশ্বের বিভিন্ন দেশের মধ্যে দূরত্ব কমে এসেছে আর এর মূলে রয়েছে বিজ্ঞানের অগ্রযাত্রা। তাই বলা যায়, বিশ্বায়ন হলো বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন অবদানকে দীর্ঘদিন যাবৎ শোষণ করে জ্ঞানের সঙ্গে সমন্বয় ঘটানো।

০৯. **৭৯৮তম বিশ্ব ঐতিহ্য সুন্দরবন সম্পর্কে দশটি বাক্য লেখ :** [খুবি B ০৩-০৪]

উত্তর : সুন্দরবন হলো বঙ্গোপসাগর উপকূলবর্তী অঞ্চলে অবস্থিত একটি প্রশস্ত বনভূমি, যা বিশ্বপ্রাকৃতিক বিস্ময়াবলির অন্যতম। গঙ্গা, মেঘনা ও ব্রহ্মপুত্র নদীত্রয়ের অববাহিকার বদ্বীপ এলাকায় অবস্থিত এ অপরূপ বনভূমি বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলা এবং ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দুই জেলা উত্তর চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনা জুড়ে বিস্তৃত। সমুদ্র উপকূলবর্তী নোনা পরিবেশের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন হিসেবে সুন্দরবন বিশ্বের সর্ববৃহৎ অখণ্ড বনভূমি। ১০,০০০ বর্গ কিলোমিটার জুড়ে গড়ে ওঠা সুন্দরবনের ৬,০১৭ বর্গ কিলোমিটার রয়েছে বাংলাদেশে এবং বাকি অংশ রয়েছে ভারতের মধ্যে। সুন্দরবন ৬ ডিসেম্বর ১৯৯৭ খ্রিষ্টাব্দে ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি লাভ করে। সুন্দরবনকে জালের মতো জড়িয়ে রয়েছে নদীনালা, খাল, বিল মিলিয়ে জলাকীর্ণ অঞ্চল। বনভূমিটি স্বনামে বিখ্যাত রয়েল বেঙ্গল টাইগার ছাড়াও নানান ধরনের পাখি, চিত্রা, হরিণ, কুমির ও সাপসহ অসংখ্য প্রজাতির প্রাণীর আবাসস্থল হিসেবে পরিচিত। ১৯৯২ সালের ২১ মে সুন্দরবন রামসার স্থান হিসেবে স্বীকৃতি লাভ করে।

অনুশীলনমূলক কাজ

- 'সমাজ ও সাহিত্য' শিরোনামে পাঁচটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ। [খুবি B ১১-১২]
- 'জীবনটা নাটক নয়' শিরোনামে একটি অনুচ্ছেদ লেখ। [খুবি B ১২-১৩]
- 'বাংলাদেশের লোকসাহিত্য' সম্পর্কে একটি অনুচ্ছেদ লেখ। [খুবি B ১০-১১]
- মুজিববর্ষ
- ভিশন-২০২১
- রূপকল্প-২০২১
- বঙ্গবন্ধু স্যাটেলাইট–১
- একুশে বইমেলা
- বাংলাদেশের মুক্তিযুদ্ধ
- বাংলাদেশের কেন্দ্রীয় শহিদ মিনার
- যৌতুক প্রথা : একটি সামাজিক অভিশাপ
- গ্রিনহাউজ প্রতিক্রিয়া
- প্রাণঘাতী ভাইরাস
- করোনা ভাইরাস
- জিকা ভাইরাস
- বাংলা নববর্ষ
- উন্নয়নের অগ্রযাত্রায় অদম্য বাংলাদেশ
- বৃক্ষরোপণ অভিযান
- পরিবেশ দূষণ ও প্রতিকার
- শিশুশ্রম ও তার প্রতিকার
- টেকসই উন্নয়ন ও বাংলাদেশ
- শৈশবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
- ইভিএম
- মেট্রোরেল
- বঙ্গবন্ধু টানেল
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
- বাংলাদেশের ডাকটিকিট
- নিরাপদ সড়ক
- মুজিবনগর দিবস

বি.দ্র. উত্তর এবং আরো অনুশীলনের জন্য জয়কলির 'Written বাংলা' বইটি পড়ুন।

CamScanner

অধ্যায় ৪৬ পত্র লিখন

প্রাসঙ্গিক আলোচনা

পত্র : সাধারণ অর্থে তথ্য কিংবা মনোভাব আদান-প্রদানের লিখিত রূপ হলো পত্র। 'পত্র' শব্দটির শাব্দিক অর্থ : পাতা, ফর্দ ইত্যাদি এবং পত্র'র আভিধানিক অর্থ : চিহ্ন বা স্মারক। ব্যবহারিক ক্ষেত্রে পত্র বলতে বার্তা আদান-প্রদানের এমন একটি মাধ্যমকে বোঝায়, যার দ্বারা মানুষ দূরবর্তী লোকজনের সঙ্গে বিভিন্ন তথ্য, মনোভাব ও আবেগ লিখিতরূপে আদান-প্রদান করতে পারে। অর্থাৎ ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক সম্পর্ক ও যোগাযোগ স্থাপন রক্ষায় যে লেখা, তাকেই পত্র হিসেবে অভিহিত করা হয়ে থাকে।

পত্রের শ্রেণিবিভাগ

বিভিন্ন ধরনের পত্রের বৈশিষ্ট্য বিবেচনায় পত্রকে প্রধানত তিন ভাগে ভাগ করা যায়। যথা : ব্যক্তিগত পত্র, ব্যবহারিক পত্র ও সামাজিক পত্র।

i. **ব্যক্তিগত পত্র :** সাধারণত পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের কাছে যে পত্র লেখা হয় তা ব্যক্তিগত পত্র হিসেবে বিবেচনা করা হয়।

ii. **ব্যবহারিক পত্র :** প্রাতিষ্ঠানিক, ব্যবসায়িক, চাকরির আবেদন ও স্মারকলিপি প্রদান প্রভৃতি প্রয়োজনে যে পত্র রচনা করা হয় তাই ব্যবহারিক পত্র।

iii. **সামাজিক পত্র :** বিভিন্ন উৎসব-অনুষ্ঠানের আমন্ত্রণ বা নিমন্ত্রণ পত্র, মানপত্র, অভিনন্দনপত্র, বিদায়ীপত্র প্রভৃতি সামাজিক পত্র বলে পরিচিত।

ব্যক্তিগত পত্র

ব্যক্তিগত পত্র লেখার নিয়ম : পত্র রচনার কতগুলো নিয়মরীতি রয়েছে। ব্যক্তিগত পত্রের দুটি প্রধান অংশ রয়েছে। যথা : ০১. পত্রগর্ভ (ভিতরের অংশ) ০২. শিরোনাম (বাইরের অংশ)।

০১. পত্রগর্ভ (ভিতরের অংশ) : ভিতরের অংশকে আবার ছয়টি ভাগে ভাগ করা যায়। যথা :

i. **মঙ্গলসূচক শব্দ :** ব্যক্তিগত পত্রের শীর্ষে থাকে আল্লাহ, ইয়ারব, ৭৮৬, ওঁ বা ঠাকুর দেবতার নাম। বর্তমানে অবশ্য এ রীতি অনেকেই বর্জন করেছেন। পরীক্ষার ক্ষেত্রে এ অংশকে বিবেচনা করা হয় না।

ii. **স্থান ও তারিখ :** চিঠির ঠিকানা ও তারিখ চিঠিপত্রের একটি গুরুত্বপূর্ণ অংশ। চিঠিতে কোথা থেকে ও কত তারিখে লেখা তার স্পষ্ট উল্লেখ থাকা প্রয়োজন। পত্রে উপরের অংশের ডান কোণায় পত্র লেখকের ঠিকানা ও তারিখ উল্লেখ করতে হয়। প্রথমে পত্র লেখকের ঠিকানা থাকবে। তার নিচেই থাকবে তারিখ।

iii. **সম্ভাষণ বা সম্বোধন :** পত্রের উদ্দিষ্ট ব্যক্তির সম্মান, বয়স, যোগ্যতা অনুসারে প্রথমেই সম্বোধনের ভাষা স্থিরীকৃত হয়। যেমন :

যাকে চিঠি লেখা হবে (পুরুষ)	সম্বোধন বা সম্ভাষণ	যাকে চিঠি লেখা হবে (নারী)	সম্বোধন বা সম্ভাষণ
বয়স্ক ব্যক্তি	শ্রদ্ধাস্পদেষু, মান্যবর, শ্রদ্ধাভাজনেষু।	বয়স্ক ব্যক্তি (নারী)	শ্রদ্ধাস্পদেষু, পূজনীয়াসু।
স্নেহভাজন/বয়ঃকনিষ্ঠ	স্নেহাস্পদেষু, স্নেহভাজনেষু, কল্যাণীয়েষু।	স্নেহভাজন/বয়ঃকনিষ্ঠ	স্নেহভাজনীয়া, কল্যাণীয়া, স্নেহভাজনীয়াসু।

iv. **মূল পত্রাংশ :** পত্রের বক্তব্য এ অংশে থাকবে। এ অংশকে তিনটি অংশে ভাগ করা যায়। প্রথম অংশ কুশলাদি, প্রাথমিক বক্তব্য এবং পত্র লেখার কারণ ও উদ্দেশ্য প্রকাশিত হয়। দ্বিতীয় অংশে মূল বক্তব্য এবং তৃতীয় অংশে সমাপনী বক্তব্য এবং পরবর্তী স্তরের জন্য লেখকের অভিপ্রায় ব্যক্ত হয়।

v. **বিদায় সম্ভাষণ বা সম্বোধন :** মূল বক্তব্য লেখা শেষ হলে চিঠির শেষে ইতি লিখে ডান দিকে বিদায় সম্বোধন জানাতে হয়। ব্যক্তি বিশেষে এ সম্বোধন জানাতে হয়। যেমন :

যাকে চিঠি লেখা হবে (পুরুষ)	সম্বোধন বা সম্ভাষণ	যাকে চিঠি লেখা হবে (নারী)	সম্বোধন বা সম্ভাষণ
গুরুজনদের নিকট	আপনার বিশ্বস্ত/একান্ত স্নেহভাজন	গুরুজনদের নিকট	আপনার বিশ্বস্ত/একান্ত স্নেহভাজন
বয়ঃকনিষ্ঠদের নিকটে	শুভার্থী, শুভাকাঙ্ক্ষী	বয়ঃকনিষ্ঠদের নিকটে	শুভার্থিনী, শুভানুধ্যায়িনী।

vi. **নাম-স্বাক্ষর :** বিদায় সম্ভাষণের নিচে পত্র লেখকের নাম স্বাক্ষর করতে হয়।

০২. শিরোনাম বা চিঠির বাইরের অংশ : পত্র লেখার পর একটি খামে ভরে খামের ওপর দিকে ডানপাশে ডাকটিকিট লাগাতে হয়। খামের মাঝামাঝি ডানপাশে প্রাপকের নাম, ঠিকানা এবং বামপাশে প্রেরকের নাম, ঠিকানা লিখতে হয়।

একটি ব্যক্তিগত পত্রের নমুনা নিম্নরূপ

০১. পত্রগর্ভ (ভিতরের অংশ) :

পত্রের অংশ	মূল পত্র লেখার নমুনা
i. মঙ্গলসূচক শব্দ	এলাহি ভরসা/ আল্লাহ ভরসা/ শ্রী শ্রী দুর্গা সহায়
ii. স্থান ও তারিখ	জয়কলি পাবলিকেশন্স, ১০৯, গ্রিন রোড, ফার্মগেট, ঢাকা- ১২১৫ ১৫ মার্চ ২০২০
iii. সম্ভাষণ বা সম্বোধন	শ্রদ্ধাভাজনেষু/মাননীয়/শ্রদ্ধাস্পদ/প্রিয়
iv. মূল পত্রাংশ	..... । ..... । ..... । ..... । ..... । .... । ..... । ..... । ..... । ..... । .... । ..... । ..... । ..... । ..... ।
v. বিদায় সম্ভাষণ বা সম্বোধন	ইতি আপনার স্নেহের/তোমার মঙ্গল প্রত্যাশী
vi. নাম-স্বাক্ষর	ফাইয়াজ আহমেদ

০২. শিরোনাম বা চিঠির বাইরের অংশ :

প্রেরক ফাইয়াজ আহমেদ জয়কলি পাবলিকেশন্স, ১০৯, গ্রিন রোড, ফার্মগেট, ঢাকা- ১২১৫	প্রাপক মির্জা গালিব বাসা নং ১০, ব্লক নং এফ হালিশহর, চট্টগ্রাম।

ডাকটিকিট

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

SELF TEST MCQ

ত্রের প্রধান অংশ কয়টি?
দুটি ⓖ সাতটি ⓑ তিনটি ⓓ ছয়টি

ত্রের কোন অংশকে মূল অংশ বলা হয়?
শিরোনাম ⓖ পত্রগর্ভ ⓑ সম্বোধন ⓓ নাম ঠিকানা

ত্রের কোন অংশকে গর্ভাংশ বলা হয়?
লেখকের স্বাক্ষর অংশকে ⓖ সম্বোধন অংশকে ⓑ মূল বিষয় অংশকে ⓓ ঠিকানা অংশকে

প্রেরকের নাম ঠিকানা কোথায় লিখতে হয়?
চিঠির শুরুতে ⓖ চিঠির শেষে ⓑ খামের বাম দিকে ⓓ খামের ডান দিকে

শিরোনামের প্রধান অংশ কোনটি?
প্রেরকের ঠিকানা ⓖ পত্রগর্ভ ⓑ প্রাপকের ঠিকানা ⓓ সম্বোধনসূচক শব্দ

বেয়ারিং চিঠির ডাকমাশুল–
দিতে হয় না ⓖ প্রচলিত ডাকমাশুলের তিনগুণ ⓑ প্রচলিত ডাকমাশুলের দ্বিগুণ ⓓ প্রচলিত ডাকমাশুলের পাঁচগুণ

পত্র শব্দটির আভিধানিক অর্থ কী?
বিনিময় ⓖ চিহ্ন বা স্মারক ⓑ যোগাযোগ ⓓ সংযোগ

সরকারি অনুমোদন সাপেক্ষে বৈষয়িক ব্যাপারে লিখিত পত্রের নাম কী?
দলিলপত্র ⓖ বিজ্ঞপ্তিপত্র ⓑ আবেদনপত্র ⓓ চুক্তিপত্র

পত্রের ব্যবহার কীসের উপর নির্ভর করে? [ডিপ্লোমা : ২৩-২৪]
বাক্যের ⓖ ভাবের ⓑ প্রসঙ্গের ⓓ শব্দের

'By air Mail' কথাটি খামের উপর কখন লিখতে হয়?
দূরে চিঠি পাঠাতে হলে ⓑ বিদেশে চিঠি পাঠাতে হলে
টিকিট না থাকলে ⓓ বিমান কর্তৃপক্ষের কাছে চিঠি লিখতে হলে

পত্র আরম্ভে প্রাপকের প্রতি কেমন সম্ভাষণ হওয়া উচিত?
সম্বোধনসূচক অব্যয়ের সাহায্যে সম্ভাষণ ⓑ সম্মানসূচক সম্ভাষণ
প্রেরক ও প্রাপকের সম্পর্ক অনুসারে সম্ভাষণ ⓓ নামের সাহায্যে সম্ভাষণ

কোন ধরনের পত্রে আবেদন বিনীত, ভাষা মার্জিত ও বাহুল্য বর্জিত এবং অনুষ্ঠানসূচি সন্নিবেশিত থাকে?
মানপত্রে ⓑ স্মারকলিপিতে
দরখাস্তে ⓓ নিমন্ত্রণপত্রে/দাওয়াতপত্র

স্মরণ পত্রের কোন স্থানে লিখতে হয়?
পত্রের উপরিভাগে বাম পাশে ⓑ প্রথম লাইনের শুরুতে
পত্রের উপরিভাগের ডান দিকে ⓓ পত্রের শেষে ডান দিকে

আপ্যায়নের উদ্দেশে যে দাওয়াতপত্র তাকে কী বলে?
ⓐ আমন্ত্রণপত্র ⓑ নিমন্ত্রণপত্র ⓒ অভিনন্দনপত্র ⓓ মানপত্র

১৫. ব্যক্তিগত পত্রের শুরুতেই কোনটি প্রয়োজন?
ⓐ সালাম বা শুভেচ্ছা বিনিময় ⓑ কুশল জিজ্ঞাসা
ⓒ সম্বোধন অংশ ⓓ বিষয় বর্ণনা

১৬. সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র?
ⓐ প্রতিবেদন ⓑ অভিযোগপত্র
ⓒ চুক্তিপত্র ⓓ বিজ্ঞপ্তি

১৭. পত্রে সাধারণত দুটি অংশ থাকে সেগুলো হলো–
ⓐ শিরোনাম ও পত্রগর্ভ ⓑ আরম্ভ ও শেষ
ⓒ শিরোনাম ও তারিখ ⓓ প্রেরকের ঠিকানা ও তারিখ

১৮. পত্রের কোন স্থানে ইতি লেখার রীতি আছে?
ⓐ পত্রের শুরুতে ⓑ পত্রের মাঝখানে
ⓒ পত্রের শেষে ⓓ ঠিকানা লেখার পর

১৯. মানপত্রে কোনটি প্রাধান্য পায়?
ⓐ উদ্দিষ্ট ব্যক্তির গুণাবলি ও প্রশংসা ⓑ উদ্দিষ্ট ব্যক্তির জীবনবৃত্তান্ত
ⓒ উদ্দিষ্ট ব্যক্তির আকার-প্রকৃতি ⓓ উদ্দিষ্ট ব্যক্তির নিন্দা

২০. কোনটি শিক্ষার একটি সাধারণ বাহন?
ⓐ টেলিফোন ⓑ পত্র ⓒ বেতার ⓓ টেলিগ্রাম

২১. সুলিখিত পত্র অনেক সময় কোন মর্যাদা লাভ করে?
ⓐ ঐতিহাসিক ⓑ সামাজিক
ⓒ সাংস্কৃতিক ⓓ সাহিত্যিক

২২. কোন পত্র প্রাপকের উপস্থিতিতে পঠিত হয়?
ⓐ ব্যক্তিগত পত্র ⓑ আবেদনপত্র
ⓒ মানপত্র ⓓ দাওয়াতপত্র

২৩. পোস্টাল কোড কী নির্দেশ করে?
ⓐ ডাক বিভাগের নাম ⓑ পোস্ট অফিসের নাম
ⓒ চিঠি লেখার স্থান ⓓ প্রাপকের এলাকা

২৪. পত্রের কোন অংশ ব্যতিরেকে পত্র লেখার উদ্দেশ্য ব্যর্থ হয়?
ⓐ সম্বোধন ⓑ শিরোনাম ⓒ পত্রগর্ভ ⓓ স্বাক্ষর

২৫. ব্যক্তিগত চিঠির মঙ্গলসূচক শব্দটি কীসের ভিত্তিতে ভিন্নতা পায়?
ⓐ ধর্মের ভিত্তিতে ⓑ সামাজিকতার ভিত্তিতে
ⓒ সৌজন্যবোধের ভিত্তিতে ⓓ প্রাপক ও প্রেরকের সম্পর্কের ভিত্তিতে

OMR

০১.ⓐⓑⓒⓓ	০২.ⓐⓑⓒⓓ	০৩.ⓐⓑⓒⓓ	০৪.ⓐⓑⓒⓓ	০৫.ⓐⓑⓒⓓ
০৬.ⓐⓑⓒⓓ	০৭.ⓐⓑⓒⓓ	০৮.ⓐⓑⓒⓓ	০৯.ⓐⓑⓒⓓ	১০.ⓐⓑⓒⓓ
১১.ⓐⓑⓒⓓ	১২.ⓐⓑⓒⓓ	১৩.ⓐⓑⓒⓓ	১৪.ⓐⓑⓒⓓ	১৫.ⓐⓑⓒⓓ
১৬.ⓐⓑⓒⓓ	১৭.ⓐⓑⓒⓓ	১৮.ⓐⓑⓒⓓ	১৯.ⓐⓑⓒⓓ	২০.ⓐⓑⓒⓓ
২১.ⓐⓑⓒⓓ	২২.ⓐⓑⓒⓓ	২৩.ⓐⓑⓒⓓ	২৪.ⓐⓑⓒⓓ	২৫.ⓐⓑⓒⓓ

Answer

২৫.ক	২৪.গ	২৩.ঘ	২২.গ	২১.ঘ	২০.খ	১৯.ক	১৮.গ	১৭.ক
১৬.ঘ	১৫.ক	১৪.খ	১৩.ক	১২.ঘ	১১.গ	১০.খ	০৯.খ	০৮.ক
০৭.গ	০৬.খ	০৫.খ	০৪.ঘ	০৩.খ	০২.গ	০১.ক		

SELF TEST লিখিত

প্রশ্ন :

১. পত্র কাকে বলে লেখ।
২. পত্রের প্রয়োজনীয়তা সম্পর্কে লেখ?
৩. 'যেতে নাহি দিব হায়। তবু যেতে দিতে হয়।' এ উক্তিটি কোন ধরনের পত্রের ক্ষেত্রে প্রযোজ্য?
৪. দরখাস্ত বা আবেদনপত্র লিখতে হলে যে বিষয়টির প্রতি প্রাধান্য দিতে হয়?
৫. রেজিস্টার্ড, বুকপোস্ট ইত্যাদি প্রয়োজনীয় শব্দগুলো চিঠির কোন অংশে লিখতে হয়?
৬. সার্স (SARS) ব্যাধির ভয়াবহতা তুলে ধরে প্রবাসী বন্ধুর নিকট একটি পত্র লেখ।
৭. পত্র রচনায় যেসব বিষয়ে সচেতন থাকতে হয় তা লেখ।
৮. ব্যক্তিগত পত্র রচনার ক্ষেত্রে কোন কোন শর্ত মেনে চলতে হয় লেখ?
৯. পত্রের শ্রেণিবিভাগ কয়টি ও কী কী? লেখ।
১০. সংবাদপত্রে প্রতিবেদন প্রকাশের জন্য কার বরাবর আবেদন পাঠাতে হয়?

উত্তর :

০১. ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক সম্পর্ক ও যোগাযোগ স্থাপন রক্ষায় যে লেখা, তাকেই পত্র হিসেবে অভিহিত করা হয়ে থাকে।
০২. জয়কলি 'Written বাংলা' দ্রষ্টব্য।
০৩. বিদায় অভিনন্দন পত্রে।
০৪. মূল বক্তব্য সহজ ও সরল ভাষায় সংক্ষিপ্ত আকারে প্রকাশ করতে হয়।
০৫. চিঠির খামের উপরের অংশে।
০৬. জয়কলি 'Written বাংলা' দ্রষ্টব্য।
০৭. জয়কলি 'Written বাংলা' দ্রষ্টব্য।
০৮. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৯. আলোচনা অংশ দ্রষ্টব্য।
১০. সম্পাদকের বরাবর।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ৪৭
বিবিধ
Miscellaneous

বাংলা একাডেমি সম্পর্কিত তথ্য

প্র : 'বাংলা একাডেমি' কবে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর (১৭ অগ্রহায়ণ ১৩৬২ বঙ্গাব্দ)।

প্র : জাতীয় সংসদ কর্তৃক বাংলা একাডেমি আইনে 'একাডেমি' বানানে 'ই' কার (ি) গৃহীত হয়?
উত্তর : ২০১৩ সালে।

প্র : বাংলা একাডেমিকে কী বলা হয়?
উত্তর : জাতির মননের প্রতীক।

প্র : বাংলা একাডেমি বর্তমানে কোথায় অবস্থিত?
উত্তর : কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০।

প্র : বর্ধমান হাউজ বলতে কী বোঝায়?
উত্তর : বর্ধমানের তৎকালীন রাজা কর্তৃক নির্মিত বাড়ি।

প্র : বাংলা একাডেমির প্রধানকে প্রথমে কী বলা হতো?
উত্তর : স্পেশাল অফিসার বা প্রধান নির্বাহী কর্মকর্তা।

প্র : বাংলা একাডেমিতে কে প্রথম স্পেশাল অফিসার হিসেবে নিযুক্ত হন?
উত্তর : মুহম্মদ বরকতুল্লাহ।

প্র : বাংলা একাডেমির 'উদ্বোধনী ভাষণ' পাঠ করেন কে?
উত্তর : পূর্ব বাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী আবু হোসেন সরকার।

প্র : বাংলা একাডেমির প্রথম সভাপতি কে ছিলেন?
উত্তর : মওলানা মোহাম্মদ আকরম খাঁ (১৯৬১ সাল)।

প্র : কোন আইনের মাধ্যমে 'বাংলা একাডেমি'কে স্বায়ত্তশাসন দেওয়া হয়?
উত্তর : The Bengali Academy Act-1957.

প্র : 'বাংলা একাডেমি' উদ্বোধন করেন কে?
উত্তর : পূর্ব বাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী আবু হোসেন সরকার।

প্র : 'বাংলা একাডেমি' প্রতিষ্ঠার সময় পূর্ব বাংলার শিক্ষামন্ত্রী কে ছিলেন?
উত্তর : আশরাফ উদ্দিন আহমদ চৌধুরী।

প্র : ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠানটি সৃষ্টি হয়?
উত্তর : বাংলা একাডেমি।

প্র : 'বাংলা একাডেমি'র পদমর্যাদা পরিচালক থেকে মহাপরিচালকে উন্নীত করা হয় কবে?
উত্তর : ১৭ মে ১৯৭২।

প্র : ১ ডিসেম্বর ১৯৫৬ বাংলা একাডেমির প্রথম পরিচালক হিসেবে দায়িত্ব নেন কে?
উত্তর : ড. মুহম্মদ এনামুল হক।

প্র : পূর্ব পাকিস্তান আইন পরিষদে 'দি বেঙ্গলি একাডেমি অ্যাক্ট ১৯৫৭' গৃহীত হয় কবে?
উত্তর : ৩ এপ্রিল ১৯৫৭।

প্র : 'দি বেঙ্গলি একাডেমি অ্যাক্ট ১৯৫৭' কলবৎ হয় কবে?
উত্তর : ১০ আগস্ট ১৯৫৭।

প্র : স্বাধীনতা লাভের পর বাংলাদেশের রাষ্ট্রপতি 'দি বাংলা একাডেমি অর্ডার, ১৯৭২' জারি করেন কবে?
উত্তর : ১৭ মে ১৯৭২।

প্র : কখন থেকে প্রতিবছর বাংলা একাডেমির তত্ত্বাবধানে একুশে গ্রন্থমেলা চালু হয়ে আসছে?
উত্তর : ১৯৭৮ সাল থেকে।

প্র : 'বাংলা একাডেমি' কম্পিউটার প্রশিক্ষণ কোর্স চালু করে কবে?
উত্তর : ১৯৯১ সালে।

প্র : 'বাংলা একাডেমি'র প্রথম মহাপরিচালক কে ছিলেন?
উত্তর : ড. মযহারুল ইসলাম।

প্র : কবে থেকে 'বাংলা একাডেমি' পুরস্কার চালু হয়?
উত্তর : ১৯৬০ সাল থেকে।

প্র : 'বাংলা একাডেমি' কবে স্বাধীনতা পুরস্কার লাভ করে?
উত্তর : ২০১০ সালে।

প্র : 'বাংলা একাডেমিতে' বর্তমানে কয়টি বিভাগ ও উপবিভাগ রয়েছে?
উত্তর : বাংলা একাডেমি আইন ২০১৩ অনুযায়ী বাংলা একাডেমিতে ৮টি বিভাগ ও তিনটি গুরুত্বপূর্ণ উপবিভাগ রয়েছে।

প্র : 'বাংলা একাডেমির' প্রথম প্রকাশনা কোনটি?
উত্তর : বাংলা একাডেমি পত্রিকা (১৩৬৩ বঙ্গাব্দ, ইংরেজি ১৯৫৭)।

প্র : 'নজরুল চত্বর' ও 'নজরুল মঞ্চ' কোথায় অবস্থিত?
উত্তর : বাংলা একাডেমিতে।

প্র : কবে বাংলা একাডেমি চত্বরে নজরুল মঞ্চ উদ্বোধন করা হয়?
উত্তর : ২০০৩ সালের ২৫ জুন।

প্র : 'বাংলা একাডেমি' থেকে কয়টি সাময়িকী ও পত্রিকা বের হয়?
উত্তর : ৬ টি।

প্র : বাংলা একাডেমি থেকে প্রকাশিত নজরুল রচনাবলি কে সম্পাদনা করেন?
উত্তর : আবদুল কাদির।

প্র : ঔপন্যাসিক আবু ইসহাক বাংলা একাডেমিতে একটি অভিধান সম্পাদনা করেছেন তার নাম কী?
উত্তর : বাংলা একাডেমি সমকালীন বাংলা ভাষার অভিধান।

প্র : 'উত্তরাধিকার' কী ধরনের সাময়িকী?
উত্তর : সৃজনশীল সাহিত্য (ত্রৈমাসিক)। ২০০৯ থেকে মাসিক হিসেবে প্রকাশ পায়।

প্র : বাংলা একাডেমি নজরুল স্মৃতিকক্ষ কোথায়?
উত্তর : বর্ধমান হাউজের একটি কক্ষ।

প্র : বাংলা একাডেমিতে সভাপতি পদ সৃষ্টি হয় কখন ও কীভাবে?
